টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

——(::)——

রথস্থমিতি। পুরুষব্যাঘ্রং বলবীর্য্যাদিনা পুরুষশ্রেষ্ঠম্। অবস্থিতং সমীপে ॥১॥

সেতি। সনাথং সরক্ষকম্। অত্র বলে কিংনু সমর্থং যোগ্যম্, যচ্চ হিতম্ ॥২॥

তখন দুর্য্যোধনপ্রভৃতি কৌরবেরা সকলে মহাবাহু, মহাত্মা, সমস্ত সৈন্যের অগ্রবর্ত্তী ও যুদ্ধ করিবার জন্য উপস্থিত কর্ণকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥৪০॥

ক্রমে কুরুপক্ষীয় যোদ্ধারা আনন্দকোলাহল, বাহ্বাস্ফোটন, সিংহনাদ ও নানাবিধ ধনুষ্টঙ্কারশব্দে কর্ণকে অভিনন্দিত করিলেন' ॥৪১॥

——:০:——

সঞ্জয় বলিলেন—'রাজা! পুরুষশ্রেষ্ঠ কর্ণকে রথারোহণে সম্মুখে অবস্থিত দেখিয়া দুর্য্যোধন আনন্দিত হইয়া এই কথা বলিলেন—॥১॥

* '.. চতুর্থোঽধ্যায়ঃ' বা ব রা নি। (২) সনাথমিব মেঽত্যর্থম্ মন্যে কর্ণ! সমর্থং হং. পি।

কর্ণ উবাচ।

ব্রূহি নঃ পুরুষব্যাঘ্র ! ত্বং হি প্রাজ্ঞতমো নৃপ !।
যথা চার্থপতিঃ কৃত্যং বীক্ষতে ন তথেতরঃ ॥৩॥
তে স্ম সর্ব্বে তব বচঃ শ্রোতুকামা নরেশ্বর !।
ন চান্যায্যং ভবান্ বাক্যং ব্রূয়াদিতি মতির্ম্মম ॥৪॥

দুর্য্যোধন উবাচ।

ভীষ্মঃ সেনাপ্রণেতাসীদ্বয়সা বিক্রমেণ চ।
শ্রুতেন চোপসম্পন্নঃ সর্ব্বৈর্যোধগুণৈস্তথা ॥৫॥
তেনাতিযশসা কর্ণ ! ঘ্নতা শত্রুগণান্ মম।
সুযুদ্ধেন দশাহানি পালিতাঃ স্মো মহাত্মনা ॥৬॥
তস্মিন্নসুকরং কর্ম্ম কৃতবত্যাস্থিতে দিবম্।
কং নু সেনাপ্রণেতারং মন্যসে তদনন্তরম্ ॥৭॥

ব্রূহীতি। অর্থপতিঃ স্বামী, কৃত্যং কর্ত্তব্যম্, বীক্ষতে পর্য্যালোচ্য নির্দ্ধারয়তি ॥৩॥
ত ইতি। স্মশব্দঃ পাদপূরণে। মতিঃ সম্ভাবনা ॥৪॥
ভীষ্ম ইতি। সেনায়াঃ প্রণেতা পরিচালকঃ। শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন, উপসম্পন্নো যুক্তঃ ॥৫॥
তেনেতি। ঘ্নতা নাশয়তা। স্মো বয়ম্ ॥৬॥
তস্মিন্নিতি। অসুকরম্ অন্যৈর্দুষ্করম্। আস্থিতে অবলম্বিতবতি ॥৭॥

'কর্ণ ! তুমি আমার সৈন্য রক্ষা করিতে থাকিলে, তাহা যেন সনাথ থাকিবে বলিয়া আমি মনে করি। (সে যাহা হউক,) এই সৈন্যের পক্ষে কি উপযুক্ত এবং যাহা হিতজনক হয়, তাহা স্থির কর' ॥২॥

কর্ণ বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ ! রাজা ! তুমিই বল। কারণ, তুমিই আমাদের মধ্যে প্রাজ্ঞতম ; বিশেষতঃ প্রভু যেরূপ কর্ত্তব্য পর্য্যালোচনা করিতে পারেন, অন্যে সেরূপ পারে না ॥৩॥

নরনাথ ! আমরা সকলেই তোমার বাক্য শুনিবার ইচ্ছা করি। কেন না, তুমি অন্যায্য কথা বলিবে না, ইহাই আমার ধারণা' ॥৪॥

দুর্য্যোধন বলিলেন—'বয়স, বিক্রম, শাস্ত্রজ্ঞান এবং সমস্ত যোদ্ধৃগুণ-সম্পন্ন ভীষ্ম আমার সেনাপতি ছিলেন ॥৫॥

কর্ণ ! অতিযশা ও মহাত্মা সেই ভীষ্ম ন্যায়সঙ্গত যুদ্ধে আমার শত্রুগণকে বিনাশ করিতে থাকিয়া দশ দিন যাবৎ আমাদিগকে রক্ষা করিয়াছেন ॥৬॥

(৩)···নৃপঃ···পি,···নৃষু··নি। (৪)···নান্যায্যং হি ভবান্ বাক্যম্···বা ব রা নি।

ন বিনা নায়কং সেনা মুহূর্ত্তমপি তিষ্ঠতি।
আহবেষ্বাহবশ্রেষ্ঠ! কর্ণহীনেব নৌর্জলে ॥৮॥
যথা হ্যকর্ণধারা নৌ রথশ্চাসারথির্যথা।
দ্রবেদ্‌যথেষ্টং তদ্বৎ স্যাদৃতে সেনাপতিং বলম্ ॥৯॥
অদেশিকো যথা সার্থঃ সর্ব্বং কৃচ্ছ্রং সমৃচ্ছতি।
অনায়কা তথা সেনা সর্ব্বান্ দোষান্ সমর্চ্ছতি ॥১০॥
স ভবান্ বীক্ষ্য সর্ব্বেষু মামকেষু মহাত্মসু।
পশ্য সেনাপতিং যুক্তমনু শান্তনবাদিহ ॥১১॥
যং হি সেনাপ্রণেতারং ভবান্ বক্ষ্যতি সংযুগে।
তং বয়ং সহিতাঃ সর্ব্বে করিষ্যামো ন সংশয়ঃ ॥১২॥

কর্ণ উবাচ।

সর্ব এব মহাত্মান ইমে পুরুষসত্তমাঃ।
সেনাপতিত্বমর্হন্তি নাত্র কার্য্যা বিচারণা ॥১৩॥

নেতি। আহবেষু যুদ্ধেষু, কর্ণহীনা কর্ণধাররহিতা, নৌস্তরিঃ ॥৮॥
যথেতি। দ্রবেৎ গচ্ছেৎ। ঋতে বিনা, বলং সৈন্যম্ ॥৯॥
অদেশিক ইতি। অদেশিকঃ তত্তদ্দেশীয়সহচরশূন্যঃ, সার্থো বণিক্ ॥১০॥
স ইতি। যুক্তমুপযুক্তম্, অনু পশ্চাৎ, শান্তনবাদ্ভীষ্মাৎ ॥১১॥
যমিতি। সেনাপ্রণেতারং সেনাপরিচালনে যোগ্যম্। করিষ্যামঃ সেনাপ্রণেতারম্ ॥১২॥

ক্রমে অন্যের দুষ্কর কার্য্য সম্পাদন করিয়া তিনি স্বর্গারোহণ করিতে প্রস্তুত হইয়াছেন; এখন তুমি কাহাকে উপযুক্ত সেনাপতি মনে কর? ॥৭॥

বীরশ্রেষ্ঠ! জলে কর্ণধারবিহীন নৌকার ন্যায় নায়কবিহীন সেনা যুদ্ধে মুহূর্ত্তকালও থাকিতে পারে না ॥৮॥

কর্ণধারবিহীন নৌকা এবং সারথিশূন্য রথ যেমন ইচ্ছানুসারে চলিতে থাকে, সেনাপতিবিহীন সৈন্যও সেইরূপই হইয়া পড়ে ॥৯॥

বণিক্ যেমন সেই সেই দেশের সহচর না পাইলে সর্ব্বপ্রকার কষ্ট অনুভব করে, সেনাও তেমন নায়ক না থাকিলে সমস্ত দোষ ভোগ করে ॥১০॥

অতএব কর্ণ! তুমি বিশেষভাবে পর্য্যালোচনা করিয়া দেখ যে, ভীষ্মের পরে আমার পক্ষের সকল বীরগণের মধ্যে কে উপযুক্ত সেনাপতি আছেন ॥১১॥

তুমি যাঁহাকে উপযুক্ত সেনাপতি বলিবে, আমরা সকলে মিলিত হইয়া নিশ্চয়ই যুদ্ধে তাঁহাকে সেনাপতি করিব' ॥১২॥

(৮) নেতৃহীনেব…নি। (১০)…সার্থঃ সর্ব্বঃ কৃচ্ছ্রং সমৃচ্ছতি…।

কুলসংহননজ্ঞানৈর্বলবিক্রমবুদ্ধিভিঃ।
যুক্তাঃ শ্রুতজ্ঞা হ্রীমন্ত আহবেষ্বনিবর্ত্তিনঃ ॥১৪॥
যুগপন্ন তু তে শক্যাঃ কর্ত্তুং সর্বে পুরঃসরাঃ।
এক এব তু কর্ত্তব্যো যস্মিন্ বৈশেষিকা গুণাঃ ॥১৫॥
অন্যোন্যস্পর্দ্ধিনাং হ্যেষাং যদ্যেকং ত্বং করিষ্যসি।
শেষা বিমনসো ব্যক্তং ন যোৎস্যন্তি হিতাস্তব ॥১৬॥
অয়ঞ্চ সর্ব্বযোধানামাচার্য্যঃ স্থবিরো গুরুঃ।
যুক্তঃ সেনাপতিঃ কর্ত্তুং দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ ॥১৭॥
কো হি তিষ্ঠতি দুর্দ্ধর্ষে দ্রোণে ব্রহ্মবিদুত্তমে।
সেনাপতিঃ স্যাদন্যোঽস্মাচ্ছুক্রাঙ্গিরসদর্শনাৎ ॥১৮॥

সর্ব্ব ইতি। ইমে শল্যাদয়ঃ। অর্হন্তি প্রাপ্তুং যোগ্যা ভবন্তি ॥১৩॥

কুলেতি। সংহননং সেনাপতিযোগ্যং শরীরম্। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ ॥১৪॥

যুগপদিতি। পুরঃসরাঃ সেনাপতিত্বেনাগ্রগামিনঃ। বৈশেষিকা অন্যেভ্যো ব্যাবৃত্তাঃ ॥১৫॥

অন্যোন্যেতি। করিষ্যসি সেনাপতিমিতি শেষঃ। ব্যক্তং ধ্রুবম্ ॥১৬॥

অয়মিতি। আচার্য্যঃ অস্ত্রশিক্ষকঃ। যুক্ত উচিতঃ ॥১৭॥

ক ইতি। ব্রহ্মবিদুত্তমে বেদজ্ঞশ্রেষ্ঠে। শুক্রস্য আঙ্গিরসস্য বৃহস্পতেরিব চ দর্শনং যস্য তস্মাৎ ॥১৮॥

কর্ণ বলিলেন—'এই মহাত্মা পুরুষশ্রেষ্ঠেরা সকলেই সেনাপতির পদ পাইবার যোগ্য; এ বিষয়ে কোন বিচার করিবার প্রয়োজন নাই ॥১৩॥

কারণ, ইঁহারা সকলেই—বংশ, শরীর, জ্ঞান, বল, বিক্রম ও বুদ্ধিসম্পন্ন এবং শাস্ত্রজ্ঞ, লজ্জাশীল ও যুদ্ধে অনিবর্ত্তী ॥১৪॥

তথাপি একদা ইঁহাদের সকলকে সেনাপতি করা যায় না। সুতরাং যাঁহার বিশেষ গুণ আছে, সেইরূপ একজনকেই সেনাপতি করিতে হইবে ॥১৫॥

তা'র পর পরস্পরস্পর্দ্ধাকারী এই বীরগণের মধ্যে তুমি যদি একজনকে সেনাপতি কর, তবে তোমার হিতৈষী হইলেও অবশিষ্ট যোদ্ধারা ক্ষুণ্ণচিত্ত হইয়া নিশ্চয়ই যুদ্ধ করিবেন না ॥১৬॥

কিন্তু এই দ্রোণ সমস্ত যোদ্ধার অস্ত্রশিক্ষক, বৃদ্ধ, গুরু ও অস্ত্রধারিশ্রেষ্ঠ। সুতরাং ইঁহাকেই সেনাপতি করা উচিত ॥১৭॥

কারণ, দুর্দ্ধর্ষ ও বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ থাকিতে, শুক্র ও বৃহস্পতির তুল্য উনি ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সেনাপতি হইতে পারেন? ॥১৮॥

(১৮)…সেনাপতিত্বযোগ্যোঽন্যঃ শুক্রাঙ্গিরসদর্শনাৎ—পি।

ন চ সোঽপ্যস্তি তে যোধঃ সর্ব্বরাজসু ভারত!।
দ্রোণং যঃ সমরে যান্তং নানুযাস্যতি সংযুগে ॥১৯॥
এষ সেনাপ্রণেতৄণামেষ শস্ত্রভৃতামপি।
এষ বুদ্ধিমতাঞ্চৈব শ্রেষ্ঠো রাজন্! গুরুশ্চ তে ॥২০॥
এনং দুর্য্যোধনাচার্য্যমাশু সেনাপতিং কুরু।
জিগীষন্তোঽসুরান্ সংখ্যে কার্ত্তিকেয়মিবামরাঃ ॥২১॥

সঞ্জয় উবাচ

কর্ণস্য বচনং শ্রুত্বা রাজা দুর্য্যোধনস্তদা।
সেনামধ্যগতং দ্রোণমিদং বচনমব্রবীৎ ॥২২॥

দুর্য্যোধন উবাচ।

বর্ণশ্রৈষ্ঠ্যাৎ কুলোৎপত্ত্যা শ্রুতেন বয়সা ধিয়া।
বীর্য্যাদ্দাক্ষ্যাদধৃষ্যত্বাদর্থজ্ঞানান্নয়াজ্জয়াৎ ॥২৩॥
তপসা চ কৃতজ্ঞত্বাদ্বৃদ্ধঃ সর্বগুণৈরপি।
যুক্তো ভবৎসমো গোপ্তা রাজ্ঞামন্যো ন বিদ্যতে ॥২৪॥ (যুগ্মকম্)

নেতি। যোধো যোদ্ধা। সংযুগে যুদ্ধে ॥১৯॥

এষ ইতি। সেনাপ্রণেতৄণাং সৈন্যপরিচালকানাম্। গুরুরস্ত্রশিক্ষকঃ ॥২০॥

এনমিতি। আশু শীঘ্রম্। জিগীষন্তো জেতুমিচ্ছন্তঃ ॥২১॥

কর্ণস্যেতি। সেনামধ্যগতং তস্মিন্নেকাদশেঽহ্নি প্রাতরেব সজ্জিতসৈন্যমধ্যস্থিতম্ ॥২২॥

বর্ণেতি। বর্ণশ্রৈষ্ঠ্যাৎ অস্মদাদ্যপেক্ষয়া, শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন। দাক্ষ্যাদ্যুদ্ধনৈপুণ্যাৎ, অর্থজ্ঞানাৎ কর্ত্তব্যাববোধাৎ, নয়ান্নীতেঃ, জয়াদন্যত্র জয়লাভাৎ। গোপ্তা রক্ষিতা, রাজ্ঞাং মধ্যে ॥২৩-২৪॥

ভরতনন্দন! দ্রোণ যুদ্ধে যাইতে লাগিলে, যিনি উঁহার অনুসরণ করিবেন না, সকল যোদ্ধার মধ্যে এমন যোদ্ধা নাই ॥১৯॥

কেন না, রাজা! সৈন্যপরিচালক, অস্ত্রধারী ও বুদ্ধিমান্ লোকদিগের মধ্যে ইনি শ্রেষ্ঠ; বিশেষতঃ ইনি তোমার গুরু ॥২০॥

অতএব দুর্য্যোধন! দেবতারা যেমন অসুরজয়াভিলাষী হইয়া যুদ্ধে কার্ত্তিককে সেনাপতি করিতেন, তুমিও সেইরূপ সত্বর এই আচার্য্যকে সেনাপতি কর' ॥২১॥

সঞ্জয় বলিলেন—'রাজা দুর্য্যোধন কর্ণের বাক্য শুনিয়া তথনই সৈন্যমধ্যবর্ত্তী দ্রোণের নিকটে যাইয়া এই কথা বলিলেন ॥২২॥

(২১) শ্লোকাৎ পরম্ '…পঞ্চমোঽধ্যায়ঃ' বা নি।

স ভবান্ পাতু নঃ সর্ব্বান্ বিবুধানিব বাসবঃ।
ভবন্নেত্রাঃ পরান্ জেতুমিচ্ছামো দ্বিজসত্তম ! ॥২৫॥
রুদ্রাণামিব কাপালী বসূনামিব পাবকঃ।
কুবের ইব যক্ষাণাং মরুতামিব বাসবঃ ॥২৬॥
বশিষ্ঠ ইব বিপ্রাণাং তেজসামিব ভাস্করঃ।
পিতৃণামিব ধর্ম্মেন্দ্রো যাদসামিব চাম্বুরাট্ ॥২৭॥
নক্ষত্রাণামিব শশী দিতিজানামিবোশনা।
শ্রেষ্ঠঃ সেনাপ্রণেতৃণাং স নঃ সেনাপতির্ভব ॥২৮॥ (বিশেষকম্)
অক্ষৌহিণ্যো দশৈকা চ বশগাঃ সন্তু তেঽনঘ !।
তাভিঃ শত্রূন্ প্রতিব্যূহ্য জহীন্দ্রো দানবানিব ॥২৯॥

স ইতি। পাতু রক্ষতু। ভবানেব নেত্রো নেতা যেষাং তে বয়ম্। "নেত্রো নেতরি নেত্রঞ্চ গুণে মূলে বিলোচনে" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥২৫॥

রুদ্রাণামিতি। কাপালী কপালভৃৎ শিবঃ। মরুতাং দেবানাম্। ধর্ম্মেন্দ্রো ধর্ম্মরাজো যমঃ, যাদসাং জলজন্তূনাম্, অম্বুরাট্ বরুণঃ। উশনা শুক্রঃ। স ত্বম্ ॥২৬—২৮॥

অক্ষৌহিণ্য ইতি। প্রতিব্যূহ্য মদীয়াং তাং সেনামেব পাণ্ডবপ্রতিব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥২৯॥

দুর্য্যোধন বলিলেন—'আচার্য্য ! বর্ণশ্রেষ্ঠতা, সদ্বংশে জন্ম, শাস্ত্রজ্ঞান, বয়স, বুদ্ধি, বল, কার্য্যদক্ষতা, দুর্দ্ধর্ষতা, কর্ত্তব্যজ্ঞান, নীতিজ্ঞতা, জয়, তপস্যা ও কৃতজ্ঞতা ইত্যাদি সমস্ত গুণেই আপনি বৃদ্ধ (বড়) ; সুতরাং আমাদের পক্ষের রাজাদের মধ্যে আপনার তুল্য অপর উপযুক্ত রক্ষক নাই ॥২৩—২৪॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনাকে নেতা করিয়া আমরা বিপক্ষগণকে জয় করিবার ইচ্ছা করি। সুতরাং ইন্দ্র যেমন দেবগণকে রক্ষা করেন, সেইরূপ আপনিও আমাদের সকলকে রক্ষা করুন ॥২৫॥

রুদ্রগণের মধ্যে যেমন শিব, বসুগণের মধ্যে যেমন অগ্নি, যক্ষগণের মধ্যে যেমন কুবের, দেবগণের মধ্যে যেমন ইন্দ্র, ব্রাহ্মণগণের মধ্যে যেমন বশিষ্ঠ, তেজস্বিগণের মধ্যে যেমন সূর্য্য, পিতৃগণের মধ্যে যেমন যম, জলস্থ প্রাণিগণের মধ্যে যেমন বরুণ, নক্ষত্রগণের মধ্যে যেমন চন্দ্র এবং দৈত্যগণের মধ্যে যেমন শুক্র, আপনিও তেমন সৈন্যপরিচালকগণের মধ্যে শ্রেষ্ঠ। সুতরাং আপনি আমাদের সেনাপতি হউন ॥২৬—২৮॥

(২৫)…সর্ব্বান্ দেবানিব শতক্রতুঃ…নি। (২৬)…কাপালিঃ…নি। (২৮)…এবং সেনাপ্রণেতৃণাম্…নি।

প্রয়াতু নো ভবানগ্রে দেবানামিব পাবকিঃ।
অনুযাস্যামহে ত্বাজৌ সৌরভেয়া ইবর্ষভম্ ॥৩০॥
উগ্রধন্বা মহেষ্বাসো দিব্যং বিস্ফারয়ন্ ধনুঃ।
অগ্রে ভবন্তং ত্বাং দৃষ্ট্বা নার্জ্জুনঃ প্রহরিষ্যতি ॥৩১॥
ধ্রুবং যুধিষ্ঠিরং সংখ্যে সানুবন্ধং সবান্ধবম্।
জেষ্যামি পুরুষব্যাঘ্র! ভবান্ সেনাপতির্যদি ॥৩২॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তে ততো দ্রোণং জয়েত্যূচুর্নরাধিপাঃ।
সিংহনাদেন মহতা হর্ষয়ন্তস্তবাত্মজম্ ॥৩৩॥

প্রযাত্বিতি। নঃ অস্মাকম্। পাবকিঃ কার্ত্তিকেয়ঃ। সৌরভেযা বৃষাঃ, ঋষভং মহাবৃষম্ ॥৩০॥

উগ্রেতি। দিব্যং স্বর্গীয়ং গাণ্ডীবম্। ভবন্তং বিদ্যমানম্ ॥৩১॥

ধ্রুবমিতি। সংখ্যে যুদ্ধে, সানুবন্ধম্ অনুচরৈঃ সহিতম্ ॥৩২॥

এবমিতি। আত্মজম্ উপস্থিতত্বাদ্‌দুর্য্যোধনম্ ॥৩৩॥

নিষ্পাপ আচার্য্য! আমার এই একাদশ অক্ষৌহিণী আপনার বশীভূত হউক। আপনি এই সৈন্যকে পাণ্ডববূ্যহের প্রতিবূ্যহরূপে সন্নিবেশিত করিয়া— ইন্দ্র যেমন দানবগণকে সংহার করিতেন, সেইরূপ এই সৈন্যদ্বারা শত্রুদিগকে সংহার করুন ॥২৯॥

কার্ত্তিক যেমন দেবগণের অগ্রে গমন করিতেন, আপনিও সেইরূপ আমাদের অগ্রে গমন করুন; তখন সাধারণ বৃষগণ যেমন মহাবৃষের অনুগমন করে, তেমন আমারা যুদ্ধে আপনার অনুগমন করিব ॥৩০॥

ওদিকে ভীষণধন্বা ও মহাধনুর্দ্ধর অর্জ্জুন দিব্য ধনু বিস্ফারিত করিয়াও আপনাকে সম্মুখে থাকিতে দেখিয়া আর প্রহার করিবে না ॥৩১॥

সুতরাং পুরুষশ্রেষ্ঠ! আপনি যদি আমার সেনাপতি হন, তবে নিশ্চয়ই আমি যুদ্ধে অনুচর ও বন্ধুবর্গের সহিত যুধিষ্ঠিরকে জয় করিব' ॥৩২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! দুর্য্যোধন এইরূপ বলিলে, তদনন্তর রাজারা বিশাল সিংহনাদে আপনার পুত্রকে (দুর্য্যোধনকে) আনন্দিত করিয়া দ্রোণের প্রতি জয়ধ্বনি করিলেন ॥৩৩॥

(৩১)…অগ্রে ভবং ত্বান্ত দৃষ্ট্বা…বা ব,…দৃষ্টা। ভবন্তং সংগ্রামে…নি।

সৈনিকাশ্চ মুদা যুক্তা বর্দ্ধয়ন্তি দ্বিজোত্তমম্ ।
দুর্য্যোধনং তদা রাজন্ ! দ্রোণো বচনমব্রবীৎ ॥৩৪॥

দ্রোণ উবাচ ।

বেদং ষড়ঙ্গং বেদাহমর্থবিদ্যাঞ্চ মানবীম্ ।
ত্রৈয়ম্বকমথেম্বস্ত্রং শস্ত্রানি বিবিধানি চ ॥৩৫॥
যে চাপ্যুক্তা ময়ি গুণা ভবদ্ভির্জয়কাঙ্ক্ষিভিঃ ।
চিকীর্ষুস্তানহং সর্ব্বান্ যোধয়িষ্যামি পাণ্ডবান্ ॥৩৬॥
পার্ষতস্তু রণে রাজন্ ! ন হনিষ্যে কথঞ্চন ।
স হি সৃষ্টো বধার্থায় মমৈব পুরুষর্ষভ ! ॥৩৭॥
যোধয়িষ্যামি সৈন্যানি নাশয়ন্ সর্ব্বসোমকান্ ।
ন চ মাং পাণ্ডবা যুদ্ধে যোধয়িষ্যন্তি হর্ষিতাঃ ॥৩৮॥

সৈনিকা ইতি। বর্দ্ধয়ন্তি স্ম জয়ধ্বনিনেতি শেষঃ, দ্বিজোত্তমং দ্রোণম্ ॥৩৪॥

বেদমিতি। অহম্, শিক্ষাকল্পাদীনি ষট্ অঙ্গানি যস্য তং তাদৃশম্, বেদং শাস্ত্রম্, মানবীং মনুপ্রণীতাম্, অর্থবিদ্যাং নীতিশাস্ত্রম্, ত্রৈয়ম্বকং পাশুপতম্, ইম্বস্ত্রং বাণাস্ত্রম্, বিবিধানি লৌকিকানি শস্ত্রানি চ, বেদ জানামি। বেদস্য ষড়ঙ্গানি যথা "শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাং চিতিঃ। জ্যোতিষাময়নঞ্চৈব বেদাঙ্গানি বদন্তি ষট্ ॥" কুমারসম্ভবে "ত্রিয়ম্বকং সংযমিনং দদর্শ" ইত্যাদিবৎ ত্রৈয়ম্বকমিতি সাধু ॥৩৫॥

য ইতি। গুণা বর্ণশ্রেষ্ঠত্বাদয়ঃ। তান্ সর্ব্বান্ গুণান্ চিকীর্ষুঃ সার্থকীকর্ত্তুমিচ্ছুঃ ॥৩৬॥
প্রতিজানীতে। পার্ষতমিতি। পার্ষতং পৃষতপৌত্রং ধৃষ্টদ্যুম্নম্। হি যস্মাৎ ॥৩৭॥

রাজা! ক্রমে সৈন্যেরাও আনন্দিত হইয়া জয়ধ্বনিদ্বারা দ্রোণকে সংবর্দ্ধিত করিল। তখন দ্রোণ দুর্য্যোধনকে এই কথাগুলি বলিলেন ॥৩৪॥

দ্রোণ বলিলেন—'রাজা! ষড়ঙ্গ বেদ, মনুপ্রণীত নীতিশাস্ত্র, পাশুপতাস্ত্র এবং লৌকিক নানাবিধ অস্ত্র আমি জানি ॥৩৫॥

অতএব তোমরা জয়াভিলাষী হইয়া আমার যে সকল গুণের উল্লেখ করিয়াছ, আমি সেই সকল গুণকে সার্থক করিবার জন্য পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিব ॥৩৬॥

কিন্তু পুরুষশ্রেষ্ঠ রাজা! আমি কোন প্রকারেই যুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে বধ করিব না। কারণ, বিধাতা আমাকে বধ করিবার জন্যই তাহাকে সৃষ্টি করিয়াছেন ॥৩৭॥

(৩৪) ততো রাজন্! বা ব নি। পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'দুর্য্যোধনং পুরস্কৃত্য প্রার্থয়ন্তো মহদ্যশঃ' ইতি পাদদ্বয়মধিকং বা, নি, 'দুর্য্যোধনং পুরস্কৃত্য যুদ্ধায়ৈব মনো দধুঃ' ব। ইতঃ পরম্ '...পঞ্চমোঽধ্যায়ঃ' ব নি, 'ষষ্ঠোঽধ্যায়ঃ' বা। (৩৫)... ত্রৈয্যম্বকমথেম্বস্ত্রম্ বা নি। (৩৭) পার্ষতঞ্চ...পি,...পুরুষর্ষভঃ—বা ব রা নি।

সঞ্জয় উবাচ।

স এবমভ্যনুজ্ঞাতশ্চক্রে সেনাপতিং ততঃ।
দ্রোণং তব সুতো রাজন্! বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৩৯॥
অথাভিষিষিচুর্দ্রোণং দুর্য্যোধনমুখা নৃপাঃ।
সৈনাপত্যে যথা স্কন্দং পুরা শক্রমুখাঃ সুরাঃ ॥৪০॥
ততো বাদিত্রঘোষেণ শঙ্খানাঞ্চ মহাস্বনৈঃ।
প্রাদুরাসীৎ কৃতে দ্রোণে হর্ষঃ সেনাপতৌ তদা ॥৪১॥
ততঃ পুণ্যাহঘোষেণ স্বস্তিবাদস্বনেন চ।
সংস্তবৈর্গীতশব্দৈশ্চ সূতমাগধবন্দিনাম্ ॥৪২॥
জয়শব্দৈর্দ্বিজাতীনাং সুভগানর্ত্তিতৈস্তথা।
সংকৃত্য বিধিবদ্দ্রোণং মেনিরে পাণ্ডবান্ জিতান্ ॥৪৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্রোণাভিষেচনে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥ *

যোৎস্যেতি। হর্ষিতা ন যোৎস্যন্তি, অপি ত্বগত্যা গুরুত্বাদ্দুঃখিতা এব যোৎস্যন্তীতি ভাবঃ ॥৩৮॥

স ইতি। অভ্যনুজ্ঞাতঃ সৈনাপত্যবিষয়ে দ্রোণেনৈবানুমতঃ। সুতো দুর্য্যোধনঃ ॥৩৯॥

অথেতি। সৈনাপত্যে সেনাপতিত্বে, স্কন্দং কার্ত্তিকেয়ম্, শক্রমুখা ইন্দ্রপ্রভৃতয়ঃ ॥৪০॥

তত ইতি। বাদিত্রঘোষেণ বাদ্যধ্বনিনা। হর্ষঃ কুরুপক্ষীয়াণাম্ ॥৪১॥

তবে আমি বিপক্ষের সমস্ত সৈন্য এবং সমস্ত সোমককে বিনাশ করিতে থাকিয়া যুদ্ধ করিব। কিন্তু পাণ্ডবেরা হৃষ্টচিত্তে আমার সহিত যুদ্ধ করিবেন না ॥৩৮॥

সঞ্জয় বলিলেন—'রাজা! দ্রোণাচার্য্য এইরূপ অনুমতি করিলে, তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধন শাস্ত্রদৃষ্ট কর্ম্ম অনুসারে দ্রোণাচার্য্যকে সেনাপতি করিলেন ॥৩৯॥

তাহার পর—পূর্ব্বকালে যেমন ইন্দ্রপ্রভৃতি দেবতারা কার্ত্তিককে সেনাপতি-পদে অভিষিক্ত করিয়াছিলেন, সেইরূপ দুর্য্যোধনপ্রভৃতি রাজারা দ্রোণকে সেনাপতিপদে অভিষিক্ত করিলেন ॥৪০॥

দ্রোণকে সেনাপতি করা হইলে, তখন বাদ্যধ্বনি ও শঙ্খের মহাশব্দে কৌরবপক্ষের আনন্দ প্রকাশ পাইল ॥৪১॥

(৪২)…সাশীর্বাদস্বনেন চ ··নি,…সংস্তবৈর্গীতবাদ্যৈশ্চ·· পি। (৪৩) জয়শব্দৈর্দ্বিজাগ্র্যাণাম্ ·· বা ব রা নি। * '…পঞ্চমোঽধ্যায়ঃ' ব।—বা নি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

পঞ্চমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সৈনাপত্যন্তু সংপ্রাপ্য ভারদ্বাজো মহারথঃ।
যুযুৎসুর্ব্যূহ্য সৈন্যানি প্রায়াত্তব সুতৈঃ সহ ॥১॥
সৈন্ধবশ্চ কলিঙ্গশ্চ বিকর্ণশ্চ তবাত্মজঃ।
দক্ষিণং পার্শ্বমাস্থায় সমতিষ্ঠন্ত দংশিতাঃ ॥২॥
প্রপক্ষঃ শকুনিস্তেষাং প্রবরৈর্হয়সাদিভিঃ।
যযৌ গান্ধারকৈঃ সার্দ্ধং বিমলপ্রাসযোধিভিঃ ॥৩॥

তত ইতি। সংস্তবৈঃ স্তুতিভিঃ। সুভগানর্ত্তিতৈঃ সুন্দরগণিকানর্ত্তনৈঃ ॥৪২—৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

সৈনেতি। সৈনাপত্যং সেনাপতিত্বম্। ভারদ্বাজো দ্রোণঃ। ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥১॥

সৈন্ধব ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥২॥

প্রেতি। প্রপক্ষো দক্ষিণপক্ষাগ্রম্, প্রপদাদিবৎ। হয়সাদিভিরশ্বারোহিভিঃ ॥৩॥

তদনন্তর পুণ্যাহধ্বনি, স্বস্তিবাদের শব্দ এবং সূত, মাগধ ও বন্দিগণের স্তব ও গীতধ্বনি, ব্রাহ্মণগণের জয়ধ্বনি, আর বেশ্যাদের নৃত্যামোদে যথাবিধানে দ্রোণকে সম্মানিত করিয়া কৌরবেরা পাণ্ডবগণকে বিজিত বলিয়া মনে করিতে লাগিলেন ॥৪২—৪৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তদনন্তর মহারথ দ্রোণ সেনাপতিপদ পাইয়া সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া যুদ্ধাভিলাষী হইয়া আপনার পুত্রগণের সহিত প্রস্থান করিলেন ॥১॥

সিন্ধুরাজ, কলিঙ্গরাজ এবং আপনার পুত্র বিকর্ণ ইঁহারা যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া ব্যূহের দক্ষিণ পক্ষ অবলম্বন করিয়া রহিলেন ॥২॥

নির্ম্মলপ্রাসযোধী ও যুদ্ধনিপুণ গান্ধারদেশীয় অশ্বারোহীদের সহিত শকুনি তাঁহাদের অগ্রে অগ্রে চলিলেন ॥৩॥

কৃপশ্চ কৃতবর্ম্মা চ চিত্রসেনো বিবিংশতিঃ।
দুঃশাসনমুখা যত্তাঃ সব্যং পক্ষমপালয়ন্ ॥৪॥
তেষাং প্রপক্ষাঃ কাম্বোজাঃ সুদক্ষিণপুরঃসরাঃ।
যযুরশ্বৈর্মহাবেগৈঃ শকাশ্চ যবনৈঃ সহ ॥৫॥
মদ্রাস্ত্রিগর্ত্তাঃ সাম্বষ্ঠাঃ প্রতীচ্যোদীচ্যমালবাঃ।
শিবয়ঃ শূরসেনাশ্চ শূদ্রাশ্চ মলয়ৈঃ সহ।
সৌবীরাঃ কিতবাঃ প্রাচ্যা দাক্ষিণাত্যাশ্চ সর্ব্বশঃ ॥৬॥
তবাত্মজং পুরস্কৃত্য সূতপুত্রস্য পৃষ্ঠতঃ।
হর্ষয়ন্তঃ স্বসৈন্যানি যযুস্তব সুতৈঃ সহ ॥৭॥ (যুগ্মকম্)
প্রবরঃ সর্ব্বযোধানাং বলেষু বলমাদধৎ।
যযৌ বৈকর্ত্তনঃ কর্ণঃ প্রমুখে সর্ব্বধন্বিনাম্ ॥৮॥
তস্য দীপ্তো মহাকায়ঃ স্বান্যনীকানি হর্ষয়ন্।
হস্তিকক্ষ্যো মহাকেতুর্ব্বভৌ সূর্য্যসমদ্যুতিঃ ॥৯॥

কৃপ ইতি। যত্তা যুদ্ধায় যত্নবন্তঃ, সব্যং বামম্ ॥৪॥
তেষামিতি। প্রপক্ষাঃ পক্ষাগ্রাণি সন্তঃ ॥৫॥
মদ্রা ইতি। মদ্রাদয়স্তত্তদ্দেশীয়াঃ। ষট্পাদঃ। আত্মজং প্রাধান্যাদ্দুর্য্যোধনম্ ॥৬—৭॥
প্রবর ইতি। বলেষু স্বসৈন্যেষু, বলং শক্তিম্, আদধৎ স্বপ্রবেশেনৈব জনয়ন্ ॥৮॥
তস্যেতি। দীপ্ত উজ্জ্বলঃ। হস্তিন ইব কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জুর্যস্য সঃ ॥৯॥

কৃপ, কৃতবর্ম্মা, চিত্রসেন, বিবিংশতি ও দুঃশাসনপ্রভৃতি বীরেরা যত্নবান্ হইয়া ব্যূহের বাম পক্ষ রক্ষা করিতে লাগিলেন ॥৪॥

কাম্বোজদেশীয় বীরেরা সুদক্ষিণকে অগ্রবর্ত্তী করিয়া এবং শকেরা অশ্বারোহী ও মহাবেগশালী যবনগণের সহিত মিলিত হইয়া কৃপপ্রভৃতির অগ্রে অগ্রে যাইতে লাগিলেন ॥৫॥

মদ্র, ত্রিগর্ত্ত, অম্বষ্ঠ, মালব, শিবি, শূরসেন, শূদ্র, মলয়, সৌবীর, কিতব এবং পূর্ব্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণদেশীয় যোদ্ধারা সকলে আপনার পুত্র দুর্য্যোধনকে অগ্রবর্ত্তী করিয়া আপনার পুত্রদের সহিত আপন সৈন্যদিগকে আনন্দিত করিতে থাকিয়া কর্ণের পশ্চাদ্ভাগে চলিলেন ॥৬—৭॥

সমস্তযোদ্ধৃশ্রেষ্ঠ বিকর্ত্তননন্দন কর্ণ সৈন্যগণের শক্তি জন্মাইতে থাকিয়া সকল ধনুর্দ্ধরের অগ্রে অগ্রে চলিলেন ॥৮॥

(৬)···মলদৈঃ সহ···বা নি। (৮) হর্ষয়ন্ সর্ব্বসৈন্যানি বলেষু···পি, হর্ষয়ন্তঃ স্বসৈন্যানি বলেষু···ব।

ন ভীষ্মব্যসনং কশ্চিদ্দৃষ্ট্বা কর্ণমমন্যত।
বিশোকাশ্চাভবন্ সর্বে রাজানঃ কুরুভিঃ সহ ॥১০॥
হৃষ্টাশ্চ বহবো যোধাস্তত্রাজল্পন্ত সঙ্গতাঃ।
নহি কর্ণং রণে দৃষ্ট্বা যুধি স্থাস্যন্তি পাণ্ডবাঃ ॥১১॥
কর্ণো হি সমরে শক্তো জেতুং দেবান্ সবাসবান্।
কিন্নু পাণ্ডুসুতান্ যুদ্ধে হীনবীর্য্যপরাক্রমান্ ॥১২॥
ভীষ্মেণ হি রণে পার্থাঃ পালিতা বাহুশালিনা।
তাংস্তু কর্ণঃ শরৈস্তীক্ষ্ণৈর্নাশয়িষ্যতি সংযুগে ॥১৩॥
এবং ব্রুবন্তস্তেঽন্যোন্যং হৃষ্টরূপা বিশাংপতে!।
রাধেয়ং পূজয়ন্তশ্চ প্রশংসন্তশ্চ নির্যযুঃ ॥১৪॥

নেতি। ভীষ্মস্য ব্যসনং ভ্রংশম্। বিশোকা ভীষ্মশোকরহিতাঃ ॥১০॥
হৃষ্টা ইতি। সঙ্গতা মিলিতাঃ সন্তঃ ॥১১॥
কর্ণ ইতি। সবাসবান্ ইন্দ্রসহিতান্ ॥১২॥
ভীষ্মেণেতি। পার্থাঃ পাণ্ডবাঃ, পালিতা হন্তুং শক্যা অপি দয়য়া রক্ষিতাঃ ॥১৩॥
এবমিতি। রাধেয়ং কর্ণম্, পূজয়ন্তো বচসা গৌরবাস্পদীকুর্বন্তঃ ॥১৪॥

হস্তীর ন্যায় মধ্যবন্ধনরজ্জুবদ্ধ, বিশাল ধ্বজের তুল্য উন্নত, সূর্য্যের সমান তেজস্বী ও উজ্জ্বল কর্ণের বিশাল শরীর আপন সৈন্যগণকে আনন্দিত করিতে থাকিয়া শোভা পাইতে লাগিল ॥৯॥

কর্ণকে দেখিয়া কোন ব্যক্তিই আর ভীষ্মের অভাব স্মরণ করেন নাই এবং কৌরবগণের সহিত রাজারা সকলেও ভীষ্মশোকবিহীন হইলেন ॥১০॥

তখন বহুতর যোদ্ধা আনন্দিত ও মিলিত হইয়া পরস্পর বলিতে লাগিল— 'পাণ্ডবেরা কর্ণকে সমরাঙ্গনে দেখিয়া আর সেস্থানে থাকিবে না ॥১১॥

কারণ, কর্ণ যুদ্ধে ইন্দ্রের সহিত দেবগণকেও জয় করিতে পারেন; তাহাতে যুদ্ধে বীর্য্যপরাক্রমবিহীন পাণ্ডবগণের কথা আর কি বলিব ॥১২॥

বাহুবলশালী ভীষ্ম যুদ্ধে বধ করিতে পারিয়াও দয়া করিয়া পাণ্ডবগণকে রক্ষা করিয়া গিয়াছেন; কিন্তু কর্ণ তীক্ষ্ণ বাণদ্বারা তাহাদিগকে বধ করিবেন' ॥১৩॥

নরনাথ! সেই যোদ্ধারা পরস্পর এইরূপ বলিতে থাকিয়া আনন্দিত হইয়া কর্ণের গৌরব ও প্রশংসা করিতে করিতে নির্গত হইল ॥১৪॥

(১১) ...তত্রাজল্পন্ত বেগতঃ...বা নি। (১২)...কিমু পাণ্ডুসুতান্...বা ব রা নি। (১৩) ভীষ্মেণ তু...বা ব রা নি।

অস্মাকং শকটব্যূহো দ্রোণেন বিহিতোঽভবৎ।
পরেষাং ক্রৌঞ্চ এবাসীদ্ব্যূহো রাজন্! মহাত্মনাম্।
প্রীয়মাণেন বিহিতো ধর্ম্মরাজেন ভারত! ॥১৫॥
ব্যূহপ্রমুখতস্তেষাং তস্থতুঃ পুরুষর্ষভৌ।
বানরধ্বজমুচ্ছ্রিত্য বিষ্বক্‌সেনধনঞ্জয়ৌ ॥১৬॥
ককুদং সর্ব্বসৈন্যানাং ধাম সর্বধনুষ্মতাম্।
আদিত্যপথগঃ কেতুঃ পার্থস্যামিততেজসঃ।
দীপয়ামাস তৎ সৈন্যং পাণ্ডবস্য মহাত্মনঃ ॥১৭॥
যথা প্রজ্বলিতঃ সূর্য্যো যুগান্তে বৈ বসুন্ধরাম্।
দীপ্যন্ দৃশ্যেত হি তথা কেতুঃ সর্বত্র ধীমতঃ ॥১৮॥
যোধানামর্জ্জুনঃ শ্রেষ্ঠো গাণ্ডীবং ধনুষাং বরম্।
বাসুদেবশ্চ ভূতানাং চক্রাণাঞ্চ সুদর্শনম্ ॥১৯॥

অস্মাকমিতি। প্রীয়মাণেন পূর্বং জয়লাভাং সন্তুষ্টেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
ব্যূহেতি। উচ্ছ্রিত্য উত্তোল্য, বিষ্বক্‌সেনধনঞ্জয়ৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১৬॥
ককুদমিতি। ককুদং রাজচিহ্নভূতম্, "ককুদ্বং ককুদং শ্রেষ্ঠে বৃষাঙ্গে রাজলক্ষ্মণি" ইতি বিশ্বঃ। ধাম আশ্রয়স্বরূপম্। আদিত্যপথগঃ অত্যুচ্চ ইত্যর্থঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৭॥
যথেতি। দীপ্যন্ দীপয়ন্। কেতুর্ধ্বজঃ, ধীমতঃ পার্থস্য ॥১৮॥
যোধানামিতি। বরং শ্রেষ্ঠম্। ভূতানাং প্রাণিনাম্ ॥১৯॥

ভরতনন্দন রাজা! আমাদের পক্ষে দ্রোণকর্ত্তৃক শকটব্যূহ নির্ম্মিত হইল; আর মহাত্মা পাণ্ডবদের পক্ষে যুধিষ্ঠির সন্তুষ্টচিত্তে ক্রৌঞ্চব্যূহ রচনা করিলেন ॥১৫॥

পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন বানরধ্বজ উত্তোলন করিয়া পাণ্ডবদের ব্যূহের সম্মুখে রহিলেন ॥১৬॥

অমিততেজা ও মহাত্মা পাণ্ডুনন্দন অর্জ্জুনের সেই সর্ব্বসৈন্যের সমক্ষে রাজচিহ্নস্বরূপ, সমস্ত ধনুর্দ্ধরের আশ্রয়ণীয় এবং সূর্য্যপথপর্য্যন্ত উচ্চ ধ্বজটা পাণ্ডবসৈন্যকে আলোকিত করিতে লাগিল ॥১৭॥

পৃথিবীর উজ্জ্বলতাকারী প্রলয়কালীন উজ্জ্বল সূর্য্যের ন্যায় ধীমান্ অর্জ্জুনের সেই ধ্বজটা সর্ব্বত্র দেখা যাইতে লাগিল ॥১৮॥

অর্জ্জুন যোদ্ধাদের মধ্যে প্রধান, গাণ্ডীব ধনুর মধ্যে শ্রেষ্ঠ, কৃষ্ণ প্রাণিগণের মধ্যে উত্তম এবং সুদর্শন চক্রের মধ্যে উৎকৃষ্ট ॥১৯॥

চত্বার্য্যেতানি তেজাংসি বহন্ শ্বেতহয়ো রথঃ।
পরেষামগ্রতস্তস্থৌ কালচক্রমিবোদ্যতম্ ॥২০॥
এবং তৌ সুমহাত্মানৌ রণে সেনাগ্রগাবুভৌ।
তাবকানাং মুখে কর্ণঃ পরেষাঞ্চ ধনঞ্জয়ঃ ॥২১॥
ততো জয়াভিসংরব্ধৌ পরস্পরবধৈষিণৌ।
অবেক্ষেতাং তদান্যোন্যং সমরে কর্ণপাণ্ডবৌ ॥২২॥
ততঃ প্রয়াতে সহসা ভারদ্বাজে মহারথে।
সিংহনাদেন ঘোরেণ বসুধা সমকম্পত ॥২৩॥
ততস্তুমুলমাকাশমাবৃণোৎ সদিবাকরম্।
বাতোদ্ধূতং রজস্তীব্রং কৌষেয়নিকরোপমম্ ॥২৪॥
ববর্ষ দ্যৌরনভ্রাপি মাসাংস্থিরুধিরাণ্যুত।
গৃধ্রাঃ শ্যেনা বকাঃ কঙ্কা বায়সাশ্চ সহস্রশঃ।
উপর্য্যুপরি সেনাং তে তদা পর্য্যপতন্ নৃপ ! ॥২৫॥

চত্বারীতি। শ্বেতা হয়া অশ্বা যস্য সঃ। কালচক্রং যমস্য সংহারকচক্রম্ ॥২০॥
এবমিতি। উভৌ কর্ণার্জ্জুনৌ। মুখে অগ্রতঃ ॥২১॥
তত ইতি। জয়ায় অভিসংরব্ধৌ সর্ব্বথা সোৎসাহৌ। কর্ণপাণ্ডবৌ কর্ণার্জ্জুনৌ ॥২২॥
তত ইতি। ভারদ্বাজে দ্রোণে। ঘোরেণ মহতা ॥২৩॥
তত ইতি। কৌষেয়নিকরোপমং নিবিড়ত্বাৎ কৌষেয়বসনসমূহতুল্যম্ ॥২৪॥

এই চারিটা তেজ বহন করিতে থাকিয়া সেই শ্বেতাশ্ব রথখানা উদ্যত কালচক্রের ন্যায় বিপক্ষের সম্মুখে রহিল ॥২০॥

এইভাবে সেই অতিমহাত্মা কর্ণ ও অর্জ্জুন সমরাঙ্গনে সেনার সম্মুখে রহিলেন ; (অর্থাৎ) আপনার সৈন্যের সম্মুখে কর্ণ এবং পাণ্ডবসৈন্যের সম্মুখে অর্জ্জুন থাকিলেন ॥২১॥

তাহার পর জয়োৎসাহী ও পরস্পরবধাভিলাষী কর্ণ ও অর্জ্জুন সমরাঙ্গনে পরস্পর দর্শন করিতে লাগিলেন ॥২২॥

তদনন্তর মহারথ দ্রোণ সহসা যুদ্ধার্থ প্রস্থান করিলে, বিশাল সিংহনাদে পৃথিবী কাঁপিয়া উঠিল ॥২৩॥

তৎপরে বায়ূত্তোলিত, তুমুল, তীব্র ও কৌষয়বস্ত্রতুল্য ধূলিজাল উঠিয়া সূর্য্যের সহিত আকাশ আবৃত করিল ॥২৪॥

(২২) জাতাভিসংরব্ধৌ…পি, জাতাভিসংরম্ভৌ…ব। (২৩)…আর্ত্তনাদেন ঘোরেণ…পি বা ব। (২৪)…বাতোদ্গতম্…পি।

গোমায়বশ্চ প্রাক্রোশন্ ভয়দান্ দারুণান্ রবান্।
অকার্যুরপসব্যঞ্চ বহুশঃ পৃতনাং তব।
চিখাদিষন্তো মাংসানি পিপাসন্তশ্চ শোণিতম্ ॥২৬॥
অপতদ্দীপ্যমানা চ সনির্ঘাতা সকম্পনা।
উল্কা জ্বলন্তী সংগ্রামে পুচ্ছেনাবৃত্য সর্বশঃ ॥২৭॥
পরিবেষো মহাংশ্চাপি সবিদ্যুৎ স্তনয়িত্নুমান্।
ভাস্করস্যাভবদ্রাজন্! প্রয়াতে বাহিনীপতৌ ॥২৮॥
এতে চান্যে চ বহবঃ প্রাদুরাসন্ সুদারুণাঃ।
উৎপাতা যুধি বীরাণাং জীবিতক্ষয়কারকাঃ ॥২৯॥
ততঃ প্রববৃতে যুদ্ধং পরস্পরবধৈষিণাম্।
কুরুপাণ্ডবসৈন্যানাং শব্দেনাপূরয়জ্জগৎ ॥৩০॥

ববর্ষেতি। ঘোরাকাশম্, অনভ্রাপি মেঘশূন্যাপি। বায়সাঃ কাকাঃ। সেনামিতি "ক্রিকৃপন্যাদোঽবিভিঃ" ইতি দ্বিতীয়া। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

গোমায়ব ইতি। গোমায়বঃ শৃগালাঃ, প্রাক্রোশন্ উচ্চৈরকুর্বন্। অপসব্য, বামস্থাম্। চিখাদিষন্তঃ খাদিতুমিচ্ছন্তঃ, পিপাসন্তঃ পাতুমিচ্ছন্তঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৬॥

অপতদিতি। বাতাহতবাতপাতো নির্ঘাতস্তেন সহেতি সা, সকম্পনা সভূকম্পা ॥২৭॥

পরীতি। স্তনয়িত্নুমান্ মেঘগর্জনবান্। বাহিনীপতৌ দ্রোণে ॥২৮॥

এত ইতি। জীবিতক্ষয়কারকা জীবননাশসূচকা ইত্যর্থঃ ॥২৯॥

তত ইতি। জগচ্ছব্দেনাত্র সমরপ্রদেশো লক্ষ্যতে ॥৩০॥

রাজা! ক্রমে আকাশ মেঘশূন্য হইয়াও মাংস, অস্থি ও রক্ত বর্ষণ করিতে লাগিল এবং সহস্র সহস্র গৃধ্র, শ্যেন, বক, কঙ্ক ও কাক আপনার সৈন্যের উপরে পতিত হইতে থাকিল ॥২৫॥

শৃগালগণ মাংসভক্ষণ ও রক্তপান করিবার ইচ্ছা করিয়া ভয়জনক বিশাল রব করিতে লাগিল এবং বহুবার আপনার সৈন্যকে বামে রাখিয়া যাইতে থাকিল ॥২৬॥

নির্ঘাত ও ভূকম্পের সহিত উল্কা সকল জ্বলিতে থাকিয়া এবং পুচ্ছদ্বারা সমস্ত স্থান আবৃত করিয়া সমরাঙ্গনে পতিত হইতে লাগিল ॥২৭॥

রাজা! সেনাপতি দ্রোণ যুদ্ধের জন্য প্রস্থান করিলে, বিদ্যুৎ ও গর্জনযুক্ত বিশাল পরিধি সূর্য্যমণ্ডলকে আবৃত করিল ॥২৮॥

যুদ্ধে বীরগণের জীবননাশসূচক এই সকল এবং অন্যও বহুবিধ অতিদারুণ উৎপাত উপস্থিত হইতে লাগিল ॥২৯॥

(২৯)·· জীবিতক্ষয়কারিণঃ—বা ব রা নি।

তে ত্বন্যোন্যং সুসংরব্ধাঃ পাণ্ডবাঃ কৌরবৈঃ সহ।
অভ্যঘ্নন্ নিশিতৈঃ শস্ত্রৈর্জয়গৃদ্ধাঃ প্রহারিণঃ ॥৩১॥
স পাণ্ডবানাং মহতীং মহেষ্বাসো মহাদ্যুতিঃ।
বেগেনাভ্যদ্রবৎ সেনাং কিরন্ শরশতৈঃ শিতৈঃ ॥৩২॥
দ্রোণমভ্যুদ্যতং দৃষ্ট্বা পাণ্ডবাঃ সহ সৃঞ্জয়ৈঃ।
প্রত্যগৃহ্ণংস্তদা রাজন্! শরবর্ষৈঃ পৃথক্ পৃথক্ ॥৩৩॥
বিক্ষোভ্যমাণা দ্রোণেন ভিদ্যমানা মহাচমূঃ।
ব্যশীর্য্যত সপাঞ্চালা বাতেনেব বলাহকাঃ ॥৩৪॥
বহূনীহ বিকুর্বাণো দিব্যান্যস্ত্রাণি সংযুগে।
অপীড়য়ৎ ক্ষণেনৈব দ্রোণঃ পাণ্ডবসৃঞ্জয়ান্ ॥৩৫॥
তে বধ্যমানা দ্রোণেন বাসবেনেব দানবাঃ।
পাঞ্চালাঃ সমকম্পন্ত ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ ॥৩৬॥

ত ইতি। সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ। জয়গৃদ্ধা জয়াভিলাষিণঃ ॥৩১॥
স ইতি। স দ্রোণঃ। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥৩২॥
দ্রোণমিতি। অভ্যুদ্যতং যুদ্ধকরণায়েতি শেষঃ ॥৩৩॥
বিক্ষোভ্যেতি। ব্যশীর্য্যত ক্ষীণাভবৎ। বলাহকা মেঘাঃ ॥৩৪॥
বহূনীতি। বিকুর্বাণ আবিষ্কুর্ব্বন্, দিব্যানি অলৌকিকানি ॥৩৫॥

তার পর পরস্পর বধাভিলাষী কৌরবসৈন্য ও পাণ্ডবসৈন্যগণের যুদ্ধারম্ভ হইল; তাহার শব্দে জগৎ পূর্ণ হইতে লাগিল ॥৩০॥

অত্যন্তক্রুদ্ধ, দারুণপ্রহারকারী ও জয়াভিলাষী পাণ্ডবেরা কৌরবগণের সহিত মিলিত হইয়া সুধার অস্ত্রসমূহদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৩১॥

এদিকে মহাধনুর্দ্ধর ও মহাতেজা দ্রোণ নিশিত শরসমূহ নিক্ষেপ করিতে করিতে পাণ্ডবগণের বিশাল সৈন্যের দিকে বেগে ধাবিত হইলেন ॥৩২॥

রাজা! তখন দ্রোণকে যুদ্ধ করিতে উদ্যত দেখিয়া পাণ্ডবেরা সৃঞ্জয়গণের সহিত মিলিত হইয়া পৃথক্ পৃথক্ বাণবর্ষণদ্বারা তাঁহাকে গ্রহণ করিলেন ॥৩৩॥

ক্রমে দ্রোণকর্ত্তৃক আলোড্যমান ও বিদার্য্যমাণ পাণ্ডবগণের বিশাল সেনা পাঞ্চালসেনার সহিত, বায়ুতাড়িত মেঘের ন্যায় বিশীর্ণ হইতে লাগিল ॥৩৪॥

দ্রোণ যুদ্ধে বহুতর অলৌকিক অস্ত্র আবিষ্কার করিতে থাকিয়া ক্ষণকাল-মধ্যেই পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণকে পীড়িত করিয়া ফেলিলেন ॥৩৫॥

ইন্দ্রকর্ত্তৃক আহত দানবগণের ন্যায় দ্রোণকর্ত্তৃক আহত ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাঞ্চলগণ কম্পিত হইতে লাগিলেন ॥৩৬॥

ততো দিব্যাস্ত্রবিচ্ছূরো যাজ্ঞসেনির্মহারথঃ।
অভিনচ্ছরবর্ষেণ দ্রোণানীকমনেকধা ॥৩৭॥
দ্রোণস্য শরবর্ষাণি শরবর্ষেণ পার্ষতঃ।
সন্নিবার্য্য ততঃ সর্বান্ কুরূনপ্যবধীদ্বলী ॥৩৮॥
সংবৃত্য তু ততো দ্রোণঃ সমবস্থাপ্য চাহবে।
স্বমনীকং মহাবাহুঃ পার্ষতং সমুপাদ্রবৎ ॥৩৯॥
স বাণবর্ষং সুমহদসৃজৎ পার্ষতং প্রতি।
মঘবান্ সমভিক্রুদ্ধঃ সহসা দানবেষ্বিব ॥৪০॥
তে কম্পমানা দ্রোণেন বাণৈঃ পাণ্ডবসৃঞ্জয়াঃ।
পুনঃ পুনরভজ্যন্ত সিংহেনেবেতরে মৃগাঃ ॥৪১॥
তথা পর্য্যচরদ্দ্রোণঃ পাণ্ডবানাং বলে বলী।
অলাতচক্রবদ্রাজন্! তদদ্ভুতমিবাভবৎ ॥৪২॥

ত ইতি। বধ্যমানা আহন্যমানাঃ, বাসবেন ইন্দ্রেণ ॥৩৬॥
তত ইতি। যাজ্ঞসেনির্ধৃষ্টদ্যুম্নঃ। অভিনৎ ব্যভজৎ, দ্রোণস্য অনীকং সৈন্যম্ ॥৩৭॥
দ্রোণস্যেতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। অবধীৎ আহতবান্ ॥৩৮॥
সমিতি। সংবৃত্য পরিবৃত্য। সমবস্থাপ্য স্থিরীকৃত্য ॥৩৯॥
স ইতি। স দ্রোণঃ। মঘবান্ ইন্দ্রঃ ॥৪০॥
ত ইতি। মৃগাঃ পশবঃ, "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥৪১॥

তাহার পর দিব্যাস্ত্রবিৎ, বীর ও মহারথ ধৃষ্টদ্যুম্ন বাণবর্ষণদ্বারা দ্রোণসেনাকে অনেক ভাগে বিভক্ত করিয়া ফেলিলেন ॥৩৭॥

তৎপরে বলবান্ ধৃষ্টদ্যুম্ন বাণবর্ষণদ্বারা দ্রোণের বাণ সকল নিবারণ করিয়া সমস্ত কৌরবগণের উপরেও আঘাত করিতে লাগিলেন ॥৩৮॥

তদনন্তর মহাবাহু দ্রোণ আপন সৈন্যগণকে সমরাঙ্গনে সংস্থাপিত করিয়া ফিরিয়া ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥৩৯॥

ক্রমে ইন্দ্র যেমন দানবগণের উপরে বাণবর্ষণ করিতেন, অত্যন্তক্রুদ্ধ দ্রোণও তেমনই ধৃষ্টদ্যুম্নের উপরে বিশাল বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪০॥

তখন সিংহের আক্রমণে অন্য পশুগণের ন্যায় দ্রোণের বাণে পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ কম্পিত হইয়া বার বার ভগ্ন হইতে থাকিলেন ॥৪১॥

(৩৭) ··অপীড়য়ৎ ক্ষণেনৈব দ্রোণানীকম্ ··পি। (৩৮) দ্রোণস্য শরবর্ষেণ শরবর্ষাণি পার্ষতঃ ···পি। (৩৯) সংযম্য তু ততো দ্রোণঃ·· স্বমনীকং মহেষ্বাসঃ···বা রা নি। (৪২) তথা পর্য্যপতৎ···নি,···পাণ্ডবানাং বলং বলী···পি।

খচরনগরকল্পং কল্পিতং শাস্ত্রদৃষ্ট্যা।
পবনধৃতপতাকাশোভিতং বল্‌গিতাশ্বম্।
স্ফটিকবিমলকেতুং ত্রাসনং শাত্রবাণাং।
রথবরমধিরূঢ়ঃ সঞ্জহারারিসেনাম্ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্রোণপরাক্রমে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥ *

ষষ্ঠোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ

তথা দ্রোণমভিঘ্নন্তং সাশ্বসূতরথদ্বিপান্।
ব্যথিতাঃ পাণ্ডবা দৃষ্ট্বা ন চৈনং পর্য্যবারয়ন্ ॥১॥

তথেতি। অলাতচক্রবৎ ঘূর্ণিতাগ্নিসংশ্লিষ্টকাষ্ঠবৎ। বৃদ্ধস্যাপি তথা বিচরণাদদ্ভুতত্বম্ ॥৪২॥

খচরেতি। খচরনগরম্ আকাশগামি গন্ধর্ব্বপুরং তৎকল্পং তত্তুল্যম্; শাস্ত্রদৃষ্ট্যা শিল্পশাস্ত্রানুসারেণ, কল্পিতং শিল্পিনা নিৰ্ম্মিতম্; পবনেন বায়ুনা ধৃতা সঞ্চালিতা যা পতাকা তয়া শোভিতম্, বল্গিতা উৎপ্লুত্য উৎপ্লুত্য চলিতা অশ্বা যস্য তম্; স্ফটিকঃ স্ফটিকময়ো বিমলশ্চ কেতুর্ধ্বজো যস্য তম্, শাত্রবাণাং শত্রূণাম্, ত্রাসনং মহাবীরাধিষ্ঠিতত্বাৎ ত্রাসজনকঞ্চ; রথবরং শ্রেষ্ঠং রথম্, অধিরূঢ়ো দ্রোণঃ; অরিসেনাং শত্রুসৈন্যম্; সঞ্জহার বিনাশয়ামাস। মালিনী বৃত্তম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! বলবান্ দ্রোণ পাণ্ডবসৈন্যমধ্যে, ঘূর্ণিত অগ্নিযুক্ত কাষ্ঠের ন্যায় সকল দিকে বিচরণ করিতে লাগিলেন; তখন তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে থাকিল ॥৪২॥

আকাশগামী গন্ধর্ব্বনগরের তুল্য, শিল্পশাস্ত্রানুসারে নিৰ্ম্মিত এবং শত্রুগণের ভয়জনক উত্তম রথে আরোহণ করিয়া দ্রোণ ক্রমে শত্রুসৈন্য সংহার করিতে লাগিলেন। তৎকালে তাঁহার সেই রথখানার পতাকা বায়ুবেগে কম্পিত হইতেছিল; ঘোড়াগুলি লাফাইয়া লাফাইয়া চলিতেছিল এবং স্ফটিকময় নির্ম্মল ধ্বজটা শোভা পাইতেছিল' ॥৪৩॥

(৪৩) ··চলদনিলপতাকং হ্লাদিতং বল্গিতাশ্বম্··বা ব,···চলদনিলপতাকং হ্লাদন বল্গিতাশ্বম্·· নি। * '···ষষ্ঠোঽধ্যায়ঃ' ব, '···সপ্তমোঽধ্যায়ঃ' বা রা নি।

তেতো যুধিষ্ঠিরো রাজা ধৃষ্টদ্যুম্নধনঞ্জয়ৌ।
অব্রবীৎ সর্ব্বতো যত্নৈঃ কুম্ভযোনির্নিবার্য্যতাম্ ॥২॥
তত্রৈনমর্জ্জুনশ্চৈব পার্ষতশ্চ সহানুগঃ।
প্রত্যগৃহ্লাত্ততঃ সর্বে সমাপেতুর্মহারথাঃ ॥৩॥
কেকয়া ভীমসেনশ্চ সৌভদ্রোঽথ ঘটোৎকচঃ।
যুধিষ্ঠিরো যমৌ মৎস্যো দ্রুপদস্যাত্মজাস্তথা ॥৪॥
দ্রৌপদেয়াশ্চ সংহৃষ্টা ধৃষ্টকেতুশ্চ সাত্যকিঃ।
চেকিতানশ্চ সংক্রুদ্ধো যুযুৎসুশ্চ মহারথঃ ॥৫॥ (বিশেষকম্)
যে চান্যে পার্থিবা রাজন্! পাণ্ডবস্যানুযায়িনঃ।
কুলবীর্য্যানুরূপাণি চক্রুঃ কর্ম্মাণ্যনেকশঃ ॥৬॥

তথেতি। সাশ্বসূতরথদ্বিপান্ সৈন্যানিতি শেষঃ। পর্য্যবারয়ন্ নিবারয়িতুমশক্নুবন্ ॥১॥
তত ইতি। যত্নৈর্যত্নবদ্ভির্যুষ্মাভিঃ, কুম্ভযোনির্দ্রোণোৎপন্নো দ্রোণঃ ॥২॥
তত্রেতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ, সহানুগঃ অনুচরসহিতঃ। সৌভদ্রোঽভিমন্যুঃ। যমৌ নকুলসহদেবৌ, মৎস্যো বিরাটঃ। যুযুৎসুর্নাম ধার্ত্তরাষ্ট্রো যুধিষ্ঠিরাহ্বানাৎ পাণ্ডবপক্ষমাগতঃ ॥৩-৫॥
য ইতি। কর্ম্মাণি শত্রুসংহারাদীনি ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দ্রোণ সেই ভাবে অশ্ব, সারথি, রথ ও হস্তি-সমূহের সহিত সৈন্যগণকে সংহার করিতেছেন দেখিয়া পাণ্ডবেরা ব্যথিত হইলেন বটে, কিন্তু তাঁহাকে নিবারণ করিতে পারিলেন না ॥১॥

তখন রাজা যুধিষ্ঠির অর্জ্জুন ও ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'তোমরা সর্ব্বপ্রকারে যত্নবান্ হইয়া দ্রোণকে নিবারণ কর' ॥২॥

তখন অর্জ্জুন ও অনুচরগণের সহিত ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে গ্রহণ করিলেন। তাহার পরে কেকয়গণ, ভীমসেন, অভিমন্যু, ঘটোৎকচ, যুধিষ্ঠির, নকুল, সহদেব, বিরাট, দ্রুপদের অপর পুত্রগণ, আনন্দিত দ্রৌপদীর পুত্রগণ, ধৃষ্টকেতু, সাত্যকি, ক্রুদ্ধ চেকিতান এবং মহারথ যুযুৎসু এই সকল মহারথেরা উপস্থিত হইলেন ॥৩—৫॥

রাজা! অন্য যে সকল রাজা পাণ্ডবগণের অনুগামী ছিলেন, তাঁহারাও বংশ এবং বলের অনুরূপ অনেক কার্য্য করিলেন ॥৬॥

(৩)···পর্য্যগৃহ্লংস্ততঃ সর্বে···পি ··প্রত্যগৃহ্লংস্তথা সর্ব্বে সমায়াস্তং মহারথাঃ—ব,·· প্রত্য-গৃহ্লংস্ততস্তত্র সমাগচ্ছন্ মহারথাঃ—নি। (৪)···যমৌ মাৎস্যঃ···নি। (৫)···ধৃষ্টকেতুঃ সসাত্যকিঃ···বা ব রা নি।

সংভিদ্যমানাং তাং দৃষ্ট্বা পাণ্ডবৈর্বাহিনীং রণে।
ব্যাবৃত্য চক্ষুষী কোপাদ্ভারদ্বাজোঽন্ববৈক্ষত ॥৭॥
স তীব্রং কোপমাস্থায় রথে সমরদুর্ম্মদঃ।
ব্যধমৎ পাণ্ডবানীকমভ্রাণীব সদাগতিঃ ॥৮॥
রথানশ্বান্ নরান্ নাগানভিধাবন্নিতস্ততঃ।
চচারোন্মত্তবদ্দ্রোণো বৃদ্ধোঽপি তরুণো যথা ॥৯॥
তস্য শোণিতদিগ্ধাঙ্গাঃ শোণাস্তে বাতরংহসঃ।
আজানেয়া হয়া রাজন্নবিশ্রান্তাঃ শ্রিয়ং দধুঃ ॥১০॥
তমন্তকমিব ক্রুদ্ধমাপতন্তং যতব্রতম্।
দৃষ্ট্বা সংপ্রাদ্রবন্ যোধাঃ পাণ্ডবস্য ততস্ততঃ ॥১১॥

সমিতি। সংভিদ্যমানাং শরৈর্বিদার্য্যমাণাম্। বাহিনীং কৌরবসেনাম্ ॥৭॥
স ইতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, অভ্রাণি মেঘান্, সদাগতির্বায়ুঃ ॥৮॥
রথানিতি। নরান্ পদাতীন্, নাগান্ গজান্ ॥৯॥
তস্যেতি। হে রাজন্! শোণিতদিগ্ধাঙ্গা রুধিরাক্তগাত্রাঃ, শোণা রক্তবর্ণাঃ, বাতরংহসে, বায়ুবেগাঃ, আজানেয়াঃ সদশ্ববংশজাতাঃ, তস্য তে হয়াঃ, অবিশ্রান্তা অবিরতগামিনঃ সন্তঃ, শ্রিয়ং রণাশ্বকান্তিমেব, দধুর্ধারয়ামাসুঃ। "আজানেয়াঃ কুলীনাঃ স্যুঃ" ইত্যমরঃ ॥১০॥
তমিতি। যতব্রতং সংযমশালিনম্। সংপ্রাদ্রবন্ পলায়ন্ত ॥১১॥

তখন পাণ্ডবেরা যুদ্ধে কৌরবসেনাকে বিদীর্ণ করিতেছেন দেখিয়া দ্রোণ ক্রোধে নয়নযুগল ফিরাইয়া একবার সকল দিক্ পর্য্যবেক্ষণ করিলেন ॥৭॥

ক্রমে রথারোহী সমরদুর্দ্ধর্ষ দ্রোণ অত্যন্তক্রুদ্ধ হইয়া—বায়ু যেমন মেঘ বিনাশ করে, সেইরূপ পাণ্ডবসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৮॥

তৎকালে দ্রোণ বৃদ্ধ হইয়াও যুবা পুরুষের ন্যায় চারি দিকের রথ, অশ্ব, পদাতি ও হস্তিগণের প্রতি ধাবিত হইতে থাকিয়া উন্মত্তের ন্যায় বিচরণ করিতে থাকিলেন ॥৯॥

রাজা! রক্তাক্তদেহ, রক্তবর্ণ, বায়ুর ন্যায় বেগবান্ এবং উত্তমাশ্ববংশজাত তাঁহার সেই অশ্বগণ অনবরত গমন করতঃ শোভা পাইতে লাগিল ॥১০॥

সংযমনিরত, অথচ ক্রুদ্ধ দ্রোণকে যমের ন্যায় আসিতে দেখিয়া পাণ্ডবপক্ষের যোদ্ধারা ইতস্ততঃ পলায়ন করিতে থাকিল ॥১১॥

(৭) সংরক্ষ্যমাণাং তাং দৃষ্ট্বা ·পি বা ব রা। (৮)···সমরদুর্জ্জয়ঃ···মহাভ্রাণীব মারুতঃ—নি। (১০) ··শিবং যযুঃ—পি, ··ধ্রুবং যযুঃ—বা, ···সুখং যযুঃ—নি।

তেষাং প্রদ্রবতাং ভীমং পুনরাবর্ত্ততামপি।
পশ্যতাং তিষ্ঠতামাসীচ্ছব্দঃ পরমদারুণঃ ॥১২॥
শূরাণাং হর্ষজননো ভীরূণাং ভয়বর্দ্ধনঃ।
দ্যাবাপৃথিব্যোর্বিবরং পূরয়ামাস সর্ব্বতঃ ॥১৩॥
ততঃ পুনরপি দ্রোণো নাম বিশ্রাবয়ন্ যুধি।
অকরোদ্রৌদ্রমাত্মানং কিরন্ শরশতৈঃ পরান্ ॥১৪॥
স তথা তেষ্বনীকেষু পাণ্ডুপুত্রস্য মারিষ!।
কালবদ্ব্যচরদ্দ্রোণো যুবেব স্থবিরো বলী ॥১৫॥
উৎকৃত্য চ শিরাংস্যুগ্রো বাহূনপি স্বভূষণান্।
কৃত্বা শূন্যান্ রথোপস্থানুদক্রোশন্মহারবান্ ॥১৬॥
তস্য হর্ষপ্রণাদেন বাণবর্ষেণ চ প্রভো!।
প্রাকম্পন্ত রণে যোধা গাবঃ শীতার্দ্দিতা ইব ॥১৭॥

তেষামিতি। প্রদ্রবতাং পলায়মানানাম্, ভীমং যথা স্যাত্তথা আবর্ত্ততামাগচ্ছতাম্ ॥১২॥
শূরাণামিতি দ্যাবাপৃথিব্যোঃ স্বর্গমর্ত্ত্যয়োর্বিবরমন্তরালম্, শব্দ ইত্যনুবৃত্তিঃ ॥১৩॥
তত ইতি। নাম স্বকীয়ম্। রৌদ্রং ভয়ঙ্করম্, আত্মানং নিজমূর্ত্তিম্ ॥১৪॥
স ইতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। কালবৎ যম ইব ॥১৫॥
উদিতি। উৎকৃত্য ছিত্ত্বা, উগ্রো রৌদ্রমূর্ত্তির্দ্রোণঃ। উদক্রোশৎ উচ্চৈরকরোৎ ॥১৬॥
তস্যেতি। হর্ষপ্রণাদেন আনন্দসিংহনাদেন। যোধাঃ পাণ্ডবযোদ্ধারঃ ॥১৭॥

এক এক বার পলায়ন, আবার আবার ভয়ঙ্করভাবে আগমন এবং দর্শন ও অবস্থান করিবার সময়ে সেই পাণ্ডবযোদ্ধাদের অতিভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল ॥১২॥

বীরগণের আনন্দজনক এবং ভীরুগণের ভয়বর্দ্ধক সেই কোলাহল স্বর্গ ও মর্ত্ত্যের সমস্ত অন্তরাল স্থান পূরণ করিল ॥১৩॥

তাহার পর আবারও দ্রোণ যুদ্ধে নিজের নাম শুনাইতে থাকিয়া শত শত বাণে বিপক্ষদিগকে তাড়ন করতঃ রৌদ্রমূর্ত্তি ধারণ করিলেন ॥১৪॥

মাননীয় রাজা! বৃদ্ধ হইয়াও যুবার ন্যায় বলবান্ দ্রোণ যুধিষ্ঠিরের সেই সৈন্যমধ্যে যমের ন্যায় বিচরণ করিতে লাগিলেন ॥১৫॥

উগ্রমূর্ত্তি দ্রোণ বিপক্ষসৈন্যের মস্তক ও বিভূষিত বাহুচ্ছেদনপূর্ব্বক রথের উপরিভাগ শূন্য করিয়া মহাগর্জ্জন করিতে থাকিলেন ॥১৬॥

(১২)...ভীমং পুনরাবর্ত্ততামপি...বা ব রা নি। (১৭)...বাণবেগেন বারিতাঃ...পি,...বাণবেগেন বা বিভো!...বা ব।

দ্রোণস্য রথঘোষেণ মৌর্বীনিষ্পেষণেন চ।
ধনুঃশব্দেন চাকাশে শব্দঃ সমভবন্মহান্ ॥১৮॥
অথাস্য ধনুষো বাণা নিশ্চরন্তঃ সহস্রশঃ।
ব্যাপ্য সর্বা দিশঃ পেতুর্নাগাশ্বরথপত্তিষু ॥১৯॥
তং কার্ম্মুকমহাবেগমস্ত্রজ্বলিতপাবকম্।
দ্রোণমাসাদয়াঞ্চক্রুঃ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥২০॥
স নাগরথপত্ত্যশ্বান্ প্রাহিণোদ্‌যমসাদনম্।
অচিরাদকরোদ্‌দ্রোণো মহীং শোণিতকর্দ্দমাম্ ॥২১॥
তন্বতা পরমাস্ত্রাণি শরান্ সততমস্যতা।
দ্রোণেন বিহিতং দিক্ষু শরজালমদৃশ্যত ॥২২॥

দ্রোণস্যেতি। মৌর্বীনিষ্পেষণেন জ্যাঘর্ষণশব্দেন ॥১৮॥

অথেতি। নিশ্চরন্তো নির্গচ্ছন্তঃ। নাগাশ্বরথপত্তিষু হস্ত্যশ্বরথপদাতিষু ॥১৯॥

তমিতি। কার্ম্মুকস্য মহান্ বেগ এব বেগো যস্য তম্। এতেন বাণবেগো ধ্বন্যতে। অস্ত্রৈর্জ্বলিতপাবকং তৎস্বরূপম্ ॥২০॥

স ইতি। শোণিতৈ রক্তৈঃ কর্দ্দমো যস্যাস্তাম্ ॥২১॥

তন্বতেতি। তন্বতা বিস্তারেণাবিষ্কুর্ব্বতা। অস্যতা নিক্ষিপতা ॥২২॥

মহারাজ! দ্রোণের আনন্দসিংহনাদে ও বাণবর্ষণে শীতার্ত্ত গোসমূহের ন্যায় বিপক্ষযোদ্ধারা কম্পিত হইতে লাগিল ॥১৭॥

দ্রোণের রথের শব্দে, গুণঘর্ষণের ধ্বনিতে এবং ধনুষ্টঙ্কারে আকাশে বিশাল শব্দ হইতে থাকিল ॥১৮॥

ক্রমে দ্রোণের ধনু হইতে সহস্র সহস্র বাণ নির্গত হইয়া সমস্ত দিক্ ব্যাপ্ত করিয়া বিপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতির উপরে পতিত হইতে লাগিল ॥১৯॥

পরে পাঞ্চালবীরেরা পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া কার্ম্মুকমহাবেগরূপ-মহাবেগ-সম্পন্ন এবং অস্ত্রের গুণে প্রজ্জ্বলিত অগ্নিস্বরূপ দ্রোণের নিকটে উপস্থিত হইলেন ॥২০॥

তখন দ্রোণ বিপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহকে যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন এবং অচিরকালমধ্যে সমরভূমিটাকে রক্তকর্দ্দমময় করিয়া ফেলিলেন ॥২১॥

---

(১৮) ··নিঃসরন্তঃ সহস্রশঃ··নি। (২১) তান্ সকুঞ্জরপত্ত্যশ্বান্···পি বা ব রা।

পদাতিস্যন্দনাশ্বেষু বারণেষ্বপি সর্ব্বশঃ ।
তস্য বিদ্যুদিবাভ্রেষু চরন্ কেতুরদৃশ্যত ॥২৩॥

স কেকয়ানাং প্রবরাংশ্চ পঞ্চ পাঞ্চালরাজঞ্চ শরৈঃ প্রমথ্য ।
যুধিষ্ঠিরানীকমদীনসত্ত্বো দ্রোণোঽভ্যয়াৎ কার্ম্মুকবাণপাণিঃ ॥২৪॥

তং ভীমসেনশ্চ ধনঞ্জয়শ্চ শিনেশ্চ নপ্তা দ্রুপদাত্মজশ্চ ।
শৈব্যাত্মজঃ কাশিপতিঃ শিবিশ্চ হৃষ্টা নদন্তোঽভ্যকিরন্ শরৌঘৈঃ ॥২৫॥

তেষামথো দ্রোণধনুর্বিমুক্তাঃ পতত্রিণঃ কাঞ্চনচিত্রপুঙ্খাঃ ।
ভিত্ত্বা শরীরাণি গজাশ্বযূনাং জগ্মুর্মহীং শোণিতদিগ্ধগাত্রাঃ ॥২৬॥

সা যোধসংঘৈশ্চ রথৈশ্চ ভূমিঃ শরৈর্বিভিন্নৈর্গজবাজিভিশ্চ ।
প্রচ্ছাদ্যমানা পতিতৈর্ব্বভূব সমাবৃতা দ্যৌরিব কালমেঘৈঃ ॥২৭॥

পদাতীতি । স্যন্দনো রথঃ । বারণেষু হস্তিষু । অভ্রেষু মেঘেষু, কেতুর্ধ্বজঃ ॥২৩॥
স ইতি । প্রমথ্য নিপীড্য । অদীনসত্ত্বঃ অক্ষীণাধ্যবসায়ঃ ॥২৪॥
তমিতি । শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ, দ্রুপদাত্মজো ধৃষ্টদ্যুম্নঃ ॥২৫॥
তেষামিতি । পতত্রিণো বাণাঃ, কাঞ্চনেন স্বর্ণখচিতত্বেন চিত্রাঃ পুঙ্খা মূলদেশা যেষাং তে । শোণিতৈঃ রুধিরৈর্দিগ্ধানি লিপ্তানি গাত্রাণি যেষাং তে ॥২৬॥

ক্রমে দেখা গেল—মধ্যে মধ্যে উত্তমাস্ত্র আবিষ্কার এবং সর্ব্বদা বাণক্ষেপ করিতে থাকিয়া দ্রোণ যেন সকল দিকে বাণের জাল নির্ম্মাণ করিলেন ॥২২॥

আবার মেঘের উপরে যেমন বিদ্যুৎ দেখা যায়, সেইরূপ দ্রোণের ধ্বজটাকে বিপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতির মধ্যে দেখা যাইতে লাগিল ॥২৩॥

পরে প্রবলাধ্যবসায়শালী ও ধনুর্বাণধারী দ্রোণ কেকয়দেশীয় পাঁচ জন প্রধান বীরকে এবং দ্রুপদরাজাকে বাণদ্বারা নিপীড়িত করিয়া যুধিষ্ঠিরের সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২৪॥

তখন ভীমসেন, অর্জ্জুন, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন, শৈব্যনন্দন, কাশিরাজ ও শিবি ইঁহারা আনন্দিতচিত্তে সিংহনাদ করিতে থাকিয়া বাণসমূহদ্বারা দ্রোণের উপরে প্রহার করিতে লাগিলেন ॥২৫॥

তদনন্তর দ্রোণকার্ম্মুকনিক্ষিপ্ত স্বর্ণবিচিত্রপুঙ্খ বাণ সকল যাইয়া তাঁহাদের এবং হস্তী, অশ্ব ও পদাতিগণের দেহ ভেদ করিয়া রক্তাক্ত হইয়া ভূমির ভিতরে প্রবেশ করিতে থাকিল ॥২৬॥

(২৩) পদাতিষু রথাশ্বেষু বারণেষু চ সর্ব্বশঃ··· নি । (২৫) ·দৃষ্টা নদন্তো ব্যকিরন্ শরৌঘৈঃ -বা ব রা নি । (২৬) তেষামথ দ্রোণ···বা ব, তে দ্রোণবাণাসনবিপ্রমুক্তাঃ···নি, ·· শোণিতদিগ্ধবাজাঃ—বা ব রা নি ।

শৈনেয়ভীমার্জ্জুনবাহিনীশং সৌভদ্রপাঞ্চালসকাশিরাজম্ ।
অন্যাংশ্চ বীরান্ সমরে মমর্দ্দ দ্রোণঃ সুতানাং তব ভূতিকামঃ ॥২৮॥
এতানি চান্যানি চ কৌরবেন্দ্র ! কর্ম্মাণি কৃত্বা সমরে মহাত্মা ।
প্রতাপ্য লোকানিব কালসূর্য্যো দ্রোণো গতঃ স্বর্গমিতো হি রাজন্ ! ॥২৯॥
এবং রুক্মরথঃ শূরো হত্বা শতসহস্রশঃ ।
পাণ্ডবানাং রণে যোধান্ পার্ষতেন নিপাতিতঃ ॥৩০॥
অক্ষৌহিণীমভ্যধিকাং শূরাণামনিবর্ত্তিনাম্ ।
নিহত্য পশ্চাদ্ধৃতিমানগচ্ছৎ পরমাং গতিম্ ॥৩১॥
পাণ্ডবৈঃ সহপাঞ্চালৈরশিবৈঃ ক্রূরকর্ম্মভিঃ ।
হতো রুক্মরথো রাজন্ ! কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥৩২॥

সেতি । বিভিন্নৈর্বিদারিতৈঃ । দ্যৌরাকাশম্, কালমেঘৈঃ প্রলয়কালীনজলদৈঃ ॥২৭॥

শৈনেয়েতি । হে রাজন্ ! তব সুতানাং ভূতিকামো রাজ্যরূপৈশ্বর্য্যকামী দ্রোণঃ, সমরে শৈনেয়ঃ সাত্যকিঃ ভীমার্জ্জুনৌ চ বাহিনীশাঃ সেনাপতয়ো যস্য তৎ, সৌভদ্রপাঞ্চালৌ অভিমন্যু দ্রুপদৌ সকাশিরাজৌ কাশিরাজসহিতৌ যত্র তত্তাদৃশঞ্চ সৈন্যম্, অন্যান্ বীরাংশ্চ মমর্দ্দ ॥২৮॥

এতানীতি । লোকানিব পাণ্ডবপক্ষীয়বীরান্, কালসূর্য্যঃ সন্ধ্যাকালীনরবিঃ ॥২৯॥

এবমিতি । রুক্মরথঃ স্বর্ণময়রথঃ । পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন ॥৩০॥

অক্ষৌহিণীমিতি । অভ্যধিকাং কিয়দতিরিক্তাম্ । ধৃতিমান্ ধৈর্য্যশালী দ্রোণঃ ॥৩১॥

পাণ্ডবৈরিতি । অশিবৈঃ কৌরবাণামমঙ্গলকরৈঃ । রুক্মরথো দ্রোণঃ ॥৩২॥

প্রলয়কালের মেঘ যেমন আকাশ আবৃত করে, সেইরূপ বাণবিদারিত সৈন্যসমূহ, রথ, হস্তী ও অশ্ব সকল পতিত হইয়া সমরভূমি আবৃত করিল ॥২৭॥

রাজা ! আপনার পুত্রগণের ঐশ্বর্য্যাভিলাষী দ্রোণ যুদ্ধে ভীম, অর্জ্জুন, সাত্যকি, অভিমন্যু ও কাশিরাজ-রক্ষিত সৈন্যদিগকে এবং অন্যান্য বীরগণকে মর্দ্দন করিলেন ॥২৮॥

কৌরবেন্দ্র রাজা ! সন্ধ্যাকালের সূর্য্য যেমন জগৎ সন্তপ্ত করিয়া অস্তাচলে গমন করেন, সেইরূপ মহাত্মা দ্রোণ যুদ্ধে এই সকল কার্য্য ও অন্যান্য অনেক কার্য্য করিয়া ইহলোক হইতে স্বর্গে গমন করিয়াছেন ॥২৯॥

স্বর্ণময়রথারোহী ও মহাবীর দ্রোণ এইভাবে যুদ্ধে পাণ্ডবগণের শত শত ও সহস্র সহস্র যোদ্ধাকে সংহার করিয়া ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক নিপাতিত হইয়াছেন ॥৩০॥

ধৈর্য্যশালী দ্রোণাচার্য্য যুদ্ধে কিঞ্চিদধিক এক অক্ষৌহিণী অপলায়ী বীর নিহত করিয়া পরে পরম গতি লাভ করিয়াছেন ॥৩১॥

(২৯)···স্বর্গমিতো বিরাজন্—পি । (৩১)··· ধৃতিমানগমৎ···পি ।

ততো নিনাদো ভূতানামাকাশে সমজায়ত।
সৈন্যানাঞ্চ ততো রাজন্নাচার্য্যে নিহতে যুধি ॥৩৩॥
দ্যাং ধরাং খং দিশো বাপি প্রদিশশ্চানুনাদয়ন্।
অহো ধিগিতি ভূতানাং শব্দঃ সমভবদ্ভৃশম্ ॥৩৪॥
দেবতাঃ পিতরশ্চৈব পূর্ব্বে যে চাস্য বান্ধবাঃ।
দদৃশুর্নিহতং তত্র ভারদ্বাজং মহারথম্ ॥৩৫॥
পাণ্ডবাস্তু জয়ং লব্ধা সিংহনাদান্ প্রচক্রিরে।
সিংহনাদেন মহতা সমকম্পত মেদিনী ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্রোণবধশ্রবণে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। নিনাদঃ কোলাহলঃ, ভূতানাং দেবাদিপ্রাণিনাম্ ॥৩৩॥
দ্যামিতি। দ্যাং স্বর্গম্, খমাকাশম্, প্রদিশো বিদিশঃ। ধিগিতি গুরুবৃদ্ধব্রাহ্মণবধাৎ ॥৩৪॥
দেবতা ইতি। পূর্ব্বে পূর্ব্বপুরুষা ভরদ্বাজাদয়ঃ। ভারদ্বাজং দ্রোণম্ ॥৩৫॥
পাণ্ডবা ইতি। মেদিনী সমরসন্নিহিতভূমিঃ ॥৩৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! কৌরবগণের অমঙ্গলকারী ও নিষ্ঠুরকর্ম্মা পাণ্ডবেরা পাঞ্চালগণের সহিত মিলিত হইয়া অতিদুষ্কর কার্য্য করিয়া স্বর্ণরথ দ্রোণকে বধ করিয়াছেন ॥৩২॥

রাজা! যুদ্ধে দ্রোণাচার্য্য নিহত হইলে পর, আকাশে দেবতাপ্রভৃতির এবং ভূতলে সৈন্যগণের বিশাল কোলাহল হইতে লাগিল ॥৩৩॥

স্বর্গ, মর্ত্ত্য, আকাশ, দিক্ ও বিদিক্ নিনাদিত করিয়া 'অহো ধিক্' ইত্যাকার শব্দ গুরুতরভাবে হইতে থাকিল ॥৩৪॥

দেবগণ, পিতৃগণ এবং যাঁহারা দ্রোণের পূর্ব্বপুরুষ ও বন্ধু ছিলেন, তাঁহারা—যুদ্ধনিহত মহারথ দ্রোণকে দেখিতে লাগিলেন ॥৩৫॥

ওদিকে পাণ্ডবেরা জয়লাভ করিয়া সিংহনাদ করিতে থাকিলেন এবং সেই বিশাল সিংহনাদে সমরভূমি ও তাহার সন্নিহিত ভূমি সকল কম্পিত হইতে থাকিল' ॥৩৬॥

৩৩)..আশ্চর্য্যং সমজায়ত। পি। * '..সপ্তমোঽধ্যায়ঃ' বা '..অষ্টমোঽধ্যায়ঃ' বা বা নি।

সপ্তমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কিং কুর্ব্বাণং রণে দ্রোণং জঘ্নুঃ পাণ্ডবসৃঞ্জয়াঃ।
তথা নিপুণমস্ত্রেষু সর্বশস্ত্রভৃতামপি ॥১॥
রথভঙ্গো বভূবাস্য ধনুর্ব্বাশীর্য্যতাস্যতঃ।
প্রমত্তো বাভবদ্দ্রোণস্ততো মৃত্যুমুপেযিবান্ ॥২॥
কথং নু পার্ষতস্তাত! শত্রুভির্দুষ্প্রধর্ষণম্।
কিরন্তমিষুসংঘাতান্ রুক্মপুঙ্খাননেকশঃ ॥৩॥
ক্ষিপ্রহস্তং দ্বিজশ্রেষ্ঠং কৃতিনং চিত্রযোধিনম্।
দূরেষুপাতিনং দান্তমস্ত্রযুদ্ধেষু পারগম্ ॥৪॥
পাঞ্চালপুত্রো ন্যবধীদ্দিব্যাস্ত্রধরমচ্যুতম্।
কুর্ব্বাণং দারুণং কর্ম্ম রণে যত্তং মহারথম্ ॥৫॥ (বিশেষকম্)

কিমিতি। তথা অতিশয়েন। সর্ব্বশস্ত্রভৃতামপি মধ্যে ॥১॥

রথেতি। অশীর্য্যত ভগ্নম্, অস্যতো বাণান্ ক্ষিপতঃ। প্রমত্তঃ অসাবধানঃ ॥২॥

কথমিতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। ইষুসংঘাতান্ বাণসমূহান্, রুক্মপুঙ্খান্ স্বর্ণখচিতমূল-দেশান্। দূরে ইষূন্ বাণান পাতয়তীতি তম্, দান্তং সংযতেন্দ্রিয়ম্। পাঞ্চালস্য দ্রুপদস্য পুত্রো ধৃষ্টদ্যুম্নঃ। অচ্যুতং বীরব্রতাদভ্রষ্টম্। দারুণং কর্ম্ম কুর্ব্বাণমিত্যাক্রমানাদুক্তম্, যত্তং যত্নবন্তম্ ॥৩—৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ কি কার্য্য করিবার সময়ে দ্রোণকে বধ করিল? তিনি ত সমস্ত অস্ত্রধারীর মধ্যেই অস্ত্রে সুনিপুণ ছিলেন ॥১॥

দ্রোণের কি রথখানা ভাঙ্গিয়া গিয়াছিল? না—বাণক্ষেপ করিবার সময়ে ধনুখানা ভগ্ন হইয়াছিল? অথবা তিনি অসাবধান ছিলেন বলিয়া মৃত্যুমুখে পতিত হইয়াছেন? ॥২॥

বৎস সঞ্জয়! শত্রুগণের দুর্দ্ধর্ষ, স্বর্ণপুঙ্খ অনেক বাণক্ষেপী, ক্ষিপ্রহস্ত, যুদ্ধ-নিপুণ, বিচিত্রযোধী, দূরে বাণক্ষেপকারী, জিতেন্দ্রিয়, অস্ত্রযুদ্ধে পারদর্শী,

(২) রথঃ পর্য্যপতদ্বাস্য···যথা মৃত্যুমুপেযিবান্—নি।

ব্যক্তং হি দৈবং বলবৎ পৌরুষাদিতি মে মতিঃ।
যদ্দ্রোণো নিহতঃ শূরঃ পার্ষতেন দুরাত্মনা ॥৬॥
অস্ত্রং চতুর্বিধং বীরে যস্মিন্নাসীৎ প্রতিষ্ঠিতম্।
তমিষ্বস্ত্রধরাচার্য্যং দ্রোণং শংসসি মে হতম্ ॥৭॥
শ্রুত্বা হতং রুক্মরথং বৈয়াঘ্রপরিবারিতম্।
জাতরূপশিরস্ত্রাণং নাদ্য শোকমপানুদে ॥৮॥
ন নূনং পরদুঃখেন ম্রিয়তে কোঽপি সঞ্জয়!।
যত্র দ্রোণমহং শ্রুত্বা হতং জীবামি মন্দধীঃ।
দৈবমেব পরং মন্যে নন্বনর্থং হি পৌরুষম্ ॥৯॥
অশ্মসারময়ং নূনং হৃদয়ং সুদৃঢ়ং মম।
যচ্ছ্রুত্বা নিহতং দ্রোণং শতধা ন বিদীর্য্যতে ॥১০॥

ব্যক্তমিতি। ব্যক্তং লোকেষু স্পষ্টম্। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন ॥৬॥

অস্ত্রমিতি। চতুর্বিধম্—ভেদকং ছেদকং মৰ্দ্দকং কর্ষকঞ্চেতি। তত্র ভেদকং বাণাদি, ছেদকং খড়্গাদি, মৰ্দ্দকং গদাদি, কর্ষকঞ্চ পাশাদি। শংসসি ব্রবীষীতি বিস্ময়ে কাকুঃ ॥৭॥

শ্রুত্বেতি। রুক্মরথং স্বর্ণখচিতরথম্, বৈয়াঘ্রেণ ব্যাঘ্রচর্ম্মণা পরিবারিতম্ আবৃতরথম্। জাতরূপশিরস্ত্রাণং স্বর্ণময়োষ্ণীষম্। অপানুদে যত্নেনাপি দূরীকর্ত্তুমর্হামি ॥৮॥

নেতি। যত্র যেন হেতুনেত্যর্থঃ। অনর্থং সর্ব্বানর্থমূলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

দিব্যাস্ত্রবিৎ, বীরব্রত হইতে অভ্রষ্ট, যুদ্ধে দারুণকর্ম্মকারী, যত্নবান্ ও মহারথ ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণকে পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন কি করিয়া নিহত করিল? ॥৩—৫॥

আমার ধারণা এই যে, দৈব নিশ্চয়ই পুরুষকার অপেক্ষা প্রবল। যে হেতু দুরাত্মা ধৃষ্টদ্যুম্ন মহাবীর দ্রোণকে নিহত করিয়াছে ॥৬॥

সঞ্জয়! যে মহাবীরে চতুর্বিধ অস্ত্রই প্রতিষ্ঠিত ছিল, তুমি সেই বাণাস্ত্রধারী দ্রোণাচার্য্যকে আমার নিকট নিহত বলিলে! ॥৭॥

হায়! যিনি স্বর্ণময় ও ব্যাঘ্রচর্ম্মপরিবেষ্টিত রথে আরোহণ করিতেন এবং স্বর্ণখচিত উষ্ণীষ ধারণ করিতেন, আজ সেই দ্রোণকে নিহত শুনিয়া কোন প্রকারেই শোকাপনোদন করিতে পারিতেছি না ॥৮॥

সঞ্জয়! নিশ্চয়ই কোন মানুষও পরের দুঃখে মরে না। যে হেতু মন্দবুদ্ধি আমি দ্রোণকে নিহত শুনিয়াও জীবিত রহিয়াছি। আমি দৈবকেই প্রধান বলিয়া মনে করি, আর পুরুষকারকে অনর্থের কারণ বলিয়া ধারণা করি ॥৯॥

(৬) ...পার্ষতেন মহাত্মনা—বা ব রা নি। (৮)...নাদ্য শোকমুপাদদে—বা ব। (৯) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদা লক্ষ্যন্তে।

ব্রাহ্মে দৈবে তথেম্বস্ত্রে যমুপাসন্ গুণার্থিনঃ।
ব্রাহ্মণা রাজপুত্রাশ্চ স কথং মৃত্যুনা হৃতঃ ॥১১॥
শোষণং সাগরস্যেব মেরোরিব বিসর্পণম্।
পতনং ভাস্করস্যেব ন মৃষ্যে দ্রোণপাতনম্ ॥১২॥
দুষ্টানাং প্রতিষেদ্ধাসীদ্ধার্ম্মিকাণাঞ্চ রক্ষিতা।
যোঽহাসীৎ কৃপণস্যার্থে প্রাণানপি পরন্তপঃ ॥১৩॥
মন্দানাং মম পুত্রাণাং জয়াশা যস্য বিক্রমে।
বৃহস্পত্যুশনস্তুল্যো বুদ্ধ্যা স নিহতঃ কথম্ ॥১৪॥ (যুগ্মকম্)
তে চ শোণা বৃহন্তোঽশ্বাশ্ছন্না জালৈর্হিরণ্ময়ৈঃ।
রথে বাতজবা যুক্তাঃ সর্ব্বশস্ত্রাতিগা রণে ॥১৫॥

অশ্মেতি। অশ্মসারময়ং পাষাণসারঘটিতম্ ॥১০॥

ব্রাহ্ম ইতি। ব্রাহ্মে বেদাধ্যয়নে, দৈবে দেবারাধনে, তত্তদস্ত্রে বা ॥১১॥

শোষণমিতি। বিসর্পণং বিচলনম্। ন মৃষ্যে ন সহে ॥১২॥

দুষ্টানামিতি। প্রতিষেদ্ধা দুষ্টকর্ম্মণো নিবারয়িতা। কৃপণস্য ক্ষুদ্রস্য দুর্য্যোধনস্য। মন্দানাং মূর্খাণাম্। উশনা শুক্রঃ ॥১৩—১৪॥

তে ইতি। শোণা রক্তবর্ণাঃ। ছন্না আবৃতাঙ্গাঃ, হিরণ্ময়ৈঃ স্বর্ণময়ৈঃ। বাতজব

আমার হৃদয়টা নিশ্চয়ই পাষাণসারনির্ম্মিতের ন্যায় সুদৃঢ়। যে হেতু দ্রোণকে নিহত শুনিয়াও শতধা বিদীর্ণ হইতেছে না ॥১০॥

হায়! শিক্ষার্থী ব্রাহ্মণেরা ও রাজপুত্রেরা যথাক্রমে বেদাধ্যয়ন ও দেবারাধনা এবং ধনুর্ব্বেদশিক্ষার জন্য যাঁহার সেবা করিতেন, মৃত্যু সেই দ্রোণকে হরণ করিল! ॥১১॥

সমুদ্রের শোষণ, সুমেরুপর্ব্বতের বিচলন এবং সূর্য্যের পতনের ন্যায় আমি যে দ্রোণের নিপাতন সহ্য করিতে পারিতেছি না ॥১২॥

যে শত্রুসন্তাপকারী দ্রোণ দুর্জ্জনের শাসক ও সজ্জনের রক্ষক ছিলেন এবং ক্ষুদ্র দুর্য্যোধনের জন্য প্রাণপর্য্যন্ত পরিত্যাগ করিতে উদ্যত ছিলেন; বিশেষতঃ যাঁহার বিক্রমের উপরে আমার মূর্খ পুত্রগণের জয়াশা ছিল, বুদ্ধিতে বৃহস্পতি ও শুক্রের তুল্য সেই দ্রোণ নিহত হইলেন! ॥১৩—১৪॥

রক্তবর্ণ, বিশাল ও দৃঢ়শরীর, স্বর্ণময় জালে আবৃত, বায়ুর তুল্য বেগশালী, যুদ্ধে সমস্ত অস্ত্রের আঘাতসহিষ্ণু, বলবান্, হেষারবকারী, শিক্ষিত, দ্রোণরথে

বলিনো হ্রেষিণো দান্তাঃ সৈন্ধবাঃ সাধুবাহিনঃ।
দৃঢ়াঃ সংগ্রামমধ্যেষু কচ্চিদাসন্নবিহ্বলাঃ ॥১৬॥ (যুগ্মকম্)
করিণাং বৃংহতাং যুদ্ধে শঙ্খদুন্দুভিনিস্বনৈঃ।
জ্যাক্ষেপশরবর্ষাণাং শস্ত্রাণাঞ্চ সহিষ্ণবঃ ॥১৭॥
আশংসন্তঃ পরান্ জেতুং জিতশ্বাসা জিতব্যথাঃ।
হয়াঃ পরাজিতাঃ শীঘ্রা ভারদ্বাজরথোদ্বহাঃ ॥১৮॥
তে স্ম রুক্মরথে যুক্তা নরবীরসমাস্থিতাঃ।
কথং নাভ্যতরংস্তাত! পাণ্ডবানামনীকিনীম্ ॥১৯॥
জাতরূপপরিষ্কারমাস্থায় রথমুত্তমম্।
ভারদ্বাজঃ কিমকরোদ্যুধি সত্যপরাক্রমঃ ॥২০॥
বিদ্যাং যস্যোপজীবন্তি সর্ব্বলোকধনুর্দ্ধরাঃ।
স সত্যসন্ধো বলবান্ দ্রোণঃ কিমকরোদ্যুধি ॥২১॥

...বেগাঃ, সর্ব্বশস্ত্রাতিগাঃ সর্ব্বশস্ত্রাঘাতসহিষ্ণব ইত্যর্থঃ। হ্রেষিণো হ্রেষারবকারিণঃ, দান্তাঃ শিক্ষিতাঃ, সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ, সাধুবাহিনঃ সুষ্ঠুবহনকারিণঃ। বিহ্বলা আকুলাঃ ॥১৫—১৬॥

করিণামিতি। করিণাং সমূহা ইতি শেষঃ। সহিষ্ণব আসন্ কচ্চিদিত্যনুবৃত্তিঃ ॥১৭॥

আশংসন্ত ইতি। পরাজিতা আসন্ কচ্চিদিত্যনুবর্ত্ততে, শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ ॥১৮॥

তে ইতি। তে হয়াঃ। নরবীরেণ দ্রোণেন সমাস্থিতা রথারোহণেনৈবারূঢ়াঃ ॥১৯॥

জাতেতি। জাতরূপপরিষ্কারং স্বর্ণভূষণম্, আস্থায় আরুহ্য ॥২০॥

...সংযুক্ত ও সম্যগ্‌বহনকারী সেই সিন্ধুদেশীয় অশ্বগুলি যুদ্ধমধ্যে আকুল হইয়া পড়ে নাই ত? ॥১৫—১৬॥

যুদ্ধমধ্যে শঙ্খ ও দুন্দুভির শব্দ শুনিয়া বৃংহিতধ্বনিকারী হস্তিগণ বিপক্ষের ধনুর্গুণাস্ফালনসহকারে বাণবর্ষণ ও অন্যান্য অস্ত্র সহ্য করিতে পারিতেছিল ত? ॥১৭॥

বিপক্ষবিজয়াভিলাষী, শ্বাস ও ব্যথাবিহীন এবং দ্রুতগামী দ্রোণের রথবাহী অশ্বগণ পরাজিত হইয়াছিল কি? ॥১৮॥

বৎস সঞ্জয়! দ্রোণের স্বর্ণময় রথে সংযুক্ত এবং দ্রোণাধিষ্ঠিত সেই অশ্বগণ পাণ্ডবসৈন্য উত্তীর্ণ হয় নাই কেন? ॥১৯॥

যথার্থপরাক্রমশালী দ্রোণ স্বর্ণখচিত উত্তম রথে আরোহণ করিয়া যুদ্ধে কি করিয়াছিলেন ॥২০॥

(১৬) বলিনো ঘোষিণো দান্তাঃ…পি। (১৮)…হয়াঃ প্রব্রজিতাঃ শীঘ্রম্…পি।

দিবি শক্রমিব শ্রেষ্ঠং মহামাত্রং ধনুর্ভৃতাম্ ।
কে নু তং রৌদ্রকর্ম্মাণং যুদ্ধে প্রত্যুদ্যযু রথাঃ ॥২২॥
ননু রুক্মরথং দৃষ্ট্বা প্রদ্রবন্তি স্ম পাণ্ডবাঃ ।
দিব্যমস্ত্রং বিকুর্ব্বাণং রণে তস্মিন্ মহাবলম্ ॥২৩॥
উতাহো সর্ব্বসৈন্যেন ধর্ম্মরাজঃ সহানুজঃ ।
পাঞ্চালপ্রগ্রহো দ্রোণং সর্ব্বতঃ সমবারয়ৎ ॥২৪॥
নূনমাবারয়ৎ পার্থো রথিনোঽন্যানজিহ্মগৈঃ ।
ততো দ্রোণং সমহরৎ পার্ষতঃ পাপকর্ম্মকৃৎ ॥২৫॥
নহ্যহং পরিপশ্যামি বধে কঞ্চন শুষ্মিণঃ ।
ধৃষ্টদ্যুম্নাদৃতে রৌদ্রাৎ পাল্যমানাৎ কিরীটিনা ॥২৬॥

বিদ্যামিতি । বিদ্যাং ধনুর্বেদস্য, উপজীবন্তি শিক্ষয়াশ্রয়ন্তি ॥২১॥
দিবীতি । মহামাত্রং প্রধানম্, "মহামাত্রঃ প্রধানে স্যাদারোহকসমৃদ্ধয়োঃ" ইতি হৈমঃ ॥২২॥
নন্বিতি । ননু প্রশ্নে । রুক্মরথং দ্রোণম্, প্রদ্রবন্তি পলায়ন্তে । বিকুর্ব্বাণমাবিষ্কুর্ব্বাণম্ ॥২৩॥
উতেতি । পাঞ্চালং ধৃষ্টদ্যুম্নং প্রগৃহ্নাতি অগ্রগামিত্বেন স্বীকরোতীতি সঃ ॥২৪॥
নূনমিতি । পার্থোঽর্জ্জুনঃ । অজিহ্মগৈর্বাণৈঃ । সমহরৎ ব্যনাশয়ৎ ॥২৫॥
নহীতি । শুষ্মিণস্তেজস্বিনো দ্রোণস্য । ঋতে বিনা ॥২৬॥

মর্ত্ত্যলোকের সমস্ত ধনুর্দ্ধর যাঁহার নিকট হইতে অধীত বিদ্যা আশ্রয় করিয়া জীবন ধারণ করিতেছেন, সেই বলবান্ ও সত্যপ্রতিজ্ঞ দ্রোণ যুদ্ধে কি করিয়াছিলেন ? ॥২১॥

স্বর্গে ইন্দ্রের ন্যায় মর্ত্ত্যে ধনুর্দ্ধরশ্রেষ্ঠ এবং রৌদ্রকর্ম্মা দ্রোণের প্রতি যুদ্ধে কোন্ কোন্ রথী গমন করিয়াছিলেন ? ॥২২॥

সেই যুদ্ধে স্বর্ণময়রথারোহী, দিব্যাস্ত্রক্ষেপকারী ও মহাবল দ্রোণকে দেখিয়া পাণ্ডবেরা পলায়ন করিয়াছিল ? ॥২৩॥

না—যুধিষ্ঠির সমস্ত সৈন্য ও অনুজগণের সহিত মিলিত হইয়া ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া সকল দিকে দ্রোণকে বেষ্টন করিয়াছিল ? ॥২৪॥

নিশ্চয়ই অর্জ্জুন বাণদ্বারা অন্য রথিগণকে বারণ করিতেছিল ; তখন পাপকর্ম্মকারী ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে বধ করিয়াছে ॥২৫॥

অর্জ্জুনকর্ত্তৃক রক্ষ্যমাণ দারুণ ধৃষ্টদ্যুম্ন ব্যতীত অন্য কাহাকেও আমি তেজস্বী দ্রোণের বধে সমর্থ বলিয়া দেখিতেছি না ॥২৬॥

(২৫)···ততো দ্রোণং সমারোহৎ · পি বা ।

তৈর্ব্বৃতঃ সর্বতঃ ক্ষুদ্রৈঃ পাঞ্চালাপসদৈস্ততঃ ।
কেকয়ৈশ্চেদিকারূষৈর্মৎস্যৈরন্যৈশ্চ ভূমিপৈঃ ॥২৭॥
ব্যাকুলীকৃতমাচার্য্যং পিপীলৈরুরগং যথা ।
কর্ম্মণ্যসুকরে সক্তং জঘানেতি মতির্মম ॥২৮॥ (যুগ্মকম্)
যোঽধীত্য চতুরো বেদান্ সাঙ্গানাখ্যানপঞ্চমান্ ।
ব্রাহ্মণানাং প্রতিষ্ঠাসীৎ স্রোতসামিব সাগরঃ ॥২৯॥
ক্ষাত্রঞ্চ ব্রহ্ম চৈবেহ যোঽভ্যতিষ্ঠৎ পরন্তপঃ ।
স কথং ব্রাহ্মণো বৃদ্ধঃ শস্ত্রেণ বধমাপ্তবান্ ॥৩০॥ (যুগ্মকম্)
অমর্ষণো মর্ষিতবান্ ক্লিশ্যমানঃ সদা ময়া ।
অনর্হমাণঃ কৌন্তেয়ান্ কর্ম্মণস্তস্য তৎফলম্ ॥৩১॥

তৈরিতি। অপসদো নিকৃষ্টঃ। পিপীলৈঃ পিপীলিকাভিঃ। সক্তং ব্যাপৃতম্ ॥২৭-২৮॥
য ইতি। সাঙ্গান শিক্ষাকল্পাদিষডঙ্গসহিতান্, আখ্যানমিতিহাসঃ পঞ্চমং যেষাং তান্। প্রতিষ্ঠা আশ্রয়স্থানম্। ক্ষাত্রমস্ত্রশিক্ষয়া ক্ষত্রিয়ধর্ম্মম্, ব্রহ্ম বেদঞ্চ, অভ্যতিষ্ঠৎ আশ্রয়ৎ ॥২৯-৩০॥
অমর্ষণ ইতি। অমর্ষণঃ অসহিষ্ণুঃ, অনর্হমাণঃ ক্লেশসহনাযোগ্যোঽপি, ময়া সদা ক্লিশ্যমানঃ [illegible]গুরুসেবনাভাবাৎ ক্লেশং প্রাপ্যমাণো দ্রোণঃ, কৌন্তেয়ান্ পাণ্ডবান, মর্ষিতবান যুদ্ধে সং[illegible]বান উপেক্ষিতবানিত্যর্থঃ, তস্য উপেক্ষাকর্ম্মণঃ, তদ্বধরূপং ফলমভূৎ ॥৩১॥

সেই ক্ষুদ্র ও নিকৃষ্ট পাঞ্চালগণ, কেকয়গণ, চেদিগণ, কারূষগণ, মৎস্যগণ এবং অন্যান্য রাজগণে পরিবেষ্টিত ধৃষ্টদ্যুম্ন—পিপীলিকাদংশনে সমাকুল সর্পের ন্যায় সেই ক্ষুদ্রগণের আক্রমণে সমাকুল ও দুষ্কর কার্য্যে ব্যাপৃত আচার্য্যকে বধ করিয়াছে ইহাই আমার ধারণা ॥২৭—২৮॥

সমুদ্র যেমন নদীসমূহের আশ্রয়, সেইরূপ যিনি শিক্ষা ও কল্পপ্রভৃতি অঙ্গশাস্ত্র এবং ইতিহাসের সহিত চারিটী বেদ অধ্যয়ন করিয়া ব্রাহ্মণগণের আশ্রয়স্থান ছিলেন; আবার যে শত্রুসন্তাপকারী, ক্ষত্রিয়ের ধর্ম্ম ও ব্রাহ্মণের ধর্ম্ম উভয়েরই অনুষ্ঠান করিতেন; সেই বৃদ্ধ ব্রাহ্মণ দ্রোণ অস্ত্রাঘাতে নিধন প্রাপ্ত হইলেন কেন? ॥২৯—৩০॥

ক্লেশভোগের অযোগ্য হইয়াও আমার ব্যবহারে ক্লেশভোগী এবং অসহিষ্ণুস্বভাব দ্রোণ যুদ্ধে পাণ্ডবগণকে যে উপেক্ষা করিতেন, সেই কার্য্যেরই সেই ফল হইয়াছে ॥৩১॥

---

(২৭)···সর্বতঃ শূরৈঃ···পি,···সর্ব্বতঃ··· শূরঃ···বা ব। (৩১)···কৌন্তেয়ম্···ব, অমর্ষিণা। মর্ষিতবান ক্লিশ্যমানান্ সদা ময়া। অনর্হমাণান্ কৌন্তেয়ান্ · নি।

যস্য কর্ম্মানুজীবন্তি লোকে সর্বধনুর্ভৃতঃ।
স সত্যসন্ধঃ সুকৃতী শ্রীকামৈর্নিহতঃ কথম্ ॥৩২॥
দিবি শক্র ইব শ্রেষ্ঠো মহাসত্ত্বো মহাবলঃ।
স কথং নিহতঃ পার্থৈঃ ক্ষুদ্রমৎস্যৈর্যথা তিমিঃ ॥৩৩॥
ক্ষিপ্রহস্তশ্চ বলবান্ দৃঢ়ধন্বারিমর্দ্দনঃ।
ন যস্য বিষয়াকাঙ্ক্ষী বিষয়ং প্রাপ্য জীবতি ॥৩৪॥
যং দ্বৌ ন জহতঃ শব্দৌ জীবমানং কদাচন।
ব্রাহ্মশ্চ বেদকামানাং জ্যাঘোষশ্চ ধনুষ্মতাম্ ॥৩৫॥
অদীনং পুরুষব্যাঘ্রং হ্রীমন্তমপরাজিতম্।
নাহং মৃষ্যে হতং দ্রোণং সিংহদ্বিরদবিক্রমম্ ॥৩৬॥ (বিশেষকম্)
কথং সঞ্জয়! দুর্দ্ধর্ষমনাধৃষ্যযশোবলম্।
পশ্যতাং পুরুষেন্দ্রাণাং সমরে পার্ষতোঽবধীৎ ॥৩৭॥

যস্যেতি। কর্ম্ম ধনুর্বেদশিক্ষাদানম্। শ্রীকামৈ রাজ্যলোভিভিঃ পাণ্ডবৈঃ ॥৩২॥

দিবীতি। মহাসত্ত্বো মহাধ্যবসায়ঃ। পার্থৈঃ পাণ্ডবৈঃ। তিমির্মহান্ জলজন্তুঃ ॥৩৩॥

ক্ষিপ্রেতি। বিষয়াকাঙ্ক্ষী জয়াভিলাষী, বিষয়ম্ অস্ত্রপাতপথম্। জহতস্ত্যজতঃ। জীবমানং জীবন্তম্। ব্রাহ্মো বেদাধ্যাপনশব্দঃ, জ্যাঘোষো যুদ্ধে ধনুর্গুণশব্দঃ। অদীনম্ অকাতরম্, হ্রীমন্তম্ অকার্য্যকরণে লজ্জাবন্তম্। মৃষ্যে সহে, তং দ্রোণম্ ॥৩৪—৩৬॥

কথমিতি। অনাধৃষ্যে অন্যৈরনভিভবনীয়ে যশোবলে যস্য তম্। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ॥৩৭॥

জগতে সমস্ত ধনুর্দ্ধর যাঁহার শিক্ষাদান অবলম্বন করিয়া থাকেন, সেই সত্যপ্রতিজ্ঞ ও সুকৃতী দ্রোণকে রাজ্যলোভীরা নিহত করিল! ॥৩২॥

স্বর্গে ইন্দ্রের ন্যায় মর্ত্ত্যে যিনি শ্রেষ্ঠ, মহাধ্যবসায় ও মহাবল ছিলেন, ক্ষুদ্র মৎস্যেরা যেমন তিমিকে (বৃহৎ জলজন্তুকে) নিহত করে, সেইরূপ ক্ষুদ্র পাণ্ডবেরা সেই দ্রোণকে নিহত করিয়াছে! ॥৩৩॥

যিনি লঘুহস্ত, বলবান, দৃঢ়ধন্বা ও শত্রুবিজয়ী ছিলেন এবং জয়াভিলাষী যোদ্ধারা যাঁহার অস্ত্রপাতের পথে যাইয়া জীবিত থাকিত না; আর বেদবিদ্যার্থীদের নিকটে বেদাধ্যাপনের শব্দ এবং ধনুর্দ্ধরগণের নিকটে ধনুর গুণের শব্দ এই দুই শব্দ জীবিত অবস্থায় যাঁহাকে কখনও ত্যাগ করে নাই, অকাতর, পুরুষশ্রেষ্ঠ, লজ্জাশীল, অপরাজিত এবং সিংহ ও হস্তীর তুল্য বিক্রমশালী সেই দ্রোণ যে নিহত হইয়াছেন, ইহা আমি সহ্য করিতেই পারিতেছি না ॥৩৪—৩৬॥

(৩৩)···মহাসত্ত্বো মহারথঃ···পি। (৩৬)···তমিষ্বাসবরাচার্য্যং দ্রোণং জঘ্নুঃ কথং রথাঃ—ইতি দ্বিতীয়ার্দ্ধপাঠঃ নি।

কে পুরস্তাদযুধ্যন্ত রক্ষন্তো দ্রোণমন্তিকাৎ।
কে নু পশ্চাদবর্ত্তন্ত গচ্ছন্তো দুর্গমাং গতিম্ ॥৩৮॥
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রং সব্যং কে চ মহাত্মনঃ।
পুরস্তাৎ কে চ বীরস্য যুধ্যমানস্য সংযুগে ॥৩৯॥
কে চ তত্র তনূস্ত্যক্ত্বা প্রতীপং মৃত্যুমাব্রজন্।
দ্রোণস্য সমরে বীরাঃ কেঽকুর্বন্ত পরাং ধৃতিম্ ॥৪০॥
কচ্চিন্নৈনং ভয়ান্মন্দাঃ ক্ষত্রিয়া ব্যজহন্ রণে।
রক্ষিতারস্ততঃ শূন্যে কচ্চিন্নৈকো হতঃ পরৈঃ ॥৪১॥
এতদার্য্যেণ কর্ত্তব্যং কৃচ্ছ্রাস্বাপৎসু সঞ্জয়!।
পরাক্রমেদ্‌যথাশক্ত্যা তচ্চ তস্মিন্ প্রতিষ্ঠিতম্ ॥৪২॥

ক ইতি। অন্তিকাৎ সান্নিধ্যাদিত্যর্থঃ। দুর্গমাং গতিমাঘাতাদিনা দুরবস্থাম্ ॥৩৮॥
ক ইতি। সব্যং বামম্। বীরস্য দ্রোণস্য ॥৩৯॥
ক ইতি। প্রতীপং বিপক্ষপ্রতিকূলং গচ্ছন্ত ইতি শেষঃ। ধৃতিং ধৈর্য্যম্ ॥৪০॥
কচ্চিদিতি। ব্যজহন্ অত্যজন্। শূন্যে রক্ষকরহিতে সমরাঙ্গনে ॥৪১॥

সঞ্জয়! কর্ণপ্রভৃতি পুরুষশ্রেষ্ঠগণের সমক্ষে দুর্দ্ধর্ষ এবং অলঙ্ঘ্য যশোবল-শালী দ্রোণকে ধৃষ্টদ্যুম্ন কি করিয়া যুদ্ধে বধ করিল ॥৩৭॥

(সে যাহা হউক, সঞ্জয়!) সন্নিধানবশতঃ দ্রোণকে রক্ষা করিতে থাকিয়া কাহারা তাঁহার সম্মুখের দিকে যুদ্ধ করিয়াছিলেন? কাঁহারাই বা দুরবস্থা ভোগ করিতে থাকিয়াও তাঁহার পিছনের দিকে ছিলেন? ॥৩৮॥

মহাত্মা ও মহাবীর দ্রোণ যুদ্ধ করিতে থাকিলে, কাঁহারা তাঁহার দক্ষিণ চক্র, কাহারা বা বাম চক্র রক্ষা করিতেছিলেন; কাঁহারাই বা তাঁহার অগ্রে অগ্রে চলিয়াছিলেন? ॥৩৯॥

কাঁহারাই বা তখন দেহের মমতা ত্যাগ করিয়া বিপক্ষেরপ্রতিকূলে যাইয়া মৃত্যু বরণ করিয়াছেন? কোন্ বীরেরাই বা যুদ্ধে দ্রোণের বিশেষ ধৈর্য্য সম্পাদন করিতেছিলেন ॥৪০॥

দ্রোণের রক্ষক মূর্খ ক্ষত্রিয়েরা উঁহাকে যুদ্ধে পরিত্যাগ করিয়া যায় নাই ত? এবং তাহার পর রক্ষকশূন্য সমরে একাকী অবস্থায় বিপক্ষেরা দ্রোণকে নিহত করে নাই ত? ॥৪১॥

(৪০)…কেঽকুর্ব্বন্ত পরাং গতিম্—পি বা। (৪১) ইতঃ পরম্ 'ন স পৃষ্ঠমরেস্বাসাদ্রণে শৌর্য্যাৎ প্রদর্শয়েৎ। পরামপ্যাপদং প্রাপ্য স কথং নিহতঃ পরৈঃ॥" ইত্যধিকঃ শ্লোকঃ বা ব রা নি।

মুহ্যতে মে মনস্তাত ! কথা তাবন্নিবর্ত্ততাম্ ।
ভূয়স্তু লব্ধসংজ্ঞস্ত্বাং পরিপ্রক্ষ্যামি সঞ্জয় ! ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রানুতাপে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—————:*:—————

অষ্টমোঽধ্যায়ঃ ।

—————০ঃ০—————

বৈশম্পায়ন উবাচ ।

এবং পৃষ্ট্বা সূতপুত্রং হৃচ্ছোকেনার্দ্দিতো ভৃশম্ ।
জয়ে নিরাশঃ পুত্রাণাং ধৃতরাষ্ট্রোঽপতৎ ক্ষিতৌ ॥১॥
তং বিসংজ্ঞং নিপতিতং সিষিচুঃ পরিচারিকাঃ ।
জলেনাত্যর্থশীতেন বীজন্ত্যঃ পুণ্যগন্ধিনা ॥২॥

এতদিতি। আযোগে সজ্জনেন কৃচ্ছ্রাসু কষ্টকরীষ। তস্মিন দ্রোণে ॥৪২॥

মুহ্যত ইতি। কথা ইদমালোচনা, নিবর্ত্ততাং বিরমতু। ভূয়ঃ পুনঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃঃ)———

এবমিতি। সূতপুত্রং সঞ্জয়ম্, হৃদো মনসঃ শোকেন শোকাগতমূর্চ্ছয়া ॥১॥

সঞ্জয় ! সজ্জনের ইহা কর্ত্তব্য যে, তিনি কষ্টজনক বিপদের সময়ে শক্তি অনুসারে পরাক্রম প্রকাশ করিবেন। তাহা কিন্তু দ্রোণে ছিল ॥৪২॥

বৎস সঞ্জয় ! আমার মূর্চ্ছা আসিতেছে। সুতরাং আমাদের এ আলোচনা এখন বিরত হউক। আমি চৈতন্য লাভ করিয়া পুনরায় তোমাকে জিজ্ঞাসা করিব ' ॥৪৩॥

—————ঃ০ঃ—————

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র সঞ্জয়ের নিকটে এইরূপ জিজ্ঞাসা করিয়া পুত্রগণের জয়লাভে নিরাশ এবং মনের শোকে মূর্চ্ছায় গুরুতর আক্রান্ত হইয়া ভূতলে পতিত হইলেন ॥১॥

(৪৩)···কথা তাবন্নিবার্য্যতাম্ ··বা নি,···কথা তাবন্নিবর্ত্ত্যতাম্···ব,···পরিপৃচ্ছামি সঞ্জয় ! বা ব রা নি। * '···অষ্টমোঽধ্যায়ঃ' ব, '···নবমোঽধ্যায়ঃ' বা রা নি। (১) এতৎ পৃষ্ট্বা··বা। (২)··জীবন্তং পুণ্যগন্ধিনা—বা,···জীবন্ত্যঃ পুণ্যগন্ধিনা—ব নি।

পতিতঞ্চৈনমালোক্য সমন্তাদ্ভরতস্ত্রিয়ঃ।
পরিবব্রুর্মহারাজমস্পৃশংশ্চৈব পাণিভিঃ ॥৩॥
উত্থাপ্য চৈনং শনকৈ রাজানং পৃথিবীতলাৎ।
আসনং প্রাপয়ামাসুর্বাষ্পকণ্ঠ্যো বরাঙ্গনাঃ ॥৪॥
আসনং প্রাপ্য রাজা তু মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ।
নিশ্চেষ্টোঽতিষ্ঠত তদা বীজ্যমানঃ সমন্ততঃ ॥৫॥
স লব্ধ্বা শনকৈঃ সংজ্ঞাং বেপমানো মহীপতিঃ।
পুনর্গাবল্গনিং সূতং পর্য্যপৃচ্ছদ্যথাতথম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র উবাচ।

যঃ স উদ্যন্নিবাদিত্যো জ্যোতিষা প্রণুদংস্তমঃ।
অজাতশত্রুমায়ান্তং কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৭॥
প্রভিন্নমিব মাতঙ্গং তথা ক্রুদ্ধং তরস্বিনম্।
প্রসন্নবদনং দৃষ্ট্বা প্রতিদ্বিরদগামিনম্ ॥৮॥

তমিতি। অত্যর্থশীতেন অত্যন্তশীতলেন, বীজয়্যো ব্যজনেন বায়ুং সঞ্চালয়ন্ত্যঃ ॥২॥
পতিতমিতি। ভরতস্ত্রিয়ো ভরতবংশীয়ানাং নার্য্যঃ। পরিবব্রুঃ পরিবেষ্টিতবত্যঃ ॥৩॥
উত্থাপ্যেতি। শনকৈর্মন্দং মন্দম্। প্রাপয়ামাসুর্নিন্যুঃ ॥৪॥
আসনমিতি। অভিপরিপ্লুত আক্রান্তঃ। নিশ্চেষ্টো নিষ্ক্রিয়ঃ ॥৫॥
স ইতি। বেপমানঃ কম্পমানঃ। গাবল্গনিং গবল্গনপুত্রং সঞ্জয়ম্ ॥৬॥

তিনি অচৈতন্য হইয়া ভূতলে নিপতিত হইলে, পরিচারিকারা ব্যজনদ্বারা বায়ু সঞ্চালন করিতে থাকিয়া অত্যন্তশীতল ও পবিত্রগন্ধযুক্ত জলদ্বারা তাঁহাকে সিক্ত করিতে লাগিল ॥২॥

মহারাজ ধৃতরাষ্ট্রকে পতিত দেখিয়া ভরতবংশীয় নারীরা আসিয়া সকল দিকে বেষ্টন করিলেন এবং হস্তদ্বারা তাঁহাকে স্পর্শ করিতে লাগিলেন ॥৩॥

এবং তাঁহারা বাষ্পরুদ্ধ কণ্ঠে রাজাকে ধীরে ধীরে ভূতল হইতে উঠাইয়া নিয়া আসনের উপরে রাখিলেন ॥৪॥

কিন্তু মূর্চ্ছাপন্ন রাজা আসনে যাইয়াও নিশ্চেষ্ট অবস্থাতেই রহিলেন; তখন সকল দিক্ হইতে তাঁহার অঙ্গে বায়ু সঞ্চালন করা হইতে লাগিল ॥৫॥

ক্রমে রাজা ধীরে ধীরে চৈতন্য লাভ করিয়া কাঁপিতে থাকিয়া পুনরায় সঞ্জয়ের নিকটে যথাযথ বৃত্তান্ত জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥৬॥

---

(৩) পতিতঞ্চৈনমাজ্ঞায়···পি, ··সমস্তা ভরতস্ত্রিয়ঃ···নি। (৪)···অশ্রুকণ্ঠ্যো বরাননাঃ—ব; নি।

বাসিতাসঙ্গমে যদ্বদজয্যং প্রতিযূথপৈঃ।
নিজঘান রণে বীরান্ বীরঃ পুরুষসত্তমঃ ॥৯॥ (বিশেষকম্)
যো হ্যেকো হি মহাবাহুর্নির্দ্দহেদ্‌ঘোরচক্ষুষা।
কৃৎস্নং দুর্য্যোধনবলং ধৃতিমান্ সত্যসঙ্গরঃ ॥১০॥
চক্ষুর্হণং জয়ে সক্তমিষ্বাসধরমচ্যুতম্।
দান্তং বহুমতং লোকে কে শূরাস্তমবারয়ন্ ॥১১॥ (যুগ্মকম্)
কে দুষ্প্রধর্ষং রাজানমিষ্বাসধরমচ্যুতম্।
সমাসেদুর্নরব্যাঘ্রং কৌন্তেয়ং তত্র মামকাঃ ॥১২॥

যুধিষ্ঠিরবিষয়ং পৃচ্ছতি ষড়্‌ভিঃ। য ইতি। যঃ স প্রসিদ্ধঃ অজাতশত্রুঃ, উদ্যন্ উদয়মান আদিত্য ইব, জ্যোতিষা আত্মতেজসা, তমোঽন্ধকারম্, প্রণুদন্ অপসারয়ন্ বর্ত্ততে, যশ্চ বীরঃ পুরুষসত্তমোঽজাতশত্রুঃ, রণে বীরান্ নিজঘান; বাসিতায়া ঋতুমত্যা হস্তিন্যাঃ সঙ্গমে সঙ্গম কালে, প্রতিযূথপৈঃ প্রতিপক্ষগজেন্দ্রৈঃ, অজয্যং জেতুমশক্যম্, প্রতিদ্বিরদগামিনং প্রতিকূল-হস্তিনং প্রতি গচ্ছন্তম্, তরস্বিনং বেগবন্তম্, ক্রুদ্ধম্, প্রভিন্নং মদস্রাবিণম্, মাতঙ্গং হস্তিনমিব, আযান্তমাগচ্ছন্তম্, প্রসন্নবদনং তম্ অজাতশত্রুং যুধিষ্ঠিরং দৃষ্ট্বা, অস্মৎপক্ষীয়ঃ কো বীরঃ দ্রোণাৎ দ্রোণসকাশাৎ অবারয়ৎ। যদ্বৎ তথেতি পুনরুক্তিরার্যত্বাৎ সোঢ়ব্যা ॥৭—৯॥

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষোক্ত্যা পুনরাহ ত্রিভিঃ। য ইতি। নির্দ্দহেৎ নির্দগ্ধুং শক্নুয়াৎ। ধৃতিমান্ ধৈর্য্যশালী, সত্যসঙ্গরো যথার্থপ্রতিজ্ঞঃ। চক্ষুর্ভ্যামেব হন্তীতি চক্ষুর্হা তম্, জয়ে সক্তং ব্যাপৃতম্, ইষ্বাসধরং ধনুর্দ্ধরম্, অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্, দান্তম্ ইন্দ্রিয়দমনকারিণম্, লোকে বহুমতং ধার্ম্মিকতয়া সম্মানিতম্, তমজাতশত্রুম্, কে শূরা অবারয়ন্ ॥১০—১১॥

ক ইতি। সমাসেদুঃ প্রতিজগ্মুঃ। কৌন্তেয়ং যুধিষ্ঠিরম্, মামকা বীরাঃ ॥১২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সেই যিনি, উদয়মান সূর্য্যের ন্যায় আপন তেজে অন্ধকার দূর করিয়া থাকেন এবং যে পুরুষশ্রেষ্ঠ বীর যুদ্ধে বিপক্ষ বীর-গণকে পূর্ব্বে নিহত করিয়াছিলেন; হস্তিনীসঙ্গমের সময়ে প্রতিপক্ষহস্তিগণের অজেয়, বিপক্ষ হস্তীর দিকে গমনকারী, বেগবান্, ক্রুদ্ধ ও মদস্রাবী মহাহস্তীর ন্যায় সেই যুধিষ্ঠিরকে প্রসন্নবদনে আসিতে দেখিয়া আমার পক্ষের কোন্ বীর তাঁহাকে দ্রোণের নিকট হইতে বারণ করিয়াছিলেন? ॥৭—৯॥

ধৈর্য্যশালী ও সত্যপ্রতিজ্ঞ যে মহাবাহু কেবল ভয়ঙ্কর দৃষ্টিদ্বারাই দুর্য্যো-ধনের সমস্ত সৈন্য দগ্ধ করিতে পারেন; দৃষ্টিদ্বারা বিনাশকারী, জয়ে ব্যাপৃত, ধনুর্দ্ধর, ধর্ম্মপথ হইতে অভ্রষ্ট, জিতেন্দ্রিয় এবং লোকসমাজে সম্মানিত সেই যুধিষ্ঠিরকে কাঁহারা বারণ করিয়াছিলেন? ॥১০—১১॥

---

(১০) যো হ্যেকো হি মহাবীর্য্যঃ…বা রা নি।

তরসৈবাভিপদ্যাথ যো বৈ দ্রোণমুপাদ্রবৎ।
তং ভীমসেনমায়ান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥১৩॥
যদায়াজ্জলদপ্রখ্যো রথঃ পরমবীর্য্যবান্।
পর্জন্য ইব বীভৎসুস্তুমুলামশনীমিব ॥১৪॥
বিসৃজন্ শরজালানি বর্ষাণি মঘবানিব।
অবস্ফূর্জন্ দিশঃ সর্বাস্তলনেমিস্বনেন চ ॥১৫॥
চাপবিদ্যুৎপ্রভো ঘোরো রথগুল্মবলাহকঃ।
সনেমিঘোষস্তনিতঃ শরশব্দাতিবন্ধুরঃ ॥১৬॥
রোষানিলসমুদ্ধূতো মনোঽভিপ্রায়শীঘ্রগঃ।
মর্ম্মাতিগো বাণধরস্তুমুলঃ শোণিতোদকঃ ॥১৭॥
সংপ্লাবয়ন্ দিশঃ সর্ব্বা মানবৈরাস্তরন্ মহীম্।
ভীমনিস্বনিতো রৌদ্রো দুর্য্যোধনপুরোগমান্ ॥১৮॥
যুদ্ধেঽভ্যষিঞ্চদ্বিজয়ো গার্দ্ধ্রপত্রৈঃ শিলাশিতৈঃ।
গাণ্ডীবং ধারয়ন্ ধীমান্ কীদৃশং বো মনস্তদা ॥১৯॥ (কুলকম্)

ভীমবিষয়ং পৃচ্ছত্যেকেন তরসেতি। তরসা বেগেনৈব, অভিপদ্য উপস্থায়। উপাদ্রবং অভ্যধাবৎ ॥১৩॥

অর্জ্জুনবিষয়ং প্রশ্নং পৃচ্ছতি ষড়্ভিঃ কুলকেন। যদেতি। জলদপ্রখ্যঃ সজলমেঘতুল্যশ্যামবর্ণঃ, রথঃ রথারোহী, পরমবীর্য্যবান্, বিজয়ঃ সর্বত্র বিজয়ী, ধীমান্ বুদ্ধিমাংশ্চ, বীভৎসুঃ অর্জ্জুনঃ, গাণ্ডীবং ধারয়ন্, বাণধরশ্চ সন্, পর্জ্জন্যো মেঘঃ বর্ষাণীব, মঘবান্ ইন্দ্রঃ তুমুলাম্ অশনীং বজ্রমিব চ, শরজালানি বিসৃজন্ নিক্ষিপন্, তলং হস্তাবাপঃ নেমযশ্চক্রপ্রান্তাশ্চ তাসাং

দুর্দ্দম, ধনুর্দ্ধর, বীরব্রত হইতে অভ্রষ্ট এবং নরশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠিরের প্রতিপক্ষে তখন আমার পক্ষের কোন্ কোন্ বীর গিয়াছিলেন? ॥১২॥

যিনি বেগে উপস্থিত হইয়াই দ্রোণের প্রতি ধাবিত হইয়াছিলেন, সেই ভীমসেন আসিতে লাগিলে, কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥১৩॥

সঞ্জয়! জলপূর্ণ মেঘের ন্যায় শ্যামবর্ণ, রথারোহী, অত্যন্তবলবান্, সর্ব্বত্র বিজয়ী, বুদ্ধিমান্ এবং যুদ্ধকালে ভীষণমূর্ত্তি ও ভীষণপ্রকৃতি অর্জ্জুন গাণ্ডীবধনু ও বাণ ধারণ করিয়া—মেঘ যেমন জলবর্ষণ করে এবং ইন্দ্র যেমন তুমুল বজ্রপাত

(১৩) পূর্বার্দ্ধাৎ পরম্ 'যঃ করোতি মহৎ কর্ম্ম শত্রূণাং বৈ মহাবলঃ। মহাকায়ো মহোৎসাহো নাগাযুতসমো বলে' ইতি পাদচতুষ্টয়মধিকম্ বা। ব। নি। (১৫)···অশনীং সৃজন্—নি। (১৭) রোষনিশ্মিতজীমূতঃ···পি, রোষনিজ্জিতজীমূতঃ··· বা। (১৮)··· ভীমনিষ্টনিতঃ···পি।

ইষুসংবাধমাকাশং কুর্বন্ কপিবরধ্বজঃ।
যদায়াৎ কথমাসীত্ত তদা পার্থং সমীক্ষতাম্ ॥২০॥
কচ্চিদ্গাণ্ডীবশব্দেন ন প্রাণশ্যত তদ্বলম্।
যুদ্ধং সুভৈরবং কুর্ব্বন্নর্জ্জুনো ভৃশমন্বয়াৎ ॥২১॥

স্বনেন শব্দেন চ, সর্বা দিশঃ, অবস্ফূর্জন্ নিনাদয়ন্; চাপং গাণ্ডীবং ধনুঃ স্বর্ণখচিতত্বাৎ বিদ্যুৎ-প্রভং যস্য সঃ, ঘোরো ভীষণমূর্ত্তিঃ, নেমিঘোষো রথচক্রপ্রান্তশব্দ এব স্তনিতং গর্জনং তেন সহেতি সঃ, শরশব্দৈর্বর্ষণশব্দরূপৈঃ অতিবন্ধুরো নিতান্তভীষণঃ, রোষ এবানিলো বায়ুস্তেন সমুদ্ধতঃ সঞ্চালিতঃ, রথগুল্মো রথিসৈন্য এব বলাহকঃ সহচরসাধারণমেঘো যস্য সঃ; মনস্তুল্যপ্রায়ো বৃত্তিরিব শীঘ্রগঃ; মর্ম্মাতিগঃ শরৈর্বিপক্ষমর্ম্মণামতিক্রমকারী বিদারীত্যর্থঃ, শোণিতানি বিপক্ষকধিরাণ্যেব উদকানি যস্য সঃ, সর্ব্বা দিশঃ, সংপ্লাবয়ন্ তেনৈব শোণিতোদকেন সংসিঞ্চন্, মানবৈর্নিহতমানবশরীরৈঃ, মহীং সমরভূমিম্, আস্তরন্ আবৃণ্বন্; ভীমং ভয়ঙ্কর নিস্বনিতং সিংহনাদ এব গর্জনং যস্য সঃ, রৌদ্রো যুদ্ধকালে উগ্রশ্চ সন্, যদা, অস্মান্ আগচ্ছন্, শিলাশিতৈঃ পাষাণঘর্ষণেন সুধারীকৃতৈঃ, গার্দ্ধ্রপত্রৈঃ শরৈঃ, যুদ্ধে, দুর্য্যোধনপুরোগমান্ কৌরব-বীরান্, অভ্যযিঞ্চচ্চ, তদা বো যুষ্মাকং মনঃ কীদৃশমাসীৎ ॥১৪—১৯॥

অথাষ্টভিরর্জ্জুনবিষয়মেব পৃচ্ছতি। ইষ্বিতি। যদা কপিবরধ্বজোঽর্জ্জুনঃ, আকাশম্, ইষুসংবাধং বাণব্যাপ্তং কুর্বন্ আযাৎ, তদা পার্থং তমর্জ্জুনম্, সমীক্ষতাং সমীক্ষমাণানাং পশ্যতাং যুষ্মাকম্, কথং কীদৃশমাসীন্মন ইতি শেষঃ ॥২০॥

করেন, সেইরূপ বাণবর্ষণ করিতে থাকিয়া যখন আসিতেছিলেন এবং হস্তাবাপ ও রথচক্রের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিতে থাকিয়া শিলাশাণিত বাণসমূহ-দ্বারা দুর্য্যোধনপ্রভৃতি কুরুবীরগণকে যখন তাড়ন করিতেছিলেন; তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? (কেন না, তখন তিনি একটা ভীষণ মেঘ-স্বরূপই হইয়াছিলেন;) কারণ, গাণ্ডীবধনু তখন বিদ্যুতের প্রভা ধারণ করিয়াছিল; সাধারণ মেঘের ন্যায় রথী সৈন্যেরা তাঁহার সঙ্গে চলিয়াছিল, গর্জ্জনের ন্যায় রথচক্রনির্ঘোষ হইতেছিল; বৃষ্টিশব্দের ন্যায় বাণশব্দে তিনি অতিভীষণ হইয়াছিলেন; ক্রোধবায়ু তাঁহাকে চালাইতেছিল, তাহাতে তিনি মনোবৃত্তির ন্যায় দ্রুত চলিতেছিলেন, বিপক্ষের মর্ম্মবিদারণ করিতেছিলেন, রক্তরূপ জলদ্বারা সকল দিক্ ভাসাইতেছিলেন এবং নিহত মানুষের শরীরদ্বারা সমরভূমিকে আবৃত করিতেছিলেন; আর ভয়ঙ্কর গর্জ্জনের ন্যায় তাঁহার সিংহনাদ হইতেছিল ॥১৪—১৯॥

অর্জ্জুন যখন আকাশটাকে বাণব্যাপ্ত করিতে করিতে আসিতেছিলেন, তখন তাঁহাকে দেখিয়া তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥২০॥

(২০)…কথমাসীন্মনস্তদা পার্থমবেক্ষ্য হ—পি। (২১)…ন প্রাণশ্যত বৈ বলম্। যুদ্ধং সভৈরবং কুর্ব্বন্—বা ব।

কচ্চিন্নাপানুদৎ প্রাণানিষুভির্বো ধনঞ্জয়ঃ।
বাতো বেগাদিবাবিধ্যন্ মেঘান্ শরগণৈর্নৃপান্ ॥২২॥
কো হি গাণ্ডীবধন্বানং রণে সোঢ়ুং নরোঽর্হতি।
যমুপশ্রুত্য সেনাগ্রে জনঃ সর্ব্বো বিদীর্য্যতে ॥২৩॥
যৎ সেনাঃ সমকম্পন্ত যদ্বীরানস্পৃশদ্ভয়ম্।
কো তত্র নাজহুর্দ্রোণং কে ক্ষুদ্রাঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥২৪॥
কে বা তত্র তনূস্ত্যক্ত্বা প্রতীপং মৃত্যুমাব্রজন্।
অমানুষাণাং জেতারং যুদ্ধেষ্বপি ধনঞ্জয়ম্ ॥২৫॥

কচ্চিদিতি। যদা অর্জ্জুনঃ সুভৈরবং যুদ্ধং কুর্বন্, ভৃশং দ্রুতম্, অশ্বৈঃ পশ্চাদগচ্ছৎ, তদা তৎ কৌরবং বলম্, গাণ্ডীবশব্দেন, ন প্রানশ্যত ন অদৃশ্যমভবৎ কচ্চিৎ ॥২১॥

কচ্চিদিতি। বাতো বায়ুঃ, বেগান্মেঘানিব, ধনঞ্জয়ঃ শরগণৈর্নৃপান আবিধ্যন সম্তাড়য়ন, ইষুভিঃ শরৈঃ, বো যুষ্মাকমপি প্রাণান্, নাপানুদৎ নাপাসারয়ৎ কচ্চিৎ ॥২২॥

ক ইতি। সেনাগ্রে তিষ্ঠন্নিতি শেষঃ। বিদীর্য্যতে বিভজ্যতে পলায়ত ইত্যর্থঃ ॥২৩॥

যদিতি। যৎ যদা। অজহুঃ অত্যজন্। প্রাদ্রবন্ দ্রোণং ত্যক্ত্বা পলায়ন্ত ॥২৪॥

ক ইতি। কে বা কৌরববীরাঃ, তত্র তদানীম্, তনূস্ত্যক্ত্বা দেহত্যাগোদ্যমং কৃত্বা, প্রতীপং প্রতিকূলং গচ্ছন্ত ইতি শেষঃ, যুদ্ধেষু অমানুষাণাং দেবাদীনামপি জেতারং ধনঞ্জয়ং তৎস্বরূপং মৃত্যুম্, আব্রজন্ প্রাপ্নুবন্ ॥২৫॥

অর্জ্জুন যখন অতিদারুণ যুদ্ধ করিতে করিতে মহাবেগে পশ্চাদ্ধাবিত হইয়াছিলেন, তখন তাহার গাণ্ডীবের শব্দে সেই কৌরবসৈন্য অদৃশ্য হইয়া যায় নাই ত? ॥২১॥

বায়ু যেমন বেগে মেঘগুলিকে তাড়াইয়া দেয়, সেইরূপ অর্জ্জুন বাণসমূহদ্বারা রাজগণকে তাড়াইয়া দিতে থাকিয়া তোমাদের প্রাণও সরাইয়া দেন নাই ত? ॥২২॥

কোন্ লোক যুদ্ধে অর্জ্জুনকে সহ্য করিতে পারে? যে অর্জ্জুনের আগমন শুনিয়া সৈন্যসম্মুখস্থ সকল লোকই পলায়ন করিয়া থাকে ॥২৩॥

যখন সৈন্যেরা কম্পিত হইতেছিল এবং বীরগণেরও ভয় উপস্থিত হইয়াছিল, তখন কোন্ বীরেরা দ্রোণকে পরিত্যাগ করেন নাই? কোন্ ক্ষুদ্র সৈন্যেরাই বা পলায়ন করিয়াছিল? ॥২৪॥

তখন কোন্ বীরেরাই বা দেহত্যাগের উদ্যম করিয়া প্রতিকূলে যাইতে থাকিয়া যুদ্ধে দেবপ্রভৃতিরও বিজেতা অর্জ্জুনরূপ মৃত্যুর কবলে গিয়াছিলেন? ॥২৫॥

(২২)...বাতো মেঘানিবাবিধ্যৎ প্রাবান্ শরবনানি চ—পি।

ন চ বেগং সিতাশ্বস্য সংসহিষ্যন্তি মামকাঃ।
গাণ্ডীবস্য চ নির্ঘোষং প্রাবৃড্‌জলদনিস্বনম্ ॥২৬॥
বিশ্বক্‌সেনো যস্য যন্তা যস্য যোদ্ধা ধনঞ্জয়ঃ।
অশক্যঃ সমরে জেতুং মন্যে দেবাসুরৈরপি ॥২৭॥
সুকুমারো যুবা শূরো দর্শনীয়শ্চ পাণ্ডবঃ।
মেধাবী নিপুণো ধীমান্ যুধি সত্যপরাক্রমঃ ॥২৮॥
আরাবং বিপুলং কুর্ব্বন্ ব্যথয়ন্ সর্ব্বসৈনিকান্।
যদায়ান্নকুলো দ্রোণং কে শূরাস্তমবারয়ন্ ॥২৯॥ (যুগ্মকম্)
আশীবিষ ইব ক্রুদ্ধঃ সহদেবো যদাভ্যয়াৎ।
শত্রূণাং কদনং কুর্ব্বন্ রণে জেতা সুদুর্জয়ঃ ॥৩০॥
আর্য্যব্রতমমোঘেষুং হ্রীমন্তমপরাজিতম্।
সহদেবং তমায়ান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥৩১॥ (যুগ্মকম্)

নেতি। সিতাশ্বস্য অর্জ্জুনস্য। প্রাবৃড্‌জলদনিস্বনং বর্ষামেঘগর্জনবদ্‌গম্ভীরম্ ॥২৬॥

বিশ্বগিতি। বিশ্বক্‌সেনঃ কৃষ্ণঃ, যন্তা সারথিঃ। অশক্যঃ স রথ ইতি শেষঃ ॥২৭॥

দ্বাভ্যাং যুগ্মকেন নকুলবিষয়ং পৃচ্ছতি সুকুমার ইতি। দর্শনীয়ঃ সুন্দরঃ। নিপুণঃ যুদ্ধে। আরাবং সিংহনাদম্। সর্ব্বসৈনিকান্ কৌরবীয়ান্। আয়াদাগচ্ছৎ ॥২৮—২৯॥

পূর্ব্ববদেব সহদেববিষয়ং জিজ্ঞাসতে আশীতি। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পঃ। কদনং নিপীড়নম্। আর্য্যব্রতং সজ্জনাচারম্, অমোঘেষুমব্যর্থবাণম্, হ্রীমন্তং লজ্জাবন্তম্ ॥৩০—৩১॥

আমার পক্ষের যোদ্ধারা অর্জ্জুনের বেগ এবং বর্ষাকালের মেঘগর্জ্জনের ন্যায় গম্ভীর গাণ্ডীবধনুর নির্ঘোষ সহ্য করিতে পারিবেন না ॥২৬॥

কৃষ্ণ যাহার সারথি এবং অর্জ্জুন যাহার যোদ্ধা, সেই রথখানাকে যুদ্ধে জয় করিতে বোধ হয় দেবাসুরেরাও পারেন না ॥২৭॥

কোমল, যুবক, বীর, সুন্দর, মেধাবী, যুদ্ধনিপুণ, বুদ্ধিমান্ এবং যুদ্ধে যথার্থ বিক্রমশালী নকুল, যখন বিশাল সিংহনাদ ও সমস্ত কৌরবসৈন্য পীড়ন করিতে করিতে দ্রোণের দিকে আসিতেছিলেন, তখন আমার পক্ষের কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥২৮—২৯॥

বিজয়ী ও অতিদুর্জ্জয় সহদেব যখন তীক্ষ্ণবিষ সর্পের ন্যায় ক্রুদ্ধ হইয়া যুদ্ধে শত্রুপক্ষকে পীড়ন করিতে থাকিয়া আসিতেছিলেন, তখন সেই সজ্জনাচার,

(২৬)··বিসহিষ্যন্তি মামকাঃ···বা নি,···সিতাশ্বস্য ক্ষমাঃ সোঢ়ুং নরাধিপাঃ···ব। (২৯)··কে শূরাঃ পর্য্যবারয়ন্ - পি বা রা নি। (৩০)···কষ্টং করিষ্যন্ শত্রূণাম্···পি, · কদনং করিষ্যন্ শত্রূণাম্ · বা রা নি।

যস্তু সৌবীররাজস্য প্রমথ্য মহতীং চমূম্।
আদত্ত মহিষীং ভোজাং কাম্যাং সর্ব্বাঙ্গশোভনাম্ ॥৩২॥
সত্যং ধৃতিশ্চ শৌর্য্যঞ্চ ব্রহ্মচর্য্যঞ্চ কেবলম্।
সর্ব্বাণি যুযুধানেঽস্মিন্ নিত্যানি পুরুষর্ষভে ॥৩৩॥ (যুগ্মকম্)
বলিনং সত্যকর্ম্মাণমদীনমপরাজিতম্।
বাসুদেবসমং যুদ্ধে বাসুদেবাদনন্তরম্ ॥৩৪॥
ধনঞ্জয়োপদেশেন শ্রেষ্ঠমিষ্বস্ত্রকর্ম্মণি।
পার্থেন সমমস্ত্রেষু কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৩৫॥
বৃষ্ণীনাং প্রবরং বীরং শূরং সর্ব্বধনুষ্মতাম্।
রামেণ সমমস্ত্রেষু যশসা বিক্রমেণ চ ॥৩৬॥ (বিশেষকম্)
সত্যং ধৃতির্ম্মতিঃ শৌর্য্যং ব্রাহ্মঞ্চাস্ত্রমনুত্তমম্।
সাত্বতে তানি সর্ব্বাণি ত্রৈলোক্যমিব কেশবে ॥৩৭॥

দ্বাভ্যাং যুগ্মকেন সাত্যকিং বর্ণয়তি যস্ত্বিতি। আদত্ত অগৃহ্লাৎ, মহিষীমাত্মনো মহিষী-রূপাম্, ভোজাং ভোজকন্যাম্, কাম্যাং লোভনীয়াম্। যুযুধানে সাত্যকৌ ॥৩২—৩৩॥

ত্রিভির্বিশেষকেণ সাত্যকিবিষয়ং পৃচ্ছতি বলিনমিতি। অদীনমকাতরম্। অনন্তরং কনিষ্ঠম্। ধনঞ্জয়োপদেশেন অর্জ্জুনদত্তশিক্ষয়া, ইষ্বস্ত্রকর্ম্মণি বাণযুদ্ধে। রামেণ জামদগ্ন্যেন ॥৩৪—৩৬॥

সত্যমিতি। ধৃতির্ধৈর্য্যম্, মতির্বুদ্ধিঃ। সাত্বতে সাত্বতবংশীয়ে সাত্যকৌ ॥৩৭॥

অব্যর্থবাণ, লজ্জাশীল ও অপরাজিত সহদেবকে কোন্ বীরেরা বারণ করিয়াছিলেন? ॥৩০—৩১॥

যিনি সৌবীররাজের বিশাল সৈন্যকে মর্দ্দন করিয়া সর্ব্বাঙ্গসুন্দরী ও লোভনীয়া ভোজকন্যাকে নিজের মহিষীরূপে গ্রহণ করিয়াছিলেন, সেই পুরুষশ্রেষ্ঠ সাত্যকির সত্য, ধৈর্য্য, শৌর্য্য এবং মুখ্য ব্রহ্মচর্য্য ইত্যাদি সমস্ত গুণ সর্বদাই রহিয়াছে ॥৩২—৩৩॥

বলবান্, সত্যকর্ম্মা, অকাতর, অপরাজিত, যুদ্ধে কৃষ্ণের তুল্য, কৃষ্ণের কনিষ্ঠ, অর্জ্জুনের শিক্ষায় বাণযুদ্ধে শ্রেষ্ঠ, অর্জ্জুনের তুল্য, বৃষ্ণিবংশের মধ্যে প্রধান বীর, সমস্ত ধনুর্দ্ধরের মধ্যেও শ্রেষ্ঠ বীর এবং অস্ত্র, যশ ও বিক্রমে পরশুরামের সমান সেই সাত্যকিকে দ্রোণের নিকট হইতে কে বারণ করিয়াছিল? ॥৩৪—৩৬॥

নারায়ণের উপরে যেমন ত্রিভুবন রহিয়াছে, সেইরূপ সাত্যকির উপরে সত্য, ধৈর্য্য, বুদ্ধি, বীরত্ব এবং সর্বোত্তম ব্রহ্মাস্ত্রপ্রভৃতি রহিয়াছে ॥৩৭॥

(৩৬)...শ্রেষ্ঠং সর্বধনুষ্মতাম্...ব।

তমেবং গুণসম্পন্নং দুর্ব্বারমপি দৈবতৈঃ।
সমাসাদ্য মহেষ্বাসং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥৩৮॥
পাঞ্চালেষূত্তমং বীরমুত্তমাভিজনপ্রিয়ম্।
নিত্যমুত্তমকর্ম্মাণমুত্তমৌজসমাহবে ॥৩৯॥
যুক্তং ধনঞ্জয়হিতে মমানর্থার্থমুত্থিতম্।
যমবৈশ্রবণাদিত্য-মহেন্দ্রবরুণোপমম্ ॥৪০॥
মহারথং সমাখ্যাতং দ্রোণায়োদ্যতমাহবে।
ত্যজন্তং তুমুলে প্রাণান্ কে শূরাঃ সমবারয়ন্ ॥৪১॥ (বিশেষকম্)
একোঽপসৃত্য চেদিভ্যঃ পাণ্ডবান্ যঃ সমাশ্রিতঃ।
ধৃষ্টকেতুং সমায়ান্তং দ্রোণং কস্তং ন্যবারয়ৎ ॥৪২॥
যোঽভ্যবর্ত্তৎ কেতুমান্ বীরো রাজপুত্রং দুরাসদম্।
অপরান্তগিরিদ্বারে দ্রোণাৎ কস্তং ন্যবারয়ৎ ॥৪৩॥

আবেগাৎ পুনরপি তমেব পৃচ্ছতি তমিতি। তং সাত্যকিম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥৩৮॥

ত্রিভির্বিশেষকেণোত্তমৌজসো বিষয়ং জিজ্ঞাসতে পাঞ্চালেম্বিতি। উত্তমস্য অভিজনস্য খ্যাতেবংশস্য ইতি যাবৎ প্রিয়ম্, "অভিজনঃ কুলে খ্যাতৌ জন্মভূম্যাং কুলধ্বজে" ইতি বিশ্বঃ। যুক্তং নিরতম্। উত্থিতমুদ্যতম্। বৈশ্রবণঃ কুবেরঃ। ত্যজন্তং ত্যক্তুমুদ্যচ্ছন্তম্ ॥৩৯—৪১॥

একেতি। এক এব উপসৃত্য আগত্য। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৪২॥

য ইতি। রাজপুত্রং তদ্দেশীয়ম্। অপরান্তগিরিদ্বারে হিমালয়াসন্নদেশে ॥৪৩॥

এইরূপ গুণসম্পন্ন এবং দেবগণেরও দুর্বারণীয় সেই মহাধনুর্দ্ধর সাত্যকিকে পাইয়া কোন্ বীরেরা বারণ করিয়াছিলেন? ॥৩৮॥

পাঞ্চালদেশের প্রধান বীর, নির্ম্মল যশের অভিলাষী, যুদ্ধে সর্ব্বদা উত্তম-কার্য্যকারী, অর্জ্জুনের হিতে নিরত, আমার অনর্থ ঘটাইতে উদ্যত এবং যম, কুবের, সূর্য্য, ইন্দ্র ও বরুণের তুল্য, মহারথ বলিয়া বিখ্যাত এবং তুমুল যুদ্ধে প্রাণত্যাগ করিতে উদ্যত উত্তমৌজা দ্রোণকে আক্রমণ করিতে উদ্‌যোগী হইলে, কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥৩৯—৪১॥

যিনি একাকী চেদিদেশ হইতে আসিয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছিলেন, সেই ধৃষ্টকেতু দ্রোণের দিকে আসিতে লাগিলে, কে তাঁহাকে বারণ করিয়াছিল? ॥৪২॥

(৪৩)··· কস্তমবারয়ৎ—পি ব। ব। ইতঃ পরম্ 'স্ত্রীপুংসয়োর্নরব্যাঘ্রো যঃ স বেদ গুণাগুণান্। শিখণ্ডিনং যাজ্ঞসেনিমম্লানমনসং যুধি ॥ দেবব্রতস্য সমরে হেতুং মৃত্যোর্মহাত্মনঃ। দ্রোণায়াভিমুখং যান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥" ইতি শ্লোকদ্বয়মধিকম্ ব নি।

যস্মিন্নভ্যধিকা বীরে গুণাঃ সর্বে ধনঞ্জয়াৎ।
যস্মিন্নস্ত্রাণি সত্যঞ্চ ব্রহ্মচর্য্যঞ্চ সর্বদা ॥৪৪॥
বাসুদেবসমং বীর্য্যে ধনঞ্জয়সমং বলে।
তেজসাদিত্যসদৃশং বৃহস্পতিসমং মতৌ ॥৪৫॥
অভিমন্যুং মহাত্মানং ব্যাত্তাননমিবান্তকম্।
দ্রোণায়াভিমুখং যান্তং কে শূরাঃ সমবারয়ন্ ॥৪৬॥ (বিশেষকম্)
তরুণস্তরুণপ্রজ্ঞঃ সৌভদ্রঃ পরবীরহা।
যদাভ্যধাবদ্বৈ দ্রোণং তদাসীদ্বো মনঃ কথম্ ॥৪৭॥
দ্রৌপদেয়া নরব্যাঘ্রাঃ সমুদ্রমিব সিন্ধবঃ।
যে দ্রোণমাদ্রবন্ সংখ্যে কে শূরাস্তানবারয়ন্ ॥৪৮॥
যে তে দ্বাদশ বর্ষাণি ক্রীড়ামুৎসৃজ্য বালকাঃ।
অস্ত্রার্থমবসন্ ভীষ্মে বিভ্রতো ব্রতমুত্তমম্ ॥৪৯॥

অভিমন্যুবিষয়ং পৃচ্ছতি ত্রিভির্বিশেষকেণ। যস্মিন্নিতি। ব্রহ্মচর্য্যং পদ্মাদৌ স্ত্রীবর্জন-রূপম্। মতৌ বুদ্ধৌ। ব্যাত্তাননং প্রকটিতমুখম্ ॥৪৪—৪৬॥

তরুণ ইতি। তরুণপ্রজ্ঞো নবীনবুদ্ধিঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ। কথং কীদৃশম্ ॥৪৭॥

দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। সিন্ধবো নদ্যঃ। আদ্রবন্ অভ্যধাবন্ ॥৪৮॥

যে বীর হিমালয়সন্নিহিত প্রদেশে তদ্দেশীয় দুর্দ্ধর্ষ রাজপুত্রকে বধ করিয়াছিলেন, সেই কেতুমানকে দ্রোণের নিকট হইতে কে অপসারিত করিয়াছিল? ॥৪৩॥

যে বীরে অর্জ্জন অপেক্ষাও অধিক গুণ সকল রহিয়াছে, যাহাতে সর্বদা অস্ত্র, সত্য ও ব্রহ্মচর্য্য আছে এবং যিনি শক্তিতে কৃষ্ণের তুল্য, বলে অর্জ্জনের সমান, তেজে সূর্য্যের সদৃশ, আর বুদ্ধিতে বৃহস্পতির সমকক্ষ, সেই মহাত্মা অভিমন্যু প্রকটিতবদন যমের ন্যায় দ্রোণের নিকটে যাইতে লাগিলে, কোন্ বীরেরা তাহাকে বারণ করিয়াছিলেন? ॥৪৪–৪৬॥

যুবক, নবীনবুদ্ধি ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু যখন দ্রোণের প্রতি ধাবিত হইয়াছিলেন, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥৪৭॥

নদীসমূহ যেমন সমুদ্রের দিকে ধাবিত হয়, সেইরূপ নরশ্রেষ্ঠ যে দ্রৌপদীর পুত্রেরা দ্রোণের দিকে ধাবিত হইয়াছিলেন; তাঁহাদিগকে কোন্ বীরেরা বারণ করিয়াছিলেন? ॥৪৮॥

---

(৪৮) ··যদ্দ্রোণমাদ্রবন্···বা ব রা নি। (৪৯) এতে দ্বাদশ বর্ষাণি···নি।

ক্ষত্রঞ্জয়ঃ ক্ষত্রদেবঃ ক্ষত্রধর্ম্মা চ মানদঃ ।
ধৃষ্টদ্যুম্নাত্মজা বীরাঃ কে তান্ দ্রোণাদবারয়ন্ ॥৫০॥ (যুগ্মকম্)
শতাদ্বিশিষ্টং যং যুদ্ধে সমমন্যন্ত বৃষ্ণয়ঃ ।
চেকিতানং মহেষ্বাসং কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৫১॥
বার্দ্ধক্ষেমিঃ কলিঙ্গানাং যঃ কন্যামাহরদ্যুধি ।
অনাধৃষ্টিরদীনাত্মা কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৫২॥
ভ্রাতরঃ পঞ্চ কৈকেয়া ধার্ম্মিকাঃ সত্যবিক্রমাঃ ।
ইন্দ্রগোপকসঙ্কাশা রক্তবর্ম্মায়ুধধ্বজাঃ ॥৫৩॥
মাতৃষ্বস্রুঃ সুতা বীরাঃ পাণ্ডবানাং জয়ার্থিনঃ ।
তান্ দ্রোণং হন্তুমায়াতান্ কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥৫৪॥ (যুগ্মকম্)
যং যোধয়ন্তো রাজানো নাজয়ন্ বারণাবতে ।
ষণ্মাসানপি সংরব্ধা জিঘাংসন্তো যুধাং পতিম্ ॥৫৫॥

য ইতি । ক্রীড়া বালখেলাম্ । ব্রতং ব্রহ্মচর্য্যম্ । ক্ষত্রঞ্জয়াদিনামানশ্চত্বারঃ ॥৪৯—৫০॥
শতাদিতি । শতাৎ বীরাণামিতি শেষঃ, বিশিষ্টমধিকম্ । মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥৫১॥
বার্দ্ধেতি । বার্দ্ধক্ষেমির্বৃদ্ধক্ষেমপুত্রঃ । অনাধৃষ্টির্নাম অদীনাত্মা অকাতরচিত্তঃ ॥৫২॥
ভ্রাতর ইতি । ইন্দ্রগোপকসঙ্কাশা ইন্দ্রগোপকীটতুল্যরক্তবর্ণাঃ । কে মামকাঃ ॥৫৩—৫৪॥

ক্ষত্রঞ্জয়, ক্ষত্রদেব, ক্ষত্রধর্ম্মা ও মানদনামক ধৃষ্টদ্যুম্নের সেই যে চারিটী বালক পুত্র বাল্যখেলা পরিত্যাগ করিয়া আসিয়া কঠিন ব্রহ্মচর্য্যব্রত ধারণপূর্ব্বক অস্ত্রশিক্ষার জন্য ভীষ্মের নিকট বাস করিয়াছিল, সেই বীরগণকে দ্রোণের নিকট হইতে কাহারা বারণ করিল ? ॥৪৯—৫০॥

বৃষ্ণিবংশীয়েরা যাহাকে যুদ্ধে একশত বীর অপেক্ষাও অধিক বলিয়া মনে করিতেন, সেই মহাধনুর্দ্ধর চেকিতানকে কোন্ বীর দ্রোণের নিকট হইতে বারণ করিলেন ? ॥৫১॥

বৃদ্ধক্ষেমের পুত্র অকাতরচিত্ত যে অনাধৃষ্টি কলিঙ্গযোদ্ধাদের যুদ্ধে কন্যা অপহরণ করিয়াছিলেন, তাঁহাকে কোন্ ব্যক্তি দ্রোণের নিকট হইতে অপসারিত করিল ? ॥৫২॥

ইন্দ্রগোপের (মকমলা পোকার) ন্যায় রক্তবর্ণ এবং রক্তবর্ণ বর্ম্ম, অস্ত্র ও ধ্বজধারী, যথার্থবিক্রমশালী, ধার্ম্মিক, পাণ্ডবগণের মাতৃষ্বস্রপুত্র (মাস্‌তুত ভাই), জয়ার্থী ও বীর কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা যখন দ্রোণকে বধ করিবার জন্য আসিতেছিলেন, তখন কোন্ বীরেরা তাঁহাদিগকে বারণ করিয়াছিলেন ? ॥৫৩—৫৪॥

ধনুষ্মতাং বরং শূরং সত্যসন্ধং মহাবলম্।
দ্রোণাৎ কস্তং নরব্যাঘ্রং যুযুৎসুং পর্য্যবারয়ৎ ॥৫৬॥ (যুগ্মকম্)
যঃ পুত্রং কাশিরাজস্য বারাণস্যাং মহারথম্।
সমরে স্ত্রীষু গৃধ্যন্তং ভল্লেনাপাহরদ্রথাৎ ॥৫৭॥
ধৃষ্টদ্যুম্নং মহেষ্বাসং পার্থানাং মন্ত্রধারিণম্।
যুক্তং দুর্য্যোধনানর্থে সৃষ্টং দ্রোণবধায় চ ॥৫৮॥
নির্দ্দহন্তং রণে যোধান্ দারয়ন্তঞ্চ সর্ব্বতঃ।
দ্রোণাভিমুখমায়ান্তং কে শূরাঃ পর্য্যবারয়ন্ ॥৫৯॥ (বিশেষকম্)
উৎসঙ্গ ইব সংবৃদ্ধং দ্রুপদস্যাস্ত্রবিত্তমম্।
শিখণ্ডিনং শস্ত্রগুপ্তং কে বা দ্রোণাদবারয়ন্ ॥৬০॥
য ইমাং পৃথিবীং কৃৎস্নাং চর্ম্মবৎ সমবেষ্টয়ৎ।
মহতা রথঘোষেণ মুখ্যারিঘ্নো মহারথঃ ॥৬১॥

ধনিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্ ॥৫৫—৫৬॥
য ইতি। গৃধ্যন্তমাকাঙ্ক্ষন্তম্, অপাহরৎ ন্যপাতয়ৎ। মন্ত্রধারিণং মন্ত্রণাদাতারম্। যুক্তং ব্যাপৃতম্, অনর্থে অনর্থঘটনায়াম্। দারয়ন্তং কৌরববাহিনীম্ ॥৫৭—৫৯॥
উদিতি। উৎসঙ্গে ক্রোড়ে। স্বৈরেব শস্ত্রৈর্গুপ্তং রক্ষিতম্ ॥৬০॥

ক্রুদ্ধ ও জিঘাংসু রাজারা বারণাবতনগরে ছয় মাস পর্য্যন্ত যুদ্ধ করিয়াও যাঁহাকে জয় করিতে পারেন নাই; যুদ্ধপরিচালক, ধনুর্দ্ধরশ্রেষ্ঠ, বীর, সত্যপ্রতিজ্ঞ, মহাবল মনুষ্যপ্রধান সেই যুযুৎসুকে দ্রোণের নিকট হইতে কে বারণ করিয়াছিল? ॥৫৫—৫৬॥

যিনি কাশীনগরে স্ত্রীকামী ও মহারথ কাশীরাজপুত্রকে যুদ্ধে ভল্লদ্বারা রথ হইতে নিপাতিত করিয়াছিলেন; যিনি পাণ্ডবগণের মন্ত্রণাদাতা, দুর্য্যোধনের অনর্থঘটনায় ব্যাপৃত এবং দ্রোণবধের জন্য উৎপাদিত; আর যিনি যুদ্ধে সৈন্যগণের বিনাশ ও সকল দিকে বিদারণ করিয়া থাকেন; সেই মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন দ্রোণের অভিমুখে আসিতে লাগিলে, কোন্ বীরেরা তাঁহাকে বারণ করিয়াছিলেন? ॥৫৭—৫৯॥

যিনি দ্রুপদরাজার ক্রোড়েই যেন বৃদ্ধি পাইয়াছিলেন এবং যিনি অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও আপন অস্ত্রদ্বারাই রক্ষিত, সেই শিখণ্ডীকে দ্রোণের নিকট হইতে কাঁহারা বারণ করিয়াছিলেন? ॥৬০॥

(৬০)...শৈখণ্ডিনং শস্ত্রগুপ্তং কে চ...নি।

দশাশ্বমেধানাজহ্রে স্বন্নপানাপ্তদক্ষিণান্ ।
নিরর্গলান্ সর্বমেধান্ পুত্রবৎ পালয়ন্ প্রজাঃ ॥৬২॥
গঙ্গাস্রোতসি যাবত্যঃ সিকতা অপ্যশেষতঃ ।
তাবতীর্গা দদৌ বীর উশীনরসুতোঽধ্বরে ॥৬৩॥ (বিশেষকম্)
ন পূর্বে নাপরে চক্রুরিদং কেচন মানবাঃ ।
ইতীদং চক্রুশুর্দেবাঃ কৃতে কর্ম্মণি দুষ্করে ॥৬৪॥
পশ্যামস্ত্রিষু লোকেষু ন তং সংস্থাস্নুচারিষু ।
জাতঞ্চাপি জনিষ্যন্তং দ্বিতীয়ঞ্চাপি সাম্প্রতম্ ॥৬৫॥
অন্যমৌশীনরাচ্ছৈব্যাদ্ধুরো বোঢ়ারমিত্যুত ।
গতিং যস্য ন যাস্যন্তি মানুষা লোকবাসিনঃ ॥৬৬॥ (যুগ্মকম্)

য ইতি। চর্ম্মবৎ চর্ম্মণেব। মুখ্যারিঘ্নঃ প্রধানশত্রুহন্তা। আজহ্রে অনুষ্ঠিতবান্। শোভনানি অন্নপানানি আপ্তাঃ প্রচুরাঃ দক্ষিণাশ্চ যেষু তান্। নিরর্গলান্ নির্বাধান্, সর্বমেধান্ নরমেধাদীনপি যজ্ঞানাজহ্রে ইতি সম্বন্ধঃ। সিকতা বালুকাঃ, অশেষতঃ সাকল্যেন ॥৬১—৬৩॥

নেতি। পূর্বে ন চক্রুঃ, অপরে ন করিষ্যন্তীতি শেষঃ। চক্রুশুঃ উচ্চৈরূচুঃ ॥৬৪॥

পশ্যাম ইতি। সংস্থাস্নবঃ স্থাবরাঃ চারিণো জঙ্গমাশ্চ তেষু তাদৃশেষু ত্রিষু লোকেষু, জাতং পূর্ব্বমুৎপন্নম্, জনিষ্যন্তমুৎপৎস্যমানম্, সাম্প্রতং বর্ত্তমানকালেঽপি চ, ঔশীনরাদুশীনরপুত্রাৎ শৈব্যাদন্যম্, তং তাদৃশম্, ধুরো ভূভারস্য, দ্বিতীয়ং বোঢ়ারং বহনকর্ত্তারম্, বয়ং ন পশ্যামঃ, গম্যত ইতি গতিস্তাং স্বর্গীয়স্থানমিত্যর্থঃ। সংস্থাস্নু ইতি সংপূর্বকস্থাধাতোঃ "গ্লাম্রাস্থাপরিমৃজ্যঃ স্নুঃ" ইতি স্নুপ্রত্যয়ে রূপম্ ॥৬৫—৬৬॥

প্রধানশত্রুহন্তা ও মহারথ যে বীর চর্ম্মতুল্য বিশাল রথশব্দদ্বারা এই সমগ্র পৃথিবীটাকে পরিবেষ্টন করিয়াছিলেন এবং যিনি প্রজাগণকে পুত্রের ন্যায় পালন করিতে থাকিয়া উত্তম খাদ্য, পেয় ও প্রচুর দক্ষিণাযুক্ত দশটা অশ্বমেধযজ্ঞ এবং অবাধে নরমেধাদি অন্যপ্রকার সমস্ত যজ্ঞ করিয়াছিলেন; সেই উশীনরপুত্র বীর শৈব্য নিজের সেই সকল যজ্ঞে—গঙ্গাস্রোতে সাকল্যে যত বালি থাকে, তত গরু দান করিয়াছিলেন ॥৬১—৬৩॥

তিনি সেই সকল দুষ্কর কার্য্য করিলেপর দেবতারা এইরূপ ঘোষণা করিয়াছিলেন যে, 'পূর্ব্ববর্ত্তী কোন মানব এরূপ কার্য্য করেন নাই, ভবিষ্যতেও করিবেন না ॥৬৪॥

আর, স্থাবর-জঙ্গমাত্মক এই ত্রিভুবনে এক উশীনরনন্দন শৈব্য ভিন্ন ঐরূপ

(৬২) ইতঃ পরম্ 'বিসৃষ্টা দক্ষিণা যস্য গঙ্গাজলমবারয়ৎ' ইত্যর্দ্ধমধিকং নি। (৬৪) ইতি যং চুক্রুশুর্দেবাঃ ..পি।

তস্য নপ্তারমায়ান্তং শৈব্যং কঃ সমবারয়ৎ।
দ্রোণায়াভিমুখং যত্তং ব্যাত্তাননমিবান্তকম্ ॥৬৭॥
বিরাটস্য রথানীকং মৎস্যস্যামিত্রঘাতিনঃ।
প্রেপ্সন্তং সমরে দ্রোণং কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥৬৮॥
সদ্যো বৃকোদরাজ্জাতো মহাবলপরাক্রমঃ।
মায়াবী রাক্ষসো বীরো যস্মান্মম মহদ্ভয়ম্ ॥৬৯॥
পার্থানাং জয়কামং তং পুত্রাণাং মম কণ্টকম্।
ঘটোৎকচং মহাত্মানং কস্তং দ্রোণাদবারয়ৎ ॥৭০॥ (যুগ্মকম্)
এতে চান্যে চ বহবো যেষামর্থায় সঞ্জয়!।
ত্যক্তারঃ সংযুগে প্রাণান্ কিং তেষামজিতং যুধি ॥৭১॥

তস্যেতি। নপ্তারং পৌত্রম্। যত্তং জয়ায় যত্নবন্তম্, ব্যাত্তাননং বিবৃতবদনম্ ॥৬৭॥
বিরাটস্যেতি। রথানীকং রথিসৈন্যম্। প্রেপ্সন্তং প্রাপ্তুমিচ্ছন্তম্ ॥৬৮॥
সদ্য ইতি। সদ্য এব মহাবলপরাক্রমোঽভবৎ। মহাত্মানং মহাশক্তিম্ ॥৬৯-৭০॥
এতে ইতি। যেষাং পাণ্ডবানাম্, অর্থায় প্রয়োজনসাধনায় ॥৭১॥

অন্য কোন রাজাকে আমরা পূর্ব্বে জন্মিতে দেখি নাই, জন্মিতে দেখিব না এবং বর্তমানেও দ্বিতীয় দেখিতেছি না। (মোট কথা—) মর্ত্ত্যবাসী মানবেরা যাঁহার সমস্থানে গমন করিতে পারিবে না' ॥৬৫—৬৬॥

তাঁহার পৌত্র শৈব্য জয়ে যত্নবান্ হইয়া বিবৃতবদন যমের ন্যায় দ্রোণের অভিমুখে আসিতে লাগিলে, কে তাঁহাকে বারণ করিয়াছিল? ॥৬৭॥

শত্রুহন্তা মৎস্যরাজ বিরাটের রথিসৈন্য যুদ্ধে দ্রোণের দিকে ধাবিত হইলে, কোন্ বীরেরা তাহাদিগকে বারণ করিয়াছিলেন? ॥৬৮॥

যে রাক্ষস, ভীমসেন হইতে জন্ম গ্রহণ করিয়া সদ্যই মহাবল ও মহাপরাক্রম হইয়াছিল এবং পরে মায়াবী ও বীর হইয়াছে; আর যাহা হইতে আমার গুরুতর ভয় রহিয়াছে; পাণ্ডবগণের জয়াভিলাষী এবং আমার পুত্রগণের কণ্টকস্বরূপ সেই মহাশক্তি ঘটোৎকচকে দ্রোণের নিকট হইতে কে বারণ করিয়াছিল? ॥৬৯—৭০॥

সঞ্জয়! এই সকল বীর এবং অন্যও বহুতর বীর যাঁহাদের জন্য যুদ্ধে প্রাণপর্য্যন্ত পরিত্যাগ করিতে প্রস্তুত, সেই পাণ্ডবগণের যুদ্ধে কি অবিজিত থাকিতে পারে? ॥৭১॥

(৬৭) দ্রোণায়াভিমুখং যান্তম্···পি বা। রা।

যেষাঞ্চ পুরুষব্যাঘ্রঃ শাঙ্গর্ধন্বা ব্যপাশ্রয়ঃ।
হিতার্থী চাপি পার্থানাং কথং তেষাং পরাজয়ঃ ॥৭২॥
লোকানাং গুরুরত্যর্থং লোকনাথঃ সনাতনঃ।
নারায়ণো রণে নাথো দিব্যো দিব্যাত্মবান্ প্রভুঃ ॥৭৩॥
যস্য দিব্যানি কর্ম্মাণি প্রবদন্তি মনীষিণঃ।
তান্যহং কীর্ত্তয়িষ্যামি ভক্ত্যা স্থৈর্য্যার্থমাত্মনঃ ॥৭৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রবাক্যে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥ *

———:*:———

নবমোঽধ্যায়ঃ।

———০:::০———

ধৃতরাষ্ট্র উবাচ।

শৃণু দিব্যানি কর্ম্মাণি বাসুদেবস্য সঞ্জয়!।
কৃতবান্ যানি গোবিন্দো যথা নান্যঃ পুমান্ ক্বচিৎ ॥১॥

যেষামিতি। শাঙ্গর্ধন্বা কৃষ্ণঃ, ব্যপাশ্রয়ো বিশেষেণাবলম্বনম্ ॥৭২॥
লোকানামিতি। নাথঃ পাণ্ডবানাং রক্ষকো জাতঃ, দিব্যাত্মবান্ অলৌকিকস্বভাবঃ ॥৭৩॥
যস্যেতি। দিব্যানি অলৌকিকানি। স্থৈর্য্যার্থং স্থৈর্য্যসম্পাদনার্থম্ ॥৭৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

আর, পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ যাঁহাদের বিশেষ অবলম্বন এবং হিতার্থী, সেই পাণ্ডবগণের কি করিয়া পরাজয় হইতে পারে? ॥৭২॥

বিশেষতঃ ত্রিভুবনের প্রধান গুরু, ত্রিভুবনের রক্ষক, সনাতন, অলৌকিক, অলৌকিকস্বভাব এবং জগতের অধীশ্বর স্বয়ং নারায়ণ যুদ্ধে পাণ্ডবগণের রক্ষক হইয়াছেন ॥৭৩॥

সঞ্জয়! জ্ঞানীরা যাঁহার অলৌকিক কর্ম্মসমূহের কথা বলিয়া থাকেন, আমি ভক্তিবশতঃ নিজের স্থৈর্য্যসম্পাদনের জন্য তাঁহার সেই কর্ম্মসমূহের বিষয় তোমার নিকট বলিব ॥৭৪॥

(৭৩) ··দিব্যাত্মকঃ প্রভুঃ—নি। (৭৪)···স্থৈর্য্যার্থমাত্মনঃ—ব। * '· নবমোঽধ্যায়ঃ' ব, '·· দশমোঽধ্যায়ঃ' বা রা নি।

সংবর্দ্ধতা গোপকুলে বালেনৈব মহাত্মনা ।
বিখ্যাপিতং বলং বাহ্বোস্ত্রিষু লোকেষু সঞ্জয় ! ॥২॥
উচ্চৈঃশ্রবস্তুল্যবলং বায়ুবেগসমং জবে ।
জঘান হয়রাজং তং যমুনাতীরবাসিনম্ ॥৩॥
দানবং ঘোরকর্ম্মাণং গবাং মৃত্যুমিবোত্থিতম্ ।
বৃষরূপধরং বাল্যে ভুজাভ্যাং নিজঘান হ ॥৪॥
প্রলম্বং নরকং জম্ভং পীঠঞ্চাপি মহাসুরম্ ।
মুরঞ্চান্তকসঙ্কাশমবধীৎ পুষ্করেক্ষণঃ ॥৫॥
তথা কংসো মহাতেজা জরাসন্ধেন পালিতঃ ।
বিক্রমেণৈব কৃষ্ণেন সগণঃ পাতিতো রণে ॥৬॥

শৃণ্বিতি । দিব্যানি অলৌকিকানি । অন্যঃ পুমান্ নাকরোদিতি শেষঃ ॥১॥
সমিতি । সংবর্দ্ধতা সংবর্দ্ধমানেন । বিখ্যাপিতং বিশেষেণ প্রকাশিতম্ ॥২॥
বিখ্যাপনকারণমাহ শ্লোকজাতেন উচ্চৈরিতি । জবে বেগে । হয়রাজমশ্বশ্রেষ্ঠম্ ॥৩॥
দানবমিতি । উত্থিতমুপস্থিতম্ । নিজঘান গোবিন্দ ইতি প্রকরণাৎ ॥৪॥
প্রলম্বমিতি । অন্তকসঙ্কাশং যমতুল্যম্, পুষ্করেক্ষণঃ পদ্মনয়নঃ কৃষ্ণঃ ॥৫॥
তথেতি । বিক্রমেণৈব অস্ত্রং বিনা, সগণঃ চাণূরাদ্যনুচরসহিতঃ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! অন্য লোক কখনও যাহা করিতে পারে নাই, সেইরূপ যে সকল কর্ম্ম কৃষ্ণ করিয়াছেন, সেই অলৌকিক কর্ম্মগুলি তুমি শ্রবণ কর ॥১॥

সঞ্জয় ! মহাত্মা কৃষ্ণ গোপকুলে বৃদ্ধি পাইতে থাকিয়া বালক অবস্থাতেই ত্রিভুবনে আপন বাহুবল প্রকাশ করিয়াছিলেন ॥২॥

উচ্চৈঃশ্রবার সমানবলশালী এবং বেগে বায়ুর তুল্য যমুনাতীরবাসী সেই অশ্বশ্রেষ্ঠকে কৃষ্ণ বধ করিয়াছিলেন ॥৩॥

কৃষ্ণ বাল্যকালে কেবল বাহুযুগলদ্বারা গোসমূহের মৃত্যুর ন্যায় উপস্থিত, উগ্রকর্ম্মা ও বৃষরূপধারী দানবকে নিহত করিয়াছিলেন ॥৪॥

পদ্মপলাশনয়ন কৃষ্ণ—মহাসুর প্রলম্ব, নরক, জম্ভ ও পীঠকে এবং যমের তুল্য মুরকে সংহার করিয়াছিলেন ॥৫॥

(৩) (৪) শ্লোকয়োঃ স্থানে—'পূতনাং শকটং হত্বা কেশিনঞ্চৈব বাজিনম্ । ঋষভং ধেনুকঞ্চৈব অরিষ্টঞ্চ মহাবলম্ ॥ দাবাগ্নিঞ্চ মহাবাহুর্ধৃত্বা গোবর্দ্ধনং গিরিম্ । চাণূরং মুষ্টিকঞ্চৈব রঙ্গমধ্যেঽনিহত্য চ ॥' ইতি শ্লোকৌ পঠিতৌ নি । (৫) মুরঞ্চামরসঙ্কাশম্...পি ব ।

সুনামা রণবিক্রান্তঃ সমগ্রাক্ষৌহিণীপতিঃ।
ভোজরাজস্য মধ্যস্থো ভ্রাতা কংসস্য বীর্য্যবান্ ॥৭॥
বলদেবদ্বিতীয়েন কৃষ্ণেনামিত্রঘাতিনা।
তরস্বী সমরে দগ্ধঃ সসৈন্যঃ শূরসেনরাট্ ॥৮॥ (যুগ্মকম্)
দুর্ব্বাসা নাম বিপ্রর্ষিস্তথা পরমকোপনঃ।
আরাধিতঃ সদারেণ স চাস্মৈ প্রদদৌ বরান্ ॥৯॥
তথা গান্ধাররাজস্য সুতাং বীরঃ স্বয়ংবরে।
নির্জিত্য পৃথিবীপালানাবহৎ পুষ্করেক্ষণঃ ॥১০॥
অমৃষ্যমাণা রাজানো যস্য জাত্যা হয়া ইব।
রথে বৈবাহিকে যুক্তাঃ প্রতোদেন কৃতব্রণাঃ ॥১১॥
জরাসন্ধং মহাবাহুমুপায়েন জনার্দ্দনঃ।
পরেণ ঘাতয়ামাস সমগ্রাক্ষৌহিণীপতিম্ ॥১২॥

সুনামেতি। সুনামা নাম। মধ্যস্থো মধ্যমঃ। তরস্বী বেগবান্ ॥৭—৮॥
দুর্ব্বাসা ইতি। দারৈঃ পত্ন্যা সহেতি সদারস্তেন কৃষ্ণেন, অস্মৈ কৃষ্ণায় ॥৯॥
তথেতি। আবহৎ পরিণীতবান্, পুষ্করেক্ষণঃ পদ্মনয়নঃ কৃষ্ণঃ ॥১০॥
অমৃষ্যেতি। অমৃষ্যমাণা অসহমানাঃ। জাত্যাঃ সদ্বংশ্যাঃ। যুক্তা লগ্নাঃ ॥১১॥
জরেতি। উপায়েন কৌশলেন। পরেণ ভীমসেনেন ॥১২॥

এবং কৃষ্ণ বিনা অস্ত্রে কেবল বিক্রমদ্বারাই জরাসন্ধকর্তৃক রক্ষিত অনুচর-সমন্বিত কংসকে যুদ্ধে নিপাতিত করিয়াছিলেন ॥৬॥

শক্রহন্তা কৃষ্ণ বলরামের সহিত যাইয়া যুদ্ধে বিক্রমশালী, বলবান্, বেগবান্, সমগ্র অক্ষৌহিণীর নায়ক, সৈন্যসমন্বিত, ভোজরাজ কংসের মধ্যম ভ্রাতা ও শূরসেনদেশের রাজা সুনামাকে যুদ্ধে দগ্ধ করিয়াছিলেন ॥৭—৮॥

কৃষ্ণ পত্নীর সহিত মিলিত হইয়া অত্যন্ত কোপনস্বভাব ব্রহ্মর্ষি দুর্বাসার আরাধনা করেন; তাহাতে দুর্বাসা সন্তুষ্ট হইয়া উঁহাকে নানাবিধ বর দান করিয়াছিলেন ॥৯॥

বীর ও পদ্মনয়ন কৃষ্ণ স্বয়ংবরে রাজগণকে জয় করিয়া গান্ধাররাজকন্যাকে আনয়নপূর্ব্বক বিবাহ করিয়াছিলেন ॥১০॥

তখন রাজারা সহ্য করিতে না পারিয়া সদ্বংশজাত অশ্বগণের ন্যায় সেই বৈবাহিক রথে সংলগ্ন হইয়া যাঁহার কশাঘাতে ক্ষত-বিক্ষত হইয়াছিলেন ॥১১॥

(১০)·· আহরৎ পুষ্করেক্ষণঃ – পি।

চেদিরাজঞ্চ বিক্রান্তং রাজসেনাপতিং বলী।
অর্ঘে বিবদমানন্তু জঘান পশুবত্তদা ॥১৩॥
সৌভং দৈত্যপুরং খস্থং শাল্বগুপ্তং দুরাসদম্।
সমুদ্রকুক্ষৌ বিক্রম্য পাতয়ামাস মাধবঃ ॥১৪॥
অঙ্গান্ বঙ্গান্ কলিঙ্গাংশ্চ মাগধান্ কাশিকোশলান্।
বাৎস্যগার্গ্যকরূষাংশ্চ পৌণ্ড্রাংশ্চাপ্যজয়দ্রণে ॥১৫॥
আবন্ত্যান্ দাক্ষিণাত্যাংশ্চ পার্বতীয়ান্ কুশেরকান্।
কাশ্মীরকানৌরসিকান্ পিশাচাংশ্চ সমুদ্গলান্ ॥১৬॥
কাম্বোজান্ বাটধানাংশ্চ চোলান্ পাণ্ড্যাংশ্চ সঞ্জয়!।
ত্রিগর্ত্তান্ মালবাংশ্চৈব দরদাংশ্চ সুদুর্জয়ান্ ॥১৭॥
নানাদিগ্ভ্যশ্চ সংপ্রাপ্তান্ খশাংশ্চৈব শকাংস্তথা।
জিতবান্ পুণ্ডরীকাক্ষো যবনঞ্চ সহানুগম্ ॥১৮॥ (বিশেষকম্)

চেদীতি। চেদিরাজং শিশুপালম্। অর্ঘে রাজসূয়ার্ঘদানকালে ॥১৩॥

সৌভমিতি। সৌভং নাম, দৈত্যপুরং তদ্বদ্বিশালং বিমানম্, খস্থমাকাশস্থম্ ॥১৪॥

অঙ্গানিতি। অত্র সর্ব্বত্র "বহুম্ববদম্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥১৫॥

আবন্ত্যানিতি। পিশাচোঽপি দেশবিশেষ এব। চোলোঽপি তথা। সংপ্রাপ্তান্ যুদ্ধে উপস্থিতান্। যবনং যবনরাজম্, সহানুগম্ অনুচরসহিতম্ ॥১৬—১৮॥

কৃষ্ণ কৌশলে অন্য (ভীমসেন) দ্বারা সমগ্র অক্ষৌহিণীর অধিপতি ও মহাবাহু জরাসন্ধকে বিনাশ করাইয়াছিলেন ॥১২॥

যুধিষ্ঠির রাজসূয়যজ্ঞে কৃষ্ণকে অর্ঘদান করিলে, বিক্রমশালী ও রাজসেনাপতি শিশুপাল বিবাদ করিতেছিলেন; তখন বলবান্ কৃষ্ণ তাঁহাকে পশুর ন্যায় বধ করিয়াছিলেন ॥১৩॥

কৃষ্ণ বিক্রম প্রকাশ করিয়া সমুদ্রের উপরিভাগে আকাশস্থিত, শাল্বরক্ষিত ও দুর্দ্ধর্ষ সৌভনামক বিশাল বিমানকে নিপাতিত করিয়াছিলেন ॥১৪॥

কৃষ্ণ যুদ্ধে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ মাগধ, কাশী, কোশল, বাৎস্য, গার্গ্য, করূষ ও পৌণ্ড্রদেশীয় যোদ্ধাদিগকে জয় করিয়াছিলেন ॥১৫॥

সঞ্জয়! অবন্তি, দাক্ষিণাত্য, পার্ব্বতীয়, কুশেরক, কাশ্মীর, ঔরসিক, পিশাচ, মুদ্গল, কাম্বোজ, বাটধান, চোল, পাণ্ড্য, ত্রিগর্ত্ত, মালব, অতিদুর্জ্জয় দরদ, নানা দিক্ হইতে আগত খশ ও শক এবং অনুচরগণের সহিত যবনরাজকে কৃষ্ণ জয় করিয়াছিলেন ॥১৬—১৮॥

(১৬)…পার্বতীয়ান্ দশেরকান্…বা নি।

প্রবিশ্য মকরাবাসং যাদোগণনিষেবিতম্ ।
জিগায় বরুণং সংখ্যে সলিলান্তর্গতং পুরা ॥১৯॥
যুধি পঞ্চজনং হত্বা পাতালতলবাসিনম্ ।
পাঞ্চজন্যং হৃষীকেশো দিব্যং শঙ্খমবাপ্তবান্ ॥২০॥
খাণ্ডবে পার্থসহিতস্তোষয়িত্বা হুতাশনম্ ।
আগ্নেয়মস্ত্রং দুর্দ্ধর্ষং চক্রং লেভে মহাবলঃ ॥২১॥
বৈনতেয়ং সমারুহ্য ত্রাসয়িত্বাঽমরাবতীম্ ।
মহেন্দ্রভবনাদ্বীরঃ পারিজাতমুপানয়ৎ ॥২২॥
তচ্চ মর্ষিতবান্ শক্রো জানংস্তস্য পরাক্রমম্ ।
রাজ্ঞাঞ্চাপ্যজিতং কঞ্চিৎ কৃষ্ণেনেহ ন শুশ্রুম ॥২৩॥
যচ্চ তন্মহদাশ্চর্য্যং সভায়াং মম সঞ্জয় ! ।
কৃতবান্ পুণ্ডরীকাক্ষঃ কস্তদন্য ইহার্হতি ॥২৪॥

প্রবিশ্যেতি । মকরাবাসং সমুদ্রম্, "যাদাংসি জলজন্তবঃ" ইত্যমরঃ ॥১৯॥
যুধীতি । পঞ্চজনং নামৈকং দৈত্যম্ । দিব্যমলৌকিকম্ ॥২০॥
খাণ্ডব ইতি । খাণ্ডবে বনে, পার্থেনার্জ্জুনেন সহিতঃ । আগ্নেয়মগ্নিদত্তম্ ॥২১॥
বৈনেতি । বৈনতেয়ং গরুড়ম্ । বীরঃ কৃষ্ণঃ ॥২২॥
তদিতি । মর্ষিতবান্ সোঢবান্, শক্র ইন্দ্রঃ । রাজ্ঞাং মধ্যে ॥২৩॥
যদিতি । তৎ ভীষণং রূপম্ । উদ্যোগপর্ব্ববৃত্তান্তোঽয়ম্ । অর্হতি কর্ত্তুমিতি শেষঃ ॥২৪॥

কৃষ্ণ পূর্ব্বে জলজন্তুগণসেবিত সমুদ্রে প্রবেশ করিয়া জলান্তর্গত বরুণকে যুদ্ধে জয় করিয়াছিলেন ॥১৯॥

কৃষ্ণ যুদ্ধে পাতালবাসী পঞ্চজননামক দৈত্যকে বধ করিয়া পাঞ্চজন্যনামক অলৌকিক শঙ্খ লাভ করিয়াছিলেন ॥২০॥

মহাবল কৃষ্ণ অর্জ্জুনের সহিত মিলিত হইয়া খাণ্ডববনে অগ্নিদেবকে সন্তুষ্ট করিয়া তাঁহার প্রদত্ত দুর্দ্ধর্ষ সুদর্শন চক্র পাইয়াছিলেন ॥২১॥

বীর কৃষ্ণ গরুড়ে আরোহণ করিয়া যাইয়া অমরাবতীনগরীকে বিত্রস্ত করিয়া ইন্দ্রভবন হইতে পারিজাত হরণ করিয়াছিলেন ॥২২॥

কিন্তু ইন্দ্র কৃষ্ণের পরাক্রম জানিয়া সে পারিজাত হরণ সহ্য করিয়াছিলেন। তা'র পর রাজাদের মধ্যে কোন রাজা কৃষ্ণকর্তৃক অবিজিত আছেন, ইহা আমরা শুনি নাই ॥২৩॥

(১৯)যাদোভিরভিসংহতম্...পি। (২০) যুধি পঞ্চজনং হত্বা দৈত্যং পাঞ্চালবাসিনম্... বা নি।

যচ্চ ভক্ত্যা প্রসন্নোঽহমদ্রাক্ষং কৃষ্ণমীশ্বরম্।
তন্মে সুবিদিতং সর্বং প্রত্যক্ষমিব চাগমম্ ॥২৫॥
নান্তো বিক্রমযুক্তস্য বুদ্ধ্যা যুক্তস্য বা পুনঃ।
কর্ম্মণঃ শক্যতে গন্তুং হৃষীকেশস্য সঞ্জয়! ॥২৬॥
তথা গদশ্চ শাম্বশ্চ প্রদ্যুম্নোঽথ বিদূরথঃ।
অগাবহোঽনিরুদ্ধশ্চ চারুদেষ্ণঃ সসারণঃ ॥২৭॥
উল্মুকো নিশঠশ্চৈব ঝিল্লী বভ্রুশ্চ বীর্য্যবান্।
পৃথুশ্চ বিপৃথুশ্চৈব সমীকোঽথারিমেজয়ঃ ॥২৮॥
এতেঽন্যে বলবন্তশ্চ বৃষ্ণিবীরাঃ প্রহারিণঃ।
কথঞ্চিৎ পাণ্ডবানীকং শ্রয়েয়ুঃ সমরে স্থিতাঃ ॥২৯॥
আহূতা বৃষ্ণিবীরেণ কেশবেন মহাত্মনা।
ততঃ সংশয়িতং সর্বং ভবেদিতি মতির্মম ॥৩০॥ (কলাপকম্)

যদিতি। প্রসন্নঃ প্রসন্ননয়নঃ। অগমম্ অবগতবান্ ॥২৫॥

নেতি। অন্তঃ শেষঃ। গন্তুং বোদ্ধুম্ ॥২৬॥

তথেতি। সারণেন সহেতি সসারণঃ। অরিমেজয় ইত্যেকঃ। শ্রয়েয়ুরিতি সম্ভাবনায়াং সপ্তমী। সংশয়িতং জীবনে সন্দিগ্ধম্, সর্ব্বং কৌরববলম্ ॥২৭—৩০॥

সঞ্জয়! আমার সভায় কৃষ্ণ সেই যে মহাশ্চর্য্য রূপ ধারণ করিয়াছিলেন, এই জগতে অন্য কোন্ ব্যক্তি সে প্রকার রূপ ধারণ করিতে পারে? ॥২৪॥

আমি তৎকালে প্রসন্ননয়ন হইয়া ভক্তিসহকারে জগদীশ্বর কৃষ্ণকে যে দেখিয়াছিলাম, সে সমস্তই আমার সুবিদিত আছে এবং তখন যেন প্রত্যক্ষই দেখিয়াছিলাম ॥২৫॥

সঞ্জয়! কৃষ্ণের বিক্রমযুক্ত বা বুদ্ধিপ্রণোদিত কর্ম্মের শেষ বুঝিতে পারা যায় না ॥২৬॥

তা'র পর গদ, শাম্ব, প্রদ্যুম্ন, বিদূরথ, অগাবহ, অনিরুদ্ধ, চারুদেষ্ণ, সারণ, উল্মুক, নিশঠ, ঝিল্লী, বলবান্ বভ্রু, পৃথু, বিপৃথু, সমীক ও অরিমেজয় ইহারা এবং বলবান্ ও প্রহারনিপুণ অন্যান্য বৃষ্ণিবংশীয় বীরেরা বৃষ্ণিবীর ও মহাত্মা কৃষ্ণের আহ্বানে আসিয়া সমরাঙ্গনে থাকিয়া যদি কোন প্রকারে পাণ্ডবসৈন্য আশ্রয় করেন, তবে সমগ্র কৌরবসৈন্যই জীবনসন্দিগ্ধ হইয়া পড়িবে, ইহাই আমার ধারণা ॥২৭—৩০॥

(২৫) প্রত্যক্ষমিব চাগমং—পি, প্রত্যক্ষমিব চাগমাং—ব। (২৬) কর্ম্মণাং শক্যতে গন্তুম্...পি বা নি।

নাগাযুতবলো বীরঃ কৈলাসশিখরোপমঃ।
বনমালী হলী রামস্তত্র যত্র জনার্দ্দনঃ ॥৩১॥
যমাহুঃ সর্বপিতরং বাসুদেবং দ্বিজাতয়ঃ।
অপি বা হ্যেষ পাণ্ডূনাং যোৎস্যতেঽর্থায় সঞ্জয় ! ॥৩২॥
স যদা তাত ! সন্নহ্যেৎ পাণ্ডবার্থায় সঞ্জয় ! ।
ন তদা প্রতিসংযোদ্ধা ভবিতা তত্র কশ্চন ॥৩৩॥
যদি স্ম কুরবঃ সর্ব্বে জয়েয়ুর্নাম পাণ্ডবান্।
বার্ষ্ণেয়োঽর্থায় তেষাং বৈ গৃহ্নীয়াচ্ছস্ত্রমুত্তমম্ ॥৩৪॥
ততঃ সর্ব্বান্ নরব্যাঘ্রো হত্বা নরপতীন্ রণে।
কৌরবাংশ্চ মহাবাহুঃ কুন্ত্যৈ দদ্যাৎ স মেদিনীম্ ॥৩৫॥
যস্য যন্তা হৃষীকেশো যোদ্ধা যস্য ধনঞ্জয়ঃ।
রথস্য তস্য কঃ সংখ্যে প্রত্যনীকো ভবেদ্রথঃ ॥৩৬॥

নাগেতি। নাগাযুতবলো দশসহস্রহস্তিতুল্যশক্তিঃ। হলী হলধরঃ ॥৩১॥
যমিতি। সর্বপিতরং সর্ব্বজনকত্বাৎ। অর্থায় জয়রূপপ্রয়োজনসাধনায় ॥৩২॥
স ইতি। সন্নহ্যেৎ যুদ্ধে সজ্জিতো ভবেৎ। কশ্চন কৌরবপক্ষীয়ঃ অন্যো বা ॥৩৩॥
যদীতি। স্মেতি পাদপূরণে। জয়েয়ুঃ হন্যুরিতি ভাবঃ। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ কৃষ্ণঃ ॥৩৪॥
তত ইতি। কুন্ত্যৈ দদ্যাৎ পাণ্ডবানাং কৌরবৈর্হননাদিত্যাশয়ঃ ॥৩৫॥
যস্যেতি। যন্তা চালয়িতা সারথিঃ। প্রত্যনীকঃ প্রতিপক্ষঃ ॥৩৬॥

বিশেষতঃ কৃষ্ণ যে পক্ষে থাকেন, দশসহস্র হস্তীর তুল্য বলশালী, কৈলাস-শৃঙ্গের ন্যায় ধবল ও বিশালমূর্ত্তি, বনমালাধারী ও হলধর মহাবীর বলরামও সেই পক্ষেই থাকিবেন ॥৩১॥

সঞ্জয় ! ব্রাহ্মণেরা যে কৃষ্ণকে সকলের পিতা বলেন, হয় ত সেই কৃষ্ণই পাণ্ডবগণের জন্য যুদ্ধ করিবেন ॥৩২॥

বৎস সঞ্জয় ! কৃষ্ণ যখন পাণ্ডবগণের জন্য যুদ্ধে সজ্জিত হইবেন, তখন কোন ব্যক্তিই তাঁহার প্রতিযোদ্ধা হইতে পারিবে না ॥৩৩॥

কৌরবেরা সকলে যদিও পাণ্ডবগণকে জয় করিতে পারেন, তাহা হইলেও কৃষ্ণই তাঁহাদের জন্য উত্তম অস্ত্র ধারণ করিবেন ॥৩৪॥

তাহার পর সেই নরশ্রেষ্ঠ ও মহাবাহু কৃষ্ণ যুদ্ধে সকল রাজাকে এবং কৌরবগণকে বধ করিয়া কুন্তীকে রাজ্য দান করিবেন ॥৩৫॥

(৩২)…যোৎস্যতেঽর্থায় বীর্য্যবান্—পি। (৩৩)…পাণ্ডবার্থায় কেশবঃ…পি।

ন কেনচিদুপায়েন কুরূণাং দৃশ্যতে জয়ঃ।
তস্মান্মে সর্বমাচক্ষ্ব যথা যুদ্ধমবর্ত্তত ॥৩৭॥
অর্জ্জুনঃ কেশবস্যাত্মা কৃষ্ণোঽপ্যাত্মা কিরীটিনঃ।
অর্জ্জুনে বিজয়ো নিত্যং কৃষ্ণে কীর্ত্তিশ্চ শাশ্বতী ॥৩৮॥
সর্ব্বেষ্বপি চ লোকেষু বীভৎসুরপরাজিতঃ।
প্রাধান্যেনৈব ভূয়িষ্ঠমমেয়াঃ কেশবে গুণাঃ ॥৩৯॥
মোহাদ্দুর্য্যোধনঃ কৃষ্ণং যো ন বেত্তীহ কেশবম্।
মোহিতো দৈবযোগেন মৃত্যুপাশপুরস্কৃতঃ।
ন বেদ কৃষ্ণং দাশার্হমর্জ্জুনঞ্চৈব পাণ্ডবম্ ॥৪০॥
পূর্বদেবৌ মহাত্মানৌ নরনারায়ণাবুভৌ।
একাত্মানৌ দ্বিধাভূতৌ দৃশ্যেতে মানুষৈর্ভুবি ॥৪১॥

নেতি। আচক্ষ্ব ব্রূহি ॥৩৭॥
অর্জ্জুন ইতি। আত্মা আত্মবৎ প্রিয়ঃ। অতস্তয়োর্ভেদোঽপি ভবিতুং নার্হতি ॥৩৮॥
সর্বেষ্বিতি। বীভৎসুরর্জ্জুনঃ। প্রাধান্যেন বিশিষ্টা এব, ভূয়িষ্ঠং বহুলম্ ॥৩৯॥
মোহাদিতি। মৃত্যুপাশেন পুরস্কৃতঃ অগ্রত এব বদ্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥
তর্হি তত্ত্বতঃ কাবেদাবিত্যাহ পূর্ব্বেতি। পূর্বদেবৌ প্রাচীনদেবতাভূতৌ ॥৪১॥

কৃষ্ণ যাহার সারথি এবং অর্জ্জুন যাহার যোদ্ধা, যুদ্ধে কোন্ রথ সেই রথের প্রতিপক্ষ হইবে? ॥৩৬॥

অতএব আমি কোন উপায়েই কৌরবগণের জয় দেখিতেছি না। সুতরাং সঞ্জয়! যে ভাবে যুদ্ধ হইয়াছিল, সেই সকল বৃত্তান্ত তুমি আমার নিকট বল ॥৩৭॥

অর্জ্জুন কৃষ্ণের আত্মা, আবার কৃষ্ণও অর্জ্জুনের আত্মা এবং অর্জ্জুনে সর্ব্বদা জয়, আর কৃষ্ণে সর্বদা কীর্ত্তি ॥৩৮॥

অর্জ্জুন ত্রিভুবনেই অপরাজিত এবং কৃষ্ণের প্রধান গুণগুলিও বহুপরিমাণে অজ্ঞেয় ॥৩৯॥

যে দুর্য্যোধন মোহনিবন্ধন কৃষ্ণকে নারায়ণ বলিয়া জানে না, সে দুর্য্যোধন নিশ্চয়ই দৈববশতঃ মোহিত এবং পূর্বেই মৃত্যুপাশে বদ্ধ হইয়া রহিয়াছে। যে হেতু সে, দাশার্হবংশীয় কৃষ্ণকে এবং পাণ্ডুনন্দন অর্জ্জুনকে যথার্থরূপে জানে না ॥৪০॥

(৪১)··· মানবৈর্ভুবি—বা নি।

মনসাপি হি দুর্দ্ধর্ষৌ সেনামেতাং যশস্বিনৌ।
নাশয়েতামিহেচ্ছন্তৌ মানুষত্বাচ্চ নেচ্ছতঃ ॥৪২॥
যুগস্যেব বিপর্য্যাসো লোকানামিব মোহনম্।
ভীষ্মস্য চ বধস্তাত! দ্রোণস্য চ মহাত্মনঃ ॥৪৩॥
ন হ্যেব ব্রহ্মচর্য্যেণ ন বেদাধ্যয়নেন চ।
ন ক্রিয়াভির্ন চাস্ত্রেণ মৃত্যোঃ কশ্চিন্নিবার্য্যতে ॥৪৪॥
লোকসম্ভাবিতৌ বীরৌ কৃতাস্ত্রৌ যুদ্ধদুর্ম্মদৌ।
ভীষ্মদ্রোণৌ হতৌ শ্রুত্বা কিং নু জীবামি সঞ্জয়! ॥৪৫॥
যাং তাং শ্রিয়মসূয়ামঃ পুরা দৃষ্ট্বা যুধিষ্ঠিরে।
অদ্য তামনুর্জীবামো ভীষ্মদ্রোণবধেন হ ॥৪৬॥

মনসেতি। ইচ্ছন্তৌ নাশয়িতুম্, মানুষত্বান্মানুষভাবপ্রকাশনস্যৈবেষ্টত্বাৎ ॥৪২॥
যুগস্যেতি। বিপর্য্যাসো বিপর্য্যয়ঃ, মোহনম্ ঐন্দ্রজালিকব্যাপারেণ ॥৪৩॥
নেতি। ক্রিয়াভির্যজ্ঞাদিভিঃ। নিবার্য্যতে পরিরক্ষ্যতে ॥৪৪॥
লোকেতি। লোকেষু সম্ভাবিতৌ সম্মানিতৌ, কৃতাস্ত্রৌ কৃতসর্বাস্ত্রশিক্ষৌ ॥৪৫॥
যামিতি। অনুজীবামঃ, ভীষ্মদ্রোণবধেন সর্ব্বথাসম্ভবাদিতি ভাবঃ ॥৪৬॥

বাস্তবিকপক্ষে অর্জুন ও কৃষ্ণ নর ও নারায়ণরূপ প্রাচীন দেবতা, একাত্মা ও মহাত্মা; অথচ ভূতলে মানুষেরা উঁহাদিগকে দুই ভাগে বিভক্ত দেখিয়া থাকে ॥৪১॥

অতএব দুর্দ্ধর্ষ ও যশস্বী কৃষ্ণ ও অর্জ্জুন ইচ্ছা করিলে কেবল মনোদ্বারাও এই কৌরবসৈন্য বিনাশ করিতে পারেন; কিন্তু মানুষভাব প্রকাশ করিবেন বলিয়া তাহা ইচ্ছা করেন না ॥৪২॥

বৎস সঞ্জয়! মহাত্মা ভীষ্ম ও দ্রোণের এই বধটাকে যেন যুগবিপর্য্যয় বা জগতের মোহজনক কোন ব্যাপার বলিয়া বোধ হইতেছে ॥৪৩॥

দেখ, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন, যাগযজ্ঞাদিকার্য্য, কিংবা অস্ত্রদ্বারা কাহাকেও মৃত্যুর হস্ত হইতে রক্ষা করা যায় না ॥৪৪॥

সঞ্জয়! জগৎসম্মানিত, মহাবীর, অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধে দুর্দ্ধর্ষ ভীষ্ম ও দ্রোণকে নিহত শুনিয়া আমি কেন জীবিত রহিতেছি ॥৪৫॥

আমরা পূর্ব্বে যুধিষ্ঠিরের সেই যে ঐশ্বর্য্য দেখিয়া অসূয়া করিয়াছি, ভীষ্ম দ্রোণবধ হওয়ায় আজ হইতে সেই ঐশ্বর্য্য লক্ষ্য করিয়াই জীবন ধারণ করিতে চলিয়াছি ॥৪৬॥

(৪৬)···অদ্য তামনুজানীমঃ· বা ব রা নি।

মৎকৃতে চাপ্যনুপ্রাপ্তঃ কুরূণামেষ সংক্ষয়ঃ।
পাপানাং হি বধে সূত! বজ্রায়ন্তে তৃণান্যপি ॥৪৭॥
অনন্তমিদমৈশ্বর্য্যং লোকে প্রাপ্তো যুধিষ্ঠিরঃ।
যস্য কোপান্মহাত্মানৌ ভীষ্মদ্রোণৌ নিপাতিতৌ ॥৪৮॥
প্রাপ্তঃ প্রকৃতিতো ধর্ম্মো ন ধর্ম্মো মামকান্ প্রতি।
ক্রূরঃ সর্ব্ববিনাশায় কালোঽসৌ নাতিবর্ত্ততে ॥৪৯॥
অন্যথা চিন্তিতা হ্যর্থা নরৈস্তাত! মনস্বিভিঃ।
অন্যথৈব প্রপদ্যন্তে দৈবাদিতি মতির্মম ॥৫০॥
তস্মাদপরিহার্য্যেঽর্থে সংপ্রাপ্তে কৃচ্ছ্র উত্তমে।
অপারণীয়ে দুশ্চিন্ত্যে যথাভূতং প্রচক্ষ্ব মে ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রানুতাপে নবমোঽধ্যায়ঃ ॥০॥ *

মদিতি। মৎকৃতে মন্নিমিত্তম্। পাপানামুপস্থিতপাপফলানাম্ ॥৪৭॥

অনন্তমিতি। ইদমনন্তমৈশ্বর্য্যং প্রাপ্তঃ, উভয়রাজ্যলাভাদিত্যাশয়ঃ ॥৪৮॥

প্রাপ্ত ইতি। ধর্ম্মো ধর্ম্মফলম্, প্রকৃতিতঃ স্বভাবাদেব, প্রাপ্তো যুধিষ্ঠিরে উপস্থিতঃ। কিন্তু স ধর্ম্মো মামকান্ প্রতি ন প্রাপ্তঃ, তেষাং চিরাধার্ম্মিকত্বাৎ। তথা সর্ববিনাশায় প্রবৃত্তঃ ক্রূরোঽসৌ কালঃ, নাতিবর্ত্ততে তং সর্ব্ববিনাশমকৃত্বা নাতিক্রমিষ্যতি ॥৪৯॥

অন্যথেতি। অর্থা বিষয়াঃ। প্রপদ্যন্তে উপস্থিতা ভবন্তি ॥৫০॥

হায়! আমার জন্যই কৌরবগণের এই সর্বনাশ উপস্থিত হইয়াছে। সঞ্জয়! যাহাদের পাপের ফল উপস্থিত হয়, তাহাদের বধে তৃণও বজ্রের ন্যায় আচরণ করে ॥৪৭॥

যুধিষ্ঠির মর্ত্ত্যলোকে এই অনন্ত ঐশ্বর্য্য লাভ করিল! যাহার কোপে মহাত্মা ভীষ্ম এবং দ্রোণ নিহত হইলেন ॥৪৮॥

যুধিষ্ঠির স্বভাবতই ধর্ম্মের ফল পাইল, কিন্তু সে ধর্ম্মের ফল আমার পুত্রগণের হাতে আসিল না। আর, সর্ব্বনাশে প্রবৃত্ত এই নৃশংস কাল সর্বনাশ না করিয়া চলিয়া যাইবে না ॥৪৯॥

বৎস সঞ্জয়! আমার ধারণা এই যে, বুদ্ধিমান্ লোকেরা অন্যভাবে বিষয়ের চিন্তা করেন; কিন্তু দৈববশতঃ সে বিষয় অন্যভাবে উপস্থিত হয় ॥৫০॥

(৪৭)...পক্কানাং হি...তৃণান্যত—বা নি। * '...দশমোঽধ্যায়ঃ' ব, '...একাদশোঽধ্যায়ঃ' বা রা নি।

দশমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি সর্ব্বং প্রত্যক্ষদর্শিবান্।
যথা স ন্যপতদ্দ্রোণঃ সাদিতঃ পাণ্ডুসৃঞ্জয়ৈঃ ॥১॥
সেনাপতিত্বং সংপ্রাপ্য ভারদ্বাজো মহারথঃ।
মধ্যে সর্ব্বস্য সৈন্যস্য পুত্রং তে বাক্যমব্রবীৎ ॥২॥
যৎ কৌরবাণামৃষভাদাপগেয়াদনন্তরম্।
সৈনাপত্যেন মাং রাজন্! অদ্য সৎকৃতবানসি ॥৩॥
সদৃশং কর্ম্মণস্তস্য ফলমাপ্নুহি ভারত!।
করোমি কামং কং তেঽদ্য প্রবৃণীষ্ব যমিচ্ছসি ॥৪॥ (যুগ্মকম্)

তস্মাদিতি। অপারণীয়ে উত্তরীতুমশক্যে। যথাভূতং ভূতং সত্যমনতিক্রম্য ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে নবমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

হন্তেতি। বিষাদে হন্তশব্দঃ। প্রত্যক্ষং দৃষ্টবানিতি প্রত্যক্ষদর্শিবান্, ইডাগম আর্ষঃ ॥১॥
সেনেতি। ভারদ্বাজো দ্রোণঃ। পুত্রং প্রাধান্যাদ্দুর্য্যোধনম্ ॥২॥

অতএব সঞ্জয়! অচিন্তনীয় ভীষণ কষ্টজনক অবস্থা উপস্থিত হইয়াছে ইহার প্রতীকার করিবারও উপায় নাই, পার হইবারও সম্ভাবনা নাই। সুতরাং তুমি যথাবৎ বৃত্তান্ত আমার নিকট বল' ॥৫১॥

——:o:——

সঞ্জয় বলিলেন—'রাজা! পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ যে ভাবে পীড়ন করায় সেই দ্রোণ নিপতিত হইয়াছেন, সে সমস্তই আমি প্রত্যক্ষ দেখিয়াছি। সুতরাং তাহা আমি আপনার নিকট বলিব ॥১॥

মহারথ দ্রোণ সেনাপতির পদ পাইয়া সমস্ত সৈন্যের মধ্যে আপনার পুত্র দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥২॥

(১)…যথা সন্ন্যপতদ্দ্রোণঃ সূদিতঃ…বা,…যথা সন্ন্যপতদ্দ্রোণঃ…ব,…যথা সত্যপরো দ্রোণঃ… নি। (৪)…ফলং প্রাপ্নহি ভারত!…রা নি।

ততো দুর্য্যোধনো রাজা কর্ণদুঃশাসনাদিভিঃ।
সংমন্ত্র্যোবাচ দুর্দ্ধর্ষমাচার্য্যং জয়তাং বরম্ ॥৫॥
দদাসি চেদ্বরং মহ্যং জীবগ্রাহং যুধিষ্ঠিরম্।
গৃহীত্বা রথিনাং শ্রেষ্ঠ! মৎসমীপমিহানয় ॥৬॥
ততঃ কুরূণামাচার্য্যঃ শ্রুত্বা পুত্রস্য তে বচঃ।
সেনাং প্রহর্ষয়ন্ সর্ব্বামিদং বচনমব্রবীৎ ॥৭॥
ধন্যঃ কুন্তীসুতো রাজন্! যস্য গ্রহণমিচ্ছসি।
ন বধার্থং সুদুর্দ্ধর্ষ! বরমদ্য প্রযাচসে ॥৮॥
কিমর্থঞ্চ নরব্যাঘ্র! বধং তস্য ন কাঙ্ক্ষসি।
নাশংসসি ক্রিয়ামেতাং মত্তো দুর্য্যোধন! ধ্রুবম্ ॥৯॥

যদিতি। আপগা নদী গঙ্গা তস্যা অপত্যমিত্যাপগেয়ো ভীষ্মস্তস্মাৎ। সৈনাপত্যেন সেনাপতিত্বদানেন। কাম্যত ইতি কামঃ অভীষ্টবিষয়কম্ ॥৩-৪॥

তত ইতি। কর্ণদুঃশাসনাদিভিঃ সহ। আচার্য্যং দ্রোণম্ ॥৫॥

দদাসীতি। জীবস্য জীবত এব গ্রাহো গ্রহণং যস্মিন্ কর্ম্মণি তদ্যথা স্যাত্তথা। তথা মৎসমীপানয়নে তু পুনরপ্যক্ষক্রীড়য়া পুনরপি পূর্ব্ববদ্বনবাসাদিবিধানমিতি ভাবঃ ॥৬॥

তত ইতি। প্রহর্ষয়ন্ যুধিষ্ঠিরগ্রহণাঙ্গীকারেণেতি ভাবঃ ॥৭॥

ধন্য ইতি। ধন্যঃ পুণ্যবান্, কুন্তীসুতো যুধিষ্ঠিরঃ। কুতো ধন্য ইত্যাহ নেতি ॥৮॥

ভরতনন্দন রাজা! কৌরবশ্রেষ্ঠ ভীষ্মের পরে আমাকে সেনাপতির পদে অভিষিক্ত করিয়া আজ তুমি আমাকে যে সম্মানিত করিলে, সেই কার্য্যের অনুরূপ ফল লাভ কর; আমি তোমার কোন্ অভীষ্ট পূরণ করিব (বল); আজ তুমি যাহা ইচ্ছা কর, সেই বর গ্রহণ কর' ॥৩—৪॥

তাহার পর রাজা দুর্য্যোধন, কর্ণ ও দুঃশাসনপ্রভৃতির সহিত পরামর্শ করিয়া দুর্দ্ধর্ষ ও বিজয়িশ্রেষ্ঠ দ্রোণাচার্য্যকে বলিলেন—॥৫॥

রথিশ্রেষ্ঠ! আপনি যদি আমাকে বরই দেন, তবে জীবিত অবস্থায় যুধিষ্ঠিরকে ধরিয়া আমার নিকটে আনয়ন করুন' ॥৬॥

আপনার পুত্রের সেই কথা শুনিয়া কৌরবাচার্য্য দ্রোণ তখন সমস্ত সৈন্যকে আনন্দিত করতঃ এই কথা বলিলেন—॥৭॥

'অতিদুর্দ্ধর্ষ রাজা! যুধিষ্ঠির ধন্য বটেন। কারণ, আজ তুমি যাঁহার বধের জন্য বর চাহিলে না, কেবল ধরিয়া আনিবার বর চাহিলে! ॥৮॥

---

(৫)···তমথোবাচ দুর্দ্ধর্ষম্··পি বা ব। (৬)···গৃহীত্বা রথিনাং শ্রেষ্ঠম্·বা ব নি। (৮) ধন্যঃ কুন্তীসুতো রাজা···ব,···ন বধং তস্য দুর্দ্ধর্ষ!··নি। (৯)·ন বধং তস্য কাঙ্ক্ষসে···বা নি।

আহোস্বিদ্ধর্ম্মরাজস্য দ্বেষ্টা তস্য ন বিদ্যতে।
যদিচ্ছসি ত্বং জীবন্তং কুলং রক্ষসি চাত্মনঃ ॥১০॥
অথবা ভরতশ্রেষ্ঠ ! নির্জ্জিত্য যুধি পাণ্ডবান্।
রাজ্যাংশং প্রতিদত্ত্বা চ সৌভ্রাত্রং কর্ত্তুমিচ্ছসি ॥১১॥
ধন্যঃ কুন্তীসুতো রাজা সুজাতঞ্চাস্য ধীমতঃ।
অজাতশত্রুতা সত্যা তস্য যৎ স্নিহ্যতে ভবান্ ॥১২॥
দ্রোণেন চৈবমুক্তস্য তব পুত্রস্য ভারত ! ।
সহসা নিঃসৃতো ভাবো যোঽস্য নিত্যং হৃদি স্থিতঃ ॥১৩॥
নাকারো গূহিতুং শক্যো বৃহস্পতিসমৈরপি।
তস্মাত্তব সুতো রাজন্ ! প্রহৃষ্টো বাক্যমব্রবীৎ ॥১৪॥

কিমিতি। নাশংসসি ন সম্ভাবয়সি, এতাং যুধিষ্ঠিরবধরূপাম্, মত্তো মম সকাশাৎ ॥৯॥
আহোস্বিদিতি। কুলং রক্ষসি, যুধিষ্ঠিরবধে অপরপাণ্ডবৈঃ স্বকুলবধসম্ভব ইত্যাশয়ঃ ॥১০॥
অথবেতি। নির্জ্জিত্য যুধিষ্ঠিরবধেনৈব। তাদৃশসন্ধৌ চ নিজগৌরবরক্ষেতি ভাবঃ ॥১১॥
ধন্য ইতি। সুজাতং শোভনং জন্ম জাতম্। স্নিহ্যতে স্নেহং কুরুতে ॥১২॥
দ্রোণেনেতি। নিঃসৃতো মুখাত্তাদৃশবাক্যনির্গমেন নির্গতঃ, ভাবোঽভিপ্রায়ঃ ॥১৩॥
নেতি। আকারোঽত্র মনোভাবঃ, গূহিতুং সংবরীতুং গোপয়িতুমিতি যাবৎ ॥১৪॥

নরশ্রেষ্ঠ দুর্য্যোধন ! কি জন্য তুমি যুধিষ্ঠিরের বধ কামনা করিলে না ? নিশ্চয়ই তুমি আমা হইতে এ কার্য্যের সম্ভাবনা কর না ॥৯॥

অথবা সেই ধর্ম্মরাজের বিদ্বেষী লোক নাই। যে হেতু তুমিও তাঁহার জীবন ইচ্ছা করিতেছ। কিংবা নিজের বংশ রক্ষা করিলে ॥১০॥

অথবা ভরতশ্রেষ্ঠ ! তুমি যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিয়া, তাঁহাদিগকে তাঁহাদের রাজ্যাংশ ফিরাইয়া দিয়া ভ্রাতৃসৌহার্দ্দ ইচ্ছা করিতেছ ॥১১॥

(সে যাহা হউক,) রাজা যুধিষ্ঠির ধন্য, সেই ধীমানের জন্ম সুফল এবং তাহার অজাতশত্রুতাও সত্য। যে হেতু তুমিও তাঁহার উপরে স্নেহ করিতেছ' ॥১২॥

ভরতনন্দন ! দ্রোণ এইরূপ বলিলে, আপনার পুত্রের হৃদয়ে সর্ব্বদা যে ভাব ছিল, তাহা তৎক্ষণাৎ বাহির হইয়া পড়িল ॥১৩॥

বৃহস্পতির তুল্য লোকেরাও মনের ভাব গোপন রাখিতে সমর্থ হন না ; সুতরাং রাজা ! আপনার পুত্র তখন আনন্দিত হইয়া এই কথা বলিলেন—॥১৪॥

(১০) অহো স্বিৎ…পি ব। (১১)…যুধি পার্থিবান্…পি,…রাজ্যং সম্প্রতি দত্ত্বা চ পি বা ব রা। (১৩) দ্রোণেন ম্বেবমুক্তস্য ..পি।

বধে কুন্তীসুতস্যাজৌ নাচার্য্য! বিজয়ো মম।
হতে যুধিষ্ঠিরে পার্থা হন্যুঃ সর্ব্বান্ হি নো ধ্রুবম্ ॥১৫॥
ন চ শক্যা রণে সর্বে নিহন্তুমমরৈরপি।
য এব তেষাং শেষঃ স্যাৎ স এবাস্মান্ ন শেষয়েৎ ॥১৬॥
সত্যপ্রতিজ্ঞে ত্বানীতে পুনর্দ্যূতেন নির্জিতে।
পুনর্যাস্যন্ত্যরণ্যায় পাণ্ডবাস্তমনুব্রতাঃ ॥১৭॥
সোঽয়ং মম জয়ো ব্যক্তং দীর্ঘকালং ভবিষ্যতি।
অতো ন বধমিচ্ছামি ধর্ম্মরাজস্য কর্হিচিৎ ॥১৮॥
তস্য জিহ্মমভিপ্রায়ং জ্ঞাত্বা দ্রোণোঽর্থতত্ত্ববিৎ।
তং বরং সান্তরং তস্মৈ দদৌ সঞ্চিন্ত্য বুদ্ধিমান্ ॥১৯॥

বধ ইতি। কুন্তীসুতস্য যুধিষ্ঠিরস্য। পার্থা অপরে পাণ্ডবাঃ। নঃ অস্মান ॥১৫॥
নচেতি। সর্বে পাণ্ডবা এব নিহন্তুং শক্যা ইত্যাহ নেতি। শেষয়েৎ অবশিষ্টং রক্ষেৎ ॥১৬॥
সত্যেতি। সত্যপ্রতিজ্ঞে যুধিষ্ঠিরে। পাণ্ডবা অপরে, অনুব্রতা অনুগতাঃ ॥১৭॥
স ইতি। ব্যক্তং ধ্রুবম্, ভবিষ্যতি স্থাস্যতি, অসেঃ প্রয়োগাৎ ॥১৮॥
তস্যেতি। জিহ্মং কুটিলম্। অর্থতত্ত্ববিৎ কার্য্যমর্ম্মজ্ঞঃ। সান্তরং সচ্ছিদ্রম্ ॥১৯॥

'আচার্য্য! যুদ্ধে যুধিষ্ঠিরকে বধ করিলেও আমার জয় হইবে না। কারণ, যুধিষ্ঠিরকে বধ করিলে, নিশ্চয়ই অন্য পাণ্ডবেরা আমাদের সকলকেই বধ করিবে ॥১৫॥

আর পর দেবতারাও যুদ্ধে সমস্ত পাণ্ডবকে বধ করিতে সমর্থ হন না। সুতরাং তাহাদের মধ্যে যে অবশিষ্ট থাকিবে, সে-ই আমাদিগকে অবশিষ্ট রাখিবে না ॥১৬॥

কিন্তু সত্যপ্রতিজ্ঞ যুধিষ্ঠিরকে আনয়ন করিলে এবং পুনরায় তাহাকে দ্যূত-ক্রীড়ায় পরাজিত করিলে, তাহার অনুগত অপর পাণ্ডবেরাও পুনরায় বনে যাইবে ॥১৭॥

তাহা হইলেই আমার জয় নিশ্চিত এবং তাহা দীর্ঘকাল স্থায়ী হইবে। এই জন্যই আমি কখনও যুধিষ্ঠিরের বধ ইচ্ছা করি না' ॥১৮॥

কার্য্যতত্ত্বজ্ঞ ও বুদ্ধিমান্ দ্রোণ দুর্য্যোধনের সেই কুটিল অভিপ্রায় জানিয়া বিশেষ চিন্তা করিয়া তাঁহাকে সচ্ছিদ্র (অর্থাৎ ফাঁক্ রাখিয়া) বর দান করিলেন ॥১৯॥

১৫।...পার্থো হন্যাৎ সর্ব্বান্ হি বো ধ্রুবম্—পি,.. পার্থো হন্যাৎ সর্ব্বান্ হি নো ধ্রুবম্—ব।

দ্রোণ উবাচ।

ন চেদ্যুধিষ্ঠিরং বীরঃ পালয়েদর্জ্জুনো যুধি।
মন্যস্ব পাণ্ডবশ্রেষ্ঠমানীতং বশমাত্মনঃ ॥২০॥
নহি শক্যো রণে পার্থঃ সেন্দ্রৈর্দেবাসুরৈরপি।
প্রত্যুদ্যাতুমতস্তাত! নৈতদামর্ষয়াম্যহম্ ॥২১॥
অসংশয়ং স মে শিষ্যো মৎপূর্ব্বশ্চাস্ত্রকর্ম্মণি।
তরুণঃ সুকৃতৈর্যুক্ত একায়নগতশ্চ হ ॥২২॥
অস্ত্রাণীন্দ্রাচ্চ রুদ্রাচ্চ ভূয়ঃ স সমবাপ্তবান্।
অমর্ষিতশ্চ তে রাজন্! ততো নামর্ষয়াম্যহম্ ॥২৩॥
স চাপক্রাম্যতাং যুদ্ধাদ্যেনোপায়েন শক্যতে।
অপনীতে ততঃ পার্থে ধর্ম্মরাজো জিতস্ত্বয়া ॥২৪॥

নেতি। অর্জ্জুনেন রক্ষণে তু যুধিষ্ঠিরগ্রহণমসম্ভবমেবেতি ভাবঃ ॥২০॥

নহীতি। পার্থোঽর্জ্জুনঃ। এতং পার্থসন্নিধানে যুধিষ্ঠিরগ্রহণম্, নামর্ষয়ামি ন শক্নোমি ॥২১॥

অসংশয়মিতি। অহমেব পূর্ব্বো গুরুর্যস্য সঃ। তথাপি স তরুণঃ, অহন্তু বৃদ্ধঃ, সুকৃতৈঃ তপশ্চরণাদিকর্ম্মৈর্যুক্তঃ, একায়নগতঃ যুধিষ্ঠিররক্ষার্থমেকাগ্রতাপ্রাপ্তঃ ॥২২॥

অস্ত্রাণীতি। অমর্ষিতো জাতক্রোধঃ। নামর্ষয়ামি তৎসন্নিধৌ যুধিষ্ঠিরং ধর্ত্তুং ন শক্নোমি ॥২৩॥

স ইতি। স পার্থশ্চ, অপক্রাম্যতাং স্থানান্তরং নীয়তাম্ ॥২৪॥

দ্রোণ বলিলেন—'রাজা! মহাবীর অর্জ্জুন যদি যুদ্ধে যুধিষ্ঠিরকে রক্ষা না করেন, তবে যুধিষ্ঠিরকে বশে আনা হইয়াছে বলিয়াই মনে কর ॥২০॥

কারণ, বৎস! ইন্দ্রের সহিত দেবাসুরেরাও যুদ্ধে অর্জ্জুনের সম্মুখে যাইতে সমর্থ হন না। সুতরাং অর্জ্জুনের নিকটে আমি যুধিষ্ঠিরকে গ্রহণ করিতে সমর্থ হইব না ॥২১॥

অর্জ্জুন আমার শিষ্য এবং অস্ত্রশিক্ষায় আমি তাহার গুরু, এ বিষয়ে কোন সন্দেহ নাই। তথাপি সে, যুবক, পুণ্যবান্ ও যুধিষ্ঠিররক্ষায় একাগ্রচিত্ত ॥২২॥

বিশেষতঃ সে, আবার ইন্দ্র ও রুদ্রের নিকট হইতে নানাবিধ অস্ত্র লাভ করিয়াছে; তা'র পর আবার তোমার উপরে জাতক্রোধ হইয়া রহিয়াছে; অতএব তাহার নিকটে যুধিষ্ঠিরকে ধরিতে পারিব না ॥২৩॥

(২০)···পালয়ত্যর্জ্জুনো যুধি ··পি বা ব রা। (২১)···প্রত্যুজ্জাতমতস্তাত! ·পি, ·তাত! ন তস্মাদ্ধর্ষয়াম্যহম্—নি। (২২) ··তরুণঃ সুকৃতী যুক্তঃ নি। (২৩)·· ভূয়াংসি সম- বাপ্তবান্···নি।

গ্রহণে হি জয়স্তস্য ন বধে পুরুষর্ষভ!।
এতেন চাপ্যুপায়েন গ্রহণং সমুপৈষ্যতি ॥২৫॥
অহং গৃহীত্বা রাজানং সত্যধর্ম্মপরায়ণম্।
আনয়িষ্যামি তে রাজন্! বশমদ্য ন সংশয়ঃ ॥২৬॥
যদি স্থাস্যতি সংগ্রামে মুহূর্ত্তমপি মেঽগ্রতঃ।
অপনীতে নরব্যাঘ্রে কুন্তীপুত্রে ধনঞ্জয়ে ॥২৭॥ (যুগ্মকম্)
ফাল্গুনস্য সমীপে তু নহি শক্যো যুধিষ্ঠিরঃ।
গ্রহীতুং সমরে রাজন্! সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ ॥২৮॥

সঞ্জয় উবাচ।

সান্তরন্তু প্রতিজ্ঞাতে রাজ্ঞো দ্রোণেন নিগ্রহে।
গৃহীতং তমমন্যন্ত তব পুত্রাঃ সুবালিশাঃ ॥২৯॥

গ্রহণ ইতি। এতেন পার্থাপসারণাত্মকেন। সমুপৈষ্যতি যুধিষ্ঠির ইতি শেষঃ ॥২৫॥
অহমিতি। আনয়িষ্যামি আনেষ্যামি। স্থাস্যতি যুধিষ্ঠির ইতি তাৎপর্য্যম্ ॥২৬—২৭॥
অর্জ্জনস্যাজয্যত্বং সর্ব্বথা সমর্থয়িতুং পুনরাহ ফাল্গুনস্যেতি। ফাল্গুনস্যার্জ্জুনস্য ॥২৮॥
সেতি। সান্তরং সচ্ছিদ্রম্, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। সুবালিশাঃ তদন্তরস্যাবিজ্ঞানাদতীব [illegible]। এতেনাচার্য্যস্যাপি পাণ্ডবপক্ষপাতঃ সূচিতঃ ॥২৯॥

অতএব যে উপায়ে পার, অর্জ্জুনকে আমার যুদ্ধ হইতে অপসারিত কর। তার পর অর্জ্জুনকে অপসারিত করিলে, তুমি যুধিষ্ঠিরকে জয় করিয়াছ (বলিয়াই মনে কর) ॥২৪॥

পুরুষশ্রেষ্ঠ! যুধিষ্ঠিরকে ধরিতে পারিলেই তোমার জয় হইবে, কিন্তু বধ করিলে হইবে না (ইহা ঠিক্)। অথ চ এই উপায়ে তিনি ধৃত হইবেন ॥২৫॥

রাজা! কুন্তীনন্দন নরশ্রেষ্ঠ অর্জ্জুন অপসারিত হইলে পর যুধিষ্ঠির যদি যুদ্ধে আমার সম্মুখে মুহূর্ত্তকালও থাকেন, তবে আমি সেই সত্যধর্ম্মপরায়ণ রাজাকে অদ্যই তোমার বশে আনয়ন করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৬—২৭॥

রাজা! ইন্দ্রের সহিত দেবাসুরেরাও যুদ্ধে অর্জ্জুনের নিকটে যুধিষ্ঠিরকে গ্রহণ করিতে সমর্থ হন না' ॥২৮॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দ্রোণ ফাঁক্ রাখিয়া যুধিষ্ঠিরকে ধরার প্রতিজ্ঞা করিলে, আপনার অতিমূর্খ পুত্রেরা তাঁহাকে ধৃত বলিয়া মনে করিলেন ॥২৯॥

(২৫)...অনেনৈবাভ্যুপায়েন গ্রহণং সমুপৈষ্যসি—নি। (২৮) ফাল্গুনস্য সমক্ষন্তু—পি।

পাণ্ডবেয়েষু সাপেক্ষং দ্রোণং জানাতি তে সুতঃ।
ততঃ প্রতিজ্ঞাস্থৈর্য্যার্থং স মন্ত্রো বহুলীকৃতঃ ॥৩০॥
ততো দুর্য্যোধনেনাপি গ্রহণং পাণ্ডবস্য তৎ।
সৈন্যস্থানেষু সর্ব্বেষু সুঘোষিতমরিন্দম ! ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
দ্রোণাভিষেকে দ্রোণবরদানে দশমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

একাদশোঽধ্যায়ঃ।

———০::০———

সঞ্জয় উবাচ।
ততস্তে সৈনিকাঃ শ্রুত্বা তং যুধিষ্ঠিরনিগ্রহম্।
সিংহনাদরবাংশ্চক্রুর্বাণশঙ্খরবৈঃ সহ ॥১॥

পাণ্ডবেষ্বিতি। অপেক্ষয়া পক্ষপাতেন সহেতি সাপেক্ষস্তম্। সুতো দুর্য্যোধনেন পুত্রগণঃ পরত্র দুর্য্যোধনস্য পৃথগভিধানাৎ। প্রতিজ্ঞায়াঃ স্থৈর্য্যার্থং দৃঢ়ত্বার্থম্, স মন্ত্রো যুধিষ্ঠির-গ্রহণমন্ত্রণা, বহুলীকৃতঃ প্রচারিতঃ। তন্মন্ত্রপ্রচারে মিথ্যাবাদিত্বভয়াদবশ্যমেব দ্রোণঃ প্রতিজ্ঞাং পালয়িষ্যতীতি ভাবঃ ॥৩০॥

তত ইতি। পাণ্ডবস্য প্রাধান্যাদ্যুধিষ্ঠিরস্য। সুঘোষিতমতিশয়েন প্রচারিতম্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দশমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। সিংহনাদা ইব রবাস্তান্ ॥১॥

কিন্তু আপনার পুত্রেরা দ্রোণকে পাণ্ডবগণের পক্ষপাতী বলিয়া জানিতেন। সুতরাং তাঁহারা সেই দ্রোণপ্রতিজ্ঞার স্থায়িত্ব সম্পাদন করিবার জন্য সেই মন্ত্রণাটাকে প্রচারিত করিলেন ॥৩০॥

অরিন্দম ! তাহার পর স্বয়ং দুর্য্যোধনও যুধিষ্ঠিরকে ধরিবার সেই প্রতিজ্ঞা সমস্ত সৈন্যের নিকটে বিশেষভাবে ঘোষণা করিলেন' ॥৩১॥

* '…একাদশোঽধ্যায়ঃ' ব, '…দ্বাদশোঽধ্যায়ঃ' বা রা নি। (১) 'সান্তরে তু প্রতিজ্ঞাতে রাজ্ঞো দ্রোণেন নিগ্রহে' ইতি পাদদ্বয়ং প্রথম এবাধিকম্ বা ব নি,… চক্রুর্বাণ শব্দাংশ্চ কৃৎস্নশঃ—বা নি।

তচ্চ সর্ব্বং যথান্যায়ং ধর্ম্মরাজেন ভারত ! ।
আপ্তৈশ্চারৈঃ পরিজ্ঞাতং ভারদ্বাজচিকীর্ষিতম্ ॥২॥
ততঃ সর্ব্বান্ সমানায্য ভ্রাতৄনন্যাংশ্চ সর্ব্বশঃ ।
অব্রবীদ্ধর্ম্মরাজস্তু ধনঞ্জয়মিদং বচঃ ॥৩॥
শ্রুতং তে পুরুষব্যাঘ্র ! দ্রোণস্যাদ্য চিকীর্ষিতম্ ।
যথা তন্ন ভবেৎ সত্যং তথা নীতির্বিধীয়তাম্ ॥৪॥
সান্তরং হি প্রতিজ্ঞাতং দ্রোণেনামিত্রকর্ষণ ! ।
তচ্চান্তরং মহেষ্বাস ! ত্বয়ি তেন সমাহিতম্ ॥৫॥
তদ্ভবানদ্য মহাবাহো ! যুধ্যস্ব মদনন্তরম্ ।
যথা দুর্য্যোধনঃ কামং নেমং দ্রোণাদবাপ্নুয়াৎ ॥৬॥

তদিতি। আপ্তৈর্বিশ্বস্তৈঃ, চারৈর্গুপ্তপুরুষৈঃ, ভারদ্বাজচিকীর্ষিতং দ্রোণেন কর্ত্তুমিষ্টম্ ॥২॥
তত ইতি। অন্যান্ প্রধানপুরুষান্, সর্ব্বশঃ সর্ব্বান্ ॥৩॥
শ্রুতমিতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। ভাবে ক্তপ্রত্যয়ঃ ॥৪॥
সান্তরমিতি। সান্তরং সচ্ছিদ্রম্। অন্তরং ছিদ্রম্। সমাহিতং স্থাপিতম্ ॥৫॥
তদিতি। মদনন্তরং মমাব্যবধানং যথা স্যাত্তথা। কামমভীষ্টং মম নিগ্রহম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর সেই কৌরবসৈন্যেরা সেই যুধিষ্ঠিরনিগ্রহের সংবাদ শুনিয়া বাণ ও শঙ্খধ্বনির সহিত সিংহনাদ করিয়া উঠিল ॥১॥

ভরতনন্দন! ও দিকে যুধিষ্ঠির বিশ্বস্ত গুপ্তচরদ্বারা দ্রোণের সেই অভিপ্রেত বিষয় সমস্তই যথানিয়মে অবগত হইলেন ॥২॥

তদনন্তর তিনি সকল ভ্রাতাকে এবং অন্য সকলকে আনাইয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন— ॥৩॥

'পুরুষশ্রেষ্ঠ! তুমি আজ দ্রোণের অভিপ্রেত বিষয় শুনিয়াছ ত? যাহাতে তাহা সত্য না হইতে পারে, সেইরূপ নীতি বিধান কর ॥৪॥

শত্রুবিজয়ী মহাধনুর্দ্ধর! দ্রোণ একটু ফাঁক্ রাখিয়া প্রতিজ্ঞা করিয়াছেন এবং সে ফাঁকটুকু আবার তিনি তোমার উপরে রাখিয়াছেন ॥৫॥

অতএব মহাবাহু! তুমি আজ আমার নিকটে থাকিয়া যুদ্ধ কর; যাহাতে দুর্য্যোধন দ্রোণের নিকট হইতে এই অভীষ্ট বিষয় লাভ না করে' ॥৬॥

(২) তত্তু সর্বম্···আপ্তৈরাশু পরিজ্ঞাতম্···পি বা ব রা। (৫)···দ্রোণেনামিত্রঘাতিনা ···নি। (৬) স ত্বমদ্য···পি বা ব, তদনন্তরম্ পি।

অর্জ্জুন উবাচ।

যথা মে ন বধঃ কার্য্য আচার্য্যস্য কথঞ্চন।
তথা তব পরিত্যাগো ন মে রাজংশ্চিকীর্ষিতঃ ॥৭॥
অপ্যেব পাণ্ডব! প্রাণানুৎসৃজেয়মহং যুধি।
প্রতীপো নাহমাচার্য্যে ত্বাং বা জহ্যাং কথঞ্চন ॥৮॥
ত্বাং নিগৃহ্যাহবে রাজন্! ধার্ত্তরাষ্ট্রো যমিচ্ছতি।
ন স তং জীবলোকেঽস্মিন্ কামং প্রাপ্তা কথঞ্চন ॥৯॥
প্রপতেদ্দ্যোঃ সনক্ষত্রা পৃথিবী শকলীভবেৎ।
ন ত্বাং দ্রোণো নিগৃহ্লীয়াজ্জীবমানে ময়ি ধ্রুবম্ ॥১০॥
যদি তস্য রণে সাহ্যং কুরুতে বজ্রভৃৎ স্বয়ম্।
বিষ্ণুর্বা সহিতো দেবৈর্ন ত্বাং প্রাপ্স্যত্যসৌ মৃধে ॥১১॥

যথেতি। পূর্বত্র মে মম। পরত্র মে ময়া। চিকীর্ষিতঃ কর্ত্তুমিষ্টঃ ॥৭॥

অপীতি। হে পাণ্ডব! অহং যুধি প্রাণানপি উৎসৃজেয়ং ত্যজেয়মেব, তথাপি অহম্ আচার্য্যে দ্রোণং প্রতি, প্রতীপঃ প্রহারেণ প্রতিকূলো ন ভবেয়ম্, ত্বাং বা কথঞ্চন ন জহ্যাং ত্যজেয়ম্ ॥৮॥

ত্বামিতি। কামং পুনর্দ্যূতজয়রূপমভীষ্টম্, প্রাপ্তা প্রাপ্স্যতি ॥৯॥

প্রপতেদিতি। দ্যৌরাকাশম্। শকলীভবেৎ খণ্ডীভবেৎ। জীবমানে জীবতি ॥১০॥

যদীতি। সাহ্যং সাহায্যম্। অত্রার্থে মুনিসু কৃতোঽয়ং শব্দ ইতি বহুশ উক্তম্ ॥১১॥

অর্জ্জুন বলিলেন—'রাজা! আচার্য্যকে বধ করা যেমন আমার কোন প্রকারেই কর্ত্তব্য নহে, তেমন আপনাকে পরিত্যাগ করাও আমার কোন প্রকারেই অভীষ্ট নহে ॥৭॥

পাণ্ডব! আমি যুদ্ধে প্রাণও ত্যাগ করিব; কিন্তু কোন প্রকারেই দ্রোণের প্রতিকূল হইব না, কিংবা আপনাকে পরিত্যাগ করিব না ॥৮॥

অতএব রাজা! দুর্য্যোধন যুদ্ধে আপনাকে নিগৃহীত করিয়া যাহা ইচ্ছা করিতেছে, তাহা সে এই পৃথিবীতে কোন প্রকারেই পাইবে না ॥৯॥

নক্ষত্রের সহিত আকাশ পড়িয়া যাইবে, কিংবা পৃথিবী খণ্ড খণ্ড হইবে; তথাপি আমি জীবিত থাকিতে নিশ্চয়ই দ্রোণ আপনাকে নিগৃহীত করিতে পারিবেন না ॥১০॥

সমস্ত দেবগণের সহিত স্বয়ং ইন্দ্র কিংবা বিষ্ণুও যদি যুদ্ধে দ্রোণের সাহায্য করেন, তথাপি তিনি যুদ্ধে আপনাকে ধরিতে সমর্থ হইবেন না ॥১১॥

(৭)···আচার্য্যস্য কদাচন···পি বা ব রা।

মযি জীবতি রাজেন্দ্র! ন ভয়ং কর্ত্তুমর্হসি।
দ্রোণাদস্ত্রভৃতাং শ্রেষ্ঠাৎ সর্ব্বশস্ত্রভৃতামপি ॥১২॥
অন্যচ্চ ব্রুয়াং রাজেন্দ্র! প্রতিজ্ঞা মম নিত্যদা।
ন স্মরাম্যনৃতাং বাচং ন স্মরামি পরাজয়ম্।
ন স্মরামি প্রতিশ্রুত্য কিঞ্চিদপ্যনৃতম্ কৃতম্ ॥১৩॥

সঞ্জয় উবাচ।

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ মৃদঙ্গাশ্চানকৈঃ সহ।
প্রাবাদ্যন্ত মহারাজ! পাণ্ডবানাং নিবেশনে ॥১৪॥
সিংহনাদশ্চ সংজজ্ঞে পাণ্ডবানাং মহাত্মনাম্।
ধনুর্জ্যাতলশব্দশ্চ গগনস্পৃক্ সুভৈরবঃ ॥১৫॥
তং শ্রুত্বা শঙ্খনির্ঘোষং পাণ্ডবস্য মহৌজসঃ।
ত্বদীয়েষ্বপ্যনীকেষু বাদিত্রাণ্যভিজঘ্নিরে ॥১৬॥

ময়ীতি। দূরে ক্ষেপেণ বধসাধনমস্ত্রং বাণাদি, "অস্ ক্ষেপণে" ইতি ধাত্বর্থাত্তসাবাৎ। সন্নিধৌ হিংসাসাধনন্তু শস্ত্রং শূলাদি, "শস্ হিংসায়াম্" ইতি ধাত্বর্থবশাদিত্যপুনরুক্তিঃ ॥১২॥

অন্যদিতি। বাচমুক্তামিতি শেষঃ। অত আশ্বসিহীতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

তত ইতি। নিবেশনে শিবিরে ॥১৪॥

সিংহেতি। ধনুষাং জ্যা গুণাঃ তলানি হস্তাবাপাশ্চ তেষাং শব্দঃ ॥১৫॥

তমিতি। অনীকেষু সৈন্যেষু, বাদিত্রাণি বাদ্যানি, অভিজঘ্নিরে বাদিতানি ॥১৬॥

অতএব রাজশ্রেষ্ঠ! আমি জীবিত থাকিতে আপনি—সমস্ত অস্ত্রধারী বা শস্ত্রধারীর মধ্যে শ্রেষ্ঠ দ্রোণ হইতে ভয় করিতে পারেন না ॥১২॥

রাজা! আমি আর এক কথা বলিতেছি; আমার প্রতিজ্ঞা চিরকাল অক্ষুণ্ণ থাকে এবং আমি মিথ্যা কথা বলিয়াছি এরূপ মনে পড়ে না, আমার পরাজয় হইয়াছে ইহা স্মরণ হয় না, কিংবা আমি কোন বিষয়ে প্রতিশ্রুতি দিয়া তাহা মিথ্যা করিয়াছি এরূপও মনে পড়ে না' ॥১৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর পাণ্ডবশিবিরে আনকের সহিত শঙ্খ, ভেরী ও মৃদঙ্গ বাজিতে লাগিল ॥১৪॥

এবং মহাত্মা পাণ্ডবগণের শিবিরে সিংহনাদ ও আকাশস্পর্শী অতিভয়ঙ্কর ধনুষ্টঙ্কার হইতে থাকিল ॥১৫॥

মহারাজ! মহাতেজা পাণ্ডবপক্ষের সেই শঙ্খধ্বনিপ্রভৃতি শুনিয়া আপনার সৈন্যমধ্যেও বাদ্যকারেরা বাদ্য বাজাইতে লাগিল ॥১৬॥

(১৩)···প্রতিজ্ঞাং মম নিশ্চলাম্···প্রতিশ্রুত্য বিস্মৃত্য মনসাঽকৃতম্—নি। (১৬) শ্রুত্বা শঙ্খস্য নির্ঘোষম্···নি।

ততো ব্যূঢ়ান্যনীকানি তব তেষাঞ্চ ভারত ! ।
শনৈরুপেয়ুরন্যোন্যং যোৎস্যমানানি সংযুগে ॥১৭॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ দ্রোণপাঞ্চাল্যয়োরপি ॥১৮॥
যতমানাঃ প্রযত্নেন দ্রোণানীকবিনাশনে ।
ন শেকুঃ সৃঞ্জয়া যুদ্ধে তদ্ধি দ্রোণেন পালিতম্ ॥১৯॥
তথৈব তব পুত্রস্য রথোদারাঃ প্রহারিণঃ ।
ন শেকুঃ পাণ্ডবীং সেনাং পাল্যমানাং কিরীটিনা ॥২০॥
আস্তাং তে স্তিমিতে সেনে রক্ষ্যমাণে পরস্পরম্ ।
সম্প্রসুপ্তে যথা নক্তং বনরাজ্যৌ সুপুষ্পিতে ॥২১॥
ততো রুক্মরথো রাজন্নর্কেণেব বিরাজতা ।
বরূথিনা বিনিষ্পত্য ব্যচরৎ পৃতনামুখে ॥২২॥

তত ইতি। ব্যূঢ়ানি ব্যূহরূপেণ সন্নিবেশিতানি ॥১৭॥

তত ইতি। পাঞ্চাল্যোঽত্র ধৃষ্টদ্যুম্নঃ ॥১৮॥

যতেতি। যতমানা জয়ে। হি যস্মাৎ ॥১৯॥

তথেতি। রথোদারা মহারথাঃ। পাণ্ডবীং সেনাং বিনাশয়িতুমিতি শেষঃ ॥২০॥

আস্তামিতি। সম্প্রসুপ্তে পর্ণপুষ্পাদিসঙ্কোচশালিন্যৌ সুপুষ্পিতে চ, বনরাজ্যৌ বনশ্রেণ্যৌ, নক্তং রাত্রৌ যথা, তথা দ্রোণার্জ্জুনাভ্যাং পরস্পরং রক্ষ্যমাণে, তে সেনে, স্তিমিতে নিশ্চলে আস্তাম্ ॥২১॥

তত ইতি। রুক্মরথো দ্রোণঃ। বরূথিনা রথেন, বিনিষ্পত্য মধ্যাদ্বিনির্গত্য ॥২২॥

ভরতনন্দন ! তাহার পর আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের ব্যূহিত সৈন্যেরা যুদ্ধার্থী হইয়া ধীরে ধীরে পরস্পরাভিমুখে চলিল ॥১৭॥

তৎপরে পাণ্ডবগণ ও কৌরবগণের এবং দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ উপস্থিত হইল ॥১৮॥

জয়ে যত্নশীল সৃঞ্জয়েরা বিশেষ যত্ন করিয়াও দ্রোণের সৈন্য বিনাশ করিতে সমর্থ হইল না। কারণ, তাহা দ্রোণকর্ত্তৃক রক্ষিত ছিল ॥১৯॥

আবার সেইরূপই আপনার পুত্রের প্রহারী মহারথেরাও অর্জ্জুনরক্ষিত পাণ্ডবসৈন্য বিনাশ করিতে পারিলেন না ॥২০॥

ক্রমে রাত্রিতে যেমন পত্রপুষ্পসঙ্কোচযুক্ত ও পুষ্পসমন্বিত দুইটা বনশ্রেণী নিশ্চল থাকে, সেইরূপ পরস্পর সুরক্ষিত সেই সেনা দুইটা কিছু কাল নিশ্চল থাকিল ॥২১॥

তমুদ্যন্তং রথেনৈকমাশুকারিণমাহবে।
অনেকমিব সন্ত্রাসান্মেনিরে পাণ্ডুসৃঞ্জয়াঃ ॥২৩॥
তেন মুক্তা শরা ঘোরা বিচেরুঃ সর্বতোদিশম্।
ত্রাসয়ন্তো মহারাজ! পাণ্ডবেয়স্য বাহিনীম্ ॥২৪॥
মধ্যন্দিনমনুপ্রাপ্তো গভস্তিশতসংবৃতঃ।
যথা দৃশ্যেত ঘর্ম্মাংশুস্তথা দ্রোণোঽপ্যদৃশ্যত ॥২৫॥
ন চৈনং পাণ্ডবেয়ানাং কশ্চিচ্ছক্নোতি ভারত!।
বীক্ষিতুং সমরে ক্রুদ্ধং মহেন্দ্রমিব দানবাঃ ॥২৬॥
মোহয়িত্বা ততঃ সৈন্যং ভারদ্বাজঃ প্রতাপবান্।
ধৃষ্টদ্যুম্নবলং তূর্ণং ব্যধমন্নিশিতৈঃ শরৈঃ ॥২৭॥

তমিতি। উদ্যন্তং শত্রুন্ প্রহারায়োদ্যমানম্। আশুকারিণং দ্রুতাস্ত্রক্ষেপিণম্ ॥২৩॥
তেনেতি। তেন দ্রোণেন, মুক্তা নিক্ষিপ্তাঃ ॥২৪॥
মধ্যেতি। গভস্তিশতসংবৃতঃ কিরণসমূহবেষ্টিতঃ। ঘর্ম্মাংশুঃ সূর্য্যঃ ॥২৫॥
নেতি। এনং দ্রোণম্। মহেন্দ্রং দেবরাজম্ ॥২৬॥
মোহেতি। ভারদ্বাজো দ্রোণঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৭॥

রাজা! তদনন্তর স্বর্ণরথ দ্রোণ সূর্য্যের ন্যায় উজ্জ্বল রথে নিজসৈন্যমধ্য হইতে নির্গত হইয়া সেই সৈন্যের সম্মুখে বিচরণ করিতে লাগিলেন ॥২২॥

দ্রুতাস্ত্রক্ষেপী একক দ্রোণ রথারোহণে যুদ্ধে উপস্থিত হইলে, পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ ভয়ে তাঁহাকে যেন অনেক বলিয়া মনে করিতে লাগিলেন ॥২৩॥

মহারাজ! দ্রোণনিক্ষিপ্ত ভয়ঙ্কর বাণ সকল পাণ্ডবসেনাকে বিত্রস্ত করিয়া সমস্ত দিকে বিচরণ করিতে লাগিল ॥২৪॥

তখন মধ্যাহ্নগত কিরণসমূহবেষ্টিত সূর্য্যকে যেমন দেখা যায়, দ্রোণকে তেমন দেখা যাইতে থাকিল ॥২৫॥

ভরতনন্দন! দানবেরা যেমন যুদ্ধে ইন্দ্রের প্রতি দৃষ্টিপাতও করিতে পারে নাই, সেইরূপ পাণ্ডবপক্ষের মধ্যে কোন ব্যক্তিই দ্রোণের প্রতি দৃষ্টিপাত করিতে পারে নাই ॥২৬॥

তাহার পর প্রতাপশালী দ্রোণ পাণ্ডবসৈন্যকে মুগ্ধ করিয়া নিশিত বাণসমূহদ্বারা সত্বর সত্বর ধৃষ্টদ্যুম্নের সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥২৭॥

(২৩) তমুদ্যন্তং রথেনৈকম্...পি।

স দিশঃ সর্ব্বতো রুদ্ধ্বা সংবৃত্য খমজিহ্মগৈঃ।
পার্ষতো যত্র তত্রৈব মমৃদে পাণ্ডুবাহিনীম্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে অর্জ্জুনকৃতযুধিষ্ঠিরাশ্বাসনে একাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

দ্বাদশোঽধ্যায়ঃ।

——o:::o——

সঞ্জয় উবাচ।

ততঃ স পাণ্ডবানীকে জনয়ন্ সুমহদ্ভয়ম্।
ব্যচরৎ পৃতনাং দ্রোণো দহন্ কক্ষমিবানলঃ ॥১॥
নির্দ্দহন্তমনীকানি সাক্ষাদগ্নিমিবোত্থিতম্।
দৃষ্ট্বা রুক্মরথং ক্রুদ্ধং সমকম্পন্ত সৃঞ্জয়াঃ ॥২॥

স ইতি। খমাকাশম্, অজিহ্মগৈর্বাণৈঃ। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। মমৃদে মর্দ্দয়ামাস ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তত ইতি। পাণ্ডবানামনীকে সৈন্যে। পৃতনাং পাণ্ডবসেনাম্। কক্ষং তৃণরাশিম্ ॥১॥
নির্দ্দহন্তমিতি। রুক্মরথং স্বর্ণময়রথং দ্রোণম্ ॥২॥

এবং তিনি বাণসমূহদ্বারা সমস্ত দিক্ রুদ্ধ ও আকাশ আবৃত করিয়া যেখানে ধৃষ্টদ্যুম্ন ছিলেন, সেইখানেই পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতে থাকিলেন' ॥২৮॥

——:০:——

সঞ্জয় বলিলেন—'তাহার পর দ্রোণ পাণ্ডবসৈন্যের গুরুতর ভয় উৎপাদন করিয়া অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করতঃ বিচরণ করে, সেইরূপ পাণ্ডবসৈন্য দগ্ধ করতঃ বিচরণ করিতে লাগিলেন ॥১॥

ক্রুদ্ধ দ্রোণকে উত্থিত সাক্ষাৎ অগ্নির ন্যায় পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে দেখিয়া সৃঞ্জয়েরা কাঁপিতে লাগিল ॥২॥

* '…দ্বাদশোঽধ্যায়ঃ' ব, '…ত্রয়োদশোঽধ্যায়ঃ' বা রা নি। (১)…জনয়ংস্তুমুলং মহৎ… পি ব।

সততং ক্রুধ্যতঃ সংখ্যে ধনুষোঽস্যাশুকারিণঃ।
জ্যাঘোষঃ শুশ্রুবেঽত্যর্থং বিস্ফূর্জিতমিবাশনেঃ ॥৩॥
রথিনঃ সাদিনশ্চৈব নাগানশ্বান্ পদাতিনঃ।
রৌদ্রা হস্তবতা মুক্তাঃ সংমৃদ্নন্তি স্ম সায়কাঃ ॥৪॥
নানদ্যমানঃ পর্জ্জন্যঃ সানিলঃ শুচিসংক্ষয়ে।
অশ্মবর্ষমিবাবর্ষৎ পরেষামাবহদ্ভয়ম্ ॥৫॥
বিচরন্ স তদা রাজন্! সেনাং সংক্ষোভয়ন্ প্রভুঃ।
বর্দ্ধয়ামাস সন্ত্রাসং শাত্রবাণামমানুষম্ ॥৬॥
তস্য বিদ্যুদিবাভ্রেষু চাপং হেমপরিষ্কৃতম্।
ভ্রাজমানং রথে তস্মিন্ দৃশ্যতে স্ম মহাভয়ম্ ॥৭॥
স বীরঃ সত্যবান্ প্রাজ্ঞো ধর্ম্মনিত্যঃ সদা পুনঃ।
যুগান্তকালবদ্ঘোরাং রৌদ্রাং প্রাবর্ত্তয়ন্নদীম্ ॥৮॥

সততমিতি। সততং শুশ্রুব ইতি সম্বন্ধঃ। বিস্ফূর্জিতং নিষ্পেষধ্বনিঃ ॥৩॥

রথিন ইতি। সাদিনোঽশ্বারোহিণঃ, নাগান্ গজান্। হস্তবতা লঘুহস্তেন দ্রোণেন ॥৪॥

নানদ্যেতি। শুচিসংক্ষয়ে গ্রীষ্মাবসানে, নানদ্যমানঃ পুনঃ পুনর্নদন্ গর্জন্, সানিলঃ সবায়ুঃ, পর্জ্জন্যো মেঘঃ, অশ্মবর্ষং করকাবর্ষমিব, দ্রোণো বাণবর্ষম্, অবর্ষৎ অকরোৎ। পরেষাং শত্রূণাম্, ভয়ম্, আবহৎ অজনয়চ্চ ॥৫॥

বিচরন্নিতি। প্রভুঃ অস্ত্রপ্রয়োগদক্ষো দ্রোণঃ ॥৬॥

তস্যেতি। অভ্রেষু মেঘেষু। হেমপরিষ্কৃতং স্বর্ণশোভিতম্ ॥৭॥

স ইতি। স দ্রোণঃ। ঘোরাং মহতীম্, রৌদ্রাং ভীষণাম্ ॥৮॥

ক্রমে ক্রুদ্ধ ও দ্রুতাস্ত্রক্ষেপী দ্রোণের ধনুর গুণধ্বনি, বজ্রপাতশব্দের ন্যায় সমরাঙ্গনে অনবরত শুনা যাইতে থাকিল ॥৩॥

লঘুহস্ত দ্রোণকর্ত্তৃক নিক্ষিপ্ত ভয়ঙ্কর বাণ সকল রথী, অশ্বারোহী, পদাতি, হস্তী ও অশ্বদিগকে মর্দ্দন করিতে লাগিল ॥৪॥

বর্ষাকালে অনবরত গর্জনকারী ও বায়ুযুক্ত মেঘ যেমন শিলা বর্ষণ করে, দ্রোণও তেমন বাণবর্ষণ এবং শত্রুপক্ষের ভয়োৎপাদন করিতে লাগিলেন ॥৫॥

রাজা! অস্ত্রপ্রয়োগদক্ষ দ্রোণ তখন বিপক্ষসৈন্যকে ক্ষুব্ধ করতঃ বিচরণ করিতে থাকিয়া শত্রুপক্ষের অলৌকিক ভয় বৃদ্ধি করিলেন ॥৬॥

মেঘের উপরে বিদ্যুতের ন্যায় দ্রোণের সেই রথে তাঁহার স্বর্ণখচিত ধনুখানাকে দেখা যাইতে লাগিল ॥৭॥

(৩) সততং ক্রুধ্যতঃ সংখ্যে —বা ব। (৫) —প্রবৃদ্ধঃ শুচিসংক্ষয়ে —নি। (৬) বিচরন্ [illegible]নিশঃ সর্ব্বাঃ নি।

অমর্ষবেগপ্রভবাং ক্রব্যাদগণসঙ্কুলাম্।
বলৌঘৈঃ সর্ব্বতঃ পূর্ণাং ধ্বজবৃক্ষাপহারিণীম্ ॥৯॥
শোণিতোদাং রথাবর্ত্তাং হস্ত্যশ্বকৃতরোধসম্।
কবচোৎপলসংযুক্তাং মাংসপঙ্কসমাকুলাম্ ॥১০॥
মেদোমজ্জাস্থিসিকতামুষ্ণীষচয়ফেনিলাম্।
সংগ্রামজলদাপূর্ণাং প্রাসমৎস্যসমাকুলাম্ ॥১১॥
নরনাগাশ্বকলিলাং শরবেগৌঘবাহিনীম্।
শরীরদারুসংঘট্টাং রথকচ্ছপসঙ্কুলাম্ ॥১২॥
উত্তমাঙ্গৈঃ পঙ্কজিনীং নিস্ত্রিংশঝষসঙ্কুলাম্।
রথনাগহ্রদোপেতাং নানাভরণভূষিতাম্ ॥১৩॥
মহারথশতাবর্ত্তাং ভূমিরেণূর্ম্মিমালিনীম্।
মহাবীর্য্যবতাং সংখ্যে সুতরাং ভীরুদুস্তরাম্ ॥১৪॥
শরীরশতসংবাধাং গৃধ্রকঙ্কনিষেবিতাম্।
মহারথসহস্রাণি নয়ন্তীং যমসাদনম্ ॥১৫॥

অথৈকাদশভিঃ শ্লোকৈঃ রূপকেন তামেব নদীং বর্ণয়তি। অমর্ষেতি। অত্র সাদৃশ্যমূহনীয়ম্, অসামঞ্জস্যং পুনরুক্তিদূষণঞ্চাবধানাৎ সহনীয়ম্। জলস্যেব অমর্ষস্য ক্রোধস্য বেগেন প্রভবতীতি তাম্, ক্রব্যাদানাং মাংসভোজিনাং শৃগালাদীনাং গণেন সঙ্কুলাং ব্যাপ্তাম্। বলৌঘৈঃ সৈন্যসমূহৈঃ কাকসমূহৈশ্চ সর্ব্বতঃ পূর্ণাম্, ধ্বজা এব বৃক্ষাস্তানপহরতীতি তাম্। শোণিতানি রক্তান্যেব উদকানি জলানি যস্যাস্তাম্। রথা এব আবর্ত্তা জলভ্রমযো যস্যাস্তাম্, হস্তিভিরশ্বৈশ্চ কৃতানি রোধাংসি তীরাণি যস্যাস্তাম্। কবচান্যেব উৎপলানি তৈঃ সংযুক্তাম্, মাংসান্যেব পঙ্কাঃ কর্দ্দমাস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাম্। মেদোমজ্জাস্থীন্যেব সিকতা বালুকা যস্যাস্তাম্, উষ্ণীষাণাং চয়েন সমূহেন ফেনিলাং ফেনবতীম্। সংগ্রামা এব জলদা মেঘাস্তৈরাপূর্ণাম্, প্রাসা অস্ত্রবিশেষা এব

ক্রমে বীর, সত্যপরায়ণ, বিদ্বান্ এবং সর্বদা ধর্ম্মনিষ্ঠ দ্রোণ প্রলয়কালের ন্যায় বিশাল ও ভয়ঙ্কর একটা নদী প্রবর্ত্তিত করিলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ রাজা! সেই নদীটা জলবেগের ন্যায় ক্রোধবেগে জন্মিয়াছিল, মাংসভোজী প্রাণীরা সেটাকে ব্যাপ্ত করিয়াছিল, কাকসমূহের ন্যায় সৈন্যসমূহে সেটা সকল দিকে পূর্ণ ছিল, ধ্বজরূপ বৃক্ষ সকল হরণ করিতেছিল, রক্ত ছিল তাহার জল, রথ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ও অশ্বের শরীর হইয়াছিল তীর, বর্ম্ম ছিল উৎপল, মাংস ছিল কর্দ্দম, মেদ মজ্জা ও অস্থি ছিল বালি, উষ্ণীষসমূহ ছিল

(১০) কবচোড়ুপসংযুক্তাম্...নি। (১১)· উষ্ণীষবরফেনিলাম্...পি। (১৩) উত্তমাঙ্গোপলতটাম্...ব।

শূলব্যালসমাকীর্ণাং প্রাণিবাজিনিষেবিতাম্।
ছিন্নচ্ছত্রমহাহংসাং মুকুটাণ্ডজসেবিতাম্ ॥১৬॥
চক্রকূর্ম্মাং গদানক্রাং শরক্ষুদ্রঝষাকুলাম্।
বকগৃধ্রশৃগালানাং ঘোরসংঘৈর্নিষেবিতাম্ ॥১৭॥
নিহতান্ প্রাণিনঃ সংখ্যে দ্রোণেন বলিনা রণে।
বহন্তীং পিতৃলোকায় শতশো রাজসত্তম ! ॥১৮॥
শরীরশতসংবাধাং কেশশৈবলশাদ্বলাম্।
নদীং প্রাবর্ত্তয়দ্রাজন্ ! ভীরূণাং ভয়বর্দ্ধিনীম্ ॥১৯॥ (কুলকম্)

[illegible]সংঘাতৈঃ সমাকুলাম্। নরৈঃ নাগৈর্গজৈঃ অশ্বৈশ্চ কলিলাং ব্যাপ্তাম্, শরা এব বেগৌঘা [illegible]বেগবন্তঃ প্রবাহাস্তান্ বহতীতি তাম্। শরীরাণ্যেব দারুণি বৃক্ষাদৈঃ সংঘট্টাঃ সমীচীনঘট্টা যস্যাং [illegible]তাম্, রথা এব কচ্ছপাদৈঃ সঙ্কুলাম্। উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ পঙ্কজিনীং পদ্মবতীং মুখরূপ-[illegible]শোভিতার্থঃ, নিস্ত্রিংশাঃ খড়্গা এব ঝষা মৎস্যাদৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। রথা নাগা গজা [illegible] হ্রদাদৈরুপেতাং যুক্তাম্, নানাভরণৈঃ কুণ্ডলাদিভিঃ [illegible]রবৃক্ষপুষ্পৈশ্চ ভূষিতাম্। মহৎ [illegible] রথশতমেব আবর্ত্তা জলভ্রমযো যস্যাস্তাম্, ভূমিরেণবো ভূতলধূলয় এব ঊর্ম্মিস্তরঙ্গা-[illegible] মালা অস্যা অস্তীতি তাম্। সংখ্যে যুদ্ধে মহাবীর্য্যবতাম্, সুখেন তীর্য্যত ইতি সুতরা [illegible] ভীরূণাঞ্চ জনানাং দুস্তরাম্। শরীরশতৈঃ সংবাধাং সঙ্কীর্ণাম্, গৃধ্রৈঃ কঙ্কৈশ্চ পক্ষিভি-[illegible]বিতাম্। মহারথসহস্রাণি, যমস্য সাদনং ভবনম্, নয়ন্তীং প্রবাহেণ প্রাপয়ন্তীম্। শূলান্যেব [illegible] সর্পাদৈঃ সমাকীর্ণাম্, প্রাণিভিঃ প্রাণবদ্ভিরেব বাজিভিঃ পতিতৈরশ্বৈর্নিষেবিতাম্। [illegible]ন্নানি ছত্রাণ্যেব এব মহান্তো হংসা যস্যাং তাম্, মুকুটান্যেব অণ্ডজাঃ পক্ষিবিশেষাদৈঃ [illegible]বিতাম্। চক্রাণ্যেব কূর্ম্মা যস্যাং তাম্, গদা এব নক্রা জলজন্তবো যস্যাং তাম্। শরা এব

[illegible] নদীটা যুদ্ধরূপ মেঘে পূর্ণ হইয়াছিল, কুম্ভরূপ মৎস্যে ব্যাপ্ত ছিল, মানুষ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ ছিল, তাহাতে বাণরূপ বেগবান্ প্রবাহ চলিতেছিল, দেহরূপ বৃক্ষে ঘাট তৈয়ারি হইয়াছিল, সেটা রথরূপ কচ্ছপে ব্যাপ্ত ছিল, তাহাতে বীরগণের মুখ ছিল পদ্ম, তরবারি ছিল মৎস্য, রথ ও হস্তী ছিল হ্রদ, সে নদীটা নানা অলঙ্কারে অলঙ্কৃত ছিল, তাহাতে বিশাল রথ সকল ছিল আবর্ত্ত [illegible]), ধূলিরাশি ছিল তরঙ্গমালা, অত্যন্ত বলবান্ যোদ্ধারা তাহা অনায়াসে উত্তীর্ণ হইতেছিলেন, কিন্তু ভীরু লোকেরা কষ্টে পার হইতেছিল, সে নদীটা শত শত শরীরে ব্যাপ্ত ছিল, গৃধ্র ও কঙ্কপক্ষিগণে পূর্ণ ছিল, সহস্র সহস্র মহা-রথকে যমালয়ে লইয়া যাইতেছিল, শূলরূপ সর্পে ব্যাপ্ত ছিল, তাহাতে প্রাণবান্ অশ্বগণ পড়িয়াছিল, ছিন্ন ছত্রস্বরূপ মহাহংসগণ অবস্থান করিতেছিল, মুকুটরূপ

(১৬) শূলব্যালসমাকীর্ণাম্...পি,... ছিন্নক্ষত্রমহাহংসাম্... নি।

তং জয়ন্তমনীকানি তানি তানি মহারথম্ ।
সর্বতোঽভ্যদ্রবন্ দ্রোণং যুধিষ্ঠিরপুরোগমাঃ ॥২০॥
তানভিদ্রবতঃ শূরাংস্তাবকা দৃঢ়বিক্রমাঃ ।
সর্ব্বতঃ প্রত্যগৃহ্নন্ত তদভূদ্রোমহর্ষণম্ ॥২১॥
শতমায়স্তু শকুনিঃ সহদেবং সমাদ্রবৎ ।
সনিয়ন্তৃধ্বজরথং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
তস্য মাদ্রীসুতঃ কেতুং ধনুঃ সূতং হয়ানপি ।
নাতিক্রুদ্ধঃ শরৈশ্ছিত্ত্বা ষষ্ট্যা বিব্যাধ সৌবলম্ ॥২৩॥

ক্ষুদ্রা ঝষা মৎস্যাস্তৈরাকুলাং ব্যাপ্তাম্। বকগৃধ্রশৃগালানাং ঘোরসংঘৈর্ভীষণসমূহৈর্নিষেবিতাম্। হে রাজসত্তম! সম্যক্ খ্যায়তে ভীষণত্বেনোচ্যতে ইতি সংখ্যস্তস্মিন্ রণে বলিনা দ্রোণেন নিহতান্ শতশঃ প্রাণিনঃ পিতৃলোকায় বহন্তীম্। হে রাজন্! শরীরশতসংবাধাম্, কেশা এব শৈবলানি তৈঃ শাদ্বলাং হরিদ্বর্ণাম্, ভীরূণাং ভয়বর্দ্ধিনীঞ্চ নদীম্, প্রাবর্ত্তয়ৎ উদপাদয়ৎ দ্রোণ ইতি শেষঃ ॥৯—১৯॥

তমিতি। অনীকানি পাণ্ডবসৈন্যানি। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥২০॥

তানিতি। তাবকা ত্বৎপক্ষীয়যোদ্ধারঃ। তদযুদ্ধম্ ॥২১॥

শতেতি। শতং বিবিধা মায়া যস্য সঃ। নিয়ন্তা রথচালয়িতা সারথিঃ ॥২২॥

তস্যেতি। কেতুং ধ্বজম্, সূতং সারথিম্, হয়ান্ অশ্বান্। সৌবলং শকুনিম্ ॥২৩॥

পক্ষী চলিতেছিল, চক্র ছিল তাহার কচ্ছপ, গদা ছিল জলজন্তু, বাণ ছিল ক্ষুদ্র মৎস্য, ভয়ঙ্কর বক গৃধ্র ও শৃগালগণ বিচরণ করিতেছিল, বলবান্ দ্রোণ যুদ্ধে যাহাদিগকে বিনাশ করিতেছিলেন, তাহাদিগকে সেই নদীটা পিতৃলোকে লইয়া যাইতেছিল, শত শত শরীরে সে নদীটা পূর্ণ ছিল, কেশরূপ শৈবলে (সেওলাতে) সে নদীটা হরিদ্বর্ণ হইয়াছিল এবং ভীরুলোকদের ভয় বৃদ্ধি করিতেছিল; দ্রোণ উক্তরূপ একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিয়াছিলেন ॥৯—১৯॥

মহারথ দ্রোণ সেই সেই পাণ্ডবসৈন্য জয় করিতে লাগিলে, যুধিষ্ঠিরপ্রভৃতি যোদ্ধারা সকল দিক্ হইতে দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২০॥

সেই বীরেরা দ্রোণের দিকে ধাবিত হইলে, দৃঢ়বিক্রমশালী আপনার পক্ষের যোদ্ধারা তাহাদিগকে গ্রহণ করিলেন। তখন সেই যুদ্ধ রোমহর্ষণভাবে হইতে লাগিল ॥২১॥

নানাপ্রকার মায়াশালী শকুনি সহদেবের প্রতি ধাবিত হইলেন এবং নিশিত শরসমূহদ্বারা সহদেবের রথ, সারথি ও ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥২২॥

(২০) তর্জ্জয়ন্তমনীকানি ব। ব। নি।

সৌবলস্তু গদাং গৃহ্য প্রচস্কন্দ রথোত্তমাৎ।
স তস্য গদয়া রাজন্! রথাৎ সূতমপাতয়ৎ ॥২৪॥
ততস্তৌ বিরথৌ রাজন্! গদাহস্তৌ মহাবলৌ।
চিক্রীড়তু রণে শূরৌ সশৃঙ্গাবিব পর্বতৌ ॥২৫॥
দ্রোণঃ পাঞ্চালরাজানং বিদ্ধা দশভিরাশুগৈঃ।
বহূনন্যাংশ্চ সমরে সমং বিব্যাধ সায়কৈঃ ॥২৬॥
বিবিংশতিং ভীমসেনো বিংশত্যা নিশিতৈঃ শরৈঃ।
বিদ্ধা নাকম্পয়দ্বীরস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৭॥
বিবিংশতিশ্চ সহসা ব্যশ্বসূতশরাসনম্।
ভীমং চক্রে মহারাজ! ততঃ সৈন্যান্যপূজয়ন্ ॥২৮॥

সৌবল ইতি। গৃহ্য গৃহীত্বা, প্রচস্কন্দ অবততার ॥২৪॥
তত ইতি। সশৃঙ্গাবিবেত্যনেন গদাদ্বয়স্য শৃঙ্গতুল্যত্বং ধ্বনিতম্ ॥২৫॥
দ্রোণ ইতি। পাঞ্চালরাজানং দ্রুপদম্। অদন্ত্যভাব আর্যঃ। সমং যুগপৎ ॥২৬॥
বিবিংশতিমিতি। মহাবীরেণ সাধারণবীরস্যাকম্পনমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥২৭॥
বিবিংশতিরিতি। বিগতানি অশ্বাঃ সূতঃ সারথিঃ শরাসনঞ্চ যস্য তম্ ॥২৮॥

তখন সহদেবও অনধিক ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা শকুনির ধ্বজ, ধনু, সারথি ও অশ্বগুলিকে ছেদন করিয়া ষাটটা বাণদ্বারা শকুনিকে বিদ্ধ করিলেন ॥২৩॥

রাজা! পরে শকুনি গদা ধারণপূর্বক উত্তম রথ হইতে অবতরণ করিয়া সেই গদাদ্বারা সহদেবের সারথিকে তাঁহার রথ হইতে নিপাতিত করিলেন ॥২৪॥

রাজা! তাহারপর রথশূন্য, গদাধারী, মহারথ ও বীর শকুনি এবং সহদেব শৃঙ্গযুক্ত দুইটা পর্ব্বতের ন্যায় সমরাঙ্গনে রণক্রীড়া করিতে লাগিলেন ॥২৫॥

এদিকে দ্রোণাচার্য্য দশটা বাণদ্বারা দ্রুপদরাজাকে বিদ্ধ করিয়া অন্য বহুতর বাণদ্বারা একদা অন্য বহু যোদ্ধাকে বিদ্ধ করিলেন ॥২৬॥

ওদিকে মহাবীর ভীমসেন কুড়িটা সুধার বাণদ্বারা বিবিংশতিকে বিদ্ধ করিয়াও কম্পিত করিতে পারিলেন না; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥২৭॥

মহারাজ! তখন বিবিংশতিও তৎক্ষণাৎ ভীমসেনের অশ্ব, সারথি ও ধনু ছেদন করিলেন; তাহার পর সৈন্যেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিল ॥২৮॥

---

(২৪) গদাং গৃহীত্বা শকুনিঃ···নি। (২৬) দ্রোণঃ পাঞ্চালদায়াদম্ ··নি,·· বহুভিস্তেন চ ভাস্বং বিব্যাধ ততোঽধিকৈঃ—বা ব।

স তন্ন মমৃষে বীরঃ শত্রোর্বিক্রমমাহবে।
ততোঽস্য গদয়া দান্তান্ হয়ান্ সর্ব্বানপাতয়ৎ ॥২৯॥
হতাশ্বাৎ স রথাদ্রাজন্! গৃহ্য চর্ম্ম মহাবলঃ।
অভ্যয়াদ্ভীমসেনন্তু মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৩০॥
শল্যস্তু নকুলং বীরঃ স্বস্রীয়ং প্রিয়মাত্মনঃ।
বিব্যাধ প্রহসন্ বাণৈর্লালয়ন্ কোপয়ন্নিব ॥৩১॥
তস্যাশ্বানাতপত্রঞ্চ ধ্বজং সূতমথো ধনুঃ।
নিপাত্য নকুলঃ সংখ্যে শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥৩২॥
ধৃষ্টকেতুঃ কৃপেণাস্তাংশ্ছিত্ত্বা বহুবিধান্ শরান্।
কৃপং বিব্যাধ সপ্তত্যা ধ্বজঞ্চাস্য ত্রিভিঃ শরৈঃ ॥৩৩॥
তং কৃপঃ শরবর্ষেণ মহতা সমবারয়ৎ।
বিব্যাধ চ রণে বিপ্রো ধৃষ্টকেতুমমর্ষণম্ ॥৩৪॥

স ইতি। স ভীমসেনঃ, মমৃষে সেহে। দান্তান্ শিক্ষিতান্, হয়ান্ অশ্বান্ ॥২৯॥
হতেতি। চর্ম্মেত্যসেরপ্যুপলক্ষণম্। মহাবলো বিবিংশতিঃ। দ্বিপং হস্তিনম্ ॥৩০॥
শল্য ইতি। স্বস্রীয়ং ভাগিনেয়ম্। লালয়ন্ হস্তামর্শেনেবেতি ভাবঃ ॥৩১॥
তস্যেতি। আতপত্রং ছত্রম্, সূতং সারথিম্। সংখ্যে যুদ্ধে ॥৩২॥
ধৃষ্টেতি। অস্তান্ ক্ষিপ্তান্। "অস ক্ষেপণে" ইত্যস্মাদ্ধাতোঃ কর্ম্মণি ক্তঃ ॥৩৩॥
তমিতি। বিপ্রঃ কৃপ এব, অমর্ষণম্ আক্রমণাসহিষ্ণুম্ ॥৩৪॥

কিন্তু মহাবীর ভীমসেন যুদ্ধে শত্রুর সেই বিক্রম সহ্য করিলেন না; তিনি তখন গদাদ্বারা বিবিংশতির সমস্ত শিক্ষিত অশ্বগুলিকে নিপাতিত করিলেন ॥২৯॥

রাজা! তখন মহাবল বিবিংশতি খড়্গ ও চর্ম্ম ধারণ করিয়া সেই হতাশ্ব রথ হইতে অবতীর্ণ হইয়া—মত্ত হস্তী যেমন মত্ত হস্তীর প্রতি ধাবিত হয়, সেইরূপ ভীমসেনের প্রতি ধাবিত হইলেন ॥৩০॥

বীর শল্যরাজা হাসিতে হাসিতে লালন ও কোপন করতই যেন বাণদ্বারা নিজের প্রিয়ভাগিনেয় নকুলকে বিদ্ধ করিলেন ॥৩১॥

তখন প্রতাপশালী নকুল যুদ্ধে শল্যরাজার অশ্ব, ছত্র, ধ্বজ, সারথি ও ধনু ছেদন করিয়া শঙ্খধ্বনি করিলেন ॥৩২॥

অপর দিকে ধৃষ্টকেতু কৃপনিক্ষিপ্ত বহুবিধ বাণ ছেদন করিয়া সত্তরটা বাণদ্বারা কৃপকে এবং তিনটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥৩৩॥

(২৯) · হয়ান্ সর্বানপোথয়ৎ—পি। (৩৩)···লক্ষ্ম চাস্যাহরত্রিভিঃ—পি বা ব। (৩৪) নিবার্য্য চ রণে বিপ্রো ধৃষ্টকেতুমযোধয়ৎ—পি ব।

সাত্যকিঃ কৃতবর্ম্মাণং নারাচেন স্তনান্তরে।
বিদ্ধা বিব্যাধ সপ্তত্যা পুনরন্যৈঃ স্ময়ন্নিব ॥৩৫॥
তং ভোজঃ সপ্তসপ্তত্যা বিদ্ধা সুনিশিতৈঃ শরৈঃ।
নাকম্পয়ত শৈনেয়ং শীঘ্রো বায়ুরিবাচলম্ ॥৩৬॥
সেনাপতিঃ সুশর্ম্মাণং ভৃশং মর্ম্মস্বতাড়য়ৎ।
স চাপি তং তোমরেণ জত্রুদেশেঽভ্যতাড়য়ৎ ॥৩৭॥
বৈকর্ত্তনন্তু সমরে বিরাটঃ প্রত্যবারয়ৎ।
সহ মৎস্যৈর্মহাবীরৈস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩৮॥
তৎ পৌরুষমভূত্তত্র সূতপুত্রস্য দারুণম্।
যৎ সৈন্যং বারয়ামাস শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩৯॥

সাত্যকিরিতি। স্তনান্তরে বক্ষসি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন ॥৩৫॥
তমিতি। ভোজঃ কৃতবর্ম্মা। শৈনেয়ং শিনেঃ পৌত্রং সাত্যকিম, শীঘ্রঃ শীঘ্রগামী ॥৩৬॥
সেনেতি। সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ। জত্রুদেশে স্কন্দসন্ধৌ ॥৩৭॥
বৈকর্ত্তনমিতি। বৈকর্ত্তনং কর্ণম্। মহাবীরস্য যুদ্ধেন বারণমদ্ভুতমেবেতি ভাবঃ ॥৩৮॥
তদিতি। পৌরুষং বীরত্বম্। সূতপুত্রস্য একাকিনঃ কর্ণস্য ॥৩৯॥

কৃপাচার্য্য বিশাল বাণবর্ষণদ্বারা ধৃষ্টকেতুকে বারণ করিলেন এবং ব্রাহ্মণ কৃপ অসহিষ্ণু ধৃষ্টকেতুকে যুদ্ধে বিদ্ধও করিলেন ॥৩৪॥

ওদিকে সাত্যকি একটা নারাচদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থলে তাড়ন করিয়া পুনরায় ঈষৎ হাস্য করতই যেন অন্য সত্তরটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৫॥

তখন কৃতবর্ম্মা সুধার সপ্তসপ্ততি বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়াও শীঘ্রগামী বায়ু যেমন পর্ব্বতকে কম্পিত করিতে পারে না, সেইরূপ তাঁহাকে কম্পিত করিতে পারিলেন না ॥৩৬॥

অন্য দিকে ধৃষ্টদ্যুম্ন সুশর্ম্মার মর্ম্মদেশে গুরুতর আঘাত করিলেন; আবার সুশর্ম্মাও একটা তোমরদ্বারা ধৃষ্টদ্যুম্নের স্কন্ধসন্ধিস্থানে তাড়ন করিলেন ॥৩৭॥

অপর স্থানে বিরাটরাজা মৎস্যদেশীয় মহাবীরগণের সহিত মিলিত হইয়া যুদ্ধে কর্ণকে বারণ করিলেন। তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥৩৮॥

তখন কর্ণের সেই বীরত্ব ভয়ঙ্করই হইয়াছিল। যে হেতু তিনি একাকী নতপর্ব বাণসমূহদ্বারা মৎস্যসৈন্যকে বারণ করিতে পারিয়াছিলেন ॥৩৯॥

(৩৬) বিদ্ধাশু নিশিতৈঃ শরৈঃ...বা ব রা নি। (৩৮)...সহ মৎস্যৈর্মহাবীর্য্যৈঃ...বা ব [illegible] নি।

দ্রুপদস্তু স্বয়ং রাজা ভগদত্তেন সঙ্গতঃ।
তয়োর্যুদ্ধং মহারাজ! চিত্ররূপমিবাভবৎ ॥৪০॥
ভগদত্তস্তু রাজানং দ্রুপদং নতপর্ব্বভিঃ।
সনিয়ন্তৃধ্বজরথং বিব্যাধ পুরুষর্ষভঃ ॥৪১॥
দ্রুপদস্তু ততঃ ক্রুদ্ধো ভগদত্তং মহারথম্।
আজঘানোরসি ক্ষিপ্রং শরেণানতপর্ব্বণা ॥৪২॥
যুদ্ধং যোধবরৌ লোকে সৌমদত্তিশিখণ্ডিনৌ।
ভূতানাং ত্রাসজননং চক্রাতেঽস্ত্রবিশারদৌ ॥৪৩॥
ভূরিশ্রবা রণে রাজন্! যাজ্ঞসেনিং মহারথম্।
মহতা সায়কৌঘেন চ্ছাদয়ামাস বীর্য্যবান্ ॥৪৪॥
শিখণ্ডী তু ততঃ ক্রুদ্ধঃ সৌমদত্তিং বিশাংপতে!।
নবত্যা সায়কানাস্তু কম্পয়ামাস ভারত! ॥৪৫॥

দ্রুপদ ইতি। সঙ্গতো যুদ্ধে মিলিতঃ। চিত্ররূপমাশ্চর্য্যম্ ॥৪০॥
ভগদত্ত ইতি। নতানি ঈষদ্বক্রাণি পর্বাণি উপাস্থ্যদেশা যেষাং তৈঃ ॥৪১॥
দ্রুপদ ইতি। উরসি বক্ষসি, ক্ষিপ্রং দ্রুতম্ ॥৪২॥
যুদ্ধমিতি। যোধবরৌ যোদ্ধৃশ্রেষ্ঠৌ, সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। চক্রাতে কৃতবন্তৌ ॥৪৩॥
ভূরীতি। যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্। সায়কৌঘেন বাণসমূহেন ॥৪৪॥
শিখণ্ডীতি। "বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে সর্ব্বাঃ সংখ্যেয়সংখ্যয়োঃ" ইত্যমরোক্তিপ্রামাণ্যাদত্র নবতিপদং সংখ্যানপরমিত্যুপপত্তিঃ ॥৪৫॥

মহারাজ! দ্রুপদরাজা স্বয়ং যাইয়া ভগদত্তের সহিত মিলিত হইলেন; তখন তাঁহাদের যুদ্ধটা আশ্চর্য্যের ন্যায় হইতে লাগিল ॥৪০॥

পুরুষশ্রেষ্ঠ ভগদত্ত নতপর্ব বাণসমূহদ্বারা সারথি, রথ ও ধ্বজের সহিত দ্রুপদরাজাকে বিদ্ধ করিলেন ॥৪১॥

তাহার পর দ্রুপদরাজাও ক্রুদ্ধ হইয়া একটা নতপর্ব্ব বাণদ্বারা সত্বর মহারথ ভগদত্তের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪২॥

অন্য দিকে জগতে যোদ্ধৃশ্রেষ্ঠ ও অস্ত্রবিশারদ ভূরিশ্রবা এবং শিখণ্ডী প্রাণিগণের ভয়জনক যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

রাজা! বলবান্ ভূরিশ্রবা বিশাল বাণসমূহদ্বারা যুদ্ধে মহারথ শিখণ্ডীকে আবৃত করিয়া ফেলিলেন ॥৪৪॥

ভরতনন্দন নরনাথ! তৎপরে শিখণ্ডী ক্রুদ্ধ হইয়া নব্বইটা বাণদ্বারা ভূরিশ্রবাকে কম্পিত করিলেন ॥৪৫॥

রাক্ষসৌ রৌদ্রকর্ম্মাণৌ হৈড়িম্বালম্বুষাবুভৌ।
চক্রাতেঽত্যদ্ভুতং যুদ্ধং পরস্পরজয়ৈষিণৌ ॥৪৬॥
মায়াশতসৃজৌ দৃপ্তৌ মায়াভিরিতরেতরম্।
অন্তর্হিতৌ চেরতুস্তৌ ভৃশং বিস্ময়কারিণৌ ॥৪৭॥
চেকিতানোঽনুবিন্দেন যুযুধে চাতিভৈরবম্।
যথা দেবাসুরে যুদ্ধে বলশক্রৌ মহাবলৌ ॥৪৮॥
লক্ষ্মণঃ ক্ষত্রদেবেন বিমর্দ্দমকরোদ্ভৃশম্।
যথা বিষ্ণুঃ পুরা রাজন্! হিরণ্যাক্ষেণ সংযুগে ॥৪৯॥
ততঃ প্রজবিতাশ্বেন বিধিবৎ কল্পিতেন চ।
রথেনাভ্যদ্রবদ্রাজন্! সৌভদ্রং পৌরবো নদন্ ॥৫০॥

রাক্ষসাবিতি। হৈড়িম্বো হিড়িম্বাপুত্রো ঘটোৎকচঃ ॥৪৬॥
মায়েতি। মায়াশতং বহুবিধা মায়াঃ সৃজতঃ কুরুত ইতি তৌ ॥৪৭॥
চেকীতি। অনুবিন্দেন আবন্ত্যেন। বলো নামাসুরঃ, শক্রশ্চেন্দ্রঃ ॥৪৮॥
লক্ষ্মণ ইতি। লক্ষ্মণো দুর্য্যোধনপুত্রঃ, বিমর্দ্দঃ যুদ্ধম্ ॥৪৯॥
তত ইতি। প্রজবিতাঃ সঞ্জাতাধিকবেগা অশ্বা যস্য তেন, কল্পিতেন সজ্জিতেন। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ, সৌভদ্রমভিমন্যুম্, পৌরবঃ পুরুবংশীয়ো বৃহদ্বলঃ ॥৫০॥

এদিকে ভয়ঙ্করকর্ম্মা রাক্ষস ঘটোৎকচ ও অলম্বুষ পরস্পর জয়াভিলাষী হইয়া অতি অদ্ভুত যুদ্ধ করিতে লাগিল ॥৪৬॥

দর্পশালী ঘটোৎকচ ও অলম্বুষ নানাবিধ মায়া আবিষ্কার করিয়া মায়াবলে পরস্পর অন্তর্হিত হইতে থাকিয়া লোকের অত্যন্ত বিস্ময় উৎপাদন করতঃ সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিল ॥৪৭॥

দেবাসুরযুদ্ধে মহাশক্তি বল ও ইন্দ্র যেমন অতিভয়ঙ্কর যুদ্ধ করিয়াছিলেন, সেইরূপ চেকিতান অনুবিন্দের সহিত অতিভয়ঙ্কর যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৮॥

রাজা! পূর্ব্বকালে বিষ্ণু যেমন হিরণ্যাক্ষের সহিত সমরাঙ্গনে সংঘর্ষ করিয়াছিলেন, সেইরূপ লক্ষ্মণ ক্ষত্রদেবের সহিত গুরুতর সংঘর্ষ করিতে থাকিলেন ॥৪৯॥

রাজা! অপর দিকে দ্রুতাশ্বযুক্ত ও যথাবিধানে সজ্জিত রথে আরোহণ করিয়া পুরুবংশীয় বৃহদ্বল গর্জন করিতে করিতে অভিমন্যুর প্রতি ধাবিত হইলেন ॥৫০॥

(৪৬)…চক্রাতে তুমুলং যুদ্ধম্…পি। (৫০) ততঃ প্রচলিতাশ্বেন…বা ব বা নি।

তত্যোঽভ্যয়াৎ স ত্বরিতো যুদ্ধাকাঙ্ক্ষী মহাবলঃ।
তেন চক্রে মহদ্‌যুদ্ধমভিমন্যুররিন্দমঃ ॥৫১॥
পৌরবস্ত্বথ সৌভদ্রং শরব্রাতৈরবাকিরৎ।
তস্যার্জ্জুনির্ধ্বজং ছত্রং ধনুশ্চোর্ব্ব্যামপাতয়ৎ ॥৫২॥
সৌভদ্রঃ পৌরবং ত্বন্যৈর্বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
পঞ্চভিস্তস্য বিব্যাধ হয়ান্ সূতঞ্চ সায়কৈঃ ॥৫৩॥
ততঃ সংহর্ষয়ন্ সেনাং সিংহবদ্বিনদন্ মুহুঃ।
সমাদত্তার্জ্জুনিস্তূর্ণং পৌরবান্তকরং শরম্ ॥৫৪॥
তন্তু সন্ধিতমাজ্ঞায় সায়কং ঘোরদর্শনম্।
দ্বাভ্যাং শরাভ্যাং হার্দ্দিক্যশ্চিচ্ছেদ সশরং ধনুঃ ॥৫৫॥
তদুৎসৃজ্য ধনুশ্ছিন্নং সৌভদ্রঃ পরবীরহা।
উদ্ববর্হ সিতং খড়্গমাদদানঃ শরাবরম্ ॥৫৬॥

তত ইতি। অভ্যগাৎ সমীপমাগচ্ছৎ, স পৌরবঃ। তেন পৌরবেণ সহ ॥৫১॥
পৌরব ইতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। আর্জ্জুনিরভিমন্যুঃ। উর্ব্ব্যাং ভূমৌ ॥৫২॥
সৌভদ্র ইতি। আশুগৈর্বাণৈঃ। হয়ান্ অশ্বান্, সূতং সারথিম্ ॥৫৩॥
তত ইতি। সমাদত্ত অগৃহ্লাৎ। পৌরবান্তকরং বৃহদ্বলনাশনযোগ্যম্ ॥৫৪॥
তমিতি। সন্ধা সন্ধানমস্য সঞ্জাতেতি সন্ধিতস্তম্। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা ॥৫৫॥
তদিতি। উদ্ববর্হ কোষাদুদ্ধৃতবান্, সিতং মলাভাবাচ্ছুভ্রম্। শরাবরং চর্ম্ম ॥৫৬॥

ক্রমে মহাশক্তিশালী বৃহদ্বল যুদ্ধার্থী হইয়া সত্বর উপস্থিত হইলে, শত্রুদমনকারী অভিমন্যু তাঁহার সহিত গুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥৫১॥

বৃহদ্বল বাণসমূহদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন। তখন অভিমন্যু তাঁহার ধ্বজ, ছত্র ও ধনু ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৫২॥

এবং অভিমন্যু অপর সাতটা বাণদ্বারা বৃহদ্বলকে বিদ্ধ করিয়া পাঁচটা বাণদ্বারা তাঁহার অশ্ব ও সারথিকে বিদ্ধ করিলেন ॥৫৩॥

তাহার পর আবার অভিমন্যু মুহুর্মুহুঃ সিংহনাদ করিতে থাকিয়া আপন সৈন্যদিগকে আনন্দিত করতঃ সত্বর বৃহদ্বলের বিনাশজনক একটা বাণ গ্রহণ করিলেন ॥৫৪॥

অভিমন্যু সেই ঘোরদর্শন বাণটাকে সন্ধান করিতেছেন ইহা দূর হইতে দেখিয়া কৃতবর্ম্মা দুইটা বাণদ্বারা অভিমন্যুর সেই বাণ ও ধনুখানাকে কাটিয়া ফেলিলেন ॥৫৫॥

(৫১) ততোঽদ্বীয়ায় ত্বরিতঃ···পি। (৫৪) ততঃ প্রহর্ষয়ন্ সেনাম্···বা ব রা নি।

স তেনানেকতারেণ চর্ম্মণা কৃতহস্তবৎ।
ভ্রান্তাসির্ব্যচরন্মার্গান্ দর্শয়ন্ বীর্য্যমাত্মনঃ ॥৫৭॥
ভ্রামিতং পুনরুদ্ভ্রান্তমাধূতং পুনরুত্থিতম্।
চর্ম্মনিস্ত্রিংশয়ো রাজন্! নির্বিশেষমদৃশ্যত ॥৫৮॥
স পৌরবরথস্যেষামাপ্লুত্য সহসা নদন্।
পৌরবং রথমাস্থায় কেশপক্ষে পরামৃশৎ ॥৫৯॥
জঘানাস্য পদা সূতমসিনাপাতয়দ্ধ্বজম্।
বিক্ষোভ্যাম্ভোনিধিং তার্ক্ষ্যস্তন্নাগমিব চাক্ষিপৎ ॥৬০॥
তমাগলিতকেশান্তং দদৃশুঃ সর্বপার্থিবাঃ।
উক্ষাণমিব সিংহেন পাত্যমানমচেতসম্ ॥৬১॥

স ইতি। অনেকাস্তারা নক্ষত্রাকারচিহ্নানি যত্র তেন। ভ্রান্তাসির্ঘূর্ণিতখড়্গঃ ॥৫৭॥
ভ্রামিতমিতি। ভ্রামিতম্ অধো ঘূর্ণিতম্, উদ্ভ্রান্তম্ ঊর্দ্ধে ঘূর্ণিতম্, আধূতম্ অধঃ কৃতম্, পুনরুত্থিতঞ্চ। চর্ম্মনিস্ত্রিংশয়োশ্চর্ম্মখড়্গয়োঃ, নির্বিশেষং বৈষম্যরহিতম্ ॥৫৮॥
স ইতি। ঈষাং দারুবিশেষম্, আপ্লুত্য উৎপত্য। কেশপক্ষে কেশপাশে ॥৫৯॥
জঘানেতি। সূতং সারথিম্। তার্ক্ষ্যো গরুড়ঃ, তন্নাগম্ অম্ভোধেঃ সর্পম্ ॥৬০॥
তমিতি। আগলিতকেশান্তং স্খলিতকেশাগ্রম্। উক্ষাণং বৃষভম্ ॥৬১॥

তখন বিপক্ষবীরহন্তা অভিমন্যু সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া চর্ম্ম (ঢাল) গ্রহণপূর্ব্বক কোষ হইতে শুভ্রবর্ণ তরবারি নিষ্কাশন করিলেন ॥৫৬॥

এবং তিনি নিজের শক্তি দেখাইতে থাকিয়া শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় অনেক তারাযুক্ত সেই চর্ম্মের সহিত তরবারিখানাকে ঘুরাইতে ঘুরাইতে নভপথে বিচরণ করিতে লাগিলেন ॥৫৭॥

রাজা! তখন অভিমন্যুর সেই চর্ম্ম ও তরবারির নীচে ঘূর্ণন, আবার ঊর্দ্ধে সঞ্চালন এবং নীচে আনয়ন, আবার উপরে উত্তোলন ইহার কোন বিশেষ দেখা গেল না ॥৫৮॥

ক্রমে অভিমন্যু গর্জন করিতে করিতে বৃহন্নলের রথের সম্মুখের কাঠে লাফ দিয়া উঠিয়া রথের ভিতরে যাইয়া বৃহদ্বলের কেশাকর্ষণ করিলেন ॥৫৯॥

পরে তিনি পদাঘাতে বৃহদ্বলের সারথিকে বধ করিলেন, তরবারিদ্বারা ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন এবং গরুড় যেমন সমুদ্র আলোড়ন করিয়া তাহার ভিতরের সর্পকে নিক্ষেপ করেন, সেইরূপ বৃহদ্বলকে নিক্ষেপ করিলেন ॥৬০॥

(৫৭)... ভ্রান্তাসিরচরন্মার্গান্ ...পি,... ভ্রান্তাসিনাঽচরন্মার্গান্... বা নি।

তমার্জ্জুনিবশং প্রাপ্তং কৃষ্যমাণমনাথবৎ।
পৌরবং পাতিতং দৃষ্ট্বা নামৃষ্যত জয়দ্রথঃ ॥৬২॥
স বর্হিবর্হাবততং কিঙ্কিণীশতজালবৎ।
চর্ম্ম চাদায় খড়্গঞ্চ নদন্ পর্য্যপতদ্রথাৎ ॥৬৩॥
ততঃ সৈন্ধবমালোক্য কার্ষ্ণিরুৎসৃজ্য পৌরবম্।
উৎপপাত রথাত্তূর্ণং শ্যেনবন্নিপপাত চ ॥৬৪॥
প্রাস-পট্টিশ-নিস্ত্রিংশান্ শত্রুভিঃ সম্প্রচোদিতান্।
চিচ্ছেদ চাসিনা কার্ষ্ণিশ্চর্ম্মণা সংরুরোধ চ ॥৬৫॥
স দর্শয়িত্বা সৈন্যানাং স্ববাহুবলমাত্মনঃ।
তমুদ্যম্য মহাখড়্গং চর্ম্ম চাথ পুনর্বলী ॥৬৬॥
বৃদ্ধক্ষত্রস্য দায়াদং পিতুরত্যন্তবৈরিণম্।
সসারাভিমুখঃ শূরঃ শার্দ্দূল ইব কুঞ্জরম্ ॥৬৭॥ (যুগ্মকম্)

তমিতি। আর্জ্জুনিবশম্ অভিমন্যোরধীনতাম্। নামৃষ্যত নাসহত ॥৬২॥

স ইতি। বর্হিবর্হেণ ময়ূরপুচ্ছেন অবততং প্রান্তে বেষ্টিতম্। নদন্ গর্জ্জন্ ॥৬৩॥

তত ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, কার্ষ্ণিরভিমন্যুঃ। রথাৎ পৌরবস্যৈব ॥৬৪॥

প্রাসেতি। সম্প্রচোদিতান্ আত্মোপরি নিক্ষিপ্তান্। সংরুরোধ নিবারয়ামাস ॥৬৫॥

স ইতি। আত্মনঃ সৈন্যানামিতি সম্বন্ধঃ। উদ্যম্য উত্তোল্য। দায়াদং পুত্রং জয়দ্রথম্, পিতুরর্জ্জুনস্য, সসার দধাব ॥৬৬—৬৭॥

তখন রাজারা সকলে দেখিলেন—সিংহকর্ত্তৃক নিপাতিত বৃষের ন্যায় বৃহদ্বল স্খলিতকেশে ও বিচলিতচিত্তে নিপাতিত হইলেন ॥৬১॥

বৃহদ্বলকে অভিমন্যুর বশীভূত, নিপাতিত ও অনাথের ন্যায় আকর্ষণ করিতে দেখিয়া জয়দ্রথ সহ্য করিলেন না ॥৬২॥

তিনি, ময়ূরপুচ্ছবেষ্টিত ও কিঙ্কিণীজালযুক্ত চর্ম্ম (ঢাল) এবং তরবারি লইয়া গর্জ্জন করিতে করিতে রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৬৩॥

তাহার পর অভিমন্যু জয়দ্রথকে দেখিয়া বৃহদ্বলকে পরিত্যাগ করিয়া সত্বর বৃহদ্বলের রথ হইতে লাফাইয়া উঠিলেন এবং শ্যেনপক্ষীর ন্যায় ভূতলে পতিত হইলেন ॥৬৪॥

তখন শত্রুরা অভিমন্যুর উপরে প্রাস, পট্টিশ ও তরবারিপ্রভৃতি প্রয়োগ করিতে লাগিলে, অভিমন্যু যথাসম্ভব তরবারিদ্বারা সেগুলির ছেদন এবং চর্ম্মদ্বারা নিবারণ করিতে থাকিলেন ॥৬৫॥

(৬৩) সবর্হিণং মহারাজ।...পি ব।

তৌ পরস্পরমাসাদ্য খড়্গদন্তনখায়ুধৌ।
হৃষ্টবৎ সম্প্রজহ্রাতে ব্যাঘ্রকেশরিণাবিব ॥৬৮॥
সম্পাতেষ্বভিঘাতেষু নিপাতেষ্বসিচর্ম্মণোঃ।
ন তয়োরন্তরং কশ্চিদ্দদর্শ নরসিংহয়োঃ ॥৬৯॥
অবক্ষেপোঽসিনির্হ্রাদঃ শস্ত্রান্তরনিদর্শনম্।
বাহ্যান্তরনিপাতশ্চ নির্বিশেষমদৃশ্যত ॥৭০॥
বাহ্যমাভ্যন্তরঞ্চৈব চরন্তৌ মার্গমুত্তমম্।
দদৃশাতে মহাত্মানৌ সপক্ষাবিব পর্ব্বতৌ ॥৭১॥
ততো বিক্ষিপতঃ খড়্গং সৌভদ্রস্য যশস্বিনঃ।
শরাবরণপক্ষান্তে প্রজহার জয়দ্রথঃ ॥৭২॥

তাবিতি। খড়্গো দন্তা নখাশ্চ আয়ুধান্যস্ত্রাণি যয়োস্তৌ ॥৬৮॥

সম্পাতেষ্বিতি। অসিচর্ম্মণোঃ সম্পাতেষু পার্শ্বয়োরাঘাতেষু, অভিঘাতেষু প্রতিপ্রহারেষু, নিপাতেষু উর্দ্ধাদধঃ পাতনেষু চ, তয়োর্নরসিংহয়োরন্তরং বিশেষং কশ্চিন্ন দদর্শ ॥৬৯॥

অবেতি। অবক্ষেপ আকর্ষণম্, অসেনির্হ্রাদো ঘর্ষণশব্দঃ, শস্ত্রান্তরনিদর্শনং মধ্যে মধ্যে ৺অন্যপরশস্ত্রপ্রদর্শনম্, বাহ্যে দূরে অন্তরে সমীপে নিপাতো গমনঞ্চ তয়োর্নির্বিশেষমদৃশ্যত ॥৭০॥

বাহ্যমিতি। বাহ্যং দূরস্থম্, আভ্যন্তরং সমীপস্থঞ্চ। সপক্ষৌ পতত্রযুক্তৌ ॥৭১॥

বীর ও বলবান্ অভিমন্যু এইভাবে আপন সৈন্যদিগকে নিজের বাহুবল দেখাইয়া পুনরায় সেই বিশাল তরবারি ও চর্ম্ম উত্তোলন করিয়া—ব্যাঘ্র যেমন হস্তীর দিকে ধাবিত হয়, সেইরূপ পিতার মহাশত্রু জয়দ্রথের দিকে ধাবিত হইলেন ॥৬৬—৬৭॥

ক্রমে তাঁহারা পরস্পর সন্নিহিত হইয়া আনন্দিতের ন্যায় ব্যাঘ্র ও সিংহের তুল্য তরবারি, দন্ত ও নখদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৬৮॥

অসি ও চর্ম্মের পরস্পর পার্শ্বে সঞ্চালন, অভিমুখে সঞ্চালন এবং নিম্নে সঞ্চালন এই সমস্ত বিষয়ে নরশ্রেষ্ঠ জয়দ্রথ ও অভিমন্যুর প্রভেদ কেহই দেখিতে পাইল না ॥৬৯॥

আর অসি আকর্ষণ, অসিসঞ্চালনের শব্দ, অন্যান্য অস্ত্র প্রদর্শন, দূরে অপসরণ এবং নিকটে আগমন এ গুলিও উভয়েরই সমান দেখা যাইতে লাগিল ॥৭০॥

আবার সেই মহাত্মারা উভয়েই পক্ষযুক্ত দুইটা পর্ব্বতের ন্যায় দূর ও নিকটের আশ্চর্য্য পথে বিচরণ করিতে থাকিলেন দেখা গেল ॥৭১॥

(৭২)···সৌভদ্রস্য মহাত্মনঃ··· পি।

রুক্মপত্রান্তরে সক্তস্তস্মিংশ্চর্ম্মণি ভাস্বরে।
সিন্ধুরাজবলোদ্ধূতঃ সোঽভজ্যত মহানসিঃ ॥৭৩॥
ভগ্নমাজ্ঞায় নিস্ত্রিংশমবপ্লুত্য পদানি ষট্।
অদৃশ্যত নিমেষেণ স্বরথং পুনরাস্থিতঃ ॥৭৪॥
তং কার্ষ্ণিং সমরান্মুক্তমাস্থিতং রথমুত্তমম্।
সহিতাঃ সর্ব্বরাজানঃ পরিবব্রুঃ সমন্ততঃ ॥৭৫॥
ততশ্চর্ম্ম চ খড়্গঞ্চ সমুৎক্ষিপ্য মহাবলঃ।
ননাদার্জ্জুনদায়াদঃ প্রেক্ষমাণো জয়দ্রথম্ ॥৭৬॥
সিন্ধুরাজং পরাজিত্য সৌভদ্রঃ পরবীরহা।
তাপয়ামাস তৎ সৈন্যং ভুবনং ভাস্বরো যথা ॥৭৭॥

তত ইতি। বিক্ষিপত উত্তোলযতঃ। শরা আব্রিয়ন্তে নিবার্য্যন্তে অনেনেতি শরাবরং চর্ম্ম তস্য পক্ষান্তে পক্ষিপক্ষযুক্তদেশপ্রান্তে, প্রজহার অসিনেতি শেষঃ ॥৭২॥

রুক্মেতি। রুক্মপত্রং স্বর্ণপট্টম্ অন্তরে পক্ষিপক্ষান্তরালে যস্য তস্মিন্। অত এব তত্র লগ্নতয়া অসিরভজ্যতেতি ভাবঃ। সিন্ধুরাজেন বলেন উদ্ধূতশ্চালিতঃ ॥৭৩॥

ভগ্নমিতি। নিস্ত্রিংশমসিম্। আস্থিত আরূঢ়ো জয়দ্রথঃ ॥৭৪॥

তমিতি। কার্ষ্ণিমভিমন্যুম্। আস্থিতমারূঢম্। পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥৭৫॥

তত ইতি। সমুৎক্ষিপ্য সমুত্তোল্য। অর্জ্জুনস্য দায়াদঃ পুত্রোঽভিমন্যুঃ ॥৭৬॥

সিন্ধুরাজমিতি। সৌভদ্রোঽভিমন্যুঃ, পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥৭৭॥

তাহার পর যশস্বী অভিমন্যু যখন তরবারি উত্তোলন করিলেন, সেই সময়ে জয়দ্রথ তাঁহার চর্ম্মপ্রান্তে তরবারিপ্রহার করিলেন ॥৭২॥

অভিমন্যুর সেই উজ্জ্বল ঢালখানার পাখীর পাখার ভিতরে সোণার পাত লাগান ছিল; সুতরাং তাহাতে লাগিয়া বলপূর্ব্বক জয়দ্রথপ্রযুক্ত সেই বিশাল তরবারিখানা ভাঙ্গিয়া গেল ॥৭৩॥

তখন নিজের তরবারি ভাঙ্গিয়া গিয়াছে দেখিয়া জয়দ্রথ নিমেষকালমধ্যে ছয় পা লাফাইয়া যাইয়া পুনরায় নিজের রথে আরোহণ করিলেন ॥৭৪॥

সেই সময়ে অভিমন্যুও যুদ্ধ হইতে মুক্ত হইয়া নিজের উত্তম রথে যাইয়া আরোহণ করিলেন। তখন রাজারা সকলে মিলিত হইয়া সকল দিকে অভিমন্যুকে বেষ্টন করিলেন ॥৭৫॥

তাহার পর মহাবল অভিমন্যু অসি ও চর্ম্ম উত্তোলনপূর্ব্বক জয়দ্রথের প্রতি দৃষ্টিপাত করতঃ গর্জন করিতে লাগিলেন ॥৭৬॥

(৭৩)···চর্ম্মণি ভাস্বরে · পি। (৭৭) সিন্ধুরাজং পরিত্যজ্য···বা ব রা নি।

তস্য সর্বায়সীং শক্তিং শল্যঃ কনকভূষণাম্ ।
চিক্ষেপ সমরে ঘোরাং দীপ্তামগ্নিশিখামিব ॥৭৮॥
তামবপ্লুত্য জগ্রাহ বিকোষঞ্চাকরোদসিম্ ।
বৈনতেয়ো যথা কার্ষ্ণিঃ পতন্তমুরগোত্তমম্ ॥৭৯॥
তস্য লাঘবমাজ্ঞায় সত্ত্বঞ্চামিততেজসঃ ।
সহিতাঃ সর্ব্বরাজানঃ সিংহনাদমথানদন্ ॥৮০॥
ততস্তামেব শল্যস্য সৌভদ্রঃ পরবীরহা ।
মুমোচ ভুজবীর্য্যেণ বৈদূর্য্যবিকৃতাং শিতাম্ ॥৮১॥
সা তস্য রথমাসাদ্য নির্ম্মুক্তভুজগোপমা ।
জঘান সূতং শল্যস্য রথাচ্চৈনমপাতয়ৎ ॥৮২॥
ততো বিরাটদ্রুপদৌ ধৃষ্টকেতুর্যুধিষ্ঠিরঃ ।
সাত্যকিঃ কেকয়া ভীমো ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ ॥৮৩॥

তস্যেতি । তস্য অভিমন্যোকপরি, সর্ব্বৈবেবায়সীম্ আয়সীং লৌহময়ীম্ ॥৭৮॥
তামিতি । বিকোষং কোষমুক্তম্ । বৈনতেয়ো গরুড়ঃ, কার্ষ্ণির্ভিমন্যুঃ ॥৭৯॥
তস্যেতি । লাঘবং শীঘ্রকারিতাম্, সত্ত্বমধ্যবসায়ম্ । অনদন্ অকুর্ব্বন্ ॥৮০॥
তত ইতি । বৈদূর্য্যেণ মণিনা বিকৃতাং খচিতাম্, শিতাং শিলাশাণিতাম্ ॥৮১॥
সেতি । নির্ম্মুক্তশ্চর্ম্মণো মুক্তো যো ভুজগঃ স এবোপমা যস্যাঃ সা ॥৮২॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যু এইভাবে জয়দ্রথকে পরাজয় করিয়া—সূর্য্য যেমন জগৎ সন্তপ্ত করেন, সেইরূপ কৌরবসৈন্য সন্তপ্ত করিতে থাকিলেন ॥৭৭॥

তখন শল্যরাজা যুদ্ধে অভিমন্যুর উপরে লৌহময়ী, স্বর্ণভূষণা ও উজ্জ্বল অগ্নিশিখার ন্যায় ভীষণা একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥৭৮॥

সেই সময়ে গরুড় যেমন পতনশীল উত্তম সর্পকে গ্রহণ করেন, সেইরূপ অভিমন্যু লাফ দিয়া উঠিয়া সেই শক্তিটাকে গ্রহণ করিলেন এবং তরবারিখানাকে কোষমুক্ত করিলেন ॥৭৯॥

অমিততেজা অভিমন্যুর সেই শীঘ্রকারিতা ও অধ্যবসায় দেখিয়া রাজারা সকলে মিলিত হইয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥৮০॥

তাহার পর বিপক্ষবীরহন্তা অভিমন্যু বৈদূর্য্যমণিখচিত ও শিলাশাণিত সেই শক্তিটাকেই বাহুবলে শল্যের উপরে নিক্ষেপ করিলেন ॥৮১॥

চর্ম্মনির্গত সর্পের তুল্য সেই শক্তিটা শল্যের রথের নিকটে যাইয়া তাঁহার সারথিকে নিহত করিয়া রথ হইতে নিপাতিত করিল ॥৮২॥

(৭৯)···বিকোষমকরোদসিম্···পি ।

যমৌ চ দ্রৌপদেয়াশ্চ সাধু সাধ্বিতি চুক্রুশুঃ।
বাণশব্দাশ্চ বিবিধাঃ সিংহনাদাশ্চ পুষ্কলাঃ ॥৮৪॥
প্রাদুরাসন্ হর্ষয়ন্তঃ সৌভদ্রমপলায়িনম্।
তন্নামৃষ্যন্ত পুত্রাস্তে শত্রোর্বিজয়লক্ষণম্ ॥৮৫॥ (বিশেষকম্)
অথৈনং সহসা সর্ব্বে সমন্তান্নিশিতৈঃ শরৈঃ।
অভ্যাকিরন্ মহারাজ! জলদা ইব পর্ব্বতম্ ॥৮৬॥
তেষাঞ্চ প্রিয়মন্বিচ্ছন্ সূতস্য চ পরাভবম্।
আর্ত্তায়নিরমিত্রঘ্নঃ ক্রুদ্ধঃ সৌভদ্রমভ্যয়াৎ ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে অভিমন্যুপরাক্রমে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। কেকয়া ভ্রাতরঃ পঞ্চ। যমৌ নকুলসহদেবৌ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। চুক্রুশুঃ উচ্চৈরূচুঃ। পুষ্কলাঃ প্রচুরাঃ। নামৃষ্যন্ত নাসহন্ত। বিজয়স্য লক্ষণং চিহ্নম্ ॥৮৩—৮৫॥

অথেতি। এনমভিমন্যুম্। অভ্যাকিরন্ প্রাহরন্। জলদা মেঘাঃ ॥৮৬॥

তেষামিতি। অমিত্রঘ্নঃ, আর্ত্তায়নিঃ শল্যঃ, সূতস্য নিজসারথেঃ, পরাভবং দৃষ্ট্বেতি শেষঃ, ক্রুদ্ধঃ সন্, তেষাং কৌরবাণাং প্রিয়মন্বিচ্ছন্, সৌভদ্রমভিমন্যুমভ্যয়াৎ ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতু, যুধিষ্ঠির, সাত্যকি, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, ভীমসেন, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, নকুল, সহদেব ও দ্রৌপদীর পুত্রগণ ইহারা অপলায়ী অভিমন্যুকে আনন্দিত করতঃ উচ্চস্বরে 'সাধু সাধু' বলিয়া উঠিলেন এবং নানাবিধ বাণশব্দ ও প্রচুর সিংহনাদ হইতে লাগিল। কিন্তু আপনার পুত্রেরা শত্রুর সেই বিজয়সূচক ব্যাপারগুলি সহ্য করিতে পারিলেন না ॥৮৩—৮৫॥

মহারাজ! তদনন্তর কৌরবপক্ষের যোদ্ধারা সকলে সকল দিক্ হইতে—মেঘ যেমন পর্বতের উপরে জলবর্ষণ করে, সেইরূপ অভিমন্যুর উপরে দ্রুত সুধার শর বর্ষণ করিতে লাগিলেন ॥৮৬॥

আর শত্রুহন্তা শল্যরাজা নিজ সারথির পরাভব দেখিয়া ক্রুদ্ধ হইয়া এবং কৌরবগণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন' ॥৮৭॥

---

*'...ত্রয়োদশোঽধ্যায়ঃ' ব, '... চতুর্দ্দশোঽধ্যায়ঃ' ব। রা নি।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

বহূনি সুবিচিত্রাণি দ্বন্দ্বযুদ্ধানি সঞ্জয়!।
ত্বয়োক্তানি নিশম্যাহং স্পৃহয়ামি সচক্ষুষাম্ ॥১॥
আশ্চর্য্যভূতং লোকেষু কথয়িষ্যন্তি মানবাঃ।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ যুদ্ধং দেবাসুরোপমম্ ॥২॥
নহি মে তৃপ্তিরস্তীহ শৃণ্বতো যুদ্ধমুত্তমম্।
তস্মাদার্ত্তায়নের্যুদ্ধং সৌভদ্রস্য চ শংস মে ॥৩॥

সঞ্জয় উবাচ।

সাদিতং প্রেক্ষ্য যন্তারং শল্যঃ সর্ব্বায়সীং গদাম্।
সমুৎক্ষিপ্য নদন্ ক্রুদ্ধঃ প্রচস্কন্দ রথোত্তমাৎ ॥৪॥
তং দীপ্তমিব কালাগ্নিং দণ্ডহস্তমিবান্তকম্।
জবেনাভ্যপতদ্ভীমঃ প্রগৃহ্য মহতীং গদাম্ ॥৫॥

বহূনীতি। সচক্ষুষাং জনানাং সৌভাগ্যমিতি শেষঃ ॥১॥
আশ্চর্য্যেতি। দেবাসুরোপমং দেবাসুরযুদ্ধতুল্যম্ ॥২॥
নহীতি। আর্ত্তায়নেঃ শল্যস্য, সৌভদ্রস্য অভিমন্যোঃ, শংস ব্রূহি ॥৩॥
সাদিতমিতি। সাদিতং নাশিতম্, যন্তারং সারথিম্। প্রচস্কন্দ অবততার ॥৪॥
তমিতি। দীপ্তং প্রজ্বলিতম্। জবেন বেগেন, অভ্যপতৎ অভ্যধাবৎ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি বহুতর বিচিত্র দ্বন্দ্বযুদ্ধের কথা বলিয়াছ; ঐগুলি শুনিয়া আমি চক্ষুষ্মান্ লোকদিগের সৌভাগ্যের কামনা করি ॥১॥

দেবাসুরযুদ্ধের তুল্য এই কুরুপাণ্ডবের আশ্চর্য্য যুদ্ধের বৃত্তান্ত মানুষেরা সমগ্র জগতে বলিবে ॥২॥

এই উত্তম যুদ্ধের বৃত্তান্ত শুনিতে শুনিতে আমার তৃপ্তি হইতেছে না। সুতরাং সঞ্জয়! তুমি আমার নিকট শল্য ও অভিমন্যুর যুদ্ধবৃত্তান্ত বল' ॥৩॥

সঞ্জয় বলিলেন—'শল্যরাজা নিজের সারথিকে নিহত দেখিয়া ক্রুদ্ধ হইয়া গর্জ্জন করিতে থাকিয়া লৌহময়ী গদা উত্তোলন করিয়া উত্তম রথ হইতে অবতরণ করিলেন ॥৪॥

সৌভদ্রোঽপ্যশনিপ্রখ্যাং প্রগৃহ্য মহতীং গদাম্।
এহ্যেহীত্যব্রবীচ্ছল্যং যত্নাদ্ভীমেন বারিতঃ ॥৬॥
বারয়িত্বা তু সৌভদ্রং ভীমসেনঃ প্রতাপবান্।
শল্যমাসাদ্য সমরে তস্থৌ গিরিরিবাচলঃ ॥৭॥
তথৈব মদ্ররাজোঽপি ভীমং দৃষ্ট্বা মহাবলঃ।
সসারাভিমুখস্তূর্ণং শার্দ্দূল ইব কুঞ্জরম্ ॥৮॥
ততস্তূর্য্যনিনাদাশ্চ শঙ্খানাঞ্চ সহস্রশঃ।
সিংহনাদাশ্চ সংজজ্ঞুর্ভেরীণাঞ্চ মহাস্বনাঃ ॥৯॥
পশ্যতাং শতশো হ্যাসীদন্যোন্যমভিধাবতাম্।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ সাধু সাধ্বিতি নিস্বনঃ ॥১০॥
নহি মদ্রাধিপাদন্যঃ সর্ব্বরাজসু ভারত!।
সোঢ়ুমুৎসহতে বেগং ভীমসেনস্য সংযুগে ॥১১॥

সৌভদ্র ইতি। অশনিপ্রখ্যাং বজ্রতুল্যাম্। বারিতঃ সৌভদ্র এব ॥৬॥
বারয়িত্বেতি। গিরিঃ পর্বত ইব, অচলো নিস্পন্দঃ সন্ তস্থৌ ॥৭॥
তথেতি। মদ্ররাজঃ শল্যঃ। সসার দধাব ॥৮॥
তত ইতি। শঙ্খানাঞ্চ সহস্রশো নিনাদাঃ। সংজজ্ঞুর্বভূবুঃ ॥৯॥
পশ্যতামিতি। পশ্যতাম্ অন্যোন্যমভিধাবতাঞ্চেত্যর্থঃ। নিস্বনো বাক্যম্ ॥১০॥
নহীতি। সর্বরাজস্বিতি অদন্ত্যভাব আর্ষঃ। উৎসহতে শক্নোতি ॥১১॥

তখন ভীমসেন বিশাল গদা ধারণপূর্ব্বক প্রজ্বলিত প্রলয়াগ্নিতুল্য এবং দণ্ডহস্ত যম সদৃশ শল্যের দিকে বেগে ধাবিত হইলেন ॥৫॥

অভিমন্যুও বজ্রতুল্য বিশাল গদা ধারণ করিয়া 'আসুন আসুন' এইরূপ শল্যকে বলিলেন; তখন ভীমসেন যত্ন সহকারে তাহাকে বারণ করিলেন ॥৬॥

ক্রমে প্রতাপশালী ভীমসেন অভিমন্যুকে বারণ করিয়া শল্যের নিকটে যাইয়া পর্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৭॥

সেইরূপই ব্যাঘ্র যেমন হস্তীর দিকে ধাবিত হয়, তেমন মহাবল শল্যও ভীমকে দেখিয়া তাঁহার অভিমুখে সত্বর ধাবিত হইলেন ॥৮॥

তাহার পর উভয়পক্ষেই সহস্র সহস্র তূর্য্যধ্বনি, শঙ্খের শব্দ, সিংহনাদ ও ভেরীর মহাশব্দ হইতে লাগিল ॥৯॥

শত শত দ্রষ্টা এবং পরস্পর অভিধাবিত পাণ্ডব ও কৌরবগণের 'সাধু সাধু' এইরূপ শব্দ হইতে থাকিল ॥১০॥

(৮)···ভীমং দৃষ্ট্বা মহাবলম্ ··বা নি।

তথা মদ্রাধিপস্যাপি গদাবেগং মহাত্মনঃ।
সোঢ়ুমুৎসহতে লোকে যুধি কোঽন্যো বৃকোদরাৎ ॥১২॥
পট্টৈর্জাম্বূনদৈর্বদ্ধা বভূব জনহর্ষিণী।
প্রজজ্বাল তদাবিদ্ধা ভীমেন মহতী গদা ॥১৩॥
তথৈব চরতো মার্গান্ মণ্ডলানি চ ভাগশঃ
মহাবিদ্যুৎপ্রতীকাশা শল্যস্য শুশুভে গদা ॥১৪॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ মণ্ডলানি বিচেরতুঃ।
আবর্ত্তিতগদাশৃঙ্গাবুভৌ শল্যবৃকোদরৌ ॥১৫॥
মণ্ডলাবর্ত্তমার্গেষু গদাবিহরণেষু চ।
নির্বিশেষমভূদ্‌যুদ্ধং তয়োঃ পুরুষসিংহয়োঃ ॥১৬॥
তাড়িতা ভীমসেনেন শল্যস্য মহতী গদা।
সাগ্নিজ্বালা মহারৌদ্রা তদা তূর্ণমশীর্য্যত ॥১৭॥

তথেতি। উভাবপি মহাবলাবিতি ভাবঃ ॥১২॥
পট্টৈরিতি। জাম্বূনদৈঃ স্বর্ণময়ৈঃ। আবিদ্ধা ঘূর্ণিতা ॥১৩॥
তথেতি। মণ্ডলানি গোলাকারভ্রমণানি, চরতঃ কুর্বতঃ ॥১৪॥
তাবিতি। আবর্ত্তিতে সঞ্চালিতে গদে শৃঙ্গে বিষাণে ইব যাভ্যাং তৌ ॥১৫॥
মণ্ডলেতি। মণ্ডলাবর্ত্তমার্গেষু গোলাকারভ্রমণপথেষু, গদয়োর্বিহরণেষু সঞ্চালনেষু ॥১৬॥
তাড়িতেতি। অগ্নিজ্বালয়া অগ্নিশিখয়া সহেতি সা ॥১৭॥

ভরতনন্দন! সকল রাজার মধ্যে এক মদ্ররাজভিন্ন অন্য কোন রাজাই যুদ্ধে ভীমসেনের বেগ সহ্য করিতে সমর্থ হন না ॥১১॥

আবার জগতে এক ভীমসেন ব্যতীত অন্য কোন্ বীর যুদ্ধে মহাবল শল্যের গদার বেগ সহ্য করিতে পারেন? ॥১২॥

তখন স্বর্ণময় পট্টে বদ্ধা (সোনার পাতে মোড়া) ভীমের বিশাল গদাটা লোকের হর্ষজনক হইল এবং ঘূর্ণিত হইতে থাকিয়া জ্বলিতে লাগিল ॥১৩॥

সেইরূপই শল্য যখন বিবিধ পথে বিচরণ ও ভাগে ভাগে মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিলেন, তখন বিশাল বিদ্যুতের ন্যায় দীপ্তিযুক্ত তাঁহার গদাটাও শোভা পাইতে থাকিল ॥১৪॥

ক্রমে শল্য ও ভীমসেন দুই জনই শৃঙ্গের ন্যায় গদা দুইটা সঞ্চালিত করিয়া দুইটা বৃষের ন্যায় গর্জ্জন করতঃ মণ্ডলাকারে বিচরণ করিতে লাগিলেন ॥১৫॥

মণ্ডলাকারে ভ্রমণে এবং গদাসঞ্চালনে সেই পুরুষশ্রেষ্ঠ শল্য ও ভীমসেনের কোন তারতম্য রহিল না ॥১৬॥

তথৈব ভীমসেনস্য দ্বিষতাভিহতা গদা।
বর্ষাপ্রদোষে খদ্যোতৈর্বৃতো বৃক্ষ ইবাবভৌ ॥১৮॥
গদা ক্ষিপ্তা তু সমরে মদ্ররাজেন ভারত!।
ব্যোম দীপয়মানা সা সসৃজে পাবকং মুহুঃ ॥১৯॥
তথৈব ভীমসেনেন দ্বিষতে প্রেষিতা গদা।
তাপয়ামাস তৎ সৈন্যং মহোল্কা পতন্তী যথা ॥২০॥
তে গদে গদিনাং শ্রেষ্ঠৌ সমাসাদ্য পরস্পরম্।
শ্বসন্ত্যৌ নাগকন্যে ব সসৃজাতে বিভাবসুম্ ॥২১॥
নখৈরিব মহাব্যাঘ্রৌ দন্তৈরিব মহাগজৌ।
তৌ বিচেরতুরাসাদ্য গদাগ্র্যাভ্যাং পরস্পরম্ ॥২২॥
ততো গদাগ্রাভিহতৌ ক্ষণেন রুধিরোক্ষিতৌ।
দদৃশাতে মহাত্মানৌ কিংশুকাবিব পুষ্পিতৌ ॥২৩॥

তথেতি। দ্বিষতা শত্রুণা শল্যেন ॥১৮॥
গদেতি। ব্যোম গগনম্, দীপয়মানা প্রকাশয়ন্তী, সসৃজে উৎপাদয়ামাস ॥১৯॥
তথেতি। দ্বিষতে শল্যায়। পতন্তী পতন্তী ॥২০॥
তে ইতি। ইবার্থে বশব্দঃ, "ইবার্থে বনিপাতোঽন্যেব" ইতি শ্রীপতিঃ ॥২১॥
নখৈরিতি। গদাগ্র্যাভ্যাং গদাশ্রেষ্ঠাভ্যাম্ ॥২২॥

তখন ভীমসেন তাড়ন করিলে, শল্যের সেই বিশাল ও ভীষণ গদাটা অগ্নিশিখা নিঃসারণ করিয়া সত্বরই বিশীর্ণ হইয়া গেল ॥১৭॥

সেইরূপই শল্য আঘাত করিলে, ভীমের গদাটা-বর্ষাকালের প্রদোষসময়ে খদ্যোত-(জোনাকি পোকা) বেষ্টিত বৃক্ষের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥১৮॥

ভরতনন্দন! যুদ্ধে শল্য ভীমের প্রতি গদা নিক্ষেপ করিলে, সে গদাটা আকাশ আলোকিত করিয়া অনবরত অগ্নিসৃষ্টি করিতে থাকিল ॥১৯॥

আবার সেইরূপই শল্যের প্রতি ভীমসেন গদা নিক্ষেপ করিলে, পতনশীল বিশাল উল্কার ন্যায় সে গদাটা কৌরবসৈন্যকে সন্তপ্ত করিতে লাগিল ॥২০॥

সেই গদা দুইটা গদাধারিশ্রেষ্ঠ শল্য ও ভীমকে পাইয়া—নিশ্বাসত্যাগকারী দুইটা সর্পীর ন্যায় অগ্নিসৃষ্টি করিতে থাকিল ॥২১॥

দুইটা মহাব্যাঘ্র যেমন নখদ্বারা এবং দুইটা মহাহস্তী যেরূপ দন্তদ্বারা যুদ্ধ করতঃ বিচরণ করে, তেমন শল্য ও ভীমসেন পরস্পর সন্নিহিত হইয়া উৎকৃষ্ট গদাযুগলদ্বারা যুদ্ধ করতঃ বিচরণ করিতে লাগিলেন ॥২২॥

(২০)···প্রেরিতা গদা ··পি। (২১)···গদিনাং শ্রেষ্ঠে···বা ব রা নি।

শুশ্রুবে দিক্ষু সর্ব্বাসু তয়োঃ পুরুষসিংহয়োঃ।
গদাভিঘাতসংহ্রাদঃ শক্রাশনিরবোপমঃ ॥২৪॥
গদয়া মদ্ররাজেন সব্যদক্ষিণমাহতঃ।
নাকম্পত তদা ভীমো ভিদ্যমান ইবাচলঃ ॥২৫॥
তথা ভীমগদাবেগৈস্তাড্যমানো মহাবলঃ।
ধৈর্য্যান্মদ্রাধিপস্তস্থৌ বজ্রৈর্গিরিরিবাহতঃ ॥২৬॥
আপেততুর্মহাবেগৌ সমুচ্ছ্রিতগদাবুভৌ
পুনরন্তরমার্গস্থৌ মণ্ডলানি বিচেরতুঃ ॥২৭॥
তথাপ্লুত্য পদান্যষ্টৌ সন্নিপত্য গজাবিব।
সহসা লোহদণ্ডাভ্যামন্যোন্যমভিজঘ্নতুঃ ॥২৮॥

রক্ত ইতি। মহাত্মানৌ শল্যভীমসেনৌ। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ ॥২৩॥
শুশ্রুব ইতি। গদাভিঘাতস্য সংহ্রাদো বিকটঃ শব্দঃ ॥২৪॥
গদয়েতি। সব্যং বামং দক্ষিণঞ্চ পার্শ্বমাশ্রিত্যেতি শেষঃ ॥২৫॥
তথেতি। ভীমস্য গদাবেগৈর্বেগবত্যা গদয়েত্যর্থঃ ॥২৬॥
তানিতি। পরত্র হ্রিয়মাণানিত্যুক্তেঃ চলিতান্ বিচলিতান্ কম্পিতানিত্যর্থঃ। প্রণুন্নান্ বিদীর্ণান। আশুহারিণা দ্রুতং হরণকারিণা। হ্রিয়মাণান্ অন্যত্র নীয়মানান্, প্লবান্ ক্ষুদ্রনৌকাঃ। রথদ্বিপনরান্ পাণ্ডবপক্ষীয়ান্ রথিহস্তিপদাতীন্ ॥৭—৯॥

সঞ্জয় ! গাত্রজৃম্ভণকারী ব্যাঘ্রের ন্যায় এবং মদস্রাবী হস্তীর তুল্য, যুদ্ধে প্রাণত্যাগে উদ্যত, যুদ্ধসজ্জায় সজ্জিত, বিচিত্রযুদ্ধকারী, মহাধনুর্দ্ধর, নরশ্রেষ্ঠ, শত্রুগণের ভয়বর্দ্ধক, কৃতজ্ঞ, সত্যপরায়ণ, দুর্য্যোধনের হিতৈষী ও মহাবীর দ্রোণকে সেইভাবে কৌরবসৈন্যমধ্যে অবস্থিত দেখিয়া পাণ্ডবপক্ষের কোন্ বীরেরা ফিরিয়া দাঁড়াইয়াছিলেন, তাহা তুমি আমার নিকট বল' ॥৪—৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! পাঞ্চাল, পাণ্ডব, মৎস্য, সৃঞ্জয়, চেদি ও কেকয় সৈন্যেরা দ্রোণের বাণে বিদীর্ণ হইয়া যুদ্ধে বিচলিত হইয়াছে এবং সমুদ্রের মহাবেগ যেমন ক্ষুদ্র নৌকাসমূহকে হরণ করে, তেমন শীঘ্রহরণকারী দ্রোণকার্ম্মুকনিক্ষিপ্ত বাণসমূহ উহাদিগকে হরণ করিয়া লইয়া চলিয়াছে, ইহা দেখিয়া কৌরবেরা সিংহনাদ ও নানাবাদ্যধ্বনি সহকারে সকল দিক্ হইতে পাণ্ডবপক্ষের রথী, হস্তী ও পদাতিদিগকে বারণ করিতে লাগিলেন ॥৭—৯॥

এই সময়ে সৈন্যমধ্যবর্ত্তী ও স্বজনপরিবেষ্টিত রাজা দুর্য্যোধন তাহাদিগকে দর্শন করতঃ আনন্দিত হইয়া হাসিতে হাসিতেই যেন কর্ণকে বলিলেন—॥১০॥

(৭)…পাঞ্চালান্ কেকয়ান্ মৎস্যান্ সৃঞ্জয়াংশ্চেদিকোশলান্—পি। (১০) ইতঃ পরং 'দুর্য্যোধন উবাচ' বা ব রা নি।

পশ্য রাধেয় ! পাঞ্চালান্ প্রণুন্নান্ দ্রোণসায়কৈঃ ।
সিংহেনেব মৃগান্ বন্যাংস্ত্রাসিতান্ দৃঢ়ধন্বনা ॥১১॥
নৈতে জাতু পুনর্যুদ্ধমীহেয়ুরিতি মে মতিঃ ।
যথা তু ভগ্না দ্রোণেন বাতেনেব মহাদ্রুমাঃ ॥১২॥
অর্দ্যমানাঃ শরৈরেতে রুক্মপুঙ্খৈর্মহাত্মনা ।
পথা নৈকেন গচ্ছন্তি ঘূর্ণমানাস্ততস্ততঃ ॥১৩॥
সন্নিরুদ্ধাশ্চ কৌরব্যৈর্দ্রোণেন চ মহাত্মনা ।
এতেঽন্যে মণ্ডলীভূতাঃ পাবকেনেব কুঞ্জরাঃ ॥১৪॥
ভ্রমরৈরিব চাবিষ্টা দ্রোণস্য নিশিতৈঃ শরৈঃ ।
অন্যোন্যং সমলীয়ন্ত পলায়নপরায়ণাঃ ॥১৫॥
এষ ভীমো মহাক্রোধী হীনঃ পাণ্ডবসৃঞ্জয়ৈঃ ।
মদীয়ৈরাবৃতো যোধৈঃ কর্ণ ! নন্দয়তীব মাম্ ॥১৬॥

তানিতি। তান্ ভগ্নান্ বিপক্ষান্। প্রহৃষ্টো জয়লাভেনানন্দিতচিত্তঃ ॥১০॥
পশ্যেতি। প্রণুন্নান্ বিদীর্ণান্। দৃঢ়ধন্বনা দ্রোণেন ॥১১॥
নেতি। জাতু কদাচিৎ। ঈহেয়ুঃ কর্ত্তুং চেষ্টেরন্ ॥১২॥
অর্দ্যেতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, মহাত্মনা দ্রোণেন। নৈকেনানেকেন ॥১৩॥
সমিতি। সন্নিরুদ্ধাঃ স্বেচ্ছয়া গন্তুং বাধিতাঃ। পাবকেন বহ্নিনা ॥১৪॥
ভ্রমরৈরিতি। আবিষ্টাঃ প্রবিষ্টাঃ। সমলীয়ন্ত লুক্কায়িতা অভবন্ ॥১৫॥

'কর্ণ ! দেখ, পাঞ্চালেরা দ্রোণের বাণে বিদীর্ণ হইয়াছে এবং সিংহ যেমন বন্য পশুগণকে বিত্রস্ত করে, তেমন দৃঢ়ধন্বা দ্রোণও উহাদিগকে বিত্রস্ত করিয়াছেন ॥১১॥

সুতরাং আমার ধারণা এই যে, ইহারা পুনরায় কখনও যুদ্ধ করিবার চেষ্টা করিবে না। যে হেতু বায়ু যেমন বিশাল বৃক্ষসমূহকে ভগ্ন করে, দ্রোণও তেমনই উহাদিগকে ভগ্ন করিয়াছেন ॥১২॥

মহাত্মা দ্রোণ স্বর্ণপুঙ্খ বাণসমূহদ্বারা পীড়ন করিতে থাকায় ইহারা ইতস্ততঃ ঘুরিতে থাকিয়া অনেক পথে দৌড়াইতেছে ॥১৩॥

কৌরবেরা ও মহাত্মা দ্রোণ অবরুদ্ধ করায় এই পাঞ্চালেরা এবং মৎস্যপ্রভৃতি অন্য সৈন্যেরাও অগ্নিবেষ্টিত হস্তিগণের ন্যায় মণ্ডলীভূত হইয়াছে ॥১৪॥

ভ্রমরগণের ন্যায় দ্রোণের নিশিত বাণসমূহ যাইয়া প্রবেশ করিতে থাকায় উহারা পলায়নে প্রবৃত্ত হইয়া পরস্পরের ভিতরে লুক্কায়িত হইয়াছে ॥১৫॥

(১৬)···দৃঢ়ক্রোধী···পি।

ব্যক্তং দ্রোণময়ং লোকমদ্য পশ্যতি দুর্মতিঃ।
নিরাশো জীবিতান্নূনমদ্য রাজ্যাচ্চ পাণ্ডবঃ ॥১৭॥

কর্ণ উবাচ।

নৈষ জাতু মহাবাহুর্জীবন্নাহবমুৎসৃজেৎ।
ন চেমান্ পুরুষব্যাঘ্র! সিংহনাদান্ সহিষ্যতি ॥১৮॥
ন চাপি পাণ্ডবা যুদ্ধে ভজ্যেরন্নিতি মে মতিঃ।
শূরাশ্চ বলবন্তশ্চ কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ ॥১৯॥
বিষাগ্নিদ্যূতসংক্লেশান্ বনবাসঞ্চ পাণ্ডবাঃ।
স্মরমাণা ন হাস্যন্তি সংগ্রামমিতি মে মতিঃ ॥২০॥
নিবৃত্তো হি মহাবাহুরমিতৌজা বৃকোদরঃ।
বরান্ বরান্ হি কৌন্তেয়ো রথোদারান্ হনিষ্যতি ॥২১॥

এষ ইতি। হীনো দূরবর্ত্তিত্বাৎ। নন্দয়তি হর্ষয়তি ॥১৬॥
ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম্। নির্গতা আশা যস্য সঃ। পাণ্ডবো ভীমঃ ॥১৭॥
নেতি। জাতু কদাচিৎ। আহবং সমরাঙ্গনম্। সহিষ্যতি সহিষ্যতে ॥১৮॥
নেতি। ভজ্যেরন্ ভগ্নাঃ পলায়নেন স্বপক্ষবিশ্লিষ্টা ভবেয়ুঃ ॥১৯॥
কুত ইত্যাহ বিষেতি। স্মরমাণাঃ স্মরন্তঃ, হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥২০॥
নিবৃত্ত ইতি। বরান্ বরান্ প্রধানান্ প্রধানান্, রথোদারান্ মহারথান্ ॥২১॥

কর্ণ! পাণ্ডব ও সৃঞ্জয়গণশূন্য এই মহাক্রোধী ভীমটা আমার যোদ্ধৃগণে বেষ্টিত হইয়া আমাকে যেন আনন্দিত করিতেছে ॥১৬॥

এই দুর্মতি পাণ্ডবটা নিশ্চয়ই আজ জগৎটাকে দ্রোণময় দেখিতেছে এবং নিশ্চয়ই আজ জীবনে ও রাজ্যে নিরাশ হইতেছে' ॥১৭॥

কর্ণ বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! এই মহাবাহু ভীমসেন জীবিত থাকিয়া কখনও সমরাঙ্গন পরিত্যাগ করিবেন না, কিংবা এই সিংহনাদগুলিও সহ্য করিবেন না ॥১৮॥

এবং বীর, বলবান্, অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ পাণ্ডবেরা যুদ্ধে কখনও ভঙ্গ দিবেন না, ইহাই আমার ধারণা ॥১৯॥

আর বিষ, অগ্নি ও দ্যূতের ক্লেশ এবং বনবাসের কষ্ট স্মরণ করিয়া কখনও পাণ্ডবেরা যুদ্ধ ছাড়িবেন না, ইহাও আমার ধারণা ॥২০॥

মহাবাহু ও অমিততেজা কুন্তীনন্দন ভীমসেন ফিরিয়া নিশ্চয়ই প্রধান প্রধান মহারথকে বিনাশ করিবেন ॥২১॥

অসিনা ধনুষা শক্ত্যা হয়ৈর্নাগৈর্নরৈ রথৈঃ।
আয়সেন চ দণ্ডেন ব্রাতান্ ব্রাতান্ হনিষ্যতি ॥২২॥
তমেনমনুবর্ত্তন্তে সাত্যকিপ্রমুখা রথাঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাঃ পাণ্ডবাশ্চ বিশেষতঃ ॥২৩॥
শূরাশ্চ বলবন্তশ্চ বিক্রান্তাশ্চ মহারথাঃ।
বিশেষতশ্চ ভীমেন সংরম্ভেণাভিচোদিতাঃ ॥২৪॥
তে দ্রোণমভিবর্ত্তন্তে সর্ব্বতঃ কুরুপুঙ্গবাঃ।
বৃকোদরং পরীপ্সন্তঃ সূর্য্যমভ্রগণা ইব ॥২৫॥
একায়নগতা হ্যেতে পীড়য়েয়ুর্যতব্রতম্।
অরক্ষ্যমাণং শলভা যথা দীপং মুমূর্ষবঃ ॥২৬॥
অসংশয়ং কৃতাস্ত্রাশ্চ পর্য্যাপ্তাশ্চাপি বারণে।
অতিভারমহং মন্যে ভারদ্বাজে সমাহিতম্ ॥২৭॥

অসিনেতি। আয়সেন লৌহময়েন, দণ্ডেন গদয়া, ব্রাতান্ সৈন্যসমূহান্ ॥২২॥
তমিতি। অনুবর্ত্তন্তে অনুগমিষ্যন্তি। ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা ॥২৩॥
শূরা ইতি। সংরম্ভেণ ক্রোধেন, অভিচোদিতাঃ সর্ব্বত্র প্রেরিতাঃ ॥২৪॥
ত ইতি। পরীপ্সন্তঃ প্রাপ্তুমিচ্ছন্তঃ, অভ্রগণা মেঘসমূহাঃ ॥২৫॥
একেতি। একময়নং মতং গতাঃ প্রাপ্তাঃ। যতব্রতং দ্রোণম্ ॥২৬॥
অসংশয়মিতি। পর্য্যাপ্তাঃ সমর্থাঃ। ভারদ্বাজে দ্রোণে, সমাহিতং ন্যস্তম্ ॥২৭॥

তরবারি, ধনু, শক্তি, অশ্ব, হস্তী, পদাতি, রথ ও লৌহময় গদাদ্বারা দলে দলে সৈন্য সংহার করিবেন ॥২২॥

তখন সাত্যকিপ্রভৃতি রথীরা এবং বিশেষতঃ পাঞ্চাল, কেকয়, মৎস্য ও পাণ্ডবেরা ইহার অনুসরণ করিবেন ॥২৩॥

তা'রপর উঁহারা বীর, বলবান্, বিক্রমী ও মহারথ। বিশেষতঃ তখন উঁহারা ক্রোধে ভীমকর্ত্তৃক প্রেরিত হইবেন ॥২৪॥

আবার মেঘসমূহ যেমন সূর্য্যের সকল দিকে থাকে, সেইরূপ কৌরব-শ্রেষ্ঠেরাও ভীমকে আক্রমণ করিবার ইচ্ছা করিয়া দ্রোণের সকল দিকে থাকিবেন ॥২৫॥

মুমূর্ষু পতঙ্গসমূহ যেমন অরক্ষিত দীপকে পীড়ন করে, সেইরূপ ইঁহারাও একমতাবলম্বী হইয়া অরক্ষিত দ্রোণকে পীড়ন করিবেন ॥২৬॥

(২৩)···মাৎস্যাঃ · নি। (২৪)···বিনিঘ্নন্তশ্চ ভীমেন সংরব্ধেনাভিচোদিতাঃ—ব। নি, সংরব্ধেনাভিচোদিতাঃ—ব। (২৫) ··কুরুসত্তমাঃ···পি।

তে শীঘ্রমনুগচ্ছামো যত্র দ্রোণো ব্যবস্থিতঃ।
কোকা ইব মহানাগং মা বৈ হন্যুর্যতব্রতম্ ॥২৮॥

সঞ্জয় উবাচ।

রাধেয়স্য বচঃ শ্রুত্বা রাজা দুর্য্যোধনস্ততঃ।
ভ্রাতৃভিঃ সহিতো রাজন্! প্রায়াদ্দ্রোণরথং প্রতি ॥২৯॥
তত্রারাবো মহানাসীদেকং দ্রোণং জিঘাংসতাম্।
পাণ্ডবানাং নিবৃত্তানাং নানাবর্ণৈর্হয়োত্তমৈঃ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে দ্রোণযুদ্ধে বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

তে ইতি। কোকাঃ ক্ষুদ্রব্যাঘ্রাঃ, মহানাগং মহাহস্তিনম্। যতব্রতং দ্রোণম্ ॥২৮॥
রাধেয়স্যেতি। প্রায়াৎ, দ্রোণং রক্ষিতুং প্রাতিষ্ঠত ॥২৯॥
তত্রেতি। আরাবঃ কোলাহলঃ। জিঘাংসতাং হন্তুমিচ্ছতাম্ ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে বিংশোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তার পর ইহারা অস্ত্রে সুশিক্ষিত বলিয়া কৌরবদিগকে বারণ করিতে সমর্থ হইবেন। সুতরাং আমি মনে করি—দ্রোণের উপরে গুরুতর ভার ন্যস্ত করা হইয়াছে ॥২৭॥

অতএব দ্রোণ যেখানে রহিয়াছেন, আমরা সত্বর সেইখানে যাইব। কারণ, ক্ষুদ্র ব্যাঘ্রগণ যেমন মহাহস্তীকে বধ করে, সেইরূপ উহারা দ্রোণকে বধ না করে' ॥২৮॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর নরপতি দুর্য্যোধন কর্ণের উক্তি শুনিয়া ভ্রাতাদের সহিত মিলিত হইয়া দ্রোণের রথের দিকে প্রস্থান করিলেন ॥২৯॥

তখন এক দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া পাণ্ডবেরা নানাবর্ণ-ঘোটক-চালিত রথে প্রত্যাবৃত্ত হইলে, গুরুতর কোলাহল হইতে লাগিল' ॥৩০॥

——***——

* '…একবিংশোঽধ্যায়ঃ' ব, 'দ্বাবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

একবিংশোঽধ্যায়ঃ।

———(ঃ※ঃ)———

ধৃতরাষ্ট্র উবাচ।

সর্ব্বেষামেব মে ব্রূহি রথচিহ্নানি সঞ্জয়!।
যে দ্রোণমভ্যবর্ত্তন্ত ক্রুদ্ধা ভীমপুরোগমাঃ ॥১॥

সঞ্জয় উবাচ।

ঋক্ষবর্ণৈর্হয়ৈর্দৃষ্ট্বা ব্যায়চ্ছন্তং বৃকোদরম্।
রজতাশ্বস্ততঃ শূরঃ শৈনেয়ঃ সংন্যবর্ত্তত ॥২॥

সারঙ্গাশ্বো যুধামন্যুঃ স্বয়ং প্রত্বরয়ন্ হয়ান্।
পর্য্যবর্ত্তত দুর্দ্ধর্ষঃ ক্রুদ্ধো দ্রোণরথং প্রতি ॥৩॥

পারাবতসবর্ণৈস্তু হেমভাণ্ডৈর্মহাজবৈঃ।
পাঞ্চালরাজস্য সুতো ধৃষ্টদ্যুম্নো ন্যবর্ত্তত ॥৪॥

পিতরন্তু পরিপ্রেপ্সুঃ ক্ষত্রধর্ম্মা যতব্রতঃ।
সিদ্ধিং চাস্য পরাং কাঙ্ক্ষন্ শোণাশ্বঃ সংন্যবর্ত্তত ॥৫॥

সর্ব্বেষামিতি। রথানাং চিহ্নানি অশ্বধ্বজবর্ণাদীনি ॥১॥

ঋক্ষেতি। ঋক্ষবর্ণৈর্ভল্লুকবৎ কৃষ্ণবর্ণৈঃ। ব্যায়চ্ছন্তং যুদ্ধব্যায়ামোদ্যতম্ ॥২॥

সারঙ্গেতি। সারঙ্গা হরিণবিশেষা ইব শ্বেতনীলারুণবর্ণা অশ্বা যস্য সঃ ॥৩॥

পারেতি। পারাবতসবর্ণৈঃ কপোতবৎ শ্বেতনীলবর্ণৈঃ, হেমভাণ্ডৈঃ স্বর্ণভূষণৈঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ভীমপ্রভৃতি যে যোদ্ধারা দ্রোণের অভিমুখে আবার চলিলেন, তাঁহাদের সকলেরই রথচিহ্ন সকল আমার নিকট বল' ॥১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভীমসেন ভল্লুকের ন্যায় কৃষ্ণবর্ণ-ঘোটক-চালিত রথে যুদ্ধরূপ ব্যায়াম করিতে উদ্যত হইয়াছেন দেখিয়া রজতের ন্যায় শুভ্রাশ্ব সাত্যকিও ফিরিলেন ॥২॥

সারঙ্গের ন্যায় শ্বেতনীলারুণবর্ণ অশ্বগণকে সত্বর চালাইতে থাকিয়া দুর্দ্ধর্ষ ও ক্রুদ্ধ যুধামন্যু দ্রোণের রথের দিকে চলিলেন ॥৩॥

কপোতের ন্যায় হরিদ্বর্ণ, স্বর্ণভূষণে ভূষিত ও মহাবেগশালী অশ্বগণদ্বারা পরিচালিত রথে আরোহণ করিয়া পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন ফিরিলেন ॥৪॥

(২) ঋক্ষবর্ণৈঃ…পি, কৃষ্ণবর্ণৈঃ·বা। (৪) ··ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত—পি।

পদ্মপত্রনিভানশ্বান্ মল্লিকাক্ষান্ স্বলঙ্কৃতান্।
শৈখণ্ডিঃ ক্ষত্রদেবস্তু স্বয়ং প্রত্বরয়ন্ যযৌ ॥৬॥
দর্শনীয়াস্তু কাম্বোজাঃ শুকপত্রপরিচ্ছদাঃ।
বহন্তো নকুলং শীঘ্রং তাবকানভিদুদ্রুবুঃ ॥৭॥
কৃষ্ণাস্তু মেঘসঙ্কাশা অবহন্নুত্তমৌজসম্।
দুর্দ্ধর্ষায়াভিসন্ধায় ক্রুদ্ধং যুদ্ধায় ভারত ! ॥৮॥
তথা তিত্তিরিকল্মাষা হয়া বাতসমা জবে।
অবহংস্তুমুলে যুদ্ধে সহদেবমুদায়ুধম্ ॥৯॥
দন্তবর্ণাস্তু রাজানং কালবালা যুধিষ্ঠিরম্।
ভীমবেগা নরব্যাঘ্রমবহন্ বাতরংহসঃ ॥১০॥

পিতরমিতি। পিতরং ধৃষ্টদ্যুম্নম্, পরিপ্রেপ্সুঃ রক্ষিতুমিচ্ছুঃ। শোণাশ্বো রক্তাশ্বঃ ॥৫॥

পদ্মেতি। পদ্মপত্রনিভান্ শ্বেতারুণান্, মল্লিকাক্ষান্ মল্লিকাপুষ্পবচ্ছ্বেতনেত্রান্। অস্য শিখণ্ডিপুত্রত্বাদস্য। অতএব হি শৈখণ্ডিঃ শিখণ্ডিনঃ পুত্র ইত্যুক্তম্ ॥৬॥

দর্শেতি। দর্শনীয়াঃ সুন্দরাঃ, শুকপত্রবৎ শুকপক্ষিপক্ষবৎ হরিদ্বর্ণাঃ পরিচ্ছদা যেষাং তে ॥৭॥

কৃষ্ণা ইতি। উত্তমৌজসং নাম রাজানম্। অভিসন্ধায় উদ্দিশ্য ॥৮॥

তথেতি। তিত্তিরিকল্মাষাঃ তিত্তিরিপক্ষিবন্নানাবর্ণাঃ। জবে বেগে ॥৯॥

দন্তেতি। দন্তবর্ণা গজদন্তা ইব শুভ্রবর্ণাঃ, কালাঃ কৃষ্ণা বালা গ্রীবালোমানি যেষাং তে ॥১০॥

রক্তাশ্ব ও ব্রতধারী ক্ষত্রধর্ম্মা, পিতা ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিবার ইচ্ছা ও তাহার পরম সিদ্ধি কামনা করিয়া প্রতিনিবৃত্ত হইলেন ॥৫॥

শিখণ্ডীর পুত্র ক্ষত্রদেব পদ্মপত্রের ন্যায় শ্বেতারুণবর্ণ, মল্লিকাপুষ্পের ন্যায় শুভ্রনয়ন ও সুন্দরভাবে অলঙ্কৃত অশ্বগণকে নিজেই দ্রুত চালাইতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৬॥

সুদৃশ্য ও শুকপক্ষীর পক্ষের ন্যায় হরিদ্বর্ণ পরিচ্ছদযুক্ত কাম্বোজদেশীয় অশ্বগণ নকুলের রথ বহন করিতে থাকিয়া আপনার পক্ষের দিকে দ্রুত আসিতে লাগিল ॥৭॥

ভরতনন্দন ! মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ অশ্বগণ ক্রুদ্ধ উত্তমৌজাকে দুর্দ্ধর্ষ যুদ্ধের উদ্দেশে বহন করিয়া লইয়া চলিল ॥৮॥

তিত্তিরিপক্ষীর ন্যায় নানাবর্ণ এবং বেগে বায়ুর তুল্য অশ্বগণ উত্তোলিতাস্ত্র সহদেবকে তুমুল যুদ্ধে লইয়া যাইতে লাগিল ॥৯॥

গজদন্তের ন্যায় শুভ্রবর্ণ, কৃষ্ণবর্ণগ্রীবালোমযুক্ত এবং বায়ুর তুল্য ভয়ঙ্করবেগশালী অশ্বগণ নরশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠিরকে বহন করিতে থাকিল ॥১০॥

হেমোত্তমপ্রতিচ্ছন্নৈর্হয়ৈর্বাতসমৈর্জবে।
অভ্যদ্রবন্ত সৈন্যানি সর্বাণ্যেব যুধিষ্ঠিরম্ ॥১১॥
রাজ্ঞস্ত্বনন্তরো রাজা পাঞ্চাল্যো দ্রুপদোঽভবৎ।
জাতরূপময়চ্ছত্রঃ সর্বৈস্তৈরভিরক্ষিতঃ ॥১২॥
ললামৈর্হরিভির্যুক্তঃ সর্বশব্দক্ষমৈর্যুধি।
রাজ্ঞাং মধ্যে মহেষ্বাসঃ শান্তভীরভ্যবর্ত্তত।
তং বিরাটোঽন্বয়াচ্ছীঘ্রং সহ সর্বৈর্মহারথৈঃ ॥১৩॥
কেকয়াশ্চ শিখণ্ডী চ ধৃষ্টকেতুস্তথৈব চ।
স্বৈঃ স্বৈঃ সৈন্যৈঃ পরিবৃতা মৎস্যরাজানমন্বয়ুঃ ॥১৪॥
তন্তু পাটলিপুষ্পাণাং সমবর্ণা হয়োত্তমাঃ।
বহমানা ব্যরাজন্ত মৎস্যস্যামিত্রঘাতিনঃ ॥১৫॥
হরিদ্রাসমবর্ণাস্তু জবনা হেমমালিনঃ।
পুত্রং বিরাটরাজস্য সত্বরং সমুদাবহন্ ॥১৬॥

হেমেতি। হেমভিঃ স্বর্ণৈঃ উত্তমপ্রতিচ্ছন্নৈরতীবভূষিতৈঃ। অভি লক্ষ্যীকৃত্য ॥১১॥
রাজ্ঞ ইতি। জাতরূপময়ং স্বর্ণময়ং ছত্রং যস্য সঃ। তৈঃ সৈন্যৈশ্চ ॥১২॥
ললামৈরিতি। ললামৈরুত্তমৈঃ, হরিভিরশ্বৈঃ। শান্তভীর্নির্ভয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
কেকয়া ইতি। মৎস্যরাজানমিতি "গণকৃতমনিত্যম্" ইতি ন্যায়াদদন্তাভাবঃ ॥১৪॥
তমিতি। তং মৎস্যরাজমেব। মৎস্যস্য মৎস্যরাজস্য ॥১৫॥

সুন্দর স্বর্ণভূষণে ভূষিত এবং বেগে বায়ুর তুল্য অশ্বগণে আরোহণ করিয়া সমস্ত সৈন্য যুধিষ্ঠিরের সকল দিকে চলিতে লাগিল ॥১১॥

পাঞ্চালরাজ দ্রুপদ স্বর্ণময় ছত্রে আবৃত এবং সমস্ত সৈন্যে রক্ষিত হইয়া যুধিষ্ঠিরের পশ্চাতে চলিলেন ॥১২॥

যুদ্ধে যাহারা সর্বপ্রকার শব্দ সহ্য করিতে পারিত এবং অশ্বগণের মধ্যে উত্তম ছিল, সেই অশ্বসঞ্চালিত রথে আরোহণ করিয়া মহাধনুর্দ্ধর ও নির্ভয়চিত্ত দ্রুপদরাজা অন্যান্য রাজাদের মধ্যে রহিলেন এবং সমস্ত মহারথের সহিত মিলিত হইয়া বিরাটরাজা দ্রুপদরাজার পিছনে যাইতে লাগিলেন ॥১৩॥

কেকয়গণ, শিখণ্ডী ও ধৃষ্টকেতু আপন আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া বিরাটরাজার পিছনে চলিলেন ॥১৪॥

শত্রুহন্তা বিরাটের অশ্বগুলি পাটলিপুষ্পের ন্যায় শ্বেতরক্তবর্ণ ছিল, তাহারা বিরাটকে বহন করিতে থাকিয়া শোভা পাইতে থাকিল ॥১৫॥

(১২)···জাতরূপময়ৈশ্ছত্রৈঃ···পি বা,·· জাতরূপময়শ্ছন্নঃ···ব। (১৫)···অমিত্রকর্ষিণঃ—[illegible]

ইন্দ্রগোপকবর্ণৈস্তু ভ্রাতরঃ পঞ্চ কেকয়াঃ।
জাতরূপসমাভাসাঃ সর্ব্বে লোহিতকধ্বজাঃ ॥১৭॥
তে হেমমালিনঃ শূরাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ।
বর্ষন্ত ইব জীমূতাঃ প্রত্যদৃশ্যন্ত দংশিতাঃ ॥১৮॥
আমপাত্রনিকাশাস্তু পাঞ্চাল্যমমিতৌজসম্।
দত্তাস্তুম্বুরুণা দিব্যাঃ শিখণ্ডিনমুদাবহন্ ॥১৯॥
তথা দ্বাদশসাহস্রাঃ পাঞ্চালানাং মহারথাঃ।
তেষাস্তু ষট্ সহস্রাণি যে শিখণ্ডিনমন্বয়ুঃ ॥২০॥
পুত্রন্তু শিশুপালস্য নরসিংহস্য মারিষ!।
আক্রীড়ন্তো বহন্তি স্ম সারঙ্গশবলা হয়াঃ ॥২১॥
ধৃষ্টকেতুস্তু চেদীনামৃষভোঽতিবলোদিতঃ।
কাম্বোজৈঃ শবলৈরশ্বৈরভ্যবর্ত্তত দুর্জয়ঃ ॥২২॥

হরিদ্রেতি। জবনা বেগবন্তঃ। সমুদাবহন্ রথবহনেন। এবং সর্ব্বত্র ॥১৬॥

ইন্দ্রেতি। ইন্দ্রগোপকো রক্তবর্ণঃ কীটবিশেষঃ তদ্বর্ণৈরশ্বৈরূঢ়া ইতি শেষঃ ॥১৭॥

তে ইতি। জীমূতা মেঘাঃ, দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥১৮॥

আমেতি। আমপাত্রনিকাশাঃ অপক্বমৃন্ময়পাত্রবর্ণা অশ্বাঃ। তুম্বুরুণা গন্ধর্ব্বেণ ॥১৯॥

তথেতি। যে মহারথাঃ, অন্বয়ুঃ অন্বগচ্ছন্ ॥২০॥

পুত্রমিতি। পুত্রং ধৃষ্টকেতুম্। সারঙ্গশবলাঃ সারঙ্গাখ্যমৃগবর্ণানাবর্ণাঃ ॥২১॥

হরিদ্রাবর্ণ, বেগবান ও স্বর্ণমালাভূষিত অশ্বগণ বিরাটরাজার পুত্রকে বেগে বহন করিতে লাগিল ॥১৬॥

স্বর্ণকান্তি ও রক্তধ্বজ কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা ইন্দ্রগোপকীটের ন্যায় রক্তবর্ণ-ঘোটক-চালিত রথে চলিলেন ॥১৭॥

স্বর্ণমালাধারী, বীর, যুদ্ধবিশারদ ও যুদ্ধসজ্জায় সজ্জিত সেই কেকয়ভ্রাতারা বর্ষণকারী মেঘের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১৮॥

অপক্ক-মৃন্ময়-পাত্র-তুল্যবর্ণ তুম্বুরুপ্রদত্ত দিব্য অশ্বগণ অমিততেজা পাঞ্চাল-রাজপুত্র শিখণ্ডীকে বহন করিতে থাকিল ॥১৯॥

এবং পাঞ্চালসৈন্যগণের মধ্যে যে দ্বাদশ সহস্র মহারথ ছিলেন, তাঁহাদের ছয় সহস্র মহারথ শিখণ্ডীর অনুসরণ করিতে লাগিলেন ॥২০॥

মাননীয় রাজা! সারঙ্গের ন্যায় বিচিত্রবর্ণ অশ্বগণ খেলা করতই যেন নরশ্রেষ্ঠ শিশুপালের পুত্রকে বহন করিয়া লইয়া চলিল ॥২১॥

২০। অথ দ্বাদশ··· মহাবলাঃ··· পি।

বৃহৎক্ষত্রন্তু কৈকেয়ং সুকুমারং হয়োত্তমাঃ।
পলালধূমসঙ্কাশাঃ সৈন্ধবাঃ শীঘ্রমাবহন্ ॥২৩॥
রুক্মভাণ্ডপ্রতিচ্ছন্নাঃ কৌশেয়সদৃশা হয়াঃ।
ক্ষমাবন্তোঽবহন্ সংখ্যে সেনাবিন্দুমরিন্দমম্ ॥২৪॥
যুবানমবহন্ যুদ্ধে ক্রৌঞ্চবর্ণা হয়োত্তমাঃ।
কাশ্যস্যাভিভুবঃ পুত্রং সুকুমারং মহারথম্ ॥২৫॥
শ্বেতাস্তু প্রতিবিন্ধ্যঞ্চ কৃষ্ণগ্রীবা মনোজবাঃ।
যন্তুঃ প্রেষ্যকরা রাজন্! রাজপুত্রমুদাবহন্ ॥২৬॥
সুতসোমন্তু যং সৌম্যং পার্থঃ পুত্রমজীজনৎ।
মাষপুষ্পসবর্ণাস্তমবহন্ বাজিনো রণে ॥২৭॥

অথ বোঽসৌ পুত্র ইত্যাহ ধৃষ্টেতি। অতিবলেনোদিত উন্নতঃ। শবলৈবিচিত্রৈঃ ॥২২॥
বৃহদিতি। পলালধূমসঙ্কাশা নিষ্ফলধান্যকাণ্ডদহনকালীনধূমবর্ণাঃ, সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ ॥২৩॥
রুক্মেতি। রুক্মভাণ্ডপ্রতিচ্ছন্নাঃ স্বর্ণালঙ্কারাবৃতাঃ, কৌশেয়সদৃশাঃ পীতবর্ণাঃ ॥২৪॥
যুবানমিতি। কাশ্যস্য কাশীরাজস্য, অভিভুবস্তদাখ্যস্য ॥২৫॥
শ্বেতা ইতি। প্রতিবিন্ধ্যং দ্রৌপদ্যাং যুধিষ্ঠিরাজ্জাতম্। যন্তুঃ সারথেঃ প্রেষ্যকরা আজ্ঞাধীনাঃ ॥২৬॥

চেদিদেশশ্রেষ্ঠ, অত্যন্তবলগর্বিত ও দুর্জয় ধৃষ্টকেতু কাম্বোজদেশীয়-বিচিত্রবর্ণ-ঘোটক-চালিত রথে আরোহণ করিয়া দ্রোণের দিকে চলিলেন ॥২২॥

ধানের নাড়ার ধূমের মত ধূম্রবর্ণ সিন্ধুদেশীয় উৎকৃষ্ট অশ্বগণ কেকয়দেশীয় কোমলাঙ্গ বৃহৎক্ষত্রকে দ্রুত বহন করিতে লাগিল ॥২৩॥

স্বর্ণালঙ্কারে আবৃত, কৌশেয়বস্ত্রের ন্যায় পীতবর্ণ ও সহিষ্ণুতাশালী অশ্বগণ শত্রুদমনকারী সেনাবিন্দুকে যুদ্ধে বহন করিয়া চলিল ॥২৪॥

ক্রৌঞ্চের (কোঁচবকের) তুল্যবর্ণ উত্তম অশ্বগণ যুবা, কোমলাঙ্গ, এবং মহারথ কাশীরাজ অভিভূর পুত্রকে যুদ্ধে বহন করিয়া লইয়া যাইতে লাগিল ॥২৫॥

রাজা! শ্বেতবর্ণ, কৃষ্ণগ্রীব, মনের ন্যায় বেগবান্ এবং সারথির আজ্ঞাবহ অশ্বগণ যুধিষ্ঠিরের পুত্র প্রতিবিন্ধ্যকে লইয়া চলিল ॥২৬॥

ভীমসেন 'সুতসোম-'নামক যে সুন্দর পুত্রটীকে উৎপাদন করিয়াছিলেন, মাষ-(মাষকলাই) পুষ্পের তুল্যবর্ণ অশ্বগণ তাঁহাকে বহন করিতে লাগিল ॥২৭॥

(২৩) ইতঃ পরম্ 'মল্লিকাক্ষাঃ পদ্মবর্ণা বাহ্লিজাতাঃ স্বলঙ্কৃতাঃ। শূরং শিখণ্ডিনঃ পুত্রং ক্ষত্রদেবমুদাবহন্ ॥' অত্রায়ং শ্লোকোঽধিকঃ পি বা ব অস্মিন্নধ্যায় এব প্রাগুক্তত্বাৎ। (২৪) …সেনাবিন্দুং বরধ্বজম্—পি।

সহস্রসোমপ্রতিমো বভূব পুরে কুরূণামুদয়েন্দুনাম্নি।
তস্মিন্ জাতঃ সোমসংক্রন্দমধ্যে যস্মাত্তস্মাৎ সুতসোমোঽভবৎ সঃ ॥২৮॥
নাকুলিস্তু শতানীকং শালপুষ্পনিভা হয়াঃ।
তরুণাদিত্যসঙ্কাশাঃ শ্লাঘনীয়মুদাবহন্ ॥২৯॥
কাঞ্চনাপিহিতৈর্যোক্ত্রৈর্ময়ূরগ্রীবসন্নিভাঃ।
দ্রৌপদেয়ং নরব্যাঘ্রং শ্রুতকর্ম্মাণমাহবে ॥৩০॥
শ্রুতকীর্ত্তিং শ্রুতনিধিং দ্রৌপদেয়ং হয়োত্তমাঃ।
ঊহুঃ পার্থসমং যুদ্ধে চাষপত্রনিভা হয়াঃ ॥৩১॥
যমাহুরধ্যর্দ্ধগুণং কৃষ্ণাৎ পার্থাচ্চ সংযুগে।
অভিমন্যুং পিশঙ্গাস্তং কুমারমবহন্ রণে ॥৩২॥

[illegible]তি। সৌম্যং সুন্দরম্, পার্থো ভীমসেনঃ ॥২৭॥

অথ তস্য সুতসোমনামত্বে কো হেতুরিত্যাহ সহস্রেতি। তস্মিন্ প্রসিদ্ধে, উদয়েন্দুনাম্নি, [illegible] পুরে, সোমসংক্রন্দমধ্যে সোমযাগমধ্যে, যস্মাৎ জাতঃ, যস্মাচ্চ সহস্রসোমপ্রতিমো [illegible]চন্দ্রতুল্যকান্তিযুক্তো বভূব; তস্মাৎ স ভীমপুত্রঃ সুতসোমনামা অভবৎ ॥২৮॥

নাকুলিমিতি। নাকুলিং দ্রৌপদ্যাং নকুলাজ্জাতম্, শালপুষ্পনিভাঃ শ্বেতরক্তাঃ ॥২৯॥

কাঞ্চনেতি। কাঞ্চনাপিহিতৈঃ স্বর্ণাবৃতৈঃ, যোক্ত্রৈর্মুখরজ্জুভিঃ। শ্রুতকর্ম্মাণমর্জ্জুন-[illegible] ॥৩০॥

শ্রুতেতি। শ্রুতকীর্ত্তিং সহদেবপুত্রম্। শ্রুতসেনেত্যস্য নামান্তরম্। অতএবাদিপর্বোক্ত-[illegible] ন বিরোধঃ। শ্রুতনিধিং শাস্ত্রজ্ঞানাশ্রয়ম্। চাষপত্রনিভাঃ চাষপক্ষিপক্ষতুল্যা [illegible] ॥৩১॥

[illegible]মিতি। অধি অধিকঃ অর্দ্ধগুণো যস্য তম্, পার্থাদর্জ্জুনাৎ। পিশঙ্গাঃ পিঙ্গলাঃ ॥৩২॥

যে হেতু কৌরবগণের 'উদয়েন্দু-'নামক প্রসিদ্ধ নগরে সোমযাগের সময়ে ভীমের সেই পুত্রটী জন্মিয়াছিল এবং সহস্র সোমের (চন্দ্রের) তুল্য কান্তিমান্ হইয়াছিল, সেই হেতু তাহার নাম হইয়াছিল—'সুতসোম' ॥২৮॥

শালপুষ্পের ন্যায় শ্বেতরক্ত এবং নবোদিত সূর্য্যের তুল্য উজ্জ্বল অশ্বগণ নকুলের পুত্র শ্লাঘ্যগুণসম্পন্ন শতানীককে বহন করিতে লাগিল ॥২৯॥

স্বর্ণখচিত-মুখরজ্জুযুক্ত এবং ময়ূরের গ্রীবার ন্যায় কৃষ্ণবর্ণ অশ্বগণ দ্রৌপদীর গর্ভজাত অর্জ্জুনপুত্র নরশ্রেষ্ঠ শ্রুতকর্ম্মাকে বহন করিয়া যুদ্ধে চলিল ॥৩০॥

চাষপক্ষীর পক্ষের ন্যায় মলিনবর্ণ অশ্বগণ দ্রৌপদীর গর্ভজাত সহদেবপুত্র শাস্ত্রজ্ঞানী ও যুদ্ধে অর্জ্জুনের তুল্য শ্রুতকীর্ত্তিকে বহন করিতে থাকিল ॥৩১॥

(২৯)... আদিত্যতরুণপ্রখ্যাঃ · বা ব রা নি।

একস্তু ধার্ত্তরাষ্ট্রেভ্যঃ পাণ্ডবান্ যঃ সমাশ্রিতঃ।
তং বৃহন্তো মহাকায়া যুযুৎসুমবহন্ রণে ॥৩৩॥
পলালকাণ্ডবর্ণাস্তু বার্দ্ধক্ষেমিং তরস্বিনম্।
ঊহুঃ সুতুমুলে যুদ্ধে হয়া হৃষ্টাঃ স্বলঙ্কৃতাঃ ॥৩৪॥
কুমারং শিতিপাদাস্তু রুক্মচিত্রৈরুরশ্ছদৈঃ।
সৌচিত্তিমবহন্ যুদ্ধে যন্তৃপ্রেষ্যকরা হয়াঃ ॥৩৫॥
রুক্মপৃষ্ঠাবকীর্ণাস্তু কৌশেয়সদৃশা হয়াঃ।
সুবর্ণমালিনঃ ক্ষান্তাঃ শ্রেণিমন্তমুদাবহন্ ॥৩৬॥
রুক্মমালাধরাঃ শূরা হেমপৃষ্ঠাঃ স্বলঙ্কৃতাঃ।
কাশিরাজং নরশ্রেষ্ঠং শ্লাঘনীয়মুদাবহন্ ॥৩৭॥

এক ইতি। মহাকায়া অশ্বাঃ, যুযুৎসু' নাম ধৃতরাষ্ট্রাদ্বৈশ্যাগর্ভে জাতম্ ॥৩৩॥
পলালেতি। পলালকাণ্ডবর্ণা নিষ্ফলধান্যদণ্ডবর্ণাঃ শ্বেতপীতাঃ, তরস্বিনং বলবন্তম্ ॥৩৪॥
কুমারমিতি। শিতিপাদা নীলচরণাঃ। যন্তৃপ্রেষ্যকরাঃ সারথেরাজ্ঞাবহাঃ ॥৩৫॥
রুক্মেতি। রুক্মৈঃ স্বর্ণালঙ্কারৈঃ পৃষ্ঠে অবকীর্ণা আবৃতাঃ। ক্ষান্তাঃ সহিষ্ণবঃ ॥৩৬॥
রুক্মেতি। শ্লাঘনীয়ং রণনৈপুণ্যাতিশয়াদিতি ভাবঃ ॥৩৭॥

যুদ্ধে কৃষ্ণ এবং অর্জ্জুন অপেক্ষাও যাঁহার শক্তি অর্দ্ধগুণ অধিক, সেই কুমার অভিমন্যুকে পিঙ্গলবর্ণ অশ্বগণ যুদ্ধে বহন করিয়া লইয়া চলিল ॥৩২॥

একমাত্র যিনি ধার্ত্তরাষ্ট্রগণের নিকট হইতে যাইয়া পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছিলেন, সেই যুযুৎসুকে বিশাল ও বৃহৎকায় অশ্বগণ বহন করিতে লাগিল ॥৩৩॥

ধানের নাড়ার ন্যায় শ্বেতপীতবর্ণ, হৃষ্ট ও বিশেষভাবে অলঙ্কৃত অশ্বগণ বলবান্ বার্দ্ধক্ষেমিকে অতিতুমুল যুদ্ধে লইয়া চলিল ॥৩৪॥

কৃষ্ণচরণ, স্বর্ণখচিতবক্ষোভূষণযুক্ত এবং সারথির আজ্ঞাবহ অশ্বগণ কুমার সৌচিত্তিকে যুদ্ধে বহন করিয়া যাইতে থাকিল ॥৩৫॥

পৃষ্ঠে স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত, স্বর্ণমালাধারী, সহিষ্ণু ও কৌশেয়বস্ত্রের ন্যায় পীতবর্ণ অশ্বগণ শ্রেণিমানকে বহন করিতে লাগিল ॥৩৬॥

সুবর্ণমালাযুক্ত, শক্তিশালী, পৃষ্ঠে সুবর্ণভূষিত ও সমস্তালঙ্কারে অলঙ্কৃত অশ্বগণ নরশ্রেষ্ঠ ও শ্লাঘ্যগুণসম্পন্ন কাশীরাজকে বহন করিয়া লইয়া চলিল ॥৩৭॥

(৩৫)···যন্তুঃ প্রেষ্যকরা হয়াঃ—বা ব।

অস্ত্রাণাঞ্চ ধনুর্ব্বেদে ব্রাহ্মে বেদে চ পারগম্।
তং সত্যধৃতিমায়ান্তমরুণাঃ সমুদাবহন্ ॥৩৮॥
যুক্তৈঃ পরমকাম্বোজৈর্জবনৈর্হেমমালিভিঃ।
ভীষয়ন্তো দ্বিষৎসৈন্যং যমবৈশ্রবণোপমাঃ ॥৩৯॥
প্রভদ্রকাস্তু কাম্বোজাঃ ষট্সহস্রাণ্যুদায়ুধাঃ।
নানাবর্ণৈর্হয়ৈঃ শ্রেষ্ঠৈর্হেমবর্ণরথধ্বজাঃ ॥৪০॥
শরব্রাতৈর্বিধুন্বন্তঃ শত্রূন্ বিততকার্ম্মুকাঃ।
সমানমৃত্যবো ভূত্বা ধৃষ্টদ্যুম্নং সমন্বয়ুঃ ॥৪১॥ (বিশেষকম্)
বভ্রুকৌশেয়বর্ণাস্তু সুবর্ণবরমালিনঃ।
ঊহুরম্লানমনসশ্চেকিতানং হয়োত্তমাঃ ॥৪২॥
ইন্দ্রায়ুধসবর্ণৈস্তু কুন্তিভোজো হয়োত্তমৈঃ।
আয়াৎ সদশ্বৈঃ পুরুজিন্মাতুলঃ সব্যসাচিনঃ ॥৪৩॥

অস্ত্রাণামিতি। অস্ত্রাণামপরগ্রন্থে। ব্রাহ্মে ব্রহ্মসম্বন্ধিনি বেদে উপনিষদি ॥৩৮॥
যুক্তৈরিতি। জবনৈর্বেগবদ্ভিঃ। বৈশ্রবণঃ কুবেরঃ। হেমবর্ণা রথধ্বজা যেষাং তে। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, বিধুন্বন্তঃ কম্পয়ন্তঃ। সমানো মৃত্যুর্যুদ্ধে মৃত্যুবুদ্ধির্যেষাং তে ॥৩৯—৪১॥
বভ্রিতি। বভ্রুকৌশেয়বর্ণাঃ পিঙ্গপীতাঃ। অম্লানমনস উৎফুল্লচিত্তাঃ ॥৪২॥
ইন্দ্রেতি। ইন্দ্রায়ুধসবর্ণৈঃ নীলপীতারুণৈঃ, কুন্তিভোজস্তদ্বংশীয়ঃ ॥৪৩॥

ব্রহ্মসম্বন্ধী বেদ (উপনিষদ্), ধনুর্বেদ ও অস্ত্রসম্বন্ধীয় অন্যান্য গ্রন্থে পারদর্শী সত্যধৃতিকে অরুণবর্ণ অশ্বেরা বহন করিতে থাকিল ॥৩৮॥

যম ও কুবেরের তুল্য শক্তিশালী ষট্সহস্রসংখ্যক প্রভদ্রক ও কাম্বোজদেশীয় যোদ্ধা অস্ত্র উত্তোলন করিয়া, বেগবান্, স্বর্ণমালাধারী ও যুদ্ধে উপযুক্ত অশ্বগণদ্বারা শত্রুসৈন্যের ভয় জন্মাইতে থাকিয়া, শ্রেষ্ঠ ও নানাবর্ণযুক্ত-ঘোটক-চালিত রথে আরোহণ করিয়া, স্বর্ণবর্ণ রথধ্বজ তুলিয়া দিয়া, কার্ম্মুকবিস্তারপূর্ব্বক শরসমূহদ্বারা শত্রুদিগকে বিচলিত করিয়া এবং জীবন ও মৃত্যুকে সমান ভাবিয়া ধৃষ্টদ্যুম্নের অনুসরণ করিতে লাগিলেন ॥৩৯—৪১॥

উত্তমস্বর্ণমালাধারী এবং পিঙ্গলবর্ণ ও পীতবর্ণ উত্তম অশ্বগণ প্রফুল্লচিত্তে চেকিতানকে বহন করিতে লাগিল ॥৪২॥

(৩৮) সমুপাবহন্—নি। ইতঃ পরম্ 'যঃ স পাঞ্চালসেনানীর্দ্রোণমংশমকল্পয়ৎ। পারাবতসবর্ণাশ্বং ধৃষ্টদ্যুম্নমুদাবহন্ ॥ তমন্বয়াৎ সত্যধৃতিঃ সৌচিত্তির্যুদ্ধদুর্ম্মদঃ। শ্রেণিমান্ বসুদানশ্চ পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ ॥' ইতি শ্লোকদ্বয়মধিকং বা ব রা নি ঈদৃগ্ধৃষ্টদ্যুম্নবহনস্য পূর্ব্বমেবোক্তত্বাৎ বসুদানস্য চ পূর্ব্বং দ্রোণেন হতত্বাৎ।

অন্তরীক্ষসবর্ণাস্তু তারকাচিত্রিতা ইব।
রাজানং রোচমানং তে হয়াঃ সংখ্যে সমাবহন্ ॥৪৪॥
কর্বুরাঃ শিতিপাদাস্তু স্বর্ণজালপরিচ্ছদাঃ।
জারাসন্ধিং হয়াঃ শ্রেষ্ঠাঃ সহদেবমুদাবহন্ ॥৪৫॥
তে তু পুষ্করনালস্য সমবর্ণা হয়োত্তমাঃ।
জবে শ্যেনসমাশ্চিত্রাঃ সুদামানমুদাবহন্ ॥৪৬॥
শশলোহিতবর্ণাস্তু পাণ্ডুরোদ্গতরাজয়ঃ।
পাঞ্চাল্যং গোপতেঃ পুত্রং সিংহসেনমুদাবহন্ ॥৪৭॥
পাঞ্চালানাং নরব্যাঘ্রো যঃ খ্যাতো জনমেজয়ঃ।
তস্য সর্ষপপুষ্পাণাং তুল্যবর্ণা হয়োত্তমাঃ ॥৪৮॥
মাষবর্ণাস্তু জবনা বৃহন্তো হেমমালিনঃ।
দধিপৃষ্ঠাশ্চিত্রমুখাঃ পাঞ্চাল্যমবহন্ দ্রুতম্ ॥৪৯॥

অন্তরীক্ষেতি। অন্তরীক্ষসবর্ণা নীলবর্ণাঃ। রোচমানং নাম ॥৪৪॥
কর্বুরা ইতি। কর্বুরা বিচিত্রাঃ, শিতিপাদাঃ কৃষ্ণচরণাঃ। জারাসন্ধিং জরাসন্ধপুত্রম্ ॥৪৫॥
ত ইতি। পুষ্করনালস্য পদ্মদণ্ডস্য, সমবর্ণা হরিদ্বর্ণাঃ। সুদামানং নাম ॥৪৬॥
শশেতি। শশো মৃগবিশেষঃ, পাণ্ডুরা উদ্গতা রাজয়ো রোমশ্রেণয়ো যেষাং তে ॥৪৭॥
পাঞ্চালানামিতি। তুল্যবর্ণাঃ পীতবর্ণাঃ, হয়োত্তমাস্তদানীমাসন্ ॥৪৮॥
মাষেতি। মাষবর্ণা হরিদ্বর্ণাঃ, জবনা বেগবন্তঃ। পাঞ্চাল্যং কঞ্চিদ্বীরম্ ॥৪৯॥

অর্জ্জুনের মাতুল কুন্তিভোজবংশীয় পুরুজিৎ ইন্দ্রধনুর ন্যায় নানাবর্ণ-ঘোটক যুক্ত রথে আগমন করিতে লাগিলেন ॥৪৩॥

আকাশের ন্যায় নীলবর্ণ এবং নক্ষত্রচিত্রিতের ন্যায় বিচিত্র প্রসিদ্ধ অশ্বগণ রোচমান রাজাকে যুদ্ধে লইয়া চলিল ॥৪৪॥

বিচিত্রবর্ণ, কৃষ্ণচরণ ও স্বর্ণজালে অলঙ্কৃত উত্তম অশ্বগণ জরাসন্ধের পুত্র সহদেবকে বহন করিতে থাকিল ॥৪৫॥

পদ্মনালের ন্যায় হরিদ্বর্ণ এবং বেগে শ্যেনপক্ষীর তুল্য বিচিত্র উত্তম অশ্বগণ সুদামাকে যুদ্ধে লইয়া চলিল ॥৪৬॥

শশহরিণের ন্যায় রক্তবর্ণ এবং পাণ্ডুরবর্ণগ্রীবারোমযুক্ত অশ্ব সকল পাঞ্চালদেশীয় গোপতির পুত্র সিংহসেনকে বহন করিতে লাগিল ॥৪৭॥

যিনি পাঞ্চালদেশীয় বীরগণের মধ্যে শ্রেষ্ঠ এবং 'জনমেজয়-'নামে বিখ্যাত, তাঁহার উত্তম অশ্বগুলি সর্ষপপুষ্পের ন্যায় পীতবর্ণ ছিল ॥৪৮॥

(৪৬) যে তু পুষ্করনালস্য···বা ব রা নি।

শূরাশ্চ ভদ্রকাশ্চৈব শরকাণ্ডনিভা হয়াঃ।
পদ্মকিঞ্জল্কবর্ণাভা দণ্ডধারমুদাবহন্ ॥৫০॥
রাসভারুণবর্ণাভাঃ পৃষ্ঠতো মূষিকপ্রভাঃ।
বল্গন্ত ইব সংযত্তা ব্যাঘ্রদত্তমুদাবহন্ ॥৫১॥
হরয়ঃ কালকাশ্চিত্রাশ্চিত্রমাল্যবিভূষিতাঃ।
সুধন্বানং নরব্যাঘ্রং পাঞ্চাল্যং সমুদাবহন্ ॥৫২॥
ইন্দ্রাশনিসমস্পর্শা ইন্দ্রগোপকসন্নিভাঃ।
কায়ে চিত্রান্তরাশ্চিত্রাশ্চিত্রায়ুধমুদাবহন্ ॥৫৩॥
বিভ্রতো হেমমালাস্তু চক্রবাকোদরা হয়াঃ।
কোশলাধিপতেঃ পুত্রং সুক্ষত্রং বাজিনোঽবহন্ ॥৫৪॥
শবলাস্তু বৃহন্তোঽশ্বা দান্তা জাম্বূনদস্রজঃ।
যুদ্ধে সত্যধৃতিং ক্ষেমিমবহন্ প্রাংশবঃ শুভাঃ ॥৫৫॥

শূরা ইতি। ভদ্রকা উত্তমাঃ। শরকাণ্ডপদ্মকিঞ্জল্কয়োঃ সমানবর্ণত্বমুন্নেয়ম্ ॥৫০॥

রাসভেতি। রাসভস্য গর্দ্দভস্যেব অরুণবর্ণা অব্যক্তধূসরবর্ণা আভা যেষাং তে, "অরুণো ব্যক্তরাগেঽর্কে" ইত্যাদি মেদিনী। সংযত্তা দ্রুতগমনায় যত্নবন্তঃ ॥৫১॥

হরয় ইতি। হরয়োঽশ্বাঃ, কালকাস্তদ্দেশীয়াঃ, চিত্রা বিচিত্রাঙ্গাঃ ॥৫২॥

ইন্দ্রেতি। ইন্দ্রগোপকো রক্তবর্ণকীটবিশেষঃ তৎসন্নিভাঃ ॥৫৩॥

বিভ্রত ইতি। বাজিনো বলবন্তো হয়া ইতি ন পুনরুক্তিদোষঃ ॥৫৪॥

মাষকড়াইয়ের ন্যায় হরিদ্বর্ণ, বেগবান্, বিশালাকৃতি, স্বর্ণমালাধারী, দধির ন্যায় শুভ্রপৃষ্ঠ ও বিচিত্রমুখ অশ্বগণ পাঞ্চাল্যকে দ্রুত লইয়া চলিল ॥৪৯॥

শরদণ্ড ও পদ্মকেশরের ন্যায় শ্বেতপীতবর্ণ ও বলবান্ উত্তম অশ্বগণ দণ্ডধারকে বহন করিতে লাগিল ॥৫০॥

অন্য অঙ্গে গর্দ্দভের ন্যায় ধূসরবর্ণ এবং পৃষ্ঠে মূষিকের তুল্য মলিনবর্ণ অশ্বগণ দ্রুতগমনে যত্নবান্ হইয়া লম্ফন করতই যেন ব্যাঘ্রদত্তকে লইয়া চলিল ॥৫১॥

বিচিত্রবর্ণ ও বিচিত্রমাল্যে ভূষিত কালকদেশীয় অশ্বগণ পাঞ্চালদেশীয় নরশ্রেষ্ঠ সুধন্বাকে বহন করিয়া যাইতে থাকিল ॥৫২॥

ইন্দ্রের বজ্রের ন্যায় দৃঢ়স্পর্শ, ইন্দ্রগোপের তুল্য রক্তবর্ণ এবং দেহে মধ্যে মধ্যে বিচিত্রকান্তি বিচিত্র অশ্বগণ চিত্রায়ুধকে বহন করিতে লাগিল ॥৫৩॥

স্বর্ণমালাধারী, চক্রবাকপক্ষীর ন্যায় মলিনোদর ও বলবান্ অশ্বগণ কোশলরাজপুত্র সুক্ষত্রকে লইয়া চলিল ॥৫৪॥

(৫৩) ··কর্কাশ্চিত্রান্তরাঃ···পি ব।

একবর্ণেন সর্ব্বেণ ধ্বজেন কবচেন চ।
অশ্বৈশ্চ ধনুষা চৈব শুক্লৈঃ শুক্লো ন্যবর্ত্তত ॥৫৬॥
সমুদ্রসেনপুত্রস্তু সামুদ্রা রুদ্রতেজসম্।
অশ্বাঃ শশাঙ্কসদৃশাশ্চন্দ্রসেনমুদাবহন্ ॥৫৭॥
নীলোৎপলসবর্ণাস্তু তপনীয়বিভূষিতাঃ।
শৈব্যং চিত্ররথং সংখ্যে চিত্রমাল্যাঽবহন্ হয়াঃ ॥৫৮॥
কলায়পুষ্পবর্ণাস্তু শ্বেতলোহিতরাজয়ঃ।
রথসেনং হয়শ্রেষ্ঠা সমূহুর্যুদ্ধদুর্ম্মদম্ ॥৫৯॥
যন্তু সর্ব্বমনুষ্যেভ্যঃ প্রাহুঃ শূরতরং নৃপম্।
তং পটচ্চরহন্তারং শুকবর্ণাঽবহন্ হয়াঃ ॥৬০॥
চিত্রায়ুধং চিত্রমাল্যং চিত্রবর্ম্মায়ুধধ্বজম্।
ঊহুঃ কিংশুকপুষ্পাণাং সমবর্ণা হয়োত্তমাঃ ॥৬১॥

শবলা ইতি। শবলাশ্চিত্রাঃ। দান্তাঃ শিক্ষিতাঃ। সত্যধৃতিং যথার্থধৈর্য্যম্ ॥৫৫॥
একেতি। একবর্ণেন কেবলশুক্লবর্ণেন। তদ্বিবৃণোতি শুক্লৈরিতি। শুক্লো নাম ॥৫৬॥
সমুদ্রেতি। সামুদ্রাঃ সমুদ্রকূলজাতাঃ, রুদ্রস্য শিবস্যেব তেজো যস্য তম্ ॥৫৭॥
নীলেতি। তপনীয়ং স্বর্ণম্। চিত্রমাল্যাঽবহন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৫৮॥
কলায়েতি। শ্বেতা লোহিতাশ্চ রাজয়ো রোমশ্রেণয়ো যেষাং তে ॥৫৯॥
যমিতি। পটচ্চরাণাং দস্যূনাং হন্তারম্ ॥৬০॥

বিচিত্রবর্ণ, বিশালাকৃতি, সুশিক্ষিত, স্বর্ণমালাধারী, উচ্চ ও শুভলক্ষণযুক্ত ঘোটকগণ ধৈর্য্যশালী ক্ষেমিকে বহন করিতে থাকিল ॥৫৫॥

শুক্র যুদ্ধের দিকে ফিরিলেন, তাঁহার ধ্বজ, কবচ, অশ্ব ও ধনু এ সমস্তই শুক্লবর্ণ ছিল ॥৫৬॥

চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ সমুদ্রতীরজাত ঘোটকগণ রুদ্রের ন্যায় তেজস্বী সমুদ্রসেনপুত্র চন্দ্রসেনকে বহন করিতে লাগিল ॥৫৭॥

নীলোৎপলের তুল্য নীলবর্ণ, স্বর্ণভূষণে ভূষিত এবং বিচিত্রমালাধারী অশ্বগণ শিবিবংশীয় চিত্ররথকে যুদ্ধে লইয়া চলিল ॥৫৮॥

কলায়পুষ্পের ন্যায় শ্বেতনীলবর্ণ এবং শ্বেতরক্তরোমযুক্ত উৎকৃষ্ট তুরঙ্গ সকল যুদ্ধদুর্দ্ধর্ষ রথসেনকে বহন করিয়া লইয়া যাইতে থাকিল ॥৫৯॥

সমস্ত লোক যাঁহাকে সকল মানুষ হইতে প্রধান বীর বলে, দস্যুহন্তা সেই রাজাকে শুকপক্ষীর ন্যায় নীলবর্ণ ঘোটকগণ বহন করিতে লাগিল ॥৬০॥

(৫৯)·· যুদ্ধদুর্ম্মদাঃ·· পি।

একবর্ণেন সর্ব্বেণ ধ্বজেন কবচেন চ।
ধনুষা রথবাহৈশ্চ নীলৈর্নীলোঽভ্যবর্ত্তত ॥৬২॥
নানারূপৈ রত্নচিত্রৈর্ব্বরূথরথকার্ম্মুকৈঃ।
বাজিধ্বজপতাকাভিশ্চিত্রৈশ্চিত্রোঽভ্যবর্ত্তত ॥৬৩॥
যে তু পুষ্করপর্ণস্য তুল্যবর্ণা হয়োত্তমাঃ।
তে রোচমানস্য সুতং হেমবর্ণমুদাবহন্ ॥৬৪॥
যোধাশ্চ ভদ্রকারাশ্চ শরদণ্ডানুদণ্ডয়ঃ।
শ্বেতাণ্ডাঃ কুক্কুটাণ্ডাভা দণ্ডকেতুং হয়াঽবহন্ ॥৬৫॥
কেশবেন হতে সংখ্যে পিতর্য্যথ নরাধিপে।
ভিন্নে কপাটে পাণ্ড্যানাং বিদ্রুতেষ্ চ বন্ধুষ্ ॥৬৬॥
ভীষ্মাদবাপ্য চাস্ত্রাণি দ্রোণাদ্রামাৎ কৃপাত্তথা।
অস্ত্রৈঃ সমত্বং সংপ্রাপ্য রুক্মিকর্ণার্জ্জুনাচ্যুতৈঃ ॥৬৭॥

চিত্রেতি। চিত্রায়ুধং নাম। উহুঃ রথবহনেনোঢবন্তঃ ॥৬১॥

একেতি। রথবাহৈরশ্বৈঃ, নীলৈর্নীলবর্ণৈঃ, নীলো নাম রাজা ॥৬২॥

নানেতি। বরূথো রথগুপ্তিরাবরণচর্ম্ম। চিত্রৈঃ সর্বৈঃ, চিত্রো নাম বীরঃ ॥৬৩॥

য ইতি। পুষ্করপর্ণস্য পদ্মপত্রস্য। হেমবর্ণং নাম বীরম্ ॥৬৪॥

যোধা ইতি। যুধ্যন্ত ইতি যোধা যুদ্ধযোগ্যাঃ, ভদ্রং যুদ্ধে মঙ্গলং কুর্ব্বন্তীতি ভদ্রকারাঃ, শরাণাং তদাখ্যতৃণানাং দণ্ডাঃ কাণ্ডা ইব পীতা অনুদণ্ডাঃ পৃষ্ঠবংশা যেষাং তে, শ্বেতাণ্ডাঃ, শ্বেতাণ্ডাভাঃ কুক্কুটাণ্ডবৎ শুভ্রবর্ণা হয়াঃ, দণ্ডকেতুমবহন্ ॥৬৫॥

পলাশপুষ্পের তুল্য রক্তবর্ণ উত্তম অশ্বগণ বিচিত্রমালাধারী এবং বিচিত্র বর্ম্ম অস্ত্র ও ধ্বজসমন্বিত চিত্রায়ুধকে লইয়া চলিল ॥৬১॥

নীলরাজা দ্রোণের দিকে ধাবিত হইলেন; তাঁহার ধ্বজ, কবচ, ধনু ও ঘোটক এ সমস্তই নীলবর্ণ ছিল ॥৬২॥

মহাবীর চিত্র দ্রোণের উদ্দেশে চলিলেন; তাঁহার রথের আবরণ, রথ, ধনু, ঘোটক, ধ্বজ ও পতাকা এ সমস্তই রত্নে খচিত থাকায় নানারূপ ও বিচিত্র ছিল ॥৬৩॥

পদ্মপত্রের তুল্য হরিদ্বর্ণ উত্তম ঘোটকগণ রোচমানের পুত্র হেমবর্ণকে বহন করিতে লাগিল ॥৬৪॥

যুদ্ধযোগ্য, মঙ্গলজনক, শরদণ্ডের ন্যায় ঈষৎ পীতবর্ণ মেরুদণ্ডযুক্ত, শুভ্রমুষ্ক ও কুক্কুটাণ্ডের ন্যায় শুভ্রবর্ণ তুরঙ্গ সকল দণ্ডকেতুকে লইয়া চলিল ॥৬৫॥

(৬৪) যে তু পুষ্করবর্ণস্য · বা। নি।

ইয়েষ দ্বারকাং হন্তুং কৃৎস্নাং জেতুঞ্চ মেদিনীম্।
নিবারিতস্ততঃ প্রাজ্ঞৈঃ সুহৃদ্ভির্হিতকাম্যয়া ॥৬৮॥
বৈরানুবন্ধমুৎসৃজ্য স্বরাজ্যমনুশাস্তি যঃ।
স সাগরধ্বজঃ পাণ্ড্যশ্চন্দ্ররশ্মিনিভৈর্হয়ৈঃ ॥৬৯॥
বৈদূর্য্যজালসংছন্নৈর্বীর্য্যদ্রবিণমাশ্রিতঃ।
দিব্যং বিস্ফারয়ংশ্চাপং দ্রোণমভ্যদ্রবদ্বলী ॥৭০॥ (কুলকম্)
আরকূটকবর্ণাশ্চ হয়াঃ পাণ্ড্যানুযায়িনাম্।
অবহন্ রথমুখ্যানামযুতানি চতুর্দ্দশ ॥৭১॥
নানাবর্ণেন রূপেণ নানাকৃতিমুখা হয়াঃ।
রথচক্রধ্বজং বীরং ঘটোৎকচমুদাবহন্ ॥৭২॥

কেশবেনেতি। কপাটে দুর্গদ্বারস্য, বিদ্রুতেষু পলায়িতেষু। অচ্যুতঃ কৃষ্ণঃ। [illegible] কৃষ্ণনগরীম্। বৈরানুবন্ধং কৃষ্ণেন সহ শত্রুতায়া অনুবৃত্তিম্। পাণ্ড্যস্তদ্দেশীয়ো [illegible] বৈদূর্য্যাণাং মণীনাং জালেন সংছন্নৈরাবৃতৈঃ, বীর্য্যদ্রবিণং শক্তিধনম্ ॥৬৬—৭০॥

আরেতি। আরকূটবর্ণাঃ পিত্তলবর্ণাঃ। রথমুখ্যানাং রথশ্রেষ্ঠানাম্ ॥৭১॥

দুর্গদ্বারের কপাট ভগ্ন হইলে, পাণ্ড্যগণের বন্ধুরা পলাইয়া গেলে এবং কৃষ্ণ যুদ্ধে পিতা পাণ্ড্যরাজকে বধ করিলে, যিনি ভীষ্ম, দ্রোণ, পরশুরাম ও কৃপের নিকট সর্ব্বপ্রকার অস্ত্রশিক্ষা লাভ করিয়া রুক্মী, কর্ণ, অর্জ্জুন ও কৃষ্ণের সমান হইয়া দ্বারকানগরীর বিনাশ ও সমগ্র পৃথিবীর জয় করিবার ইচ্ছা করেন; তাহার পর বুদ্ধিমান্ ও হিতৈষী বন্ধুরা বারণ করায় কৃষ্ণের সহিত শত্রুতা ত্যাগ করিয়া আপন রাজ্য শাসন করিতেছেন, সেই বলবান পাণ্ড্যরাজ সাগরধ্বজ নিজের শক্তি ও ধন লইয়া দিব্য ধনু বিস্ফারিত করিয়া চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ এবং বৈদূর্য্যমণিজালে আবৃত-ঘোটকগণ-চালিত রথে দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৬৬—৭০॥

পিত্তলবর্ণ ঘোটকগণ পাণ্ড্যরাজার অনুগামী একলক্ষ চল্লিশ হাজার রথ বহন করিতে লাগিল ॥৭১॥

(৭১) আটরূষকবর্ণাভা হয়াঃ—পি বা ব, পাণ্ড্যানুযায়িনঃ—পি। (৭২) ইতঃ পরং পুনর্যুধি যুযুৎসুঘোটকাদিবর্ণনাত্মকং শ্লোকত্রয়মধিকং পি বা ব নি, অস্মিন্নধ্যায এব পূর্ব্বং তদুক্তত্বাৎ। তে চ যথা—

ভরতানাং সমেতানামুৎসৃজ্যৈকো মতানি যঃ। গতো যুধিষ্ঠিরং ভক্ত্যা ত্যক্ত্বা সর্ব্বমভীপ্সিতম্।
লোহিতাক্ষং মহাবাহুং বৃহন্তং তং বরধ্বজম্। মহাসত্ত্বা মহাকায়াঃ সৌবর্ণে স্যন্দনে স্থিতম্।
সুবর্ণবর্ণা ধর্ম্মজ্ঞমনীকস্থং যুধিষ্ঠিরম্। রাজশ্রেষ্ঠং হয়শ্রেষ্ঠাঃ সর্ব্বতঃ পৃষ্ঠতোঽন্বয়ুঃ ॥

বর্ণৈরুচ্চাবচৈরন্যৈঃ সদশ্বানাং প্রভদ্রকাঃ।
সংন্যবর্ত্তন্ত যুদ্ধায় বহবো দেবরূপিণঃ ॥৭৩॥
তে যত্তা ভীমসেনেন সহিতাঃ কাঞ্চনধ্বজাঃ।
প্রত্যদৃশ্যন্ত রাজেন্দ্র! সেন্দ্রা ইব দিবৌকসঃ ॥৭৪॥
অত্যরোচত তান্ সর্ব্বান্ ধৃষ্টদ্যুম্নঃ সমাগতান্।
সর্ব্বাণ্যতীত্য সৈন্যানি ভারদ্বাজো ব্যরোচত ॥৭৫॥
অতীব শুশুভে তস্য ধ্বজঃ কৃষ্ণাজিনোত্তরঃ।
কমণ্ডলুর্মহারাজ! জাতরূপময়ঃ শুভঃ ॥৭৬॥
ধ্বজন্তু ভীমসেনস্য বৈদূর্য্যমণিলোচনম্।
ভ্রাজমানং মহাসিংহং রাজন্তং দৃষ্টবানহম্ ॥৭৭॥

[illegible]লেতি। রথচক্রং ধ্বজে যস্য তং রথচক্রাঙ্কিতধ্বজমিত্যর্থঃ ॥৭২॥
[illegible]রিতি। উচ্চাবচৈর্নানাবিধৈঃ, অন্যৈঃ সমূহৈরিতি শেষঃ ॥৭৩॥
[illegible]তি। যত্তা যুদ্ধায় যত্নবন্তঃ। কাঞ্চনধ্বজাঃ স্বর্ণখচিতধ্বজাঃ ॥৭৪॥
[illegible]তি। অতি অতিক্রম্য। ভারদ্বাজঃ অস্মৎপক্ষে দ্রোণঃ ॥৭৫॥
[illegible]বেতি। তস্য ভারদ্বাজস্য, কৃষ্ণাজিনম্ উত্তরমুপরিস্থং যস্য সঃ ॥৭৬॥
[illegible]মিতি। বৈদূর্য্যমণী লোচনে যস্য তম্। মহাসিংহং তদঙ্কিতম্ ॥৭৭॥

নানাবর্ণরূপযুক্ত এবং নানাকৃতিমুখসমন্বিত তুরঙ্গ সকল বীর ঘটোৎকচকে [illegible] চলিল; তাহার ধ্বজে একটা রথচক্রের চিহ্ন ছিল ॥৭২॥

দেবরূপী বহুতর প্রভদ্রকসৈন্য অন্য নানাবর্ণের অশ্বে আরোহণ করিয়া [illegible]রবার জন্য ফিরিল ॥৭৩॥

রাজশ্রেষ্ঠ! ইন্দ্রের সহিত দেবগণের ন্যায় ভীমসেনের সহিত সেই [illegible]বান্ ও স্বর্ণধ্বজযুক্ত পাণ্ডবযোদ্ধৃগণকে দেখা যাইতে লাগিল ॥৭৪॥

পাণ্ডবপক্ষে ধৃষ্টদ্যুম্ন সেই সমাগত সকল যোদ্ধাকে অতিক্রম করিয়া শোভা পাইতে লাগিলেন; আর কৌরবপক্ষে দ্রোণ সমস্ত সৈন্য লঙ্ঘন করিয়া প্রকাশ পাইতে থাকিলেন ॥৭৫॥

মহারাজ! তৎকালে ধ্বজের উপরে একখানি কৃষ্ণমৃগের চর্ম্ম এবং স্বর্ণময় শুভসূচক একটী কমণ্ডলু থাকায় দ্রোণের সেই ধ্বজটা অত্যন্ত শোভা পাইতেছিল ॥৭৬॥

ভীমসেনের ধ্বজের উপরে একটা উজ্জ্বল মহাসিংহ ছিল; তাহার নয়ন দুইটার স্থানে দুইটা বৈদূর্য্যমণি জ্বলিতেছিল—দেখিয়াছিলাম ॥৭৭॥

ধ্বজস্তু কুরুরাজস্য পাণ্ডবস্য মহৌজসঃ।
দৃষ্টবানস্মি সৌবর্ণং সোমং গ্রহগণান্বিতম্ ॥৭৮॥
মৃদঙ্গৌ চাত্র বিপুলৌ দিব্যৌ নন্দোপনন্দকৌ।
যন্ত্রেণাহন্যমানৌ চ সুস্বনৌ হর্ষবর্দ্ধনৌ ॥৭৯॥
শরভং পৃষ্ঠসৌবর্ণং নকুলস্য মহাধ্বজম্।
অপশ্যাম রথেঽত্যুগ্রং ভীষয়াণমবস্থিতম্ ॥৮০॥
হংসস্তু রাজতঃ শ্রীমান্ ধ্বজে ঘণ্টাপতাকবান্।
সহদেবস্য দুর্দ্ধর্ষো দ্বিষতাং শোকবর্দ্ধনঃ ॥৮১॥
পঞ্চানাং দ্রৌপদেয়ানাং প্রতিমা ধ্বজভূষণম্।
ধর্ম্ম-মারুত-শক্রাণামশ্বিনোশ্চ মহাত্মনোঃ ॥৮২॥
অভিমন্যোঃ কুমারস্য শার্ঙ্গপক্ষী হিরণ্ময়ঃ।
রথে ধ্বজবরো রাজংস্তপ্তচামীকরোজ্জ্বলঃ ॥৮৩॥

ধ্বজমিতি। কুরুরাজস্য যুধিষ্ঠিরস্য পাণ্ডবস্যেতি বিশেষণাৎ। সোমং চন্দ্রচিহ্নম্ ॥৭৮॥
মৃদঙ্গাবিতি। নন্দোপনন্দকৌ নাম। আহন্যমানৌ বাদ্যমানৌ ॥৭৯॥
শরভমিতি। শরভম্ অষ্টচরণবৃহজ্জন্তুচিহ্নম্। ভীষয়াণং ভয়ং জনয়ন্তম্ ॥৮০॥
হংস ইতি। রাজতো রৌপ্যময়ঃ, শ্রীমান্ সুন্দরঃ ॥৮১॥
পঞ্চানামিতি। যথাক্রমং ধর্ম্মস্য প্রতিমা প্রতিবিম্বাস্য ধ্বজভূষণমিত্যাদ্যন্বয়ঃ ॥৮২॥
অভীতি। হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ। তপ্তচামীকরেণ তপ্তস্বর্ণেন উজ্জ্বলঃ ॥৮৩॥

মহাতেজা কুরুরাজ যুধিষ্ঠিরের ধ্বজটাকে সুবর্ণময় এবং গ্রহগণান্বিত চন্দ্রচিহ্নিত দেখিয়াছিলাম ॥৭৮॥

তাঁহার সেই ধ্বজটার উপরে 'নন্দ ও উপনন্দক'-নামে দিব্য বিশাল দুইটা মৃদঙ্গ ছিল; যন্ত্রদ্বারা আহত হইতে থাকায় সে দুইটা হইতে আনন্দবর্দ্ধক সুন্দর শব্দ হইতেছিল ॥৭৯॥

নকুলের রথের বিশাল ধ্বজে একটা অতিভীষণ শরভ দেখিয়াছিলাম; তাহার পৃষ্ঠদেশ সুবর্ণময় ছিল এবং সে ভয় উৎপাদন করিতেছিল ॥৮০॥

সহদেবের ধ্বজে একটা রৌপ্যময়, উজ্জ্বল, ঘণ্টা ও পতাকাযুক্ত, শত্রুগণের শোকবর্দ্ধক ও দুর্দ্ধর্ষ হংসমূর্ত্তি ছিল ॥৮১॥

দ্রৌপদীর পঞ্চপুত্রের পাঁচটা ধ্বজে যথাক্রমে ধর্ম্ম, বায়ু, ইন্দ্র এবং অশ্বিনীকুমারদ্বয় এই পঞ্চ দেবতার পাঁচখানি প্রতিমা ভূষণ ছিল ॥৮২॥

(৮০)...ভীষণং সমবস্থিতম্—পি। (৮৩) ইতঃ পরং পুস্তকভেদেষ্বেব পাঠভেদা লক্ষ্যন্তে

এতে চান্যে চ বহবো ধ্বজা হেমবিভূষিতাঃ।
তত্রাদৃশ্যন্ত শূরাণাং দ্বিষতাং শোকবর্দ্ধনাঃ ॥৮৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে রথাদিচিহ্নকথনে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

——(:*:)——

ধৃতরাষ্ট্র উবাচ।

ব্যথয়েয়ুরিমে সেনাং দেবানামপি সঞ্জয়!।
আহবে যে ন্যবর্ত্তন্ত বৃকোদরমুখা রথাঃ ॥১॥

উপসংহরন্ সংক্ষেপেণ সর্ব্বং বর্ণয়তি এত ইতি। ধ্বজা দ্বয়োরেব পক্ষয়োঃ ॥৮৪॥

ই...ঃ মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥

আর রাজা! কুমার অভিমন্যুর রথের ধ্বজে উত্তপ্তস্বর্ণোজ্জ্বল ও স্বর্ণময় একটা শার্ঙ্গপক্ষী প্রকাশ পাইতেছিল ॥৮৩॥

তৎকালে বীরগণের এই সকল এবং অন্যও বহুতর স্বর্ণভূষিত ও শত্রুগণের শোকবর্দ্ধক নানাবিধ ধ্বজ দেখিয়াছিলাম ॥৮৪॥

(৮৪) অতঃ পরমষ্টৌ শ্লোকা অধিকা এব বা ব নি, ধৃতরাষ্ট্রেণ তেষামজিজ্ঞাসিতত্বাৎ। ... ১ যথা—

...কচস্য রাজেন্দ্র! ধ্বজে গৃধ্রো ব্যরোচত। অশ্বাশ্চ কামগাস্তস্য রাবণস্য পুরা যথা ॥
...ন্দ্রঞ্চ ধনুর্দিব্যং ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে। বায়ব্যং ভীমসেনস্য ধনুর্দিব্যমভূন্নৃপ! ॥
ত্রৈলোক্যরক্ষণার্থায় ব্রহ্মণা সৃষ্টমায়ুধম্। তদ্দিব্যমজরং চৈব ফাল্গুনার্থায় বৈ ধনুঃ ॥
বৈষ্ণবং নকুলায়াথ সহদেবায় চাশ্বিজম্। ঘটোৎকচায় পৌলস্ত্যং ধনুর্দিব্যং ভয়ানকম্ ॥
রৌদ্রমাগ্নেয়কৌবেরং যাম্যং গিরিশমেব চ। পঞ্চানাং দ্রৌপদেয়ানাং ধনূরত্নানি ভারত! ॥
রৌদ্রং ধনুর্ব্বরং শ্রেষ্ঠং লেভে যদ্রোহিণীসুতঃ। তত্তুষ্টঃ প্রদদৌ রামঃ সৌভদ্রায় মহাত্মনে ॥
এতে চান্যে চ বহবো ধ্বজা হেমবিভূষিতাঃ। তত্রাদৃশ্যন্ত শূরাণাং দ্বিষতাং শোকবর্দ্ধনাঃ ॥
তদভূদ্ধ্বজসম্বাধমকাপুরুষসেবিনম্। দ্রোণানীকং মহারাজ! পটে চিত্রমিবার্পিতম্ ॥
শুশ্রুবুর্নামগোত্রাণি বীরাণাং সংযুগে তদা। দ্রোণমাদ্রবতাং রাজন্! স্বয়ংবর ইবাহবে ॥

* '...দ্বাবিংশোঽধ্যায়ঃ' ব, '...ত্রয়োবিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (১) বৃকোদরমুখা নৃপাঃ— ... ব বা নি।

সম্প্রযুক্তঃ কিলৈবায়ং দিষ্টৈর্ভবতি পূরুষঃ।
তস্মিন্নেব চ সর্ব্বার্থাঃ প্রদৃশ্যন্তে পৃথগ্বিধাঃ ॥২॥
দীর্ঘং বিপ্রোষিতঃ কালমরণ্যে জটিলোঽজিনী।
অজ্ঞাতশ্চৈব লোকস্য বিজহার যুধিষ্ঠিরঃ ॥৩॥
স এব মহতীং সেনাং সমাবর্ত্তয়দাহবে।
কিমন্যদ্দৈবসংযোগান্মম পুত্রস্য চাভবৎ ॥৪॥
যুক্ত এব হি ভাগ্যেন ধ্রুবমুৎপদ্যতে নরঃ।
স তথাকৃষ্যতে তেন ন যথা স্বয়মিচ্ছতি ॥৫॥
দ্যূতব্যসনমাসাদ্য ক্লেশিতো হি যুধিষ্ঠিরঃ।
স পুনর্ভাগধেয়েন সহায়ানুপলব্ধবান্ ॥৬॥

ব্যথয়েয়ুরিতি। আহবে পুনর্দ্রোণেন সহ যুদ্ধে, বৃকোদরমুখা ভীমসেনপ্রভৃতয়ঃ ॥১॥
সম্প্রেতি। দিষ্টৈর্দৈবৈঃ। সর্বার্থাঃ সর্বে বিষয়াঃ সফলাঃ ॥২॥
দীর্ঘমিতি। বিপ্রোষিতো বিশেষপ্রকর্ষেণ স্থিতঃ। জটিলো জটাবান্, অজিনী চর্ম্মবান্ ॥৩॥
স ইতি। সমাবর্ত্তনং সংগ্রহণং। দৈবসংযোগাৎ দুর্দৈবসম্বন্ধাৎ ॥৪॥
যুক্ত ইতি। যুক্তঃ প্রযুক্তঃ। তেন ভাগ্যেন ॥৫॥
দ্যূতেতি। দ্যূতেন ব্যসনং বিপদং সর্ব্বনাশম্। ভাগধেয়েন ভাগ্যেন ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! দ্রোণের সহিত পুনরায় যুদ্ধ করিবার জন্য ভীমসেনপ্রভৃতি যে সকল রথী প্রতিনিবৃত্ত হইলেন, ইহারা দেবগণের সৈন্যও ব্যথিত করিতে পারেন ॥১॥

এই সকল মানুষ দৈবপ্রযুক্ত হইয়াই জন্মিয়া থাকে এবং সেই দৈবেই নানাবিধ সমস্ত বিষয়কে সফল হইতে দেখা যায় ॥২॥

দেখ, যুধিষ্ঠির জটা ও মৃগচর্ম্ম ধারণ করিয়া দীর্ঘকাল বনে বাস করিয়াছিলেন এবং লোকের অজ্ঞাতভাবে বিরাটরাজ্যে বিচরণ করিয়াছিলেন ॥৩॥

তিনিই আবার যুদ্ধের জন্য বিশাল সৈন্য সংগ্রহ করিয়াছেন। সুতরাং আমার পুত্রের দুর্দৈবসংযোগ ব্যতীত ইহার অন্য কি কারণ বলা যাইতে পারে? ॥৪॥

মানুষ নিশ্চয়ই ভাগ্যপ্রযুক্ত হইয়া উৎপন্ন হয়; তা'র পর সে নিজে যাহা ইচ্ছা না করে, ভাগ্য সেই দিকেই তাহাকে টানিয়া লইয়া যায় ॥৫॥

যুধিষ্ঠির দ্যূতক্রীড়ায় বিপদাপন্ন হইয়া কষ্ট পাইয়াছেন, আবার তিনিই ভাগ্যের বলে সহায় লাভ করিয়াছেন ॥৬॥

(৪)···মম পুত্রাভবায় চ—নি। (৫) যুক্তমেব হি ভাগ্যেন ··পি ব।

অর্দ্ধং মে কেকয়া লব্ধাঃ কাশিকাঃ কোশলাশ্চ যে।
চেদীনাঞ্চার্দ্ধমপরে মামেব সমুপাশ্রিতাঃ ॥৭॥
পৃথিবী ভূয়সী তাত! মম পার্থস্য নো তথা।
ইতি মামব্রবীৎ সূত! মন্দো দুর্য্যোধনঃ পুরা ॥৮॥
তস্য সেনাসমূহস্য মধ্যে দ্রোণঃ সুরক্ষিতঃ।
নিহতঃ পার্ষতেনাজৌ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৯॥
মধ্যে রাজ্ঞাং মহাবাহুং সদা যুদ্ধাভিনন্দিনম্।
সর্বাস্ত্রপারগং দ্রোণং কথং মৃত্যুরুপেযিবান্ ॥১০॥
সমনুপ্রাপ্তকৃচ্ছ্রোঽহং মোহং পরমমাগতঃ।
ভীষ্মদ্রোণৌ হতৌ শ্রুত্বা নাহং জীবিতুমুৎসহে ॥১১॥
যন্মাং ক্ষত্তাঽব্রবীত্তাত! প্রপশ্যন্ পুত্রগৃদ্ধিনম্।
দুর্য্যোধনেন তৎ সর্বং প্রাপ্তং সূত! ময়া সহ ॥১২॥

অর্দ্ধমিতি। অর্দ্ধং যথা স্যাত্তথা, মে ময়া। অপরে ধৃষ্টকেতুপ্রভৃতিভিন্নাঃ ॥৭॥
মমাপরে কেত্যাহ পৃথিবীতি। ভূয়সী বহুলা। পার্থস্য যুধিষ্ঠিরস্য, নো ন ॥৮॥
তস্যেতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন, আজৌ যুদ্ধে। ভাগধেয়তো ভাগ্যাৎ ॥৯॥
মধ্যে ইতি। যুদ্ধাভিনন্দিনমেব ন তু যুদ্ধে বিষণ্ণম্। উপেযিবান্ প্রাপ্তবান্ ॥১০॥
সমিতি। সমনুপ্রাপ্তকৃচ্ছ্রঃ অতীব প্রাপ্তকষ্টঃ। উৎসহে শক্নোমি ॥১১॥
যন্মামিতি। ক্ষত্তা বিদুরঃ। পুত্রগৃদ্ধিনং পুত্রবৎসলং বাৎসল্যেন পুত্রাধীনমিত্যর্থঃ ॥১২॥

'আমি কেকয়, কাশী ও কোশলরাজ্যের অর্দ্ধ সৈন্য পাইয়াছি এবং চেদিরাজ্যের ও অপর অর্দ্ধ সৈন্য আমাকেই আশ্রয় করিয়াছে ॥৭॥

পিতঃ! পৃথিবীর বহুভাগই আমার পক্ষে, কিন্তু যুধিষ্ঠিরের সেরূপ নহে'। সঞ্জয়! মূর্খ দুর্য্যোধন পূর্ব্বে আমাকে এইরূপ বলিত ॥৮॥

দ্রোণ সেই সৈন্যসমূহের মধ্যে সুরক্ষিতই ছিলেন; তথাপি ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে তাঁহাকে বধ করিয়াছে। সুতরাং এটাকে ভাগ্য ভিন্ন আর কি বলা যায় ॥৯॥

হায়! মহাবাহু, সর্ব্বদা যুদ্ধামোদী ও সর্ব্বাস্ত্রপারদর্শী দ্রোণকে কি করিয়া মৃত্যু আসিয়া রাজাদের মধ্যে গ্রহণ করিল! ॥১০॥

আমি গুরুতর কষ্ট পাইয়াছি এবং আমার দারুণ মোহ উপস্থিত হইয়াছে। আমি ভীষ্ম ও দ্রোণকে নিহত শুনিয়া আর জীবিত থাকিতে পারিতেছি না ॥১১॥

বৎস সঞ্জয়! বিদুর আমাকে পুত্রবৎসল দেখিয়া পূর্বে যাহা বলিয়াছিলেন, দুর্য্যোধন আমার সহিত সে সমস্তই পাইয়াছে ॥১২॥

(৭) অত্র মে ··চেদয়শ্চাপরে বঙ্গাঃ···পি বা ব।

নৃশংসন্তু পরং তৎ স্যাত্ত্যক্ত্বা দুর্য্যোধনং যদি।
পুত্রশেষং চিকীর্ষেয়ং কৃৎস্নং ন মরণং ব্রজেৎ ॥১৩॥
যো হি ধর্ম্মং পরিত্যজ্য ভবত্যর্থপরো নরঃ।
সোঽস্মাচ্চ হীয়তে লোকাৎ ক্ষুদ্রভাবঞ্চ গচ্ছতি ॥১৪॥
অদ্য চাপ্যস্য রাষ্ট্রস্য হতোৎসাহস্য সঞ্জয়!।
অবশেষং ন পশ্যামি ককুদে মৃদিতে সতি ॥১৫॥
কথং স্যাদবশেষো হি ধুর্য্যয়োরভ্যতীতয়োঃ।
যৌ নিত্যমুপজীবামঃ ক্ষমিণৌ পুরুষর্ষভৌ ॥১৬॥
ব্যক্তমেব চ মে শংস যথা যুদ্ধমবর্ত্তত।
কেঽযুধ্যন্ কে ব্যপাকুর্বন্ কে ক্ষুদ্রাঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥১৭॥

নৃশংসমিতি। পুত্রাণাং শেষমবশিষ্টপুত্রাণাং রক্ষণম্, চিকীর্ষেয়ং কর্ত্তুমিচ্ছেয়ম্ ॥১৩॥
য ইতি। অর্থপরঃ অর্থসাধন এব ব্যাপৃতঃ। হীয়তে ভ্রশ্যতি ॥১৪॥
অদ্যেতি। ককুদে প্রধানে ভীষ্মে দ্রোণে চ, মৃদিতে নিহতে ॥১৫॥
কথমিতি। ধুরং রক্ষাভারং বহত ইতি ধুর্য্যৌ ভীষ্মদ্রোণৌ তয়োঃ ॥১৬॥
ব্যক্তমিতি। শংস ব্রূহি। ব্যপাকুর্ব্বন্ বিপক্ষান্ ন্যবারয়ন্, প্রাদ্রবন্ পলায়ন্ত ॥১৭॥

আমি যদি (বিদুরের উপদেশে) দুর্য্যোধনকে পরিত্যাগ করিয়া অবশিষ্ট পুত্রগণকে রক্ষা করিবার ইচ্ছা করিতাম, তবে সেটা অত্যন্ত নৃশংসের কার্য্য হইত বটে, কিন্তু সকল পুত্রের মৃত্যু হইত না ॥১৩॥

যে লোক ধর্ম্ম পরিত্যাগ করিয়া কেবল অর্থপরায়ণ হয়, সে লোক ইহলোক হইতে ভ্রষ্ট হয় এবং ক্ষুদ্র হইয়া যায় ॥১৪॥

সঞ্জয়! রাজ্যের প্রধান দুই জন (ভীষ্ম ও দ্রোণ) নিহত হওয়ায় সকলেরই উৎসাহ নষ্ট হইয়াছে। সুতরাং এখন এ রাজ্যের অবশেষ থাকিবে বলিয়া আমি দেখিতেছি না ॥১৫॥

আমরা যে দুই জন ক্ষমাবান্ পুরুষশ্রেষ্ঠকে সর্ব্বদা অবলম্বন করিতাম, সেই ধুরন্ধর দুই জনই চলিয়া গিয়াছেন। অতএব এখন কি করিয়া রাজ্যের অবশেষ থাকিবে? ॥১৬॥

(সে যাহা হউক,) সঞ্জয়! যে ভাবে যুদ্ধ চলিয়াছিল, কাহারা যুদ্ধ করিয়াছিল, কাহারা বিপক্ষগণকে বারণ করিয়াছিল এবং কোন্ ক্ষুদ্রেরাই বা ভয়ে

(১৩) নূনং সত্ত্বপরং তৎ স্যাৎ···পি, নৃশংসন্তু পরং ন স্যাৎ···বা, নৃশংসন্তু পরং তাত!···নি।
(১৫)···কৃতোচ্ছেদস্য সঞ্জয়!···নি।

ধনঞ্জয়ঞ্চ মে শংস যদ্‌যচ্চক্রে রথর্ষভঃ।
তস্মাদ্ভয়ং নো ভূয়িষ্ঠং ভ্রাতৃব্যাচ্চ বৃকোদরাৎ ॥১৮॥
যথাসীচ্চ নিবৃত্তেষু পাণ্ডবেয়েষু সঞ্জয়!।
মম সৈন্যাবশেষস্য সন্নিপাতঃ সুদারুণঃ ॥১৯॥
কথঞ্চ বো মনস্তাত! নিবৃত্তেষ্বভবত্তদা।
মামকানাঞ্চ কে শূরাঃ কাংস্তত্র সমবারয়ন্ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধে ধৃতরাষ্ট্রবাক্যে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

মহদ্ভৈরবমাসীন্নঃ সন্নিবৃত্তেষু পাণ্ডুষু।
দৃষ্ট্বা দ্রোণং ছাদ্যমানং তৈর্ভাস্করমিবাম্বুদৈঃ ॥১॥

...নঞ্জয়মিতি। নঃ অস্মাকম্, ভ্রাতৃব্যাৎ শত্রোঃ, "ভ্রাতৃব্যো ভ্রাতৃজদ্বিষৌ" ইত্যমরঃ ॥১৮॥
...থেতি। সৈন্যাবশেষস্য অবশিষ্টসৈন্যস্য, সন্নিপাত আক্রমণম্ ॥১৯॥
...থমিতি। কথং কীদৃশম্, বো যুষ্মাকম্। নিবৃত্তেষু পাণ্ডবেষু ॥২০॥
...মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি সংশপ্তকবধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

...ক্রমণ করিয়াছিল, এই সকল বিষয় তুমি আমার নিকট স্পষ্ট করিয়া ...॥১৭॥

...থিশ্রেষ্ঠ অর্জ্জুন যাহা যাহা করিয়াছিলেন, তাহাও আমার নিকট বল। ...রণ, সেই অর্জ্জুন ও চিরশত্রু ভীম হইতেই আমাদের অধিক ভয় হয় ॥১৮॥

আর সঞ্জয়! পাণ্ডবেরা ফিরিলে, আমার অবশিষ্ট সৈন্যের উপরে যেরূপ ...তিদারুণ আক্রমণ হইয়াছিল, (তাহাও বল) ॥১৯॥

বৎস! পাণ্ডবেরা প্রতিনিবৃত্ত হইলে, তখন তোমাদের মন কিরূপ ...হইয়াছিল? এবং আমাদের কোন্ বীরেরা তখন কাহাদিগকে বারণ করিয়া-ছিলেন? ॥২০॥

(২০)...কে কাংস্তত্র ন্যবারয়ন্—ব। নি। * '... ত্রয়োবিংশোঽধ্যায়ঃ' ব, '... চতু-...শোঽধ্যায়ঃ' বা রা নি।

তৈশ্চোদ্ধূতং রজস্তীব্রমবচক্রে চমূং তব।
ততো হতমমংস্যাম দ্রোণং দৃষ্টিপথে হতে ॥২॥
তাংস্তু শূরান্ মহেষ্বাসান্ ক্রূরং কর্ম্ম চিকীর্ষতঃ।
দৃষ্ট্বা দুর্য্যোধনস্তূর্ণং স্বসৈন্যং সমচূচুদৎ ॥৩॥
যথাশক্তি যথোৎসাহং যথাসত্ত্বং নরাধিপাঃ!।
বারয়ধ্বং যথাযোগং পাণ্ডবানামনীকিনীম্ ॥৪॥
ততো দুর্মর্ষণো ভীমমভ্যগচ্ছৎ সুতস্তব।
আরাদ্দৃষ্ট্বা কিরন্ বাণৈরিচ্ছন্ দ্রোণস্য জীবিতম্ ॥৫॥
তং বাণৈরবতস্তার ক্রুদ্ধো মৃত্যুরিবাহবে।
তঞ্চ ভীমোঽতুদদ্বাণৈস্তদাসীত্তুমুলং মহৎ ॥৬॥

মহদিতি। ভীরোর্ভাবো ভৈরবং ভয়ম্। ছাদ্যমানমস্ত্রৈরিতি শেষঃ ॥১॥
তৈরিতি। উদ্ধূতমুত্তোলিতম্, রজো ধূলিঃ, অবচক্রে আবৃতবৎ ॥২॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্। সমচূচুদৎ প্রেরিতবান্ ॥৩॥
কিমুক্তবানিত্যাহ যথেতি। যথাসত্ত্বং যথাধ্যবসায়ম্। যথাযোগং যথোপায়ম্ ॥৪॥
তত ইতি। আরাৎ সমীপে, "আরাদ্দূরসমীপয়োঃ" ইত্যমরঃ ॥৫॥
তমিতি। তং ভীমম্, অবতস্তার দুর্মর্ষণ আচ্ছাদয়ামাস। তুমুলং যুদ্ধম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পাণ্ডবযোদ্ধারা ফিরিয়া আসিলে এব[illegible] যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ তাঁহারা অস্ত্রদ্বারা দ্রোণকে আবৃত করিলে, তাহা দেখিয়া আমাদের গুরুতর ভয় হইল ॥১॥

তাঁহাদের উত্তোলিত তীব্র ধূলিজাল আসিয়া আপনার সৈন্য আবৃত করিয়া ফেলিল; তখন দৃষ্টিপথ নষ্ট হওয়ায় আমরা দ্রোণকে নিহত বলিয়া মনে করিলাম ॥২॥

সেই বীর ও মহাধনুর্দ্ধরগণকে নৃশংস কার্য্য করিবার ইচ্ছা করিতে দেখিয়া দুর্য্যোধন সত্বর আপন সৈন্যগণকে প্রেরণ করিলেন—(বলিলেন—) ॥৩॥

'রাজগণ! আপনারা শক্তি, উৎসাহ, অধ্যবসায় ও উপায় অনুসারে পাণ্ডব-সৈন্যগণকে বারণ করুন' ॥৪॥

তাহার পর আপনার পুত্র দুর্মর্ষণ ভীমকে নিকটে দেখিয়া দ্রোণের জীবন ইচ্ছা করিয়া বাণক্ষেপ করিতে করিতে ভীমের দিকে ধাবিত হইলেন ॥৫॥

এবং ক্রুদ্ধ যমের ন্যায় যুদ্ধে বাণদ্বারা ভীমকে আবৃত করিয়া ফেলিলেন। ক্রমে ভীমও বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিতে লাগিলেন। তখন তুমুল ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥৬॥

ত ঈশ্বরসমাদিষ্টাঃ প্রাজ্ঞাঃ শূরাঃ প্রহারিণঃ।
রাজ্যং মৃত্যুভয়ং ত্যক্ত্বা প্রত্যতিষ্ঠন্ পরান্ যুধি ॥৭॥
কৃতবর্ম্মা শিনেঃ পৌত্রং দ্রোণং প্রেপ্সুং বিশাংপতে!।
পর্য্যবারয়দায়ান্তং শূরং সমরশোভিনম্ ॥৮॥
তং শৈনেয়ঃ শরব্রাতৈঃ ক্রুদ্ধঃ ক্রুদ্ধমবারয়ৎ।
কৃতবর্ম্মা চ শৈনেয়ং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৯॥
সৈন্ধবঃ ক্ষত্রধর্ম্মাণমায়ান্তং নিশিতৈঃ শরৈঃ।
উগ্রধন্বা মহেষ্বাসং যত্তো দ্রোণাদবারয়ৎ ॥১০॥
ক্ষত্রধর্ম্মা সিন্ধুপতেশ্ছিত্ত্বা কেতনকার্ম্মুকে।
নারাচৈর্দশভিঃ ক্রুদ্ধঃ সর্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥১১॥
অথান্যদ্ধনুরাদায় সৈন্ধবঃ কৃতহস্তবৎ।
বিব্যাধ ক্ষত্রধর্ম্মাণং রণে সর্বায়সৈঃ শরৈঃ ॥১২॥

ত ইতি। ঈশ্বরসমাদেশমন্তরেণ জগতি কস্যাপি কার্য্যস্যাসম্ভবাদিতি ভাবঃ ॥৭॥
কৃতেতি। শিনেঃ পৌত্রং সাত্যকিম্, প্রেপ্সুং যিযাসুম্ ॥৮॥
তমিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। দ্বিপং গজম্ ॥৯॥
সৈন্ধব ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। যত্তো যুদ্ধে যত্নবান্ ॥১০॥
ক্ষত্রেতি। কেতনকার্ম্মুকে ধ্বজধনুষী ॥১১॥
অথেতি। কৃতহস্তবৎ শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিক ইব। সর্বায়সৈর্লৌহময়ৈঃ ॥১২॥

প্রহারনিপুণ ও বিচক্ষণ সেই কুরুবীরেরা ঈশ্বরাদিষ্ট হইয়া রাজ্য ও মৃত্যুভয় ত্যাগ করিয়া যুদ্ধে বিপক্ষগণের অভিমুখে রহিলেন ॥৭॥

নরনাথ! বীর ও সমরশোভী সাত্যকি দ্রোণের দিকে আসিতেছিলেন, তখন কৃতবর্ম্মা তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৮॥

ক্রমে মত্ত হস্তী যেমন মত্ত হস্তীকে বারণ করে, সেইরূপ ক্রুদ্ধ সাত্যকি ক্রুদ্ধ কৃতবর্ম্মাকে এবং ক্রুদ্ধ কৃতবর্ম্মা ক্রুদ্ধ সাত্যকিকে বাণসমূহদ্বারা বারণ করিতে লাগিলেন ॥৯॥

মহাধনুর্দ্ধর ক্ষত্রধর্ম্মা দ্রোণের দিকে আসিতেছিলেন, তখন ভয়ঙ্করধনুর্দ্ধর জয়দ্রথ যত্নবান্ হইয়া নিশিত শরসমূহদ্বারা তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১০॥

ক্রমে ক্ষত্রধর্ম্মা ক্রুদ্ধ হইয়া জয়দ্রথের ধ্বজ ও ধনু ছেদন করিয়া দশটা নারাচদ্বারা জয়দ্রথের সমস্ত মর্ম্মস্থানে তাড়ন করিলেন ॥১১॥

(১০) সৈন্ধবঃ ক্ষত্রবর্ম্মাণম্‌···নি।

যুযুৎসুং পাণ্ডবার্থায় যতমানং মহারথম্ ।
সুবাহুর্ভ্রাতরং শূরং যত্তো দ্রোণাদবারয়ৎ ॥১৩॥
সুবাহোঃ সধনুর্বাণাবস্যতঃ পরিঘোপমৌ ।
যুযুৎসুঃ শিতপীতাভ্যাং ক্ষুরাভ্যামচ্ছিনদ্ভুজৌ ॥১৪॥
রাজানং পাণ্ডবশ্রেষ্ঠং ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্ ।
বেলেব সাগরং ক্ষুব্ধং মদ্ররাট্ সমবারয়ৎ ॥১৫॥
তং ধর্ম্মরাজো বহুভির্মর্ম্মভিদ্ভিরবাকিরৎ ।
মদ্রেশস্তং চতুঃষষ্ট্যা শরৈর্বিদ্ধাঽনদদ্ভৃশম্ ॥১৬॥
তস্য নানদতঃ কেতুমুচ্চকর্ত্ত চ কার্ম্মুকম্ ।
ক্ষুরাভ্যাং পাণ্ডবো জ্যেষ্ঠস্তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥১৭॥

যুযুৎসুমিতি। সুবাহুর্ধার্তরাষ্ট্রঃ। অতএব যুযুৎসুস্তদ্ভ্রাতা। যত্তো যত্নবান্ ॥১৩॥
সুবাহোরিতি। অস্যতো বাণান্ ক্ষিপতঃ। শিতঃ সুধারঃ পীতঃ প্রাকপীতরক্ত স্তাভ্যাম্ ॥১৪॥
রাজানমিতি। বেলা তীরম্। মদ্ররাট্ শল্যঃ ॥১৫॥
তমিতি। মর্ম্মভিদ্ভির্বাণৈঃ। অনদৎ সিংহনাদমকরোৎ ॥১৬॥
তস্যেতি। নানদতঃ পুনঃ পুনঃ সিংহনাদং কুর্বতঃ, উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥১৭॥

তাহার পর জয়দ্রথ শিক্ষিতহস্তের ন্যায় অন্য ধনু লইয়া বহুতর লৌহময় বাণদ্বারা ক্ষত্রধর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥১২॥

বীর ও মহারথ ভ্রাতা যুযুৎসু পাণ্ডবগণের জন্য দ্রোণের দিকে যাইবার চেষ্টা করিতেছিলেন, তখন সুবাহুও সযত্নে তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১৩॥

সুবাহু বাণক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় যুযুৎসু সুধার ও রক্তপায়ী দুইটা ক্ষুরপ্রদ্বারা পরিঘতুল্য ও ধনুর্বাণযুক্ত সুবাহুর বাহু দুইখানা কাটিয়া ফেলিলেন ॥১৪॥

পাণ্ডবশ্রেষ্ঠ ও ধর্ম্মাত্মা রাজা যুধিষ্ঠির আসিতেছিলেন, তখন তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ শল্য তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৫॥

ক্রমে যুধিষ্ঠির বহুতর মর্ম্মভেদী বাণদ্বারা শল্যকে পীড়ন করিলেন, শল্যও চৌষট্টিটা বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিয়া বিশাল সিংহনাদ করিলেন ॥১৬॥

শল্য বার বার সিংহনাদ করিতে লাগিলে, যুধিষ্ঠির দুইটা ক্ষুরপ্রদ্বারা

(১৩)···সুবাহুর্ভারতং শূরম্···নি। (১৭)···উচ্চকর্ত্ত সকার্ম্মুকম্···পি।

তথৈব রাজা বাহ্লীকো রাজানং দ্রুপদং শরৈঃ।
আদ্রবন্তং সহানীকঃ সহানীকং ন্যবারয়ৎ ॥১৮॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং বৃদ্ধয়োঃ সহসেনয়োঃ।
যথা মহাযূথপয়োর্দ্বিপয়োঃ সংপ্রভিন্নয়োঃ ॥১৯॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং মৎস্যমার্চ্ছতাম্।
সহসৈন্যৌ সহানীকং যথেন্দ্রাগ্নী পুরা বলিম্ ॥২০॥
তদুৎপিঞ্জলকং যুদ্ধমাসীদ্দেবাসুরোপমম্।
মৎস্যানাং কেকয়ৈঃ সার্দ্ধমভীতাশ্বরথদ্বিপম্ ॥২১॥
নাকুলিস্তু শতানীকং ভূতকর্ম্মা স ভূপতিঃ।
অস্যন্তমিষুজালানি যান্তং দ্রোণাদবারয়ৎ ॥২২॥

তথেতি। আদ্রবন্তম্ অভিধাবন্তম্, সহানীকঃ সসৈন্যঃ, সহানীকং সসৈন্যম্ ॥১৮॥

তদিতি। সংপ্রভিন্নয়োর্মদস্রাবিণোর্গজয়োঃ ॥১৯॥

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, মৎস্যং মৎস্যরাজম্, আর্চ্ছতাং প্রাহরতাম্ ॥২০॥

তদিতি। উৎপিঞ্জলকম্ অতীবাকুলম্। কেকয়ৈঃ কুরুপক্ষীয়ৈঃ ॥২১॥

নাকুলিমিতি। নাকুলিং নকুলপুত্রম্, ভূতকর্ম্মা নাম। অস্যন্তং ক্ষিপন্তম্ ॥২২॥

শল্যের ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন। তখন তত্রত্য লোকেরা উচ্চস্বরে কোলাহল করিয়া উঠিল ॥১৭॥

সেইরূপই দ্রুপদরাজা সৈন্যগণের সহিত আসিতেছিলেন, এই অবস্থায় বাহ্লীকরাজা সৈন্যগণের সহিত মিলিত হইয়া বাণদ্বারা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৮॥

তখন মদস্রাবী দুইটা বিশাল হস্তীর যেমন ভয়ঙ্কর যুদ্ধ হয়, সেইরূপ সৈন্য-সম্মিলিত সেই বৃদ্ধ দুই জনের ভয়ঙ্কর যুদ্ধ হইতে থাকিল ॥১৯॥

পূর্ব্বকালে ইন্দ্র ও অগ্নি যেমন বলিকে পীড়ন করিয়াছিলেন, সেইরূপ অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ সৈন্যগণের সহিত মিলিত হইয়া সৈন্যসমন্বিত মৎস্যরাজ বিরাটকে পীড়ন করিতে লাগিলেন ॥২০॥

তখন কুরুপক্ষীয় কেকয়গণের সহিত পাণ্ডবপক্ষীয় মৎস্যদেশীয়গণের দেবাসুরযুদ্ধতুল্য অত্যন্ত সঙ্কুল যুদ্ধ হইতে লাগিল; তাহাতে কোন পক্ষেরই হস্তী, অশ্ব ও রথারোহীরা ভীত হন নাই ॥২১॥

নকুলের পুত্র শতানীক বাণসমূহ নিক্ষেপ করিতে করিতে দ্রোণের দিকে

(২১) তদ্বৎ পিঞ্জলকম্···পি বা। (২২) ·ভূতকর্ম্মা সমাহিতঃ ·পি, ··ভূতকর্ম্মা সভাপতিঃ···ব নি।

ততো নকুলদায়াদস্ত্রিভির্ভল্লৈঃ সুস শিতৈঃ।
চক্রে বিবাহুশিরসং ভূতকর্ম্মাণমাহবে ॥২৩॥
সুতসোমস্তু বিক্রান্তমায়ান্তং তং শরৌঘিণম্।
দ্রোণায়াভিমুখং বীরং শাল্বো বাণৈরবারয়ৎ ॥২৪॥
অথ ভীমরথঃ শাল্বমাশুগৈরায়সৈঃ শিতৈঃ।
ষড়্ভিঃ সাশ্বনিয়ন্তারমনয়দ্‌যমসাদনম্ ॥২৫॥
শ্রুতকর্ম্মাণমায়ান্তং ময়ূরসদৃশৈর্হয়ৈঃ।
চৈত্রসেনির্মহারাজ! তব পৌত্রমবারয়ৎ ॥২৬॥
তৌ পৌত্রৌ তব দুর্দ্ধর্ষৌ পরস্পরজয়ৈষিণৌ।
পিতৃণামর্থসিদ্ধ্যর্থং চক্রতুর্যুদ্ধমুত্তমম্ ॥২৭॥

তত ইতি। নকুলস্য দায়াদঃ পুত্রঃ। বিগতানি বাহু শিরশ্চ তানি যস্য তম্ ॥২৩॥
সুতেতি। সুতসোমং ভীমসেনপুত্রম্। শরৌঘিণং বাণসমূহবর্ষিণম্ ॥২৪॥
অথেতি। ভীমরথো ভয়ঙ্কররথারোহী সুতসোমঃ। আয়সৈর্লৌহময়ৈঃ ॥২৫॥
শ্রুতেতি। শ্রুতকর্ম্মাণমর্জ্জুনাদ্‌দ্রৌপদ্যাং জাতম্। চৈত্রসেনিস্তদাত্মজচিত্রসেনপুত্রঃ ॥২৬॥
তাবিতি। পিতৃণাং পাণ্ডবধার্ত্তরাষ্ট্রাণাম্, অর্থসিদ্ধ্যর্থং জয়নিষ্পত্ত্যর্থম্ ॥২৭॥

যাইতেছিলেন, তখন প্রসিদ্ধ রাজা ভূতকর্ম্মা তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২২॥

তাহার পর শতানীক সুনিশিত তিনটা ভল্লদ্বারা যুদ্ধে ভূতকর্ম্মার বাহুযুগল ও মস্তক ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

বীর ও বিক্রমশালী সুতসোম বাণসমূহ বর্ষণ করিতে করিতে দ্রোণের অভিমুখে আসিতেছিলেন, শাল্ব বাণদ্বারা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে ভীষণরথারোহী সুতসোম লৌহময় ও সুধার ছয়টা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত শাল্বকে যমালয়ে প্রেরণ করিলেন ॥২৫॥

মহারাজ! অর্জ্জুনের পুত্র শ্রুতকর্ম্মা ময়ূরতুল্য-ঘোটক-চালিত রথে আসিতেছিলেন, তখন চিত্রসেনের পুত্র তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৬॥

মহারাজ! আপনার সেই দুর্দ্ধর্ষ দুই পৌত্র পরস্পর জয়াভিলাষী হইয়া পিতৃগণের কার্য্যসিদ্ধির জন্য উত্তম যুদ্ধ করিতে লাগিলেন ॥২৭॥

(২৪)…বীরং বিবিংশতিরবারয়ৎ। সুতসোমস্তু সংক্রুদ্ধঃ স্বপিতৃব্যমজিহ্মগৈঃ। বিবিংশতিং শরৈর্বিদ্ধ্বা নাভ্যবর্ত্তত দংশিতঃ ॥ পি বা ব। (২৬)·চিত্রসেনো মহারাজ!…নি। (২৭)… পরস্পরবধৈষিণৌ…বা ব রা নি।

তিষ্ঠন্তমগ্রতো দৃষ্ট্বা প্রতিবিন্ধ্যং তমাহবে।
দ্রৌণির্মানং পিতুঃ কুর্ব্বন্ মার্গণৈঃ সমবারয়ৎ ॥২৮॥
তং ক্রুদ্ধং প্রতিবিব্যাধ প্রতিবিন্ধ্যঃ শিতৈঃ শরৈঃ।
সিংহলাঙ্গূললক্ষ্মাণং পিতুরর্থে ব্যবস্থিতম্ ॥২৯॥
প্রবপন্নিব বীজানি বীজকালে কৃষীবলঃ।
দ্রৌণায়নির্দ্রৌপদেয়ং শরবর্ষৈরবাকিরৎ ॥৩০॥
আর্জ্জুনিং শ্রুতকীর্ত্তিস্তু দ্রৌপদেয়ং মহারথম্।
দ্রোণায়াভিমুখং যান্তং দৌঃশাসনিরবারয়ৎ ॥৩১॥
তস্য কৃষ্ণসমঃ কার্ষ্ণিস্ত্রিভির্ভল্লৈঃ সুশংসিতৈঃ।
ধনুর্ধ্বজঞ্চ সূতঞ্চ ছিত্ত্বা দ্রোণান্তিকং যযৌ ॥৩২॥
যস্তু শূরতমো রাজন্নুভয়োঃ সেনয়োর্মতঃ।
তং পটচ্চরহন্তারং লক্ষ্মণঃ সমবারয়ৎ ॥৩৩॥

তিষ্ঠন্তমিতি। প্রতিবিন্ধ্যঃ দ্রৌপদ্যাং যুধিষ্ঠিরাজ্জাতম্। দ্রৌণিরশ্বত্থামা ॥২৮॥
তমিতি। সিংহলাঙ্গূলং লক্ষ্ম ধ্বজচিহ্নং যস্য তমশ্বত্থামানম্, পিতুর্দ্রোণস্য ॥২৯॥
প্রেতি। প্রবপন বিকিরন্। কৃষীবলঃ কৃষকঃ। দ্রৌণায়নিরশ্বত্থামা ॥৩০॥
আর্জ্জুনিমিতি। আর্জ্জুনিমভিমন্যুম্, শ্রুতকীর্ত্তিঃ খ্যাতকীর্ত্তিম্, দ্রৌপদেয়ং সপত্নীপুত্রত্বাৎ দ্রৌপদ্যা অপি পুত্রম্। দৌঃশাসনির্দুঃশাসনপুত্রঃ ॥৩১॥
তস্যেতি। তস্য দৌঃশাসনেঃ, কার্ষ্ণিঃ কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমভিমন্যুঃ ॥৩২॥

এদিকে প্রতিবিন্ধ্যকে সমরাঙ্গনে সম্মুখে থাকিতে দেখিয়া অশ্বত্থামা পিতার সম্মান রক্ষা করিবার জন্য বাণদ্বারা তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৮॥

তখন প্রতিবিন্ধ্য সুধার বাণসমূহদ্বারা, পিতার জীবনরক্ষার জন্য অবস্থিত সিংহলাঙ্গূলধ্বজ ক্রুদ্ধ অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ করিলেন ॥২৯॥

পরে, কৃষক যেমন বীজবপনের সময়ে বীজ বর্ষণ করে, সেইরূপ অশ্বত্থামা বাণবর্ষণ করিয়া দ্রৌপদীনন্দন প্রতিবিন্ধ্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩০॥

অন্যদিকে বিখ্যাতকীর্ত্তি, মহারথ ও দ্রৌপদীর পুত্রস্থানীয় অভিমন্যু দ্রোণের অভিমুখে যাইতেছিলেন, এই সময়ে দুঃশাসনের পুত্র তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৩১॥

তখন কৃষ্ণের তুল্য মহাবীর অভিমন্যু নিশিত তিনটা ভল্লদ্বারা দুঃশাসন-পুত্রের ধনু, ধ্বজ ও সারথিকে ছেদন করিয়া দ্রোণের নিকটে চলিয়া গেলেন ॥৩২॥

(৩০)...বীজকালে নরর্ষভঃ ...পি,...বীজকালে নরর্ষভ! বা ব।

স লক্ষ্মণস্যেষ্বসনং ছিত্ত্বা লক্ষ্ম চ ভারত ! ।
লক্ষ্মণে শরজালানি বিসৃজন্ বহ্বশোভত ॥৩৪॥
বিকর্ণস্তু মহাপ্রাজ্ঞো যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্ ।
পর্য্যবারয়দায়ান্তং যুবানং সমরে যুবা ॥৩৫॥
ততস্তমিষুজালেন যাজ্ঞসেনিঃ সমাবৃণোৎ ।
বিধূয় তদ্বাণজালং বভৌ তব সুতো বলী ॥৩৬॥
অঙ্গদোঽভিমুখং বীরমুত্তমৌজসমাহবে ।
দ্রোণায়াভিমুখং যান্তং শরৌঘেণ ন্যবারয়ৎ ॥৩৭॥
স সম্প্রহারস্তুমুলস্তয়োঃ পুরুষসিংহয়োঃ ।
সৈনিকানাঞ্চ সর্ব্বেষাং তয়োশ্চ প্রীতিবর্দ্ধনঃ ॥৩৮॥
দুর্ম্মুখস্তু মহেষ্বাসো বীরং পুরুজিতং বলী ।
দ্রোণায়াভিমুখং যান্তং বৎসদন্তৈরবারয়ৎ ॥৩৯॥

য ইতি। পটচ্চরহন্তারং দস্যুঘাতিনং সাগরানূপরাজম্, লক্ষ্মণো দুর্য্যোধনপুত্রঃ ॥৩৩॥
স ইতি। ইষ্বসনং ধনুঃ, লক্ষ্ম ধ্বজচিহ্নম্। বহু সাতিশয়ম্ ॥৩৪॥
বিকর্ণ ইতি। যজ্ঞসেনস্য দ্রুপদস্য পুত্র ইতি যাজ্ঞসেনিস্তম্ ॥৩৫॥
তত ইতি। ইষুজালেন বাণসমূহেন। বিধূয় নিবার্য্য ॥৩৬॥
অঙ্গদ ইতি। অঙ্গদো ধার্ত্তরাষ্ট্রঃ। উত্তমৌজসং নাম ॥৩৭॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। প্রীতিবর্দ্ধন আসীদিতি শেষঃ ॥৩৮॥

রাজা ! উভয় সৈন্যই যাঁহাকে প্রধান বীর বলিয়া মনে করিত, সেই দস্যু-হন্তা সামুদ্ররাজকে লক্ষ্মণ বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৩॥

ভরতনন্দন ! সামুদ্ররাজ লক্ষ্মণের ধনু ও ধ্বজচিহ্ন ছেদন করিয়া এবং লক্ষ্মণের প্রতি বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥৩৪॥

দ্রুপদরাজার পুত্র যুবা শিখণ্ডী আসিতেছিলেন, তখন মহাপ্রাজ্ঞ যুবা বিকর্ণ যুদ্ধে তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

তৎপরে শিখণ্ডী বাণসমূহদ্বারা বিকর্ণকে আবৃত করিলেন ; তখন আপনার পুত্র বলবান্ বিকর্ণ সেই বাণজাল নিবারণ করিয়া প্রকাশ পাইলেন ॥৩৬॥

বীর উত্তমৌজা যুদ্ধে দ্রোণের অভিমুখে যাইতেছিলেন ; সেই সময়ে অঙ্গদও অভিমুখে যাইয়া বাণসমূহদ্বারা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৩৭॥

ক্রমে সেই পুরুষশ্রেষ্ঠ দুই জনের সেই তুমুল যুদ্ধ সমস্ত সৈন্যের এবং তাঁহাদের প্রীতিবর্দ্ধন করিতে থাকিল ॥৩৮॥

স দুর্ম্মুখং ভ্রুবোর্ম্মধ্যে নারাচেনাভ্যতাড়য়ৎ।
তস্য তদ্ধি বভৌ বক্ত্রং সনালমিব পঙ্কজম্ ॥৪০॥
কর্ণস্তু কেকয়ান্ ভ্রাতৄন্ পঞ্চ লোহিতকধ্বজান্।
দ্রোণায়াভিমুখং যাতান্ শরবর্ষৈরবারয়ৎ ॥৪১॥
তে চৈনং ভৃশসংক্রুদ্ধাঃ শরবর্ষৈরবাকিরন্।
স চ তাংশ্ছাদয়ামাস শরজালৈঃ পুনঃ পুনঃ ॥৪২॥
নৈব কর্ণো ন তে পঞ্চ দদৃশুর্ব্বাণসংবৃতাঃ।
সাশ্বসূতধ্বজরথাঃ পরস্পরশরাচিতাঃ ॥৪৩॥
পুত্রাস্তে দুর্জয়শ্চৈব জয়শ্চ বিজয়শ্চ হ।
নীলকাশ্যজয়ৎসেনাংস্ত্রয়স্ত্রীন্ প্রত্যবারয়ন্ ॥৪৪॥

দুর্ম্মুখ ইতি। বৎসদন্তৈঃ গোবৎসদন্তাকারমুখৈর্বাণৈঃ ॥৩৯॥
স ইতি। তস্য দুর্ম্মুখস্য। সনালং দণ্ডযুক্তম্, নারাচস্য দণ্ডতুল্যত্বাৎ ॥৪০॥
কর্ণ ইতি। লোহিতকধ্বজান্ রক্তধ্বজান্। যাতান্ চলিতান্ ॥৪১॥
তে ইতি। অবাকিরন্ ব্যাপ্নুবন্। স কর্ণশ্চ ॥৪২॥
নৈবেতি। কর্ণো ন তান্ দদর্শ। দদৃশুঃ কর্ণম্। পরস্পরশরৈরাচিতা ব্যাপ্তাঃ ॥৪৩॥
পুত্রা ইতি। কাশ্যঃ কাশীরাজঃ। প্রত্যবারয়ন্ যথাক্রমম্ ॥৪৪॥

বীর পুরুজিৎ দ্রোণের দিকে গমন করিতেছিলেন ; তখন মহাধনুর্দ্ধর ও বলবান্ দুর্ম্মুখ তাঁহাকে বৎসদন্ত-(বাণবিশেষ) দ্বারা বারণ করিলেন ॥৩৯॥

ক্রমে পুরুজিৎ একটা নারাচদ্বারা দুর্ম্মুখের ভ্রূমধ্যে তাড়ন করিলেন ; তখন দুর্ম্মুখের সেই মুখখানি নালযুক্ত পদ্মের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪০॥

রক্তধ্বজ কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা দ্রোণের দিকে চলিয়াছিলেন, এই সময়ে কর্ণ বাণবর্ষণ করিয়া তাঁহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥৪১॥

তখন তাঁহারাও অত্যন্তক্রুদ্ধ হইয়া কর্ণের উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ; আবার কর্ণও বাণজালদ্বারা বারবার তাঁহাদিগকে আচ্ছাদন করিতে লাগিলেন ॥৪২॥

বাণে আবৃত এবং অশ্ব, সারথি, রথ ও ধ্বজ ব্যাপ্ত হইয়া যাওয়ায় তাঁহারা তখন পরস্পর দৃষ্টিগোচর হন নাই ॥৪৩॥

অন্যদিকে দুর্জয়, জয় ও বিজয় আপনার এই তিন পুত্র যথাক্রমে নীল, কাশীরাজ ও জয়ৎসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৪॥

(৪০)··· নারাচেনাপ্যপীড়য়ৎ···পি। (৪২)···ভৃশসন্তপ্তাঃ···বা ব রা নি।

তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরমীক্ষিতৃপ্রীতিবর্দ্ধনম্ ।
সিংহব্যাঘ্রতরক্ষূণাং যথার্ক্ষমহিষর্ষভৈঃ ॥৪৫॥
ক্ষেমধূর্ত্তির্বৃহন্তৌ তু ভ্রাতরৌ সাত্বতং যুধি ।
দ্রোণায়াভিমুখং যান্তং শরৈস্তীক্ষ্ণৈস্ততক্ষতুঃ ॥৪৬॥
তয়োস্তস্য চ তদ্‌যুদ্ধমত্যদ্ভুতমিবাভবৎ ।
সিংহস্য দ্বিপমুখ্যাভ্যাং প্রভিন্নাভ্যাং যথা বনে ॥৪৭॥
বার্দ্ধক্ষেমিঞ্চ বার্ষ্ণেয়ং কৃপঃ শারদ্বতঃ শরৈঃ ।
অক্ষুদ্রঃ ক্ষুদ্রকৈর্ব্বাণৈঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৮॥
যুধ্যন্তৌ কৃপবার্ষ্ণেয়ৌ যেঽপশ্যংশ্চিত্রযোধিনৌ ।
তে যুদ্ধাসক্তমনসো নান্যাং বুবুধিরে ক্রিয়াম্ ॥৪৯॥

তদিতি । ঈক্ষিতারো দ্রষ্টারঃ । তরক্ষুর্ব্যাঘ্রবিশেষ এব, ঋক্ষো ভল্লুকঃ ॥৪৫॥
ক্ষেমেতি । সাত্বতং সাত্যকিম্ । ততক্ষতুঃ কৃশীচক্রতুস্তাড়য়ামাসতুরিত্যর্থঃ ॥৪৬॥
তয়োরিতি । দ্বিপমুখ্যাভ্যাং হস্তিশ্রেষ্ঠাভ্যাম্, প্রভিন্নাভ্যাং মদস্রাবিভ্যাম্ ॥৪৭॥
বার্দ্ধেতি । শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ । অক্ষুদ্রো মহান্ বীরঃ, ক্ষুদ্রকৈস্তদাখ্যৈঃ ॥৪৮॥
যুধ্যন্তাবিতি । যুদ্ধাসক্তমনসস্তদ্‌যুদ্ধদর্শননিবিষ্টচিত্তাঃ, বুবুধিরে দদৃশুঃ ॥৪৯॥

তখন ভল্লুক, মহিষ ও বৃষের সহিত যথাক্রমে সিংহ, ব্যাঘ্র ও তরক্ষুর (চিতাবাঘের) যেমন যুদ্ধ হয়, সেইরূপ তাঁহাদের সেই যুদ্ধ দ্রষ্টাদের আনন্দবর্দ্ধক ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥৪৫॥

সাত্যকি সমরাঙ্গনে দ্রোণের অভিমুখে যাইতেছিলেন, এই সময়ে ক্ষেমধূর্ত্তি ও বৃহন্ত এই দুই ভ্রাতা তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিতে থাকিলেন ॥৪৬॥

তখন বনমধ্যে যেমন দুইটা মদস্রাবী প্রধান হস্তীর সহিত সিংহের যুদ্ধ হয়, সেইরূপ ক্ষেমধূর্ত্তি ও বৃহন্তের সহিত সাত্যকির সেই যুদ্ধ অতি অদ্ভুতভাবেই যেন হইতে লাগিল ॥৪৭॥

শরদ্বানের পুত্র মহাবীর কৃপ সাধারণ বাণ ও ক্ষুদ্রকবাণদ্বারা বৃষ্ণিবংশীয় ক্রুদ্ধ বার্দ্ধক্ষেমিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৮॥

যাহারা বিচিত্রযোধী যুধ্যমান কৃপ ও বার্দ্ধক্ষেমিকে দেখিতে পাইয়াছিল,

(৪৭) ইতঃ পরম্ 'রাজানন্ত তথায়ান্তমেকং যুদ্ধাভিনন্দিনম্ । চেদিরাজঃ শরানস্যন্ ক্রোধ[illegible] দ্রোণাদবারয়ৎ ॥ ততোঽশ্বষ্ঠোঽস্থিভেদিন্যা নিরভিদ্যচ্ছলাকয়া । স ত্যক্ত্বা সশরং চাপং রথাদ্ভূমিমুপাগমৎ ॥' ইদং শ্লোকদ্বয়মধিকং পাঠ রা নি, অম্বষ্ঠস্য ভীষ্মপর্ব্বণি নিহতত্বাৎ চেদিরাজস্য চ ধৃষ্টকেতোঃ পাণ্ডবপক্ষীয়তয়া তেন দ্রোণাদ্বারণস্যাসম্ভবাৎ ।

সৌমদত্তিস্তু রাজানং মণিমন্তমতন্দ্রিতম্।
পর্য্যবারয়দায়ান্তং যশো দ্রোণস্য বর্দ্ধয়ন্ ॥৫০॥
স সৌমদত্তেস্ত্বরিতস্তস্যেষ্বসনকেতনে।
পুনঃ পতাকাং সূতঞ্চ ছত্রঞ্চাপাতয়দ্রথাৎ ॥৫১॥
অথাপ্লুত্য রথাত্তূর্ণং যূপকেতুরমিত্রহা।
সাশ্বসূতধ্বজরথং তঞ্চকর্ত্ত বরাসিনা ॥৫২॥
রথঞ্চ স্বং সমাস্থায় ধনুরাদায় চাপরম্।
স্বয়ং যচ্ছন্ হয়ান্ রাজন্! ব্যধমৎ পাণ্ডবীং চমূম্ ॥৫৩॥
পাণ্ড্যমিন্দ্রমিবায়ান্তমসুরান্ প্রতি দুর্জয়ম্।
সমর্থঃ সায়কৌঘেন বৃষসেনো ন্যবারয়ৎ ॥৫৪॥

সৌমেতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। অতন্দ্রিতং যুদ্ধে অনলসম্ ॥৫০॥
স ইতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বসনং ধনুঃ কেতনঞ্চ ধ্বজম্ ॥৫১॥
অথেতি। আপ্লুত্য উৎপত্য গত্বা, যূপকেতুর্ভূরিশ্রবাঃ। চকর্ত্ত চিচ্ছেদ ॥৫২॥
রথমিতি। যচ্ছন্ নিয়ময়ন্। ব্যধমৎ বানাশয়ৎ, যূপকেতুভূরিশ্রবা ইত্যনুবৃত্তিঃ ॥৫৩॥
পাণ্ড্যমিতি। সমর্থঃ শক্তিমান্, বৃষসেনঃ কর্ণপুত্রঃ ॥৫৪॥

তাহারাই সেই যুদ্ধদর্শনে নিবিষ্টচিত্ত হওয়ায় অন্য কোন কার্য্য দেখিতে পায় নাই ॥৪৯॥

অন্যদিকে যুদ্ধে সতর্কচিত্ত রাজা মণিমান্ আসিতেছিলেন, সেই সময়ে ভূরিশ্রবা দ্রোণের যশ বৃদ্ধি করিবার জন্য মণিমান্‌কে বারণ করিতে লাগিলেন ॥৫০॥

ক্রমে মণিমান্ ত্বরান্বিত হইয়া ভূরিশ্রবার ধনু, ধ্বজ, পতাকা, ছত্র ও সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন ॥৫১॥

পরে শত্রুহন্তা ও যূপধ্বজ ভূরিশ্রবা আপন রথ হইতে লাফাইয়া পড়িয়া বিশাল তরবারিদ্বারা অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত মণিমান্‌কে কাটিয়া ফেলিলেন ॥৫২॥

রাজা! তাহার পর ভূরিশ্রবা পুনরায় নিজের রথে আরোহণ করিয়া অন্য ধনু লইয়া নিজেই ঘোড়াগুলিকে চালাইতে থাকিয়া পাণ্ডবসেনা বিনাশ করিতে লাগিলেন ॥৫৩॥

ওদিকে—ইন্দ্র যেমন অসুরগণের প্রতি আসিতেন, সেইরূপ দুর্জয় পাণ্ড্যরাজা দ্রোণের প্রতি আসিতেছিলেন; এই সময়ে শক্তিশালী বৃষসেন বাণসমূহদ্বারা তাহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৫৪॥

(৫১) স সৌমদত্তিস্ত্বরিতঃ··· পি বা।

গদাপরিঘনিস্ত্রিংশপট্টিশায়োধনোপলৈঃ।
কড়ঙ্গরৈর্ভুশুণ্ডীভিঃ প্রাসৈস্তোমরসায়কৈঃ ॥৫৫॥
মুসলৈর্মুদ্গরৈশ্চক্রৈর্ভিন্দিপালৈঃ পরশ্বধৈঃ।
পাংশুবাতাগ্নিসলিলৈর্ভস্মলোষ্ট্রতৃণদ্রুমৈঃ ॥৫৬॥
আতুদন্ প্ররুজন্ ভঞ্জন্ নিঘ্নন্ বিদ্রাবয়ন্ ক্ষিপন্।
সেনাং বিভীষয়ন্নায়াদ্দ্রোণং প্রেপ্সুর্ঘটোৎকচঃ ॥৫৭॥ (বিশেষকম্)
তং তু নানাপ্রহরণৈর্নানাযুদ্ধবিশেষণৈঃ।
রাক্ষসং রাক্ষসঃ ক্রুদ্ধঃ সমাজঘ্নে হ্যলম্বুষঃ ॥৫৮॥
তয়োস্তদভবদ্যুদ্ধং রক্ষোগ্রামণিমুখ্যয়োঃ।
তাদৃগ্ যাদৃক্ পুরা বৃত্তং শম্বরামররাজয়োঃ ॥৫৯॥
এবং দ্বন্দ্বশতান্যাসন্ রথবারণবাজিনাম্।
পদাতীনাঞ্চ ভদ্রং তে তব তেষাঞ্চ সঙ্কুলে ॥৬০॥

গদেতি। পরিঘাদীনি তদানীন্তনাস্ত্রাণি। আয়োধনোপলৈর্যুদ্ধোপযোগিপ্রস্তরৈঃ। কড়ঙ্গরৈর্বুষৈঃ। "কড়ঙ্গরো বুষং ক্লীবে" ইত্যমরঃ। পাংশুভির্ধূলীভিঃ। আতুদন্ সম্যগ্ ব্যথয়ন্, প্ররুজন্ পীড়য়ন্। বিভীষয়ন্ ভীতাং কুর্বন্। প্রেপ্সুঃ প্রাপ্তুমাক্রমিতুমিচ্ছুঃ ॥৫৫—৫৭॥

তমিতি। নানা অনেকানি যানি যুদ্ধস্য বিশেষণানি উপকরণানি তৈঃ ॥৫৮॥

তয়োরিতি। রক্ষাংসি চ তানি গ্রামণীনি চেতি রক্ষোগ্রামণীনি প্রধানরাক্ষসাস্তেষ্বপি মুখ্যয়োঃ প্রধানয়োঃ। অগ্নিষ্টোমাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ, "স্বরো হ্রস্বো নপুংসকে" ইতি চ হ্রস্বত্বম্। "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাধিপে ত্রিষু" ইত্যমরঃ। বৃত্তং সঞ্জাতম্। শম্বরামররাজয়োঃ শম্বরাসুরদেবরাজয়োঃ ॥৫৯॥

অন্যদিকে গদা, পরিঘ, তরবারি, পট্টিশ, যুদ্ধযোগ্য প্রস্তর, বুষ, ভুষুণ্ডী, প্রাস, তোমর, বাণ, মুসল, মুদ্গর, চক্র, ভিন্দিপাল, পরশু, ধূলি, বায়ু, অগ্নি, জল, ভস্ম, লোষ্ট্র, তৃণ ও বৃক্ষদ্বারা পাণ্ডবসেনাকে ব্যথিত, পীড়িত, ভগ্ন, নিহত, সঞ্চালিত, বিক্ষিপ্ত ও ভীত করিতে করিতে দ্রোণজিঘাংসু ঘটোৎকচ আসিতে লাগিল ॥৫৫—৫৭॥

তখন রাক্ষস অলম্বুষ ক্রুদ্ধ হইয়া নানাবিধ অস্ত্র এবং নানাবিধ যুদ্ধোপকরণদ্বারা সেই ঘটোৎকচকে আঘাত করিতে থাকিল ॥৫৮॥

পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ রাক্ষসশ্রেষ্ঠগণের মধ্যেও শ্রেষ্ঠ ঘটোৎকচ ও অলম্বুষের যুদ্ধ হইতে লাগিল ॥৫৯॥

(৫৬) ·ভিন্দিপালপরশ্বধৈঃ · বা ব রা নি,···শরদ্রুমৈঃ—পি। (৫৭) আরুজন্ প্ররুজন্··· পি বা ব রা,···দ্রোণপ্রেপ্সুঃ··· বা নি। (৫৮)···নানাযুধবিভূষণৈঃ · পি।

নৈতাদৃশো দৃষ্টপূর্ব্বঃ সংগ্রামো নৈব চ শ্রুতঃ।
দ্রোণস্যাভাবভাবে তু প্রসক্তানাং যথাভবৎ ॥৬১॥
ইদং ঘোরমিদং চিত্রমিদং রৌদ্রমিতি প্রভো!।
তত্র যুদ্ধান্যদৃশ্যন্ত প্রততানি বহূনি চ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে দ্বন্দ্বযুদ্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুর্বিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তেষেবং সন্নিবৃত্তেষু প্রত্যুদ্যাতেষু ভাগশঃ।
কথং যুযুধিরে পার্থা মামকাশ্চ তরস্বিনঃ ॥১॥

এবমিতি। দ্বন্দ্বশতানি দ্বন্দ্বযুদ্ধশতানি। তে তব ভদ্রং মঙ্গলমস্থিতি শেষঃ ॥৬০॥

নেতি। অভাবো ধ্বংসো নাশস্তত্র প্রসক্তাঃ পাণ্ডবাঃ, ভাবঃ সত্তা জীবনং তত্র প্রসক্তাশ্চ কৌরবস্তেষাম্ ॥৬১॥

ইদমিতি। ঘোরং ভয়ঙ্করম্। রৌদ্রং তীব্রম্। প্রততানি বিস্তৃতানি ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! সেই বীরসমাকুল সমরাঙ্গনে আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের এইরূপ শত শত দ্বন্দ্বযুদ্ধ হইতে থাকিল। আপনার মঙ্গল হউক ॥৬০॥

রাজা! দ্রোণাচার্য্যের বিনাশের জন্য প্রবৃত্ত পাণ্ডবগণের এবং তাঁহার রক্ষার উদ্দেশে ব্যাপৃত কৌরবগণের তৎকালে যেরূপ যুদ্ধ হইতে লাগিল, সেরূপ যুদ্ধ আমরা পূর্ব্বে কখনও দেখি নাই বা শুনি নাই ॥৬১॥

নরনাথ! 'এই যুদ্ধটা ভয়ঙ্কর' 'এই যুদ্ধটা বিচিত্র' এবং 'এই যুদ্ধটা তীব্র' এইরূপ বলাবলি করিতে থাকিয়া তত্রত্য লোকেরা তখন বিস্তৃত ও বহুতর যুদ্ধ দেখিতে লাগিল' ॥৬২॥

(৬১)···প্রসক্তানাং পরস্পরম্—নি। * '···চতুর্বিংশোঽধ্যায়ঃ' ব, 'পঞ্চবিংশোঽধ্যায়ঃ' বা নি।

কিমর্জ্জুনশ্চাপ্যকরোৎ সংশপ্তকবলং প্রতি।
সংশপ্তকা বা পার্থস্য কিমকুর্ব্বত সঞ্জয়! ॥২॥

সঞ্জয় উবাচ।

তথা তেষু নিবৃত্তেষু প্রত্যুদ্‌যাতেষু ভাগশঃ।
স্বয়মভ্যদ্রবদ্ভীমং নাগানীকেন তে সুতঃ ॥৩॥
স নাগ ইব নাগেন গোবৃষেণেব গোবৃষঃ।
সমাহূতঃ স্বয়ং রাজ্ঞা নাগানীকমুপাদ্রবৎ ॥৪॥
স যুদ্ধকুশলঃ পার্থো বাহুবীর্য্যেণ চান্বিতঃ।
অভিনৎ কুঞ্জরানীকমচিরেণৈব মারিষ! ॥৫॥
তে গজা গিরিসঙ্কাশাঃ ক্ষরন্তঃ সর্ব্বতো মদম্।
ভীমসেনস্য নারাচৈর্বিমুখা বিমর্দীকৃতাঃ ॥৬॥

তেম্বিতি। তেষু পাণ্ডবযোধেষু, এবং সন্নিবৃত্তেষু প্রত্যাগতেষু, ভাগশো ভাগেন ভাগেন, প্রত্যুদযাতেষু কৌরবেষ্বপি তদভিমুখং গতেষু সৎসু। পার্থাঃ পাণ্ডবাঃ, তরস্বিনো বলবন্তঃ ॥১॥

কিমিতি। পার্থস্য অর্জ্জুনস্য ॥২॥

তথেতি। নাগানীকেন হস্তিসৈন্যেন, সুতো দুর্যোধনঃ, যোগাত্মাং ॥৩॥

স ইতি। গোবৃষেণ বৃষশ্রেষ্ঠেন, গোবৃষো বৃষশ্রেষ্ঠঃ। রাজ্ঞা দুর্যোধনেন ॥৪॥

স ইতি। যুদ্ধে কুশলো নিপুণঃ, পার্থো ভীমঃ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবেরা এইভাবে প্রতিনিবৃত্ত হইলে এবং কৌরবেরা ভাগে ভাগে তাঁহাদের প্রত্যুদ্‌গমন করিলে, বলবান্ পাণ্ডবেরা ও আমার পক্ষের যোদ্ধারা কি ভাবে যুদ্ধ করিলেন? ॥১॥

অর্জ্জুনইবা সংশপ্তকসৈন্যগণের বিষয়ে কি করিলেন? আবার সংশপ্তকেরাই বা অর্জ্জুনসম্বন্ধে কি করিল?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পাণ্ডবেরা সেইভাবে প্রতিনিবৃত্ত হইলে এবং কৌরবেরা ভাগে ভাগে তাঁহাদের প্রত্যুদ্‌গমন করিলে, আপনার পুত্র দুর্য্যোধন স্বয়ং হস্তিসৈন্য লইয়া ভীমসেনের প্রতি ধাবিত হইলেন ॥৩॥

হস্তী যেমন হস্তীকে এবং বৃষশ্রেষ্ঠ যেমন বৃষশ্রেষ্ঠকে আহ্বান করে, সেইরূপ রাজা দুর্য্যোধন নিজে আহ্বান করায় ভীমসেন তাঁহার হস্তিসৈন্যের দিকে উপস্থিত হইলেন ॥৪॥

মাননীয় রাজা! যুদ্ধনিপুণ ও বাহুবলসমন্বিত ভীমসেন অচিরকালমধ্যেই দুর্য্যোধনের সেই হস্তিসৈন্য বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥৫॥

বিধমেদভ্রজালানি যথা বায়ুঃ সমুদ্ধতঃ।
ব্যধমত্তান্যনীকানি তথৈব পবনাত্মজঃ ॥৭॥
স তেষু বিসৃজন্ বাণান্ ভীমো নাগেষ্বশোভত।
ভুবনেষ্বিব সর্বেষু গভস্তীনুদিতো রবিঃ ॥৮॥
তে ভীমবাণাভিহতাঃ সংস্যূতা বিবভুর্গজাঃ।
গভস্তিভিরিবার্কস্য ব্যোম্নি নানা বলাহকাঃ ॥৯॥
তথা গজানাং কদনং কুর্বাণমনিলাত্মজম্।
ক্রুদ্ধো দুর্য্যোধনোঽভ্যেত্য প্রত্যবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ ॥১০॥
ততঃ ক্ষণেন ক্ষিতিপং ক্ষতজপ্রতিমেক্ষণঃ।
ক্ষয়ং নিনীষুর্নিশিতৈর্ভীমো বিব্যাধ পত্রিভিঃ ॥১১॥

ত ইতি। সর্বতো মুখনাসিকাদিস্থানেভ্যঃ, মদং মদজলম্ ॥৬॥
বিধমেদিতি। বিধমেদপসারয়েৎ, অভ্রজালানি মেঘসমূহান্। ব্যধমদ্ব্যপাসারয়ৎ ॥৭॥
স ইতি। নাগেষু হস্তিষু। গভস্তীন্ কিরণান্ ॥৮॥
ত ইতি। সংস্যূতা বাণগ্রথিতাঙ্গাঃ। নানা অনেকে, বলাহকা মেঘাঃ ॥৯॥
তথেতি। কদনং পীড়নম্, অনিলাত্মজং ভীমসেনম্ ॥১০॥

পর্ব্বতপ্রমাণ ও সর্ব্বস্থান হইতে মদস্রাবী সেই হস্তিগণ ভীমসেনের নারাচে বিমুখ ও মদবিহীন হইয়া পড়িল ॥৬॥

ক্রমে প্রবল বায়ু যেমন মেঘসমূহকে অপসারিত করে, সেইরূপ ভীমসেনও সেই হস্তিসৈন্যগণকে অপসারিত করিলেন ॥৭॥

এবং উদিত সূর্য্য যেমন সমস্ত জগতে কিরণ নিক্ষেপ করিয়া শোভা পান, সেইরূপ ভীমসেনও সেই হস্তিগণের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৮॥

আবার আকাশে যেমন মেঘসমূহ সূর্য্যকিরণে গ্রথিত হইয়া প্রকাশ পায়, সেইরূপ সেই হস্তিগণও ভীমের বাণে আহত ও গ্রথিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৯॥

ভীমসেন সেইভাবে হস্তিগণের পীড়ন করিতে লাগিলে, দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সম্মুখে যাইয়া সুধার বাণদ্বারা তাঁহাকে প্রতিবিদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

তাহার পর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া ক্ষণকালমধ্যেই দুর্য্যোধনকে বিনাশ করিবার ইচ্ছা করিয়া নিশিত শরসমূহদ্বারা তাঁহাকে তাড়ন করিতে থাকিলেন ॥১১॥

স শরাচিতসর্ব্বাঙ্গঃ ক্রুদ্ধো বিব্যাধ পাণ্ডবম্ ।
নারাচৈরর্করশ্ম্যাভৈর্ভীমসেনং স্ময়ন্নিব ॥১২॥
তস্য নাগং মণিময়ং রত্নচিত্রধ্বজে স্থিতম্ ।
ভল্লাভ্যাং কার্ম্মুকঞ্চৈব ক্ষিপ্রং চিচ্ছেদ পাণ্ডবঃ ॥১৩॥
দুর্য্যোধনং পীড্যমানং দৃষ্ট্বা ভীমেন মারিষ ! ।
চুক্ষোভয়িষুরভ্যাগাদঙ্গো মাতঙ্গমাস্থিতঃ ॥১৪॥
তমাপতন্তং নাগেন্দ্রমম্বুদপ্রতিমস্বনম্ ।
কুম্ভান্তরে ভীমসেনো নারাচেনার্দ্দয়দ্ভৃশম্ ॥১৫॥
তস্য কায়ং বিনির্ভিদ্য মমজ্জ ধরণীতলে ।
ততঃ পপাত দ্বিরদো বজ্রাহত ইবাচলঃ ॥১৬॥

তত ইতি। ক্ষিতিপং দুর্য্যোধনম্, ক্ষতজপ্রতিমেক্ষণঃ ক্রোধেন রক্ততুল্যনয়নঃ ॥১১॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য সঃ। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১২॥
তস্যেতি। নাগং হস্তিমূর্ত্তিম্। পাণ্ডবো ভীমঃ ॥১৩॥
দুর্য্যোধনমিতি। চুক্ষোভয়িষুর্ভীমং ক্ষোভয়িতুমিচ্ছুঃ, অঙ্গো নাম বীরঃ ॥১৪॥
তমিতি। নাগেন্দ্রং হস্তিশ্রেষ্ঠম্, অম্বুদপ্রতিমস্বনং মেঘগর্জনতুল্যগর্জনম্ ॥১৫॥
তস্যেতি। মমজ্জ স নারাচ ইতি শেষঃ। দ্বিরদো হস্তী ॥১৬॥

ভীমের বাণে সমস্ত অঙ্গ ব্যাপ্ত হইয়া গেলে, দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়াও যেন মৃদু হাস্য করিতে থাকিয়া সূর্য্যকিরণতুল্য নারাচসমূহদ্বারা ভীমকে বিদ্ধ করিতে লাগিলেন ॥১২॥

তখন ভীমসেন দুইটা ভল্লদ্বারা সত্বরই দুর্য্যোধনের রত্নবিচিত্রধ্বজস্থিত মণিময় হস্তীটাকে এবং তাঁহার ধনুখানাকে ছেদন করিলেন ॥১৩॥

মাননীয় রাজা ! ভীমসেন দুর্য্যোধনকে পীড়ন করিতেছেন দেখিয়া অঙ্গ একটা হস্তীর উপরে আরোহণ করিয়া ভীমকে আক্রমণ করিবার জন্য আসিতে লাগিলেন ॥১৪॥

তাঁহার সেই বিশাল হাতীটা মেঘের ন্যায় গর্জন করিতে করিতে আসিতে লাগিলে, ভীমসেন একটা নারাচদ্বারা তাহার কুম্ভের উপরে গুরুতর আঘাত করিলেন ॥১৫॥

তখন সেই নারাচটা যাইয়া সেই হাতীটার দেহ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল। তৎপরে বজ্রাহত পর্ব্বতের ন্যায় হাতীটা পতিত হইল ॥১৬॥

(১৩)…রত্নচিত্রং ধ্বজে স্থিতম্…পি বা ব রা। (১৫)…নারাচৈরর্দ্দয়দ্ভৃশম্—বা ব রা নি।
(১৬)…স্বমজ্জদ্ধরণীতলে… বা ব রা নি।

তস্যাবর্জিতনাগস্য ম্লেচ্ছস্যাধঃ পতিষ্যতঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন ক্ষিপ্রকারী বৃকোদরঃ ॥১৭॥
তস্মিন্ নিপতিতে বীরে সংপ্রাদ্রাবত সা চমূঃ।
সংভ্রান্তাশ্বদ্বিপরথা পদাতীনবমৃদ্নতী ॥১৮॥
তেষ্বনীকেষু ভগ্নেষু প্রদ্রবৎসু সমন্ততঃ।
প্রাগ্জ্যোতিষস্ততো ভীমং কুঞ্জরেণ সমাদ্রবৎ ॥১৯॥
যেন নাগেন মঘবানজয়দ্দৈত্যদানবান্।
তদন্বয়েন নাগেন ভীমসেনমুপাদ্রবৎ ॥২০॥
স নাগপ্রবরো ভীমং সহসা সমুপাদ্রবৎ।
শ্রবণাভ্যামথো দ্বাভ্যাং সংহতেন করেণ চ।
ব্যাবৃত্তনয়নঃ ক্রুদ্ধঃ প্রমথ্নন্নিব পাণ্ডবম্ ॥২১॥

তস্যেতি। আবর্জিতঃ পতিতো নাগো হস্তী যস্য তস্য, ম্লেচ্ছস্য অঙ্গস্য ॥১৭॥

তস্মিন্নিতি। সংপ্রাদ্রাবত পলায়ত। সংভ্রান্তা বিচলিতা অশ্বদ্বিপরথা যস্যাঃ সা ॥১৮॥

তেষ্বিতি। প্রাগ্জ্যোতিষস্তদধিপতির্ভগদত্তঃ, কুঞ্জরেণ নিজগজেন ॥১৯॥

যেনেতি। মঘবান্ ইন্দ্রঃ। তদন্বয়েন তদ্বংশজাতেন ॥২০॥

হাতীটা পতিত হইলে, তাহার আরোহী ম্লেচ্ছ অঙ্গও নীচে পতিত হইতে-ছিলেন, সেই অবস্থায় ক্ষিপ্রকারী ভীমসেন একটা ভল্লদ্বারা তাঁহার মস্তক ছেদন করিলেন ॥১৭॥

সেই বীর নিপতিত হইলে, তাঁহার সৈন্যগণ পলায়ন করিতে থাকিল; তাহাতে হস্তী, অশ্ব ও রথ সকল পদাতিগণকে মর্দ্দন করিতে করিতে চলিল ॥১৮॥

সেই সৈন্যগণ ভগ্ন হইয়া সকল দিকে পলায়ন করিতে লাগিলে, তখন ভগদত্ত নিজ হস্তীতে আরোহণ করিয়া ভীমের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

ইন্দ্র যে হস্তীদ্বারা দৈত্য ও দানবগণকে জয় করিয়াছিলেন, সেই হস্তীর বংশধর হস্তীতে আরোহণ করিয়াই ভগদত্ত ভীমের দিকে ধাবিত হইয়া-ছিলেন ॥২০॥

(২১) ইতঃ পরং সপ্ত শ্লোকা অধিকাঃ বা ব রা নি, ভীমস্য রথবিনাশে তদ্রথস্যৈব [illegible]ষ্টিরাদিনা পরত্র পরিবেষ্টনাসম্ভবাৎ। তে চ যথা—
বৃকোদররথং সাশ্বমবিশেষমচূর্ণয়ৎ। পদ্ভ্যাং ভীমোঽপ্যথো ধাবংস্তস্য গাত্রেষ্বলীয়ত ॥
[illegible]নমঞ্জলিকাবেধং নাপাক্রামত পাণ্ডবঃ। গাত্রাভ্যন্তরগো ভূত্বা করেণাতাড়য়ন্মুহুঃ ॥
[illegible]মাস তন্নাগং বধকাঙ্ক্ষিণমব্যয়ম্। কুলালচক্রবন্নাগস্তদা তূর্ণমথাভ্রমৎ ॥

ততঃ সর্ব্বস্য সৈন্যস্য নাদঃ সমভবন্মহান্।
অহো ধিঙ্‌ নিহতো ভীমঃ কুঞ্জরেণেতি মারিষ! ॥২২॥
তেন নাগেন সংত্রস্তা পাণ্ডবানামনীকিনী।
সহসাভ্যদ্রবদ্রাজন্! যত্র তস্থৌ বৃকোদরঃ ॥২৩॥
ততো যুধিষ্ঠিরো রাজা হতং মত্বা বৃকোদরম্।
ভগদত্তং সপাঞ্চাল্যঃ সর্ব্বতঃ সমবারয়ৎ ॥২৪॥
তং রথং রথিনাং শ্রেষ্ঠাঃ পরিবার্য্য পরন্তপাঃ।
অবাকিরন্ শরৈস্তীক্ষ্ণৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৫॥

স ইতি। শ্রবণাভ্যাং কর্ণাভ্যাম্, সংহতেন সঙ্কুচিতেন, করেণ শুণ্ডয়া। ব্যাবৃত্তনয়নো ঘূর্ণিতনেত্রঃ। পাণ্ডবং ভীমম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। সৈন্যস্য পাণ্ডবপক্ষীয়স্য। ধিগিত্যাত্মনিন্দায়াম্ ॥২২॥

তেনেতি। অনীকিনী সেনা। অভ্যদ্রবৎ ভীমং রক্ষিতুমভ্যধাবৎ ॥২৩॥

তত ইতি। মত্বা সম্ভাব্য। সপাঞ্চাল্যঃ পাঞ্চালসৈন্যসহিতঃ ॥২৪॥

তমিতি। রথং ভীমস্য। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২৫॥

সেই বিশাল হস্তী ক্রুদ্ধ ও ঘূর্ণিতনয়ন হইয়া দুই কর্ণ ও সঙ্কুচিত শুণ্ডদ্বারা পাণ্ডুনন্দন ভীমসেনকে মর্দ্দন করিবে বলিয়াই যেন তাঁহার দিকে দ্রুত ধাবিত হইল ॥২১॥

মাননীয় রাজা! তাহার পর সমস্ত পাণ্ডবসৈন্যমধ্যে এইরূপ কোলাহল উঠিল যে, 'হায়! ভগদত্তের হাতীটা ভীমকে মারিয়া ফেলিল' ॥২২॥

রাজা! তখন পাণ্ডবসৈন্য সেই হাতীর ভয়ে ভীত হইয়া—যেখানে ভীম ছিলেন, সেইখানে তৎক্ষণাৎ গমন করিল ॥২৩॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির 'ভীম নিহত হইবেন' মনে করিয়া পাঞ্চালসৈন্যের সহিত মিলিত হইয়া যাইয়া সকল দিক্ হইতে ভগদত্তকে বারণ করিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে শত্রুসন্তাপক রথিশ্রেষ্ঠেরা ভীমের সেই রথখানাকে পরিবেষ্টন করিয়া শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণদ্বারা ভগদত্তকে আঘাত করিতে থাকিলেন ॥২৫॥

নাগাযুতবলঃ শ্রীমান্ কালয়ানো বৃকোদরম্। ভীমোঽপি নিষ্ক্রম্য ততঃ সুপ্রতীকাগ্রতোঽভবৎ ॥
ভীমং করেণাবনম্য জানুভ্যামভ্যতাড়য়ৎ। গ্রীবায়াং বেষ্টয়িত্বৈনং স গজো হন্তুমৈহত ॥
করবেষ্টং ভীমসেনো ভ্রমং দত্ত্বা ব্যমোচয়ৎ। পুনর্গাত্রাণি নাগস্য প্রবিবেশ বৃকোদরঃ ॥
যাবৎ প্রতিগজায়াতং স্ববলস্থমবৈক্ষত। ভীমোঽপি নাগগাত্রেভ্যো বিনিষ্ক্রম্য যযৌ জবাৎ ॥

স বিঘাতং পৃষৎকানামঙ্কুশেন সমাচরন্।
গজেন পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমৎ পর্ব্বতেশ্বরঃ ॥২৬॥
তদদ্ভুতমপশ্যাম ভগদত্তস্য সংযুগে।
তথা বৃদ্ধস্য চরিতং কুঞ্জরেণ বিশাংপতে! ॥২৭॥
ততো রাজা দশার্ণানাং প্রাগ্জ্যোতিষমুপাদ্রবৎ।
তির্য্যগ্যাতেন নাগেন সমদেনাশুগামিনা ॥২৮॥
তয়োর্যুদ্ধং সমভবন্নাগয়োর্ভীমরূপয়োঃ।
সপক্ষয়োঃ পর্বতয়োর্যথা সদ্রুময়োঃ পুরা ॥২৯॥
প্রাগ্জ্যোতিষপতের্নাগঃ সন্নিবৃত্যাপসৃত্য চ।
পার্শ্বে দশার্ণাধিপতের্ভিত্ত্বা নাগমপাতয়ৎ ॥৩০॥
তোমরৈঃ সূর্য্যরশ্ম্যাভৈর্ভগদত্তোঽথ সপ্তভিঃ।
জঘান দ্বিরদস্থং তং শত্রুং প্রচলিতাসনম্ ॥৩১॥

স ইতি। বিঘাতং নিবারণম্, পৃষৎকানাং পাণ্ডববাণানাম্, সমাচরন্ কুর্বন্ ॥২৬॥
তদিতি। চরিতং কার্য্যম্, কুঞ্জরেণ নিজহস্তিনা ॥২৭॥
ততো ইতি। তির্য্যগ্যাতেন একপার্শ্বে গতেন, সমদেন মদস্রাবিণা ॥২৮॥
তয়োরিতি। সপক্ষয়োঃ পতত্রযুক্তয়োঃ। সদ্রুময়োরিত্যনেন নাগয়োঃ সধ্বজত্বং সূচিতম্ ॥২৯॥
প্রাগিতি। অপসৃত্য কিঞ্চিৎ পশ্চাদ্গত্বা। ভিত্ত্বা দন্তাভ্যাং বিদার্য্য ॥৩০॥

তখন পর্বতাধিপতি ভগদত্ত অঙ্কুশদ্বারা সেই বাণগুলিকে বারণ করিতে থাকিয়া নিজহস্তীদ্বারা পাণ্ডবসৈন্য ও পাঞ্চালসৈন্যগণকে বিনাশ করিতে লাগিলেন ॥২৬॥

নরনাথ! তখন আমরা বৃদ্ধ ভগদত্তের যুদ্ধে হস্তিসঞ্চালনে অদ্ভুত ক্ষমতা দেখিতে থাকিলাম ॥২৭॥

তাহার পর দশার্ণদেশের রাজা পার্শ্ববর্ত্তী, মদস্রাবী ও দ্রুতগামী একটা হস্তীতে আরোহণ করিয়া ভগদত্তের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

পূর্বকালে পক্ষযুক্ত ও বৃক্ষসমন্বিত দুইটা পর্ব্বতের যেমন যুদ্ধ হইত, সেইরূপ তখন ভয়ঙ্করমূর্ত্তি সেই হাতী দুইটার যুদ্ধ হইতে লাগিল ॥২৯॥

ক্রমে ভগদত্তের হাতীটা একটু ফিরিয়া কিছু পিছনে সরিয়া দন্তযুগলদ্বারা দশার্ণরাজের হাতীটার পার্শ্ব বিদারণ করিয়া সেটাকে নিপাতিত করিল ॥৩০॥

(২৬)...অঙ্কুশেন সমাহরন্... নি।

ব্যবচ্ছিদ্য তু রাজানং ভগদত্তং যুধিষ্ঠিরঃ।
রথানীকেন মহতা সর্ব্বতঃ পর্য্যবারয়ৎ ॥৩২॥
স কুঞ্জরস্থো রথিভিঃ শুশুভে সর্ব্বতো বৃতঃ।
পর্ব্বতে বনমধ্যস্থো জ্বলন্নিব হুতাশনঃ ॥৩৩॥
মণ্ডলং সর্ব্বতঃ শ্লিষ্টং রথিনামুগ্রধন্বিনাম্।
কিরতাং শরবর্ষাণি স নাগঃ পর্য্যবর্ত্তত ॥৩৪॥
ততঃ প্রাগ্জ্যোতিষো রাজা পরিগৃহ্য মহাগজম্।
প্রেষয়ামাস সহসা যুযুধানরথং প্রতি ॥৩৫॥
শিনেঃ পৌত্রস্য তু রথং পরিগৃহ্য মহাদ্বিপঃ।
অভিচিক্ষেপ বেগেন যুযুধানস্ত্বপাক্রমৎ ॥৩৬॥
বৃহতঃ সৈন্ধবানশ্বান্ সমুত্থাপ্যাথ সারথিঃ।
তস্থৌ সাত্যকিমাসাদ্য সংপ্লুতস্তং রথং প্রতি ॥৩৭॥

তোমরৈরিতি। দ্বিরদস্থং হস্তিস্থিতম্। প্রচলিতাসনং নাগপতনাদেব ॥৩১॥
ব্যবেতি। ব্যবচ্ছিদ্য স্বপক্ষাৎ পৃথক্কৃত্য। পর্য্যবারয়ৎ পর্য্যবেষ্টত ॥৩২॥
স ইতি। স ভগদত্তঃ। বৃতো বেষ্টিতঃ ॥৩৩॥
মণ্ডলমিতি। শ্লিষ্টং সংগতম্, মণ্ডলং যথা স্যাত্তথা। পর্য্যবর্ত্তত পর্য্যভ্রমৎ ॥৩৪॥
তত ইতি। পরিগৃহ্য আহৃত্য। যুযুধানস্য সাত্যকে রথম্ ॥৩৫॥
শিনেরিতি। শিনেঃ পৌত্রস্য সাত্যকেঃ। অপাক্রমৎ অবতীর্য্যাপাসরৎ ॥৩৬॥

তখন দশার্ণরাজের আসন স্থানচ্যুত হইল; পরে ভগদত্ত সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল সাতটা তোমরদ্বারা হস্তিস্থিত সেই দশার্ণরাজকে বধ করিলেন ॥৩১॥

তদনন্তর যুধিষ্ঠির ভগদত্তকে তাঁহার স্বপক্ষ হইতে বিচ্ছিন্ন করিয়া বিশাল রথিসৈন্যদ্বারা তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৩২॥

সেই সময়ে পর্ব্বতে বনমধ্যবর্ত্তী প্রজ্বলিত অগ্নির ন্যায় হস্তিস্থিত ভগদত্ত রথিগণে পরিবেষ্টিত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৩॥

ক্রমে ভগদত্তের সেই হাতীটা ভয়ঙ্কর ধনুর্দ্ধর ও বাণবর্ষণকারী সেই রথিগণের মধ্যে উপযুক্ত মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিল ॥৩৪॥

তাহার পর ভগদত্তরাজা তৎক্ষণাৎ সাত্যকির রথের দিকে সেই বিশাল হাতীটাকে চালাইয়া দিলেন ॥৩৫॥

তখন সেই হাতীটা যাইয়া সাত্যকির রথখানা ধরিয়া বেগে নিক্ষেপ করিল; কিন্তু সাত্যকি সেই রথ হইতে লাফাইয়া পড়িয়া সরিয়া গেলেন ॥৩৬॥

স তু লব্ধান্তরং নাগস্ত্বরিতো রথমণ্ডলাৎ।
নিশ্চক্রাম ততঃ সর্ব্বান্ পরিচিক্ষেপ পার্থিবান্ ॥৩৮॥
তে ত্বাশুগামিনা তেন ত্রাস্যমানা নরর্ষভাঃ।
তমেকং দ্বিরদং সংখ্যে মেনিরে শতশো দ্বিপান্ ॥৩৯॥
তে গজস্থেন কাল্যন্তে ভগদত্তেন পার্থিবাঃ।
ঐরাবতস্থেন যথা দেবরাজেন দানবাঃ ॥৪০॥
তেষাং প্রদ্রবতাং ভীমঃ পাঞ্চালানামিতস্ততঃ।
গজবাজিকৃতঃ শব্দঃ সুমহান্ সমজায়ত ॥৪১॥
ভগদত্তেন সমরে কাল্যমানেষু পাণ্ডুষু।
প্রাগ্‌জ্যোতিষমভিক্রুদ্ধঃ পুনর্ভীমঃ সমভ্যয়াৎ ॥৪২॥

বৃহত ইতি। সৈন্ধবান্ সিন্ধুদেশীয়ান্। সংপ্লুত উৎপত্যারূঢ়ঃ ॥৩৭॥
স ইতি। অন্তরমবকাশম্। রথমণ্ডলাৎ পরিবেষ্টকরথসমূহাৎ ॥৩৮॥
ত ইতি। আশুগামিনা দ্রুতং বিচরতা। দ্বিরদং গজম্, সংখ্যে রণাঙ্গনে ॥৩৯॥
ত ইতি। কাল্যন্তে আমর্দ্দ্যন্তে স্ম ॥৪০॥
তেষামিতি। প্রদ্রবতাং পলায়মানানাম্, ভীমো ভয়ানকঃ ॥৪১॥
ভগেতি। কাল্যমানেষু অর্দ্দ্যমানেষু, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৪২॥

তৎপরে সাত্যকির সারথি সিন্ধুদেশীয় বিশাল ঘোড়াগুলিকে তুলিয়া সাত্যকির নিকটে যাইয়া দাঁড়াইল; তখন সাত্যকি আবার লাফ দিয়া সেই রথে উঠিলেন ॥৩৭॥

এদিকে ভগদত্তের হাতীটা অবকাশ পাইয়া রথমণ্ডল হইতে নির্গত হইল এবং (শুঁড় দিয়া ধরিয়া ধরিয়া) সমস্ত রাজাকে নিক্ষেপ করিতে লাগিল ॥৩৮॥

তখন সেই নরশ্রেষ্ঠেরা সেই দ্রুতগামী হাতীর ভয়ে ভীত হইয়া সমরাঙ্গনে সেই একটা হাতীকেই শত শত হাতী মনে করিতে লাগিলেন ॥৩৯॥

ক্রমে ঐরাবতারূঢ় দেবরাজ যেমন দানবগণকে বিদলিত করিতেন, সেইরূপ গজারূঢ় ভগদত্ত রাজগণকে বিদলিত করিতে থাকিলেন ॥৪০॥

তখন পাঞ্চালসৈন্যেরা ইতস্ততঃ পলায়ন করিতে লাগিলে, তাহাদের হস্তী ও অশ্বগণকৃত ভয়ঙ্কর মহাকোলাহল হইতে লাগিল ॥৪১॥

ভগদত্ত যুদ্ধে পাণ্ডবসৈন্য সংহার করিতে থাকিলে, ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া পুনরায় ভগদত্তের প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

(৩৮)...নিষ্পতন্ সত্বরং সর্বান্...নি। (৪০)...ভগদত্তেন পাণ্ডবাঃ...পি বা ব রা।

তস্যাভিদ্রবতো বাহান্ হস্তমুক্তেন বারিণা।
সিক্ত্বা ব্যত্রাসয়ন্নাগস্তে পার্থমহরংস্ততঃ ॥৪৩॥
ততস্তমভ্যয়াত্তূর্ণং রুচিপর্ব্বাকৃতীসুতঃ।
সমুক্ষন্ শরবর্ষেণ রথস্থোঽন্তকসন্নিভঃ ॥৪৪॥
ততঃ স রুচিপর্ব্বাণং শরেণানতপর্ব্বণা।
সুপর্ব্বা পর্ব্বতপতির্নিন্যে বৈবস্বতক্ষয়ম্ ॥৪৫॥
তস্মিন্ নিপতিতে বীরে সৌভদ্রো দ্রৌপদীসুতাঃ।
চেকিতানো ধৃষ্টকেতুর্যুযুৎসুশ্চার্দ্দয়ন্ দ্বিপম্ ॥৪৬॥
ত এনং শরধারাভির্ধারাভিরিব তোয়দাঃ।
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ ॥৪৭॥
ততঃ পার্ষ্ণ্যঙ্কুশাঙ্গুষ্ঠৈঃ কৃতিনা চোদিতো দ্বিপঃ।
প্রসারিতকরঃ প্রায়াৎ স্তব্ধকর্ণেক্ষণো দ্রুতম্ ॥৪৮॥

তস্যেতি। বাহান্ অশ্বান্, হস্তমুক্তেন শুণ্ডাতো নিঃসারিতেন। পার্থং ভীমম্ ॥৪৩॥
তত ইতি। আকৃতী নাম কাচিৎ স্ত্রী তস্যাঃ সুতঃ। সমুক্ষন্ সংসিঞ্চন্ ॥৪৪॥
তত ইতি। সুপর্ব্বা সুন্দরাঙ্গসন্ধিঃ, পর্বতপতির্ভগদত্তঃ, বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৪৫॥
তস্মিন্নিতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। যুযুৎসুর্ধার্ত্তরাষ্ট্রঃ, দ্বিপং ভগদত্তগজম্ ॥৪৬॥
ত ইতি। ধারাভির্জলস্য। বিনদন্তঃ কুর্ব্বন্তঃ, জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ ॥৪৭॥

ভীমসেন আসিতে লাগিলে, ভগদত্তের হাতীটা শুণ্ডনিঃসারিত জলদ্বারা ভীমসেনের ঘোড়াগুলিকে বিত্রস্ত করিল। তখন সেই ঘোড়াগুলি ভীমসেনকে সমরাঙ্গন হইতে অপহরণ করিল ॥৪৩॥

তাহার পর আকৃতীর পুত্র ও যমের তুল্য রথারোহী রুচিপর্বা বাণবর্ষণ করিতে করিতে ভগদত্তের দিকে দ্রুত আগমন করিতে লাগিলেন ॥৪৪॥

তখন সুন্দরাঙ্গ ভগদত্ত একটা নতপর্ব্ব বাণদ্বারা রুচিপর্ব্বাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৫॥

সেই বীর রুচিপর্বা নিপতিত হইলে, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ, চেকিতান, ধৃষ্টকেতু ও যুযুৎসু ভগদত্তের হাতীটাকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৬॥

তখন মেঘ যেমন বারিধারা বর্ষণ করে, সেইরূপ তাঁহারা ভগদত্তের হাতীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া ভয়ঙ্কর গর্জন করিতে থাকিয়া তাহার উপরে বাণধারা বর্ষণ করিতে লাগিলেন ॥৪৭॥

(৪৩) ··সিক্তা ব্যদ্রাবয়ন্নাগঃ ··পি। (৪৪) ··রুচিপর্বা কৃতী সুতঃ···বা ব রা নি।

সোঽধিষ্ঠায় পদা বাহান্ যুযুৎসোঃ সূতমারুজৎ।
যুযুৎসুস্তু রথাদ্রাজন্! অপাক্রামত্ত্বরান্বিতঃ ॥৪৯॥
ততঃ পাণ্ডবযোধাস্তে নাগরাজং শরৈদ্রু´তম্।
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ।
পুত্রস্তু তব সংভ্রান্তঃ সৌভদ্রস্যাপ্লুতো রথম্ ॥৫০॥
স কুঞ্জরস্থো বিসৃজন্নিষূনরিষু পাণ্ডুষু।
বভৌ রশ্মীনিবাদিত্যো ভুবনেষু সমুৎসৃজন্ ॥৫১॥
তমার্জ্জুনির্দ্বা´দশভির্যু´যুৎসুর্দ´শভিঃ শরৈঃ।
ত্রিভিস্ত্রিভির্দ্রৌপদেয়া ধৃষ্টকেতুশ্চ বিব্যধুঃ ॥৫২॥

তত ইতি। পাষ্ণিগুল্ফাবোদেশঃ। কৃতিনা ভগদত্তেন। প্রসারিতকরো বিস্তারিত-শুণ্ডঃ ॥৪৮॥

স ইতি। সূতং সারথিম্, আরুজৎ শুণ্ডয়া মেরুদণ্ডে ভগ্নবান্ ॥৪৯॥

তত ইতি। পুত্রো যুযুৎসুঃ, সংভ্রান্তো ব্যস্তঃ, আপ্লুত উৎপত্যারূঢ়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

স ইতি। স ভগদত্তঃ। ইষূন্ বাণান্, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৫১॥

তমিতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৫২॥

তৎপরে যুদ্ধনিপুণ ভগদত্ত গুল্ফ, অঙ্কুশ ও অঙ্গুষ্ঠদ্বারা তাড়ন করিয়া প্রেরণ করিলে, ভগদত্তের হাতীটা শুঁড় প্রসারিত করিয়া এবং স্তব্ধকর্ণ ও স্থিরনয়ন হইয়া ধাবিত হইল ॥৪৮॥

রাজা! সেই হাতীটা চরণদ্বারা যুযুৎসুর ঘোড়াগুলির উপরে উঠিয়া শুঁড় দিয়া সারথির মেরুদণ্ড ভাঙ্গিয়া ফেলিল; কিন্তু যুযুৎসু সত্বর রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৪৯॥

তাহার পর সেই পাণ্ডবযোদ্ধারা হাতীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া ভয়ঙ্কর গর্জন করিতে থাকিয়া সত্বর তাহার উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন। কিন্তু আপনার পুত্র যুযুৎসু ব্যস্ত হইয়া যাইয়া লাফ দিয়া অভিমন্যুর রথে উঠিলেন ॥৫০॥

ওদিকে ভগদত্ত হাতীর উপরে থাকিয়া পাণ্ডবসৈন্যের উপরে বাণবর্ষণ করতঃ, জগতে কিরণবর্ষণকারী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫১॥

তখন অভিমন্যু বারটা, যুযুৎসু দশটা এবং দ্রৌপদীর পুত্রগণ ও ধৃষ্টকেতু প্রত্যেকে তিন তিনটা বাণদ্বারা সেই হাতীটাকে পীড়ন করিলেন ॥৫২॥

সোঽতিযত্নার্পিতৈর্বাণৈরাচিতো দ্বিরদো বভৌ।
সংস্যূত ইব সূর্য্যস্য রশ্মিভির্জলদো মহান্ ॥৫৩॥
নিয়ন্তুঃ শিল্পযত্নাভ্যাং প্রেরিতোঽরিশরার্দ্দিতঃ।
পরিচিক্ষেপ তান্ নাগঃ স রিপূন্ সব্যদক্ষিণান্ ॥৫৪॥
গোপাল ইব দণ্ডেন যথা পশুগণান্ বনে।
সংকালয়তি তাং সেনাং ভগদত্তস্তথা মুহুঃ ॥৫৫॥
ক্ষিপ্রং শ্যেনাভিপন্নানাং বায়সানামিব স্বনঃ।
বভূব পাণ্ডবেয়ানাং ভৃশং বিদ্রবতাং স্বনঃ ॥৫৬॥

স নাগরাজঃ প্রবরাঙ্কুশাহতঃ পুরা সপক্ষোঽদ্রিবরো যথা নৃপ !।
ভয়ং তদা রিপুষু সমাদধদ্ভৃশং বণিগ্‌জনানাং ক্ষুভিতো যথার্ণবঃ ॥৫৭॥
ততো ধ্বনির্দ্বিরদরথাশ্বপার্থিবৈর্ভয়াদ্‌দ্রবদ্ভির্জনিতোঽতিভৈরবঃ।
ক্ষিতিং বিয়দ্দ্যাং বিদিশো দিশস্তথা সমাবৃণোৎ পার্থিব ! সংযুগে ততঃ ॥৫৮॥

স ইতি। অতিযত্নেন অর্পিতৈঃ ক্ষিপ্তৈঃ, আচিতো ব্যাপ্তদেহঃ। সংস্যূতো গ্রথিত... ॥৫৩॥
নিয়ন্তুরিতি। নিয়ন্তুশ্চালয়িতুঃ, শিল্পং চালননৈপুণ্যং যত্নশ্চ তাভ্যাম্ ॥৫৪॥
গোপাল ইতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। সংকালয়তি তাড়য়তি, তাং পাণ্ডবীম ॥৫৫॥
ক্ষিপ্রমিতি। শ্যেনেন অভিপন্নানামাক্রান্তানাম্। বিদ্রবতাং পলায়মানানাম্ ॥৫৬॥
স ইতি। পুরা ইন্দ্রেণ পক্ষচ্ছেদনাৎ পূর্ব্বম্। সমাদধৎ সঞ্জনয়ন্নাসীদিতি শেষঃ ॥৫৭॥

তৎকালে সেই হাতীটা অতিযত্ননিক্ষিপ্ত বাণে ব্যাপ্তদেহ হইয়া সূর্য্যকিরণ-গ্রথিত বিশাল মেঘের ন্যায় প্রকাশ পাইতে থাকিল ॥৫৩॥

ক্রমে শক্রশরপীড়িত সেই গজরাজ চালকের যত্ন ও নৈপুণ্যে সঞ্চালিত হইয়া সেই শক্রগণকে বামে ও দক্ষিণে নিক্ষেপ করিতে লাগিল ॥৫৪॥

এবং পশুপালক যেমন দণ্ডদ্বারা বনে পশুগণকে তাড়ন করে, সেইরূপ ভগদত্ত অনবরত পাণ্ডবসৈন্যকে তাড়ন করিতে লাগিলেন ॥৫৫॥

হঠাৎ শ্যেনপক্ষী আসিয়া আক্রমণ করিলে, কাকগণের যেমন আকুল শব্দ হইতে থাকে, সেইরূপ পলায়মান পাণ্ডবসৈন্যগণের অত্যন্ত আকুল শব্দ হইতে লাগিল ॥৫৬॥

রাজা! পূর্ব্বকালে পক্ষযুক্ত পর্বতপ্রবর যেমন সাধারণের ভয় উৎপাদন করিত এবং উদ্বেলিত সমুদ্র যেমন বণিক্‌সমূহের ভয় জন্মাইয়া থাকে, সেইরূপ তখন অঙ্কুশতাড়িত সেই বিশাল হস্তী শক্রপক্ষের গুরুতর ভয় জন্মাইতে লাগিল ॥৫৭॥

(৫৩)···ইষুভিরিষু পার্থিবঃ···বা ব রা নি। (৫৫)···আবেষ্টয়ত তাং সেনাম্···পি বা ব গ।

স তেন নাগপ্রবরেণ পার্থিবো ভৃশং জগাহে দ্বিষতামনীকিনীম্।
পুরা সুগুপ্তাং বিবুধৈরিবাহবে বিরোচনো দেববরূথিনীমিব ॥৫৯॥
ভৃশং ববৌ জ্বলনসখো বিয়দ্রজঃ সমাবৃণোন্মুহুরপি চৈব সৈনিকান্।
তমেকনাগং গণশো যথা গজান্ সমন্ততো দ্রুতমথ মেনিরে জনাঃ ॥৬০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে ভগদত্তযুদ্ধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—————০ঃঃ০—————

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

যন্মাং পার্থস্য সংগ্রামে কর্ম্মাণি পরিপৃচ্ছসি।
তচ্ছৃণুষ্ব মহাবাহো! পার্থো যদকরোদ্রণে ॥১॥

.ত ইতি। দ্রবদ্ভিঃ পলায়মানৈঃ। বিয়ৎ আকাশম্, দ্যাং স্বর্গম্। ততস্বিন্ ॥৫৮॥
. ইতি। পার্থিবো ভগদত্তঃ, জগাহে আলোড়য়ামাস। সুগুপ্তাং সুরক্ষিতাম্ ॥৫৯॥
ভৃশমিতি। জ্বলনস্য বহ্নেঃ সখা ইতি জ্বলনসখো বায়ুঃ, রজো ধূলিঃ ॥৬০॥
ই. মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! তাহার পর সেই যুদ্ধে হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণ ভয়ে পলায়ন করিতে থাকিয়া যে ভয়ঙ্কর কোলাহল করিতে থাকিল, সেই কোলাহল-শব্দ যাইয়া ভূমণ্ডল, আকাশমণ্ডল, স্বর্গ, দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিতে লাগিল ॥৫৮॥

পূর্ব্বকালে বিরোচন যেমন যুদ্ধে দেবরক্ষিত দেবসৈন্যগণকে আলোড়ন করিয়াছিলেন, সেইরূপ ভগদত্তরাজা তখন সেই বিশাল হস্তীদ্বারা শত্রুসৈন্যগণকে গুরুতর আলোড়ন করিতে থাকিলেন ॥৫৯॥

ক্রমে প্রবল বায়ু বহিত হইতে লাগিলে, ধূলি উঠিয়া আকাশ ও সৈন্যদিগকে অনবরত আবৃত করিতে থাকিল এবং তত্রত্য লোকেরা সেই একটা হাতীকেই সকল দিকে ভূরি ভূরি হাতী বলিয়া মনে করিতে লাগিল' ॥৬০॥

* '...পঞ্চবিংশোঽধ্যায়ঃ' ব, '...ষড়্বিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

রজো দৃষ্ট্বা সমুদ্ভূতং শ্রুত্বা চ গজনিস্বনম্ ।
ভগদত্তে বিকুর্ব্বাণে কৌন্তেয়ঃ কৃষ্ণমব্রবীৎ ॥২॥
যথা প্রাগ্‌জ্যোতিষো রাজা গজেন মধুসূদন ! ।
ত্বরমাণোঽভিনিষ্ক্রান্তো ধ্রুবং তস্যৈব নিস্বনঃ ॥৩॥
ইন্দ্রাদনবরঃ সংখ্যে গজযানবিশারদঃ ।
প্রথমো গজযোধানাং পৃথিব্যামিতি মে মতিঃ ॥৪॥
স চাপি দ্বিরদশ্রেষ্ঠঃ সদাঽপ্রতিগজো যুধি ।
সর্ব্বশস্ত্রাতিগঃ সংখ্যে কৃতকর্ম্মা জিতক্লমঃ ॥৫॥
সহঃ শস্ত্রনিপাতানামগ্নিস্পর্শস্য চানঘ ! ।
স পাণ্ডববলং সর্ব্বমদ্যৈকো নাশয়িষ্যতি ॥৬॥

যদিতি। "কিমর্জ্জুনশ্চাপ্যকরোৎ" ইতি পূর্ব্বাধ্যায়োক্ত্যা পরিপৃচ্ছসীত্যর্থঃ ॥১॥
রজ ইতি। রজো ধূলিম্। বিকুর্ব্বাণে বিবিধানি কার্য্যাণি কুর্ব্বাণে ॥২॥
যথেতি। অভিনিষ্ক্রান্তঃ শিবিরাৎ ॥৩॥
ইন্দ্রাদিতি। অনবরঃ অন্যূনঃ। গজযোধানাং মধ্যে প্রথমো গজযানবিশারদঃ ॥৪॥
স ইতি। অপ্রতিগজঃ প্রতিপক্ষগজরহিতঃ। কৃতকর্ম্মা সর্ব্বযুদ্ধে কৃতজয়ঃ ॥৫॥
সহ ইতি। সহত ইতি সহঃ পচাদিত্বাদচ্, বর্ম্মাবৃতদেহত্বাৎ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহাবাহু রাজা ! আপনি যুদ্ধে অর্জ্জুনের কার্য্যের বিষয় যে আমার নিকট জিজ্ঞাসা করিয়াছেন এবং যুদ্ধে অর্জ্জুন যাহা করিয়াছেন, তাহা শ্রবণ করুন ॥১॥

ভগদত্ত যুদ্ধে নানাবিধ কার্য্য করিতে লাগিলে, আকাশে ধূলি উঠিয়াছে দেখিয়া এবং হাতীর শব্দ শুনিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—॥২॥

'কৃষ্ণ! ভগদত্তরাজা হস্তীতে আরোহণ করিয়া সত্বর যে শিবির হইতে নির্গত হইয়াছেন, নিশ্চয়ই তাহার এই শব্দ হইতেছে ॥৩॥

ভগদত্ত যুদ্ধে ইন্দ্র অপেক্ষা ন্যূন নহেন এবং ইনি পৃথিবীতে সমস্ত গজযোধীর মধ্যে প্রথম গজযানবিশারদ ইহাই আমার ধারণা ॥৪॥

আবার সেই হস্তিশ্রেষ্ঠেরও প্রতিযোদ্ধা হস্তী নাই এবং সেই হস্তিশ্রেষ্ঠ যুদ্ধে সমস্ত অস্ত্রের অতিক্রমকারী, যুদ্ধবিজয়ী ও শ্রমসহিষ্ণু ॥৫॥

নিষ্পাপ কৃষ্ণ! আর সেই হস্তী সমস্ত শস্ত্রাঘাত এবং অগ্নিস্পর্শও সহ্য করিতে পারে। সুতরাং সেই এক হস্তীই আজ সমগ্র পাণ্ডবসৈন্য বিনাশ করিবে ॥৬॥

(৪)···প্রথমো বা দ্বিতীয়ো বা···পি বা ব রা।

ন চাবাভ্যামৃতেঽন্যোঽস্তি শক্তস্তং প্রতিবাধিতুম্।
ত্বরমাণস্ততো যাহি যতঃ প্রাগ্‌জ্যোতিষাধিপঃ ॥৭॥
দৃপ্তং সংখ্যে দ্বিপবলাদ্বয়সা চাপি বিস্মিতম্।
অদ্যৈনং প্রেষয়িষ্যামি বলহন্তুঃ প্রিয়াতিথিম্ ॥৮॥
বচনাদথ কৃষ্ণস্তু প্রযযৌ সব্যসাচিনঃ।
দীর্য্যতে ভগদত্তেন যত্র পাণ্ডববাহিনী ॥৯॥
তং প্রয়ান্তং ততঃ পশ্চাদাহ্বয়ন্তো মহারথাঃ।
সংশপ্তকাঃ সমারোহন্ সহস্রাণি চতুর্দ্দশ ॥১০॥
দশৈব তু সহস্রাণি ত্রিগর্ত্তানাং মহারথাঃ।
চত্বারি চ সহস্রাণি বাসুদেবস্য চানুগাঃ ॥১১॥
দীর্য্যমাণাং চমূং দৃষ্ট্বা ভগদত্তেন মারিষ!।
আহূয়মাণস্য চ তৈরভবদ্‌হৃদয়ং দ্বিধা ॥১২॥

নেতি। আবাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্, ঋতে বিনা। ততস্তত্র, যতো যত্র ॥৭॥
দৃপ্তমিতি। বিশিষ্টং স্মিতমহঙ্কারো যস্য তম্, বহুযুদ্ধজয়াৎ। বলহন্তুরিন্দ্রস্য ॥৮॥
বচনাদিতি। সব্যসাচিনঃ অর্জ্জুনস্য বচনাদিতি সম্বন্ধঃ ॥৯॥
তমিতি। সমারোহন্ হস্ত্যশ্বরথানিতি শেষঃ ॥১০॥
দশেতি। বাসুদেবস্য চানুগা নারায়ণাখ্যা অনুচরাঃ, সমারোহন্নিত্যনুবৃত্তিঃ ॥১১॥

আমরা দুই জন ব্যতীত অন্য কোন লোকই ভগদত্তকে নিবারণ করিতে সমর্থ হইবে না। অতএব কৃষ্ণ! ভগদত্ত যেখানে আছেন, তুমি সত্বর সেইখানে যাও ॥৭॥

হস্তীর গুণে যুদ্ধে দর্পিত এবং বয়সের গুণেও গর্বিত এই ভগদত্তকে আজ আমি ইন্দ্রের প্রিয় অতিথি করিয়া পাঠাইব ॥৮॥

তাহার পর ভগদত্ত যেখানে পাণ্ডবসৈন্য বিদারণ করিতেছিলেন, অর্জ্জুনের বাক্য অনুসারে কৃষ্ণ সেইখানে চলিলেন ॥৯॥

তিনি চলিলে, চতুর্দ্দশ সহস্র সংশপ্তক মহারথ পিছনের দিক্ হইতে অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিতে থাকিয়া আপন আপন বাহনে আরোহণ করিলেন ॥১০॥

আর দশ সহস্র ত্রিগর্ত্তদেশীয় মহারথ এবং চারি সহস্র নারায়ণসৈন্যও স্ব স্ব বাহনে আরোহণ করিলেন ॥১১॥

(৭)…প্রতিবারিতুম্ পি। (৮) শক্রং সংখ্যে দ্বিপবলাৎ…ব। (১২) দার্য্যমাণাম্…পি বা ব।

কিন্নু শ্রেয়স্করং কর্ম্ম ভবেদন্যেতি চিন্তয়ে।
ইহ বা বিনিবর্ত্তেয়ং গচ্ছেয়ং বা যুধিষ্ঠিরম্ ॥১৩॥
তস্য বুদ্ধ্যা বিচার্য্যৈবমর্জ্জুনস্য কুরূদ্বহ ! ।
অভবদ্‌ভূয়সী বুদ্ধিঃ সংশপ্তকবধে স্থিরা ॥১৪॥
স সন্নিবৃত্তঃ সহসা কপিপ্রবরকেতনঃ।
একো রথসহস্রাণি নিহন্তুং বাসবী রণে ॥১৫॥
সা হি দুর্য্যোধনস্যাসীন্মতিঃ কর্ণস্য চোভয়োঃ।
অর্জ্জুনস্য বধোপায়ে যা বৈ দ্বৈধমকল্পয়ৎ ॥১৬॥
স তু দোলায়মানোঽভূদ্দ্বৈধীভাবেন পাণ্ডবঃ।
বধেন তু রথাগ্র্যাণামকরোত্তাং মৃষা তদা ॥১৭॥

দীন্যেতি। হৃদয়মর্জ্জুনস্য, দ্বিধা সংশপ্তকান্ ভগদত্তং বা গচ্ছামীতি দ্বিবিধয়কম্ ॥১২॥
তদেবাহ কিমিতি। ইহ সংশপ্তকযুদ্ধে। ভগদত্তাদ্‌যুধিষ্ঠিরং রক্ষিতুমিত্যর্থঃ ॥১৩॥
তস্যেতি। এবং বিচার্য্য, স্থিতস্যেত্যধ্যাহারান্নৈককর্ত্তৃকত্বহানিঃ। স্থিরা সংশপ্তকৈরাহূতত্বাৎ "আহূতো ন নিবর্ত্তেয়ম্" ইতি পূর্ব্বপ্রতিজ্ঞাবশাদিতি ভাবঃ ॥১৪॥
স ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। রেফপরত্বাদ্দীর্ঘঃ ॥১৫॥
সেতি। সা তাদৃশী। দ্বৈধমর্জ্জুনমনসঃ। তৎ কৌশলঞ্চ তয়োরেবেত্যাশয়ঃ ॥১৬॥
স ইতি। বধেন বশস্থিরীকরণেন, রথাগ্র্যাণাং সংশপ্তকানাম্, তাং তয়োর্মতিম্ ॥১৭॥

মাননীয় রাজা! ভগদত্ত পাণ্ডবসৈন্য বিদারণ করিতেছেন দেখিয়া এবং সংশপ্তকপ্রভৃতিরা যুদ্ধে আহ্বান করিতেছেন বলিয়া অর্জ্জুনের মন সংশয়াপন্ন হইল ॥১২॥

'আমার পক্ষে এখন কোন কার্য্য মঙ্গলকর হইবে ইহাই চিন্তা করিতেছি; আমি এখন কি সংশপ্তকযুদ্ধে ফিরিব, না—যুধিষ্ঠিরের দিকে যাইব' ॥১৩॥

কৌরবশ্রেষ্ঠ! মনে মনে এইরূপ বিবেচনা করিবার পরে, সংশপ্তকবধ-বিষয়েই অর্জুনের বুদ্ধি অধিক পরিমাণে স্থির হইল ॥১৪॥

তখন কপিধ্বজ এক অর্জুনই যুদ্ধে সহস্র সহস্র রথীকে বধ করিবার জন্য তৎক্ষণাৎ ফিরিলেন ॥১৫॥

অর্জুনকে বধ করিবার উপায়াবিষ্কারবিষয়ে দুর্য্যোধন ও কর্ণ এই দুই জনই সেইরূপ বুদ্ধি (কৌশল) করিয়াছিলেন, যাহাতে অর্জুনের উক্তরূপ দ্বৈধীভাব হইয়াছিল ॥১৬॥

(১৩) অন্যেতি চিন্তয়ন্···বা, অন্যেতি চিন্তয়া···ব,···অন্যেত্যচিন্তয়ৎ···নি। (১৭) তস্য সংবর্ত্তয়ামাস দ্বৈধীভাবেন··· পি বা ব রা,···নরাগ্র্যাণাম্···পি।

ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
অসৃজন্নর্জ্জুনে রাজন্! সংশপ্তকমহারথাঃ ॥১৮॥
নৈব কুন্তীসুতঃ পার্থো নৈব কৃষ্ণো জনার্দ্দনঃ।
ন হয়া ন রথো রাজন্! দৃশ্যন্তে স্ম শরৈশ্চিতাঃ ॥১৯॥
যদা মোহমনুপ্রাপ্তঃ সস্বেদশ্চ জনার্দ্দনঃ।
ততস্তান্ প্রায়শঃ পার্থো ব্রহ্মাস্ত্রেণ নিজঘ্নিবান্ ॥২০॥
শতশঃ পাণয়শ্ছিন্নাঃ সেষুজ্যাতলকার্ম্মুকাঃ।
কেতবো বাজিনঃ সূতা রথিনশ্চাপতন্ ক্ষিতৌ ॥২১॥
দ্রুমাচলাগ্রাম্বুধরৈঃ সমকায়াঃ সুকল্পিতাঃ।
হতারোহাঃ ক্ষিতৌ পেতুর্দ্বিপাঃ পার্থশরাহতাঃ ॥২২॥

তত ইতি। নতপর্ব্বণামীষদ্বক্রোপাঙ্গানাম্ ॥১৮॥

নেতি। পার্থোঽর্জ্জুনঃ। চিতা ব্যাপ্তাঃ ॥১৯॥

যদেতি। সস্বেদো ঘর্ম্মাক্তদেহঃ। প্রায়শো বহুলান্ ॥২০॥

উক্তনিহননমেব বিবৃণোতি ষড়্ভিঃ। শতশ ইতি। পাণয়ো হস্তাঃ, ইষুভির্বাণৈঃ জ্যাভির্গুণৈঃ তলৈর্হস্তাবরণৈঃ কার্ম্মুকৈশ্চ সহেতি তে ॥২১॥

দ্রুমেতি। দ্রুমাণাং বৃক্ষাণাম্ অচলানাং পর্ব্বতানাঞ্চ অগ্রেষু যে অম্বুধরা মেঘাস্তৈঃ। আকাশবর্ত্তিনামম্বুধরাণামাকৃতিপরিমাণস্য কর্ত্তুমশক্যতয়া তৎসমকায়ত্বং দুর্ব্বোধমিতি দ্রুমাচলাগ্রেত্যুক্তম্। সুকল্পিতাঃ সুসজ্জিতাঃ। দ্বিপাঃ সংশপ্তকগজাঃ ॥২২॥

কেম না, অর্জুন উক্তরূপ দ্বৈধীভাববশতই প্রথমে দোলায়মান হইয়াছিলেন; কিন্তু পরে তিনি সংশপ্তকরথিশ্রেষ্ঠদিগকে বধ করা স্থির করায় তাহাদের সে বুদ্ধিটাকে নিষ্ফল করিয়া দিয়াছিলেন ॥১৭॥

রাজা! তাহার পর সংশপ্তক মহারথেরা অর্জুনের উপরে শতসহস্র নতপর্ব বাণ নিক্ষেপ করিলেন ॥১৮॥

রাজা! তখন বাণে ব্যাপ্ত হইয়া যাওয়ায় কুন্তীনন্দন অর্জুন, জনার্দ্দন কৃষ্ণ, তাহাদের অশ্বগণ বা রথ ইহার কিছুই দেখা গেল না ॥১৯॥

যখন কৃষ্ণ প্রায় মোহপ্রাপ্ত ও ঘর্ম্মাক্ত হইয়া পড়িলেন, তখন অর্জুন ব্রহ্মাস্ত্রদ্বারা প্রায় সংশপ্তকদিগকে বধ করিলেন ॥২০॥

বাণ, গুণ, হস্তাবরণ ও ধনুর সহিত শত শত হস্ত, ধ্বজ, অশ্ব, সারথি ও রথীরা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥২১॥

আরোহীরা নিহত হইলে, বৃক্ষ ও পর্ব্বতের অগ্রবর্ত্তী মেঘের ন্যায় বিশাল-

(২০)…বজ্রাস্ত্রেণ নিজঘ্নিবান্—পি। (২২)… সমরূপাঃ…পি ব।

বিপ্রবিদ্ধকুথাবন্ধাশ্ছিন্নভাণ্ডাঃ পরাসবঃ।
সারোহাস্তুরগাঃ পেতুর্মথিতাঃ পার্থমার্গণৈঃ ॥২৩॥
সর্ষ্টিপ্রাসাসিনখরাঃ সমুদ্গরপরশ্বধাঃ।
বিচ্ছিন্না বাহবঃ পেতুর্নৃণাং ভল্লৈঃ কিরীটিনা ॥২৪॥
বালাদিত্যাম্বুজেন্দূনাং তুল্যরূপাণি মারিষ!।
সংছিন্নান্যর্জ্জুনশরৈঃ শিরাংস্যুর্ব্বীং প্রপেদিরে ॥২৫॥
জজ্বালালঙ্কৃতা সেনা পত্রিভিঃ প্রাণিভোজনৈঃ।
নানারূপৈস্তদাঽমিত্রান্ ক্রুদ্ধে নিঘ্নতি ফাল্গুনে ॥২৬॥
ক্ষোভয়ন্তং তদা সেনাং দ্বিরদং নলিনীমিব।
ধনঞ্জয়ং ভূতগণাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥২৭॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধাশ্ছিন্না পাতিতাঃ কুথাবন্ধাঃ পৃষ্ঠাস্তরণানি যেষাং তে, ছিন্নানি ভাণ্ডানি ভূষণানি যেষাং তে, পরাসবো মৃতাঃ ॥২৩॥

সর্ষ্টীতি। ঋষ্টিপ্রভৃতীনি তদানীন্তনাস্ত্রাণি ॥২৪॥

বালেতি। বালাদিত্যো নবোদিতসূর্য্যঃ অম্বুজং পদ্মম্ ইন্দুশ্চন্দ্রশ্চ তেষাম্ ॥২৫॥

জজ্বালেতি। পত্রিভিরগ্নিময়ৈর্বাণৈঃ। অমিত্রান্ শত্রূন্। ফাল্গুনে অর্জ্জুনে ॥২৬॥

ক্ষোভেতি। তদা ভূতগণা আকাশস্থদেবাদিপ্রাণিসমূহাঃ, নলিনীং পদ্মসরসীম্, ক্ষোভয়ন্তমালোড়য়ন্তম্, দ্বিরদং গজমিব, সেনাং ক্ষোভয়ন্তং ধনঞ্জয়ম্, সাধু সাধু ইতি অপূজয়ন প্রাশংসন্ ॥২৭॥

শরীর ও সুসজ্জিত হস্তী সকল অর্জুনের বাণে আহত হইয়া ভূতলগত হইতে লাগিল ॥২২॥

অর্জুনের বাণে পৃষ্ঠের আস্তরণ নিপতিত এবং অলঙ্কার ছিন্ন হইয়া গেলে, মৃত ও মথিত অশ্বগণ আরোহীদের সহিত পড়িতে থাকিল ॥২৩॥

ঋষ্টি, প্রাস, অসি, নখর, মুদ্গর ও পরশুর সহিত পদাতিগণের বাহু সকল অর্জুনের বাণে ছিন্ন হইয়া পতিত হইতে লাগিল ॥২৪॥

মাননীয় রাজা! নবোদিত সূর্য্য, পদ্ম ও চন্দ্রের তুল্য মুখ সকল অর্জুনের বাণে ছিন্ন হইয়া ভূতলগত হইতে থাকিল ॥২৫॥

ক্রুদ্ধ অর্জুন তখন প্রাণিগণের প্রাণনাশক, নানারূপ অগ্নিময় বাণদ্বারা শত্রুগণকে সংহার করিতে লাগিলে, অলঙ্কৃত সৈন্যেরা জ্বলিতে লাগিল ॥২৬॥

হস্তী যেমন পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ অর্জুন তখন সংশপ্তক-

---

(২৩) বিপ্রবিদ্ধমুখা নাগাঃ···সারোহাস্তু রণে পেতুঃ···বা নি। (২৬) জজ্বালালঙ্কৃতৈঃ···ব।

দৃষ্ট্বা তৎ কর্ম্ম পার্থস্য বাসবস্যেব মাধবঃ।
বিস্ময়ং পরমং গত্বা প্রাঞ্জলিস্তমুবাচ হ ॥২৮॥
কর্ম্মৈতৎ পার্থ! শক্রেণ যমেন ধনদেন চ।
দুষ্করং সমরে যত্তে কৃতমদ্যেতি মে মতিঃ ॥২৯॥
যুগপচ্চৈব সংগ্রামে শতশোঽথ সহস্রশঃ।
পতিতা এব মে দৃষ্টাঃ সংশপ্তকমহারথাঃ ॥৩০॥
ততঃ সংশপ্তকান্ হত্বা ভূয়িষ্ঠং যে ব্যবস্থিতাঃ।
ভগদত্তায় যাহীতি কৃষ্ণং পার্থোঽভ্যচোদয়ৎ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
সংশপ্তকবধে সংশপ্তকবিনাশে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—————০ஃ০—————

দৃষ্ট্বেতি। বাসবস্য ইন্দ্রস্য, মাধবঃ কৃষ্ণঃ। তং পার্থম্ ॥২৮॥

কর্ম্মেতি। ধনদেন কুবেরেণ। তে ত্বয়া ॥২৯॥

যুগপদিতি। পতিতা ব্রহ্মাস্ত্রপ্রভাবাৎ, মে ময়া ॥৩০॥

তত ইতি। ভূয়িষ্ঠং যথা স্যাত্তথা। অভ্যচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥

————(ஃ)————

সৈন্য আলোড়ন করিতে লাগিলে, তত্রত্য প্রাণীরা সকলে 'সাধু সাধু' বলিয়া তাহাকে প্রশংসা করিতে লাগিল ॥২৭॥

কৃষ্ণ তখন ইন্দ্রের ন্যায় অর্জ্জুনের সেই কার্য্য দেখিয়া অত্যন্তবিস্ময়াপন্ন হইয়া কৃতাঞ্জলিপুটে তাঁহাকে বলিলেন—॥২৮॥

'অর্জুন! তুমি আজ যুদ্ধে যে কার্য্য করিলে, এ কার্য্য করা ইন্দ্র, যম ও কুবেরের পক্ষেও দুষ্কর ইহাই আমার ধারণা ॥২৯॥

শত শত ও সহস্র সহস্র সংশপ্তকমহারথ একদাই যুদ্ধে নিপতিত হইয়াছেন, আমি দেখিয়াছি' ॥৩০॥

যে সংশপ্তকেরা যুদ্ধের জন্য অবস্থান করিতেছিল, তাহাদের অধিক-সংখ্যককেই বধ করিয়া অর্জুন কৃষ্ণকে বলিলেন—'এখন ভগদত্তের দিকে যাও' ॥৩১॥

————ஃ০ஃ————

(৩১) সংশপ্তকাংস্ততো হত্বা ভূয়িষ্ঠাঃ…পার্থোঽভ্যনোদয়ৎ—বা নি। * '…ষড়্-বিংশোঽধ্যায়ঃ' ব, '…সপ্তবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

ষড়্বিংশোঽধ্যায়ঃ ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ ।

যিযাসতস্ততঃ কৃষ্ণঃ পার্থস্যাশ্বান্ মহাজবান্ ।
সংপ্রৈষীদ্ধেমসংছন্নান্ দ্রোণানীকায় পাণ্ডরান্ ॥১॥
তং প্রয়ান্তং কুরুশ্রেষ্ঠং স্বাংস্ত্রাতুং দ্রোণতাপিতান্ ।
সুশর্ম্মা ভ্রাতৃভিঃ সার্দ্ধং যুদ্ধার্থী পৃষ্ঠতোঽন্বয়াৎ ॥২॥
ততঃ শ্বেতহয়ঃ কৃষ্ণমব্রবীদজিতঞ্জয়ঃ ।
এষ মাং ভ্রাতৃভিঃ সার্দ্ধং সুশর্ম্মাহ্বয়তেঽচ্যুত ! ॥৩॥
দীর্য্যতে চোত্তরেণৈতৎ সৈন্যং নঃ শত্রুসূদন ! ।
দ্বৈধীভূতং মনো মেঽদ্য কৃতং সংশপ্তকৈরিদম্ ॥৪॥
কিং নু সংশপ্তকান্ হন্মি স্বান্ রক্ষাম্যহিতার্দ্দিতান্ ।
ইতি মে ত্বং মতং বেত্থ তত্র কিং সুকৃতং ভবেৎ ॥৫॥

যিযেতি। যিযাসতো ভগদত্তং প্রতি যাতুমিচ্ছতঃ। হেমসংছন্নান্ স্বর্ণালঙ্কারাবৃতান্ ॥১॥
তমিতি। স্বান্ পক্ষীযযোধান্। অন্বযাৎ অগচ্ছৎ ॥২॥
তত ইতি। শ্বেতহযোঽর্জ্জুনঃ। দেবৈরপ্যজিতান্ নিবাতকবচাদীন্ জযতীতি সঃ ॥৩॥
দীর্য্যত ইতি। দীর্য্যতে ভগদত্তেন দ্রোণেন চেতি শেষঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর অর্জুন ভগদত্তের দিকে যাইবার ইচ্ছা করিলে, কৃষ্ণ মহাবেগশালী, স্বর্ণালঙ্কারে আবৃত ও শ্বেতবর্ণ অশ্বগুলিকে সেই দিকে চালাইয়া দিলেন ॥১॥

কৌরবশ্রেষ্ঠ অর্জুন দ্রোণপীড়িত স্বপক্ষীয় যোদ্ধাদিগকে রক্ষা করিবার জন্য প্রস্থান করিলে, যুদ্ধার্থী সুশর্ম্মা ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তাঁহার পিছনে পিছনে চলিলেন ॥২॥

তখন অজিতবিজয়ী অর্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! ভ্রাতাদের সহিত এই সুশর্ম্মা আমাকে যুদ্ধে আহ্বান করিতেছেন ॥৩॥

অথ চ শত্রুদমন! উত্তরদিকে আমাদের এই সৈন্য বিচ্ছিন্ন হইতেছে। সুতরাং সংশপ্তকেরা আজ আমার মনটাকে দ্বৈধীভাবাপন্ন করিল ॥৪॥

(১)··মনোজবান্···বা ব রা নি, দ্রোণানীকায় সত্বরান্—বা, দ্রোণানীকায় সংত্বরন্—নি। (২)···স্বান্ ভ্রাতৄন্···পি বা ব রা। (৪) দীর্য্যতে চোত্তরেণৈব তৎ সৈন্যং মধুসূদন!···বা ব রা নি।

এবমুক্তস্তু দাশার্হঃ স্যন্দনং প্রত্যবর্ত্তয়ৎ।
যেন ত্রিগর্ত্তাধিপতিঃ পাণ্ডবং সমুপাহ্বয়ৎ ॥৬॥
ততোঽর্জ্জুনঃ সুশর্ম্মাণং বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
ধ্বজং ধনুশ্চাস্য তথা ক্ষুরাভ্যাং সমকৃন্তত ॥৭॥
ত্রিগর্ত্তাধিপতেশ্চাপি ভ্রাতরং ষড়্ভিরাশুগৈঃ।
সাশ্বং সসূতং ত্বরিতঃ পার্থঃ প্রৈষীদ্যমক্ষয়ম্ ॥৮॥
ততো ভুজগসঙ্কাশাং সুশর্ম্মা শক্তিমায়সীম্।
চিক্ষেপার্জ্জুনমুদ্দিশ্য বাসুদেবায় তোমরম্ ॥৯॥
শক্তিং ত্রিভিঃ শরৈশ্ছিত্ত্বা তোমরং ত্রিভিরর্জ্জুনঃ।
সুশর্ম্মাণং শরব্রাতৈর্ম্মোহয়িত্বা ন্যবর্ত্তয়ৎ ॥১০॥

কিমিতি। অহিতাদিতান্ শক্রপীড়িতান্। মতং সংশয়মিত্যর্থং, বেথ জানাসি ॥৫॥
এবমিতি। দাশার্হবংশীয়ঃ কৃষ্ণং, স্যন্দনং রথম্। কাভৌণৈবোক্তবং দত্তম্ ॥৬॥
তত ইতি। আশুগৈর্বাণৈঃ। ক্ষুরাভ্যাং তদ্বং প্রধারাভ্যাং বাণাভ্যাম্ ॥৭॥
ত্রিগর্ত্তেতি। যমক্ষয়ং যমালয়ম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৮॥
তত ইতি। ভুজগসঙ্কাশাং সর্পতুল্যদীর্ঘাম্। আয়সীং লৌহময়ীম্ ॥৯॥
শক্তিমিতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, মোহয়িত্বা সর্বদিগাবরণেন ॥১০॥

আমি এখন কি সংশপ্তক সংহার করি? না—শক্রপীড়িত স্বপক্ষরক্ষা করি? এইরূপ আমার সংশয়িতাবস্থা তুমি জান। সুতরাং এখন কি করিলে ভাল করা হয়, তাহা বল' ॥৫॥

অর্জুন এইরূপ বলিলে, সুশর্ম্মা যে দিকে থাকিয়া অর্জুনকে আহ্বান করিয়াছিলেন, কৃষ্ণ সেই দিকে রথ ফিরাইলেন ॥৬॥

তাহার পর অর্জুন সাতটা বাণদ্বারা সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া দুইটা ক্ষুরপ্রদ্বারা তাঁহার ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন ॥৭॥

এবং তিনি ত্বরান্বিত হইয়া ছয়টা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত সুশর্ম্মার ভ্রাতাকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৮॥

তদনন্তর সুশর্ম্মা অর্জুনের উপরে একটা সর্পতুল্য দীর্ঘ ও লৌহময়ী শক্তি এবং কৃষ্ণের উপরে একটা তোমর নিক্ষেপ করিলেন ॥৯॥

তখন অর্জুন তিনটা বাণে শক্তিটাকে এবং তিনটা বাণে তোমরটাকে ছেদনপূর্ব্বক বাণসমূহদ্বারা সুশর্ম্মাকে মোহিত করিয়া প্রতিনিবৃত্ত করিলেন ॥১০॥

(৯)···চিক্ষেপার্জ্জুনমাদেশ্য···বা ব নি।

তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্ ।
রাজংস্তাবকসৈন্যানাং নোগ্রং কশ্চিদবারয়ৎ ॥১১॥
ততো ধনঞ্জয়ো বাণৈঃ সর্বানেব মহারথান্ ।
আয়াদ্বিনিঘ্নন্ কৌরব্যান্ দহন্ কক্ষমিবানলঃ ॥১২॥
তস্য বেগমসহ্যং তং কুন্তীপুত্রস্য ধীমতঃ ।
নাশক্নুবংস্তে সংসোঢ়ুং স্পর্শমগ্নেরিব প্রজাঃ ॥১৩॥
সংবেষ্টয়ন্ননীকানি শরবর্ষেণ পাণ্ডবঃ ।
সুপর্ণ ইব নাগেন্দ্রং প্রায়াৎ প্রাগ্জ্যোতিষং প্রতি ॥১৪॥
যত্তদানাময়জ্জিষ্ণুর্ভরতানামপাপিনাম্ ।
ধনুঃ ক্ষেমকরং সংখ্যে দ্বিষতামশ্রুবর্দ্ধনম্ ॥১৫॥
তদেব তব পুত্রস্য রাজন্ ! দুর্দ্যূতদেবিনঃ ।
কৃতে ক্ষত্রবিনাশায় ধনুরায়চ্ছদর্জ্জুনঃ ॥১৬॥ (যুগ্মকম্)

তমিতি। বাসবমিন্দ্রম্, ভূরিবর্ষং প্রচুরবারিবর্ষিণম্, শরৌঘিণমর্জ্জুনম্ ॥১১॥
তত ইতি। আয়াদ্ভগদত্তবলং প্রত্যাগচ্ছৎ। কক্ষং তৃণরাশিম্ ॥১২॥
তস্যেতি। প্রজাঃ কৌরবপক্ষীয়া জনাঃ "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যমরঃ ॥১৩॥
সমিতি। সুপর্ণো গরুড়ঃ, নাগেন্দ্রং সর্পশ্রেষ্ঠম্ ॥১৪॥
যদিতি। তদা রাজসূয়াৎ পূর্বম্, জিষ্ণুরর্জ্জুনঃ। আয়চ্ছদ্বিস্তৃতবান্ ॥১৫—১৬॥

রাজা! ক্রমে প্রচুরবারিবর্ষণকারী ইন্দ্রের ন্যায় বাণসমূহবর্ষণকারী ও উগ্রমূর্ত্তি অর্জ্জুন আসিতে লাগিলে, আপনার পক্ষের কেহই তাঁহাকে বারণ করিতে পারিল না ॥১১॥

তাহার পর অর্জ্জুন বাণদ্বারা কৌরবপক্ষীয় সমস্ত মহারথকে তাড়ন করতঃ তৃণদহনকারী অগ্নির ন্যায় আসিতে লাগিলেন ॥১২॥

তখন মানুষ যেমন অগ্নির স্পর্শ সহ্য করিতে পারে না, সেইরূপ সেই কৌরবযোদ্ধারা বুদ্ধিমান্ অর্জ্জুনের সেই অসহ্য বেগ সহ্য করিতে পারিলেন না ॥১৩॥

পরে গরুড় যেমন বৃহৎ সর্পের প্রতি ধাবিত হন, সেইরূপ অর্জ্জুন বাণবর্ষণদ্বারা কৌরবসৈন্য বেষ্টন করিয়া ভগদত্তের প্রতি ধাবিত হইলেন ॥১৪॥

ক্রমে বিজয়ী অর্জ্জুন পুণ্যবান্ ভরতবংশীয়গণের মঙ্গলজনক এবং যুদ্ধে শত্রুপক্ষের অশ্রুবর্দ্ধক যে ধনু তখন (রাজসূয়যজ্ঞের পূর্ব্বে) একবার অবনত করিয়াছিলেন, দুষ্টদ্যূতক্রীড়াকারী আপনার পুত্রের দোষে ক্ষত্রিয়বিনাশের জন্য সেই ধনুখানাকেই আবার সেই সময়ে বিস্তৃত করিলেন ॥১৫—১৬॥

তথা বিক্ষোভ্যমাণা সা পার্থেন তব বাহিনী।
ব্যশীর্য্যত মহারাজ! নৌরিবাসাদ্য পর্ব্বতম্ ॥১৭॥
ততো দশ সহস্রাণি ন্যবর্ত্তন্ত ধনুষ্মতাম্।
মতিং কৃত্বা রণে ক্রূরাং বীরা জয়পরাজয়ে ॥১৮॥
ব্যপেতহৃদয়ত্রাসা আবব্রুস্তং মহারথাঃ।
আর্চ্ছৎ পার্থো গুরুং ভারং সর্বভারসহো যুধি ॥১৯॥
যথা নলবনং ক্রুদ্ধঃ প্রভিন্নঃ ষষ্টিহায়নঃ।
মৃদ্নীয়াত্তদ্বদায়স্তঃ পার্থোঽমৃদ্নাচ্চমূং তব ॥২০॥
তস্মিন্ প্রমথিতে সৈন্যে ভগদত্তো নরাধিপঃ।
তেন নাগেন সহসা ধনঞ্জয়মুপাদ্রবৎ ॥২১॥
তং রথেন নরব্যাঘ্রঃ প্রত্যগৃহ্ণাদ্ধনঞ্জয়ঃ।
স সন্নিপাতস্তুমুলো বভূব রথনাগয়োঃ ॥২২॥

তথেতি। পর্ব্বতমাসাদ্য পর্ব্বতে সংঘর্ষং প্রাপ্য ॥১৭॥
তত ইতি। ধনুষ্মতাং ধনুর্দ্ধরাণাম্। ক্রূরাং দৃঢ়াম্ ॥১৮॥
ব্যপেতেতি। ব্যপেতহৃদয়ত্রাসা নির্ভয়াঃ। আর্চ্ছৎ অগৃহ্ণাৎ ॥১৯॥
যথেতি। প্রভিন্নো মদস্রাবী, ষষ্টিহায়নস্তদৈব তস্য যৌবনাৎ। আয়স্তো যত্নবান্ ॥২০॥
তস্মিন্নিতি। তেন স্বকীয়েন, নাগেন হস্তিনা ॥২১॥
তমিতি। সন্নিপাতঃ সংঘর্ষো যুদ্ধমিতি যাবৎ ॥২২॥

মহারাজ! অর্জ্জুন সেইভাবে আপনার সৈন্য আলোড়ন করিতে লাগিলে, পর্ব্বতসংঘর্ষে নৌকার ন্যায় তাহা ক্রমশঃ বিশীর্ণ হইতে লাগিল ॥১৭॥

তাহার পর বীর দশ হাজার ধনুর্দ্ধর যুদ্ধে জয়-পরাজয়বিষয়ে দৃঢ় বুদ্ধি করিয়া প্রতিনিবৃত্ত হইলেন ॥১৮॥

সেই মহারথেরা নির্ভয়চিত্তে অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন। তখন সমস্ত-ভারসহিষ্ণু অর্জ্জুনও যুদ্ধে সেই গুরুতর ভার গ্রহণ করিলেন ॥১৯॥

ক্রমে মদস্রাবী, ষষ্টিবর্ষবয়স্ক ও ক্রুদ্ধ হস্তী যেমন নলবন মর্দ্দন করে, সেইরূপ অর্জ্জুন সযত্নে আপনার সৈন্য মর্দ্দন করিতে লাগিলেন ॥২০॥

অর্জ্জুন সেই সৈন্য আলোড়ন করিতে লাগিলে, ভগদত্তরাজা নিজের সেই হস্তীতে আরোহণ করিয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২১॥

পরে রথারোহী নরশ্রেষ্ঠ অর্জ্জুন তাঁহাকে গ্রহণ করিলেন। তখন রথ ও হস্তীর তুমুল সংঘর্ষ হইতে লাগিল ॥২২॥

(১৯) ব্যপেতহৃদয়ত্রাস আপদ্ধর্ম্মাতিগো রথঃ·· পি ব। (২২)·· বভূব নরনাগয়োঃ— নি।

কল্পিতাভ্যাং যথাশাস্ত্রং রথেন চ গজেন চ।
সংগ্রামে চেরতুর্বীরৌ ভগদত্তধনঞ্জয়ৌ ॥২৩॥
ততো জীমূতসঙ্কাশান্নাগাদিন্দ্র ইব প্রভুঃ।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ ভগদত্তো ধনঞ্জয়ম্ ॥২৪॥
স চাপি শরবর্ষং তচ্ছরবর্ষেণ বাসবিঃ।
অপ্রাপ্তমেব চিচ্ছেদ ভগদত্তস্য বীর্য্যবান্ ॥২৫॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা শরবর্ষে নিবারিতে।
সংরক্তনয়নো রোষাৎ পার্থং পুনরবাকিরৎ ॥২৬॥
স তথা শরবর্ষেণ পার্থং সমভিহত্য বৈ।
চোদয়ামাস তং নাগং বধায়াচ্যুতপার্থয়োঃ ॥২৭॥
তমাপতন্তং দ্বিরদং দৃষ্ট্বা ক্রুদ্ধমিবান্তকম্।
চক্রেঽপসব্যং ত্বরিতঃ স্যন্দনেন জনার্দ্দনঃ ॥২৮॥

কল্পিতাভ্যামিতি। কল্পিতাভ্যাং সজ্জিতাভ্যাম্। অত্রাসত্তিক্রমেণান্বয়ঃ ॥২৩॥
তত ইতি। জীমূতসঙ্কাশান্মেঘতুল্যাৎ, নাগাদ্‌গজাৎ, প্রভুঃ রাজা ॥২৪॥
স ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। অপ্রাপ্তমনাগতমেব ॥২৫॥
তত ইতি। নিবারিতে পার্থেন। অবাকিরৎ শরবর্ষৈরাবৃণোৎ ॥২৬॥
স ইতি। চোদয়ামাস প্রেরয়ামাস, নাগং হস্তিনম্ ॥২৭॥
তমিতি। দ্বিরদং হস্তিনম্। অপসব্যং বামবর্ত্তিনম্, স্যন্দনেন রথেন ॥২৮॥

ক্রমে বীর ভগদত্ত ও অর্জুন শাস্ত্র অনুসারে সজ্জিত হস্তী ও রথে সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিলেন ॥২৩॥

তাহার পর ইন্দ্রের ন্যায় ভগদত্তরাজা মেঘতুল্য সেই হস্তীর পৃষ্ঠ হইতেই অর্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৪॥

ভগদত্তের সেই বাণসমূহ না আসিতেই, বলবান্ অর্জুন বাণবর্ষণ করিয়া সেগুলিকে ছেদন করিলেন ॥২৫॥

অর্জুন বাণবর্ষণ নিবারণ করিলে, ভগদত্তরাজা ক্রোধে আরক্তনয়ন হইয়া পুনরায় বাণবর্ষণ করিয়া অর্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৬॥

ক্রমে ভগদত্ত বাণবর্ষণদ্বারা সেইভাবে অর্জুনকে তাড়ন করিয়া কৃষ্ণ ও অর্জুনকে বধ করিবার জন্য সেই হাতীটাকে চালাইয়া দিলেন ॥২৭॥

---

(২৬) ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা শরবর্ষং নিবার্য্য তৎ। শরৈর্জ্ঘ্নে মহাবাহুঃ পার্থং কৃষ্ণঞ্চ মারিষ! ॥—পি বা ব। (২৭) ততঃ স শরজালেন মহতাভ্যবকীর্য্য তৌ··· পি বা ব।

তং প্রাপ্তমপি নেয়েষ পরাবৃত্তং মহাদ্বিপম্।
সারোহং মৃত্যুসাৎ কর্ত্তুং স্মরন্ ধর্ম্মং ধনঞ্জয়ঃ ॥২৯॥

সুভদ্রায়াঞ্চ সম্ভূতো নৈবং বক্তুমিহার্হতি ॥৫১॥
বজ্রসারময়ং নূনং হৃদয়ং সুদৃঢ়ং মম।
অপশ্যতো দীর্ঘবাহুং রক্তাক্ষং যন্ন দীর্য্যতে ॥৫২॥
কথং বালে মহেষ্বাসা নৃশংসা মর্ম্মভেদিনঃ।
স্বস্রীয়ে বাসুদেবস্য মম পুত্রেঽক্ষিপন্ শরান্ ॥৫৩॥
যো মাং নিত্যমদীনাত্মা প্রত্যুদ্গম্যাভিনন্দতি।
উপায়াস্তং রিপূন্ হত্বা সোঽদ্য মাং কিং ন পশ্যতি ॥৫৪॥

ভারতকৌমুদী

পীড্যেতি। নানা বহুবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ, সুধৌতাগ্রৈঃ শিলাঘর্ষণেন পরিষ্কৃতাগ্রভাগৈঃ। অল্পা প্রহারাতিরেকেণ অল্পাবশিষ্টা চেতনা যস্য সঃ। পরিত্রাণং পরিত্রাণকর্ত্তা ॥৪৯—৫০॥

অথবেতি। ময়া প্রসূতো জনিতঃ, স্বস্রীয়ো ভাগিনেয়ঃ। ন বক্তুমর্হতি কাতর্য্যাসম্ভবাৎ ॥৫১॥

বজ্রেতি। বজ্রসারময়ং কুলিশস্যাপি কঠিনাংশঘটিতম্। দীর্ঘবাহুমভিমন্যুম্ ॥৫২॥

কথমিতি। তেষাং নির্দ্দয়ত্বং সাহসঞ্চানির্বচনীয়মেবেতি ভাবঃ ॥৫৩॥

আমি মনে করি—কর্ণ, দ্রোণ ও কৃপপ্রভৃতি যোদ্ধারা নানাবিধচিহ্নযুক্ত, পরিষ্কৃতমুখ ও তীক্ষ্ণ বাণসমূহদ্বারা পীড়ন করিতে থাকিলে আমার পুত্রের চৈতন্য অল্পমাত্রই অবশিষ্ট ছিল এবং সেই অবস্থায় সে 'এখন আমার পিতা আসিয়া আমাকে যদি রক্ষা করিতেন' এইভাবে বার বার বিলাপ করিতেছিল; সেই সময়ে নৃশংসেরা তাহাকে নিপাতিত করিয়াছে ॥৪৯—৫০॥

অথবা আমার পুত্র, কৃষ্ণের ভাগিনেয় এবং সুভদ্রার গর্ভজাত অভিমন্যু এরূপ বিলাপ করিতে পারে না ॥৫১॥

হায়! আমার হৃদয় নিশ্চয়ই বজ্রসারঘটিত বলিয়া অত্যন্তদৃঢ়। যে হেতু দীর্ঘবাহু ও রক্তনয়ন অভিমন্যুকে না দেখা অবস্থাতেও বিদীর্ণ হইতেছে না ॥৫২॥

উঃ! একে বালক, তাহাতে আবার কৃষ্ণের ভাগিনেয় এবং আমার পুত্র; এহেন অভিমন্যুর উপরে কি করিয়া মহাধনুর্দ্ধর নৃশংসেরা মর্ম্মভেদী বাণ সকল নিক্ষেপ করিল! ॥৫৩॥

(৫৪) যো মাং নিত্যমনিন্দ্যাত্মা…পি।

নূনং স পতিতঃ শেতে ধরণ্যাং রুধিরোক্ষিতঃ।
শোভয়ন্ মেদিনীং গাত্রৈরাদিত্য ইব পাতিতঃ ॥৫৫॥
সুভদ্রামনুশোচামি যা পুত্রমপলায়িনম্।
রণে বিনিহতং শ্রুত্বা শোকার্ত্তা বৈ বিনঙ্ক্ষ্যতি ॥৫৬॥
সুভদ্রা বক্ষ্যতে কিং মামভিমন্যুমপশ্যতী।
দ্রৌপদী চৈব দুঃখার্ত্তে তে চ বক্ষ্যামি কিং ন্বহম্ ॥৫৭॥
বজ্রসারময়ং নূনং হৃদয়ং যন্ন যাস্যতি।
সহস্রধা বধূং দৃষ্ট্বা রুদতীং শোককর্ষিতাম্ ॥৫৮॥
দৃপ্তানাং ধার্ত্তরাষ্ট্রাণাং সিংহনাদো ময়া শ্রুতঃ।
যুযুৎসুশ্চাপি কৃষ্ণেন শ্রুতো বীরানুপালভন্ ॥৫৯॥

ভারতকৌমুদী

য ইতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ। কিং ন পশ্যতি, যেন নাগচ্ছতীত্যাশয়ঃ ॥৫৪॥
নূনমিতি। রুধিরেণ উক্ষিতঃ সিক্তদেহঃ ॥৫৫॥
সুভদ্রামিতি। বিনঙ্ক্ষ্যতি মরণেনৈবাদর্শনং গমিষ্যতি ॥৫৬॥
সুভদ্রেতি। অপশ্যতী অপশ্যন্তী। দ্রৌপদী চৈব বক্ষ্যত ইতি সম্বন্ধঃ ॥৫৭॥
বজ্রেতি। সহস্রধা বিদীর্ণং সদিতি শেষঃ, বধূং স্নুষামুত্তরাম্ ॥৫৮॥
দৃপ্তানামিতি। যুযুৎসুর্ধার্ত্তরাষ্ট্রো বৈশ্যাপুত্রঃ, শ্রুতঃ সর্ব্বজ্ঞতয়া জ্ঞাতঃ, বীরান্ অভিমন্যু-

হায়! যে—আনন্দিত চিত্তে প্রত্যহ প্রত্যুদ্গমন করিয়া আমাকে অভিনন্দিত করিত, আজ কি সে—শত্রুসংহারের পরে সমাগত আমাকে দেখিতেছে না ॥৫৪॥

ও! নিশ্চয়ই আজ সে—নিপাতিত সূর্য্যের ন্যায় অঙ্গ সকল দ্বারা ভূমির শোভা জন্মাইতে থাকিয়া রক্তসিক্ত অবস্থায় ভূতলে পতিত হইয়া শয়ন করিয়া রহিয়াছে ॥৫৫॥

যিনি, অপলায়ী পুত্রকে যুদ্ধে নিহত শুনিয়া শোকার্ত্ত হইয়া বিনষ্ট হইবেন, আমি সেই সুভদ্রার বিষয়েই শোক করিতেছি ॥৫৬॥

সুভদ্রা ও দ্রৌপদী অভিমন্যুকে না দেখিয়া আমাকে কি বলিবেন, আমিই বা দুঃখার্ত্তা সুভদ্রা ও দ্রৌপদীকে কি বলিব ॥৫৭॥

আমার হৃদয় নিশ্চয়ই বজ্রসারঘটিত। যে হেতু শোকার্ত্তা ও রোদনপরায়ণা বধূ উত্তরাকে দেখিয়াও সহস্রধা বিদীর্ণ হইয়া যাইবে না ॥৫৮॥

(৫৭)···দ্রৌপদ্যম্বে চ দুঃখার্ত্তে·· পি,···দ্রৌপদীঞ্চৈব দুঃখার্ত্তাং কিংবা বক্ষ্যামি তামহম্—নি।

অশক্নুবন্তো বীভৎসুং বালং হত্বা মহারথাঃ ! ।
কিং নদধ্বমধর্ম্মজ্ঞাঃ ! পাণ্ডবং দৃশ্যতাং বলম্ ॥৬০॥
কিং তয়োর্বিপ্রিয়ং কৃত্বা কেশবার্জ্জুনয়োর্ম্মৃধে ।
সিংহবন্নদথ প্রীতাঃ শোককাল উপস্থিতে ॥৬১॥
আগমিষ্যতি বঃ ক্ষিপ্রং ফলং পাপস্য কর্ম্মণঃ ।
অধর্ম্মো হি কৃতস্তীব্রঃ কথং স্যাদফলশ্চিরম্ ॥৬২॥
ইতি তান্ প্রতি ভাষন্ বৈ বৈশ্যাপুত্রো মহামতিঃ ।
অপায়াচ্ছস্ত্রমুৎসৃজ্য রোষদুঃখসমন্বিতঃ ॥৬৩॥
কিমর্থং নৈবমাখ্যাতং ত্বয়া কৃষ্ণ ! রণে মম ।
অধক্ষ্যং তানহং সর্বাংস্তদা ক্রূরান্ মহারথান্ ॥৬৪॥

ভারতকৌমুদী

হস্তৃন্ দ্রোণাদীন্, উপালভন্ নিন্দন্। এতত্তু যুদ্ধাদাগত্য কৃষ্ণেনার্জ্জুনায়োক্তমিতি বোধ্যম্। বক্ষ্যতি চ তৎ ॥৫৯॥

যুযুৎসুকৃতমুপালম্ভমনুবদতি অশক্নুবন্ত ইতি। বীভৎসুং জেতুমিতি শেষঃ, বালমভিমন্যুম্ ॥৬০॥

কিমিতি। শোককালে উপস্থিতে, অর্জ্জুনেন যুষ্মাকং সর্ব্বেষামেব সংহারসম্ভবাৎ ॥৬১॥

আগমিষ্যতীতি। হি যস্মাৎ, কৃতো যুষ্মাভিঃ। অফলঃ ফলস্যাজনকঃ ॥৬২॥

ইতীতি। তান্ কৌরবান্ প্রতি, ভাষন্ ভাষমাণঃ। অপায়াৎ সমরস্থলাদাগচ্ছৎ ॥৬৩॥

যুদ্ধাদাগত্য কৃষ্ণেন যদুক্তং তজ্জ্ঞাপয়তি কিমিতি। অধক্ষ্যং দগ্ধানকরিষ্যম্ ॥৬৪॥

আমি দর্পান্বিত ধার্ত্তরাষ্ট্রগণের সিংহনাদ শুনিয়াছিলাম এবং যুযুৎসু যে কৌরববীরগণকে নিন্দা করিতেছিলেন, তাহা কৃষ্ণ শুনিয়াছিলেন ॥৫৯॥

(অভিমন্যুকে বধ করার পরে যুযুৎসু কর্ণপ্রভৃতিকে বলিতেছিলেন—) ‘হে অধর্ম্মজ্ঞ মহারথগণ ! আপনারা অর্জ্জুনকে জয় করিতে না পারিয়া একটী বালককে বধ করিয়া কেন এত সিংহনাদ করিতেছেন, পাণ্ডবদের শক্তি দেখুন ॥৬০॥

আপনারা যুদ্ধে সেই কৃষ্ণ ও অর্জ্জুনের অপ্রিয় কার্য্য করিয়া শোকের সময়ে আনন্দিত হইয়া কেন এত সিংহনাদ করিতেছেন ? ॥৬১॥

সত্বরই আপনাদের পাপকর্ম্মের ফল আসিবে। কারণ, আপনারা গুরুতর অধর্ম্ম করিয়াছেন ; তাহা চিরকাল নিষ্ফল থাকিবে কেন’ ॥৬২॥

মহামতি যুযুৎসু ক্রুদ্ধ ও দুঃখিত হইয়া অস্ত্র পরিত্যাগ করিয়া কর্ণপ্রভৃতির প্রতি এইরূপ বলিতে বলিতে চলিয়া আসিয়াছেন ॥৬৩॥

সঞ্জয় উবাচ।

পুত্রশোকার্দ্দিতং পার্থং ধ্যায়ন্তং সাশ্রুলোচনম্।
নিগৃহ্য বাসুদেবস্তং পুত্রাধিভিরভিপ্লুতম্।
মৈবমিত্যব্রবীৎ কৃষ্ণস্তীব্রশোকসমন্বিতম্ ॥৬৫॥
সর্ব্বেষামেষ বৈ পন্থাঃ শূরাণামনিবর্ত্তিনাম্।
ক্ষত্রিয়াণাং বিশেষেণ যেষাং যুদ্ধেন জীবিকা ॥৬৬॥
এষা বৈ যুধ্যমানানাং শূরাণামনিবর্ত্তিনাম্।
বিহিতা ধর্ম্মশাস্ত্রজ্ঞৈর্গতির্গতিমতাং বর! ॥৬৭॥
ধ্রুবং হি যুদ্ধে মরণং শূরাণাং কুরুনন্দন!।
গতঃ পুণ্যকৃতাল্লোঁকানভিমন্যুর্ন সংশয়ঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

পুত্রেতি। নিগৃহ্য ধৃত্বা। পুত্রাধিভিঃ পুত্রসম্বন্ধিনীভির্মনোব্যথাভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥

সর্বেষামিতি। অনিবর্ত্তিনাং যুদ্ধাদপলায়িনাম্ ॥৬৬॥

এষেতি। গম্যত ইতি গতিরবস্থা ॥৬৭॥

ধ্রুবমিতি। সম্মুখযুদ্ধমৃত্যুনা যৎ পুণ্যং তেন কৃতান্, লোকান্ স্বর্গান্ ॥৬৮॥

কৃষ্ণ! তুমি যুদ্ধস্থলে একথা আমার নিকট বল নাই কেন? তাহা হইলে আমি তখনই সেই নৃশংস সমস্ত মহারথকে দগ্ধ করিয়া ফেলিতাম' ॥৬৪॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন পুত্রশোকে পীড়িত হইয়া সাশ্রুনয়নে চিন্তা করিতেছিলেন, পুত্রের বিষয়ে মনের পীড়ায় আক্রান্ত হইয়াছিলেন এবং তীব্র-শোক অনুভব করিতেছিলেন; তখন কৃষ্ণ তাঁহাকে ধরিয়া বলিলেন—'অর্জ্জুন! এরূপ করিও না ॥৬৫॥

যুদ্ধ হইতে অনিবর্ত্তী সমস্ত বীরেরই এই পথ; বিশেষতঃ ক্ষত্রিয়গণের, যাঁহাদের যুদ্ধদ্বারাই জীবিকানির্ব্বাহ হইয়া থাকে ॥৬৬॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ! ধর্ম্মশাস্ত্রজ্ঞেরা যুদ্ধোপজীবী অথ চ অপলায়ী বীরগণের এই গতিই বিধান করিয়াছেন ॥৬৭॥

কুরুনন্দন! বীরগণের যুদ্ধে মরণই নিশ্চিত। সুতরাং অভিমন্যু আপন পুণ্যসম্পাদিত লোকে গমন করিয়াছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৬৮॥

---

(৬৮)...শূরাণামনিবর্ত্তিনাম্...পি বা বঙ্গ বর্দ্ধ নি।

এতচ্চ সর্ববীরাণাং কাঙ্ক্ষিতং ভরতর্ষভ ! ।
সংগ্রামেঽভিমুখো মৃত্যুং প্রাপ্নুয়ামিতি মানদ ! ॥৬৯॥
স চ বীরান্ রণে হত্বা রাজপুত্রান্ মহাবলান্ ।
বীরৈরাকাঙ্ক্ষিতং মৃত্যুং সংপ্রাপ্তোঽভিমুখো রণে ॥৭০॥
মা শুচঃ পুরুষব্যাঘ্র ! পূর্বৈরেষ সনাতনঃ ।
ধর্ম্মকৃদ্ভিঃ কৃতো ধর্ম্মঃ ক্ষত্রিয়াণাং রণে ক্ষয়ঃ ॥৭১॥
ইমে তে ভ্রাতরঃ সর্বে দীনা ভরতসত্তম ! ।
ত্বয়ি শোকসমাবিষ্টে নৃপাশ্চ সুহৃদস্তব ॥৭২॥
এতাংস্ত্বং বচসা সাম্না সমাশ্বাসয় মানদ ! ।
বিদিতং বেদিতব্যং তে ন শোকং কর্ত্তুমর্হসি ॥৭৩॥
এবমাশ্বাসিতঃ পার্থঃ কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা ।
ততোঽব্রবীত্তদা ভ্রাতৄন্ সর্ব্বান্ পার্থঃ সগদ্গদম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

এতদিতি। মানং মাননীয়ানাং গৌরবং দদাতীতি সঃ, তৎসম্বোধনম্ ॥৬৯॥
সম্ভাব্যমানমাহ স ইতি। সঃ অভিমন্যুঃ ॥৭০॥
মেতি। মা শুচঃ শোকং মা কার্ষীঃ। ধর্ম্মকৃদ্ভির্মন্বাদিভিঃ ॥৭১॥
ইম ইতি। দীনাঃ শোকেন কাতরাঃ সঞ্জাতা ইতি শেষঃ ॥৭২॥
এতানিতি। সাম্না সান্ত্বনাজনকেন। বেদিতব্যং শোকস্য নিষ্ফলত্বাদিকম্ ॥৭৩॥

মাননীয়গণের সম্মানকারী ভরতশ্রেষ্ঠ ! সকল বীরেরই এইরূপ আকাঙ্ক্ষা থাকে যে, 'আমি যেন সম্মুখযুদ্ধে মৃত্যু লাভ করি' ॥৬৯॥

অতএব অভিমন্যু যুদ্ধে বীর ও মহাবল রাজপুত্রগণকে বধ করিয়া বীরগণের আকাঙ্ক্ষিত সম্মুখযুদ্ধে মৃত্যু লাভ করিয়াছে ॥৭০॥

সুতরাং পুরুষশ্রেষ্ঠ ! তুমি শোক করিও না। প্রাচীন ধর্ম্মশাস্ত্রকারেরা এই ক্ষত্রিয়গণের যুদ্ধে মৃত্যুরূপ সনাতন ধর্ম্ম নির্দ্দিষ্ট করিয়া গিয়াছেন ॥৭১॥

ভরতশ্রেষ্ঠ ! তুমি শোকে কাতর হইয়াছ বলিয়া তোমার এই ভ্রাতারা, রাজারা এবং তোমার বন্ধুরাও কাতর হইয়াছেন ॥৭২॥

অতএব মাননীয়গণের সম্মানকারী অর্জ্জুন ! তুমি সান্ত্বনাজনক বাক্যদ্বারা ইঁহাদিগকে আশ্বস্ত কর। সমস্ত জ্ঞাতব্য বিষয়ই তোমার জানা আছে ; অতএব তুমি শোক করিতে পার না' ॥৭৩॥

(৭২)···নৃপাশ্চ সুহৃদশ্চ হ—বঙ্গ বর্দ্ধ।

স দীর্ঘবাহুঃ পৃথ্বংসো দীর্ঘরাজীবলোচনঃ।
অভিমন্যুর্যথা বৃত্তঃ শ্রোতুমিচ্ছাম্যহং তথা ॥৭৫॥
সনাগস্যন্দনহয়ান্ দ্রক্ষ্যধ্বং নিহতান্ ময়া।
সংগ্রামে সানুবন্ধাংস্তান্ মম পুত্রস্য বৈরিণঃ ॥৭৬॥
কথঞ্চ বঃ কৃতাস্ত্রাণাং সর্ব্বেষাং শস্ত্রপাণিনাম্।
সৌভদ্রো নিধনং গচ্ছেদ্বজ্রিণাপি সমাগতঃ ॥৭৭॥
যদ্যেবমহমজ্ঞাস্যমশক্তান্ রক্ষণে মম।
পুত্রস্য পাণ্ডুপাঞ্চালান্ ময়া গুপ্তো ভবেত্ততঃ ॥৭৮॥
কথঞ্চৈব রথস্থানাং শরবর্ষাণি মুঞ্চতাম্।
নীতোঽভিমন্যুর্নিধনং কদর্থীকৃত্য বঃ পরৈঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

এবমিতি। অদ্ভুতকর্ম্মত্বাদেবাল্পায়াসেনৈবাশ্বাসয়িতুং সমর্থ আসীদিত্যাশয়ঃ ॥৭৪॥
স ইতি। পৃথ্বংসঃ পীবরস্কন্ধঃ। বৃত্তো মৃতঃ, "বৃত্তং বৃত্তৌ দৃঢ়ে মৃতে" ইতি বিশ্বঃ ॥৭৫॥
সেতি। নাগৈর্গজৈঃ স্যন্দনৈ রথৈঃ হয়ৈরশ্বৈশ্চ সহেতি তান্। সানুবন্ধান্ সানুচরান্ ॥৭৬॥
কথমিতি। শস্ত্রাণি পণন্তে ব্যবহরন্তীতি শস্ত্রপাণিনস্তেষাম্। পণধাতোর্ণিনি রূপম্ ॥৭৭॥
যদীতি। গুপ্তো রক্ষিতঃ, ততস্তদা ॥৭৮॥

অদ্ভুতকর্ম্মা কৃষ্ণ এইভাবে অর্জ্জুনকে আশ্বস্ত করিলেন। তাহার পর অর্জ্জুন তখন গদ্‌গদস্বরে সমস্ত ভ্রাতাকে বলিলেন—॥৭৪॥

'দীর্ঘবাহু, স্থূলস্কন্ধ এবং পদ্মতুল্য-সুন্দর-দীর্ঘনয়ন অভিমন্যু যেভাবে মৃত্যু-মুখে পতিত হইল, তাহা আমি শুনিতে ইচ্ছা করি ॥৭৫॥

হস্তী, অশ্ব, রথ ও অনুচরবর্গের সহিত আমার পুত্রের সেই শত্রুগণকে আমি যুদ্ধে নিহত করিব আপনারা দেখিবেন ॥৭৬॥

সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং চিরকাল অস্ত্রব্যবহারী আপনাদের সকলের সমক্ষে অভিমন্যু ইন্দ্রের সহিত যুদ্ধে সম্মিলিত হইয়াও কি প্রকারে মৃত্যুমুখে পতিত হইতে পারে? ॥৭৭॥

আমি যদি পূর্ব্বে এরূপ জানিতে পারিতাম যে, পাণ্ডব ও পাঞ্চালেরা আমার পুত্রকে রক্ষা করিতে অসমর্থ হইবেন, তবে আমি তাহাকে রক্ষা করিতাম ॥৭৮॥

(৭৬)…প্রেক্ষধ্বং নিহতান্ ময়া · পি, · সংগ্রামে নিহতান্ ময়া। ক্ষিপ্রং দ্রক্ষ্যন্তি তে নূনং মম পুত্রং নিহত্য বৈ—নি। (৭৯) কথঞ্চ বঃ কৃতাস্ত্রাণাম্…বা, কথঞ্চ বৈ…বঙ্গ বর্দ্ধ, কথঞ্চ বো রথস্থানাম্·· নি।

অহো বঃ পৌরুষং নাস্তি ন চ বোঽস্তি পরাক্রমঃ।
যত্রাভিমন্যুঃ সমরে পশ্যতাং বো নিপাতিতঃ ॥৮০॥
আত্মানমেব গর্হেয়ং যদহং বৈ সুদুর্বলান্।
যুষ্মানাজ্ঞায় নির্যাতো ভীরূনকৃতনিশ্চয়ান্ ॥৮১॥
আহোস্বিদ্ভূষণার্থানি বর্ম্মশস্ত্রায়ুধানি বঃ।
বাচশ্চ বক্তুং সংসৎসু মম পুত্রমরক্ষতাম্ ॥৮২॥
এবমুক্ত্বা ততো বাক্যং তিষ্ঠংশ্চাপবরাসিমান্।
ন স্মাশক্যত বীভৎসুঃ কেনচিৎ প্রসমীক্ষিতুম্ ॥৮৩॥
তমন্তকমিব ক্রুদ্ধং নিশ্বসন্তং মুহুর্মুহুঃ।
পুত্রশোকাভিসন্তপ্তমশ্রুপূর্ণমুখং তথা ॥৮৪॥

ভারতকৌমুদী

কথমিতি। কদর্থীকৃত্য বহুভিরেকেন সহ যুদ্ধকরণাদ্যুদ্ধনীতিমবজ্ঞায়, বো যুষ্মাকম্ ॥৭৯॥

অহো ইতি। পৌরুষং পররক্ষণাত্মকঃ পুরুষকারঃ। যত্র যেন হেতুনেত্যর্থঃ ॥৮০॥

আত্মানমিতি। আজ্ঞায় যুধিষ্ঠিররক্ষণায়াদিশ্য। অকৃতনিশ্চয়ান্ অকৃতরক্ষ্যরক্ষান্ ॥৮১॥

আহোস্বিদিতি। সন্নিধৌ হিংসাসাধনং শস্ত্রং কৃপাণাদি, দূরে হিংসাসাধনমায়ুধং বাণাদীতি ভেদঃ। বাচশ্চ কেবলং ভূষণার্থা ইতি সম্বন্ধঃ ॥৮২॥

এবমিতি। চাপবরং গাণ্ডীবম্ অসিশ্চাস্যাস্তীতি সঃ। বীভৎসুরর্জ্জুনঃ ॥৮৩॥

আপনারা রথে আরোহণ করিয়া বাণ বর্ষণ করিতেছিলেন, সেই অবস্থায় আপনাদের সমক্ষে কি প্রকারে শত্রুরা যুদ্ধনীতি লঙ্ঘন করিয়া অভিমন্যুকে নিহত করিল ? ॥৭৯॥

কি আশ্চর্য্য ! আপনাদের পুরুষকারও নাই, পরাক্রমও নাই। যে হেতু আপনাদের সমক্ষেই শত্রুরা যুদ্ধে অভিমন্যুকে নিপাতিত করিয়াছে ॥৮০॥

আমি নিজেকেই নিন্দা করি, যে হেতু অতিদুর্ব্বল, ভীরু এবং অকৃতনিশ্চয় আপনাদিগকে যুধিষ্ঠিররক্ষার জন্য আদেশ করিয়া নির্গত হইয়াছিলাম ॥৮১॥

অথবা আপনারা আমার পুত্রকে রক্ষা করিতে না পারায় আপনাদের বর্ম্ম, অস্ত্র ও শস্ত্র কেবল ভূষণের জন্য এবং সভাতে বীরের বাক্য বলাও কেবল মুখে বীরত্বপ্রকাশের নিমিত্ত' ॥৮২॥

অর্জ্জুন এইরূপ বাক্য বলিয়া তৎপরে উত্তম ধনু ও তরবারি ধারণ করিয়া দাঁড়াইলে, অপর কোন ব্যক্তিই তাঁহার প্রতি দৃষ্টিপাত করিতে পারিল না ॥৮৩॥

(৮২) আহোস্বিদ্ভূষণার্থায়···বা বঙ্গ বৰ্দ্ধ নি।

ন ভাষিতুং শক্নুবন্তি প্রষ্টুং বা সুহৃদোঽর্জ্জুনম্।
অন্যত্র বাসুদেবাদ্বা জ্যেষ্ঠাদ্বা পাণ্ডুনন্দনাৎ ॥৮৫॥ (যুগ্মকম্)
সর্ব্বাস্ববস্থাসু হি তাবর্জ্জুনস্য মনোঽনুগৌ।
বহুমানাৎ প্রিয়ত্বাচ্চ তাবেনং বক্তুমর্হতঃ ॥৮৬॥
ততস্তং পুত্রশোকেন ভৃশং পীড়িতমানসম্।
রাজীবলোচনং ক্রুদ্ধং রাজা বচনমব্রবীৎ ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনবিলাপে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

তমিতি। অন্তকং যমম্। অন্যত্র অন্যঃ, জ্যেষ্ঠাৎ পাণ্ডুনন্দনাদ্যুধিষ্ঠিরাৎ ॥৮৪—৮৫॥
সর্ব্বাস্বিতি। তৌ কৃষ্ণযুধিষ্ঠিরৌ। বহুমানাৎ অর্জ্জুনেন তয়োরতিসম্মানকরণাৎ ॥৮৬॥
তত ইতি। রাজীবলোচনং ক্রোধেনারক্তলোচনত্বাৎ, রাজা যুধিষ্ঠিরঃ ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তখন অর্জ্জুন পুত্রশোকে অত্যন্ত সন্তপ্ত, অশ্রুপূর্ণবদন ও যমের ন্যায় ক্রুদ্ধ হইয়া মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করিতে লাগিলে, কৃষ্ণ বা যুধিষ্ঠির ব্যতীত অন্য বন্ধুবর্গ তাঁহাকে কোন কথা বলিতে বা জিজ্ঞাসা করিতে পারিলেন না ॥৮৪—৮৫॥

কারণ, কৃষ্ণ ও যুধিষ্ঠির সমস্ত অবস্থাতেই অর্জ্জুনের মনের অনুকূল রহিয়াছেন; বিশেষতঃ অর্জ্জুন তাঁহাদের অত্যন্ত সম্মান করেন এবং তাঁহারাও অর্জ্জুনের সাতিশয় প্রিয়ভাবে চলেন। সুতরাং তাঁহারা অর্জ্জুনকে বলিতে পারেন ॥৮৬॥

তাহার পর পুত্রশোকে অত্যন্ত পীড়িতচিত্ত, ক্রুদ্ধ এবং পদ্মের ন্যায় আরক্ত-নয়ন অর্জ্জুনকে যুধিষ্ঠির এই কথাগুলি বলিলেন' ॥৮৭॥

———:০:———

(৮৫)·· দ্রষ্টুং বা·· শ্রেষ্ঠাদ্বা পাণ্ডুনন্দনাৎ—পি,·· দ্রষ্টুং বা·· বা নি। (৮৭) ততস্তু··· পি। * '·· সপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '· দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

যুধিষ্ঠির উবাচ।

ত্বয়ি যাতে মহাবাহো! সংশপ্তকবলং প্রতি।
প্রযত্নমকরোত্তীব্রমাচার্য্যো গ্রহণে মম ॥১॥
ব্যূঢ়ানীকং বয়ং দ্রোণং বারয়ামঃ স্ম সর্ব্বশঃ।
প্রতিব্যূহ্য রথানীকং যতমানং তথা রণে ॥২॥
স বার্য্যমাণো রথিভির্ময়ি চাপি সুরক্ষিতে।
অস্মানভিজগামাশু পীড়য়ন্ নিশিতৈঃ শরৈঃ ॥৩॥
তে পীড্যমানা দ্রোণেন দ্রোণানীকং ন শক্নুমঃ।
প্রতিবীক্ষিতুমপ্যাজৌ ভেত্তুং তৎ কুত এব তু ॥৪॥

ভারতকৌমুদী

ত্বয়ীতি। সংশপ্তকবলং প্রতি সংশপ্তকসৈন্যবিনাশায়। আচার্য্যো দ্রোণঃ ॥১॥
ব্যূঢ়েতি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যেন তম্ ॥২॥
স ইতি। স দ্রোণঃ। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥৩॥
ত ইতি। তে বয়ম্। আজৌ যুদ্ধে। কুত এব তু শক্নুমঃ, কুতোঽপি নেত্যর্থঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাবাহু! তুমি সংশপ্তকসৈন্যের দিকে চলিয়া গেলে, দ্রোণ আমাকে ধরিবার জন্য গুরুতর চেষ্টা করিতে লাগিলেন ॥১॥

দ্রোণ সমরাঙ্গনে আপন সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া সেইরূপ চেষ্টা করিতে লাগিলে, আমরাও পাণ্ডবসৈন্যগণকে প্রতিব্যূহরূপে স্থাপিত করিয়া সর্বপ্রকারে তাঁহাকে বারণ করিতে লাগিলাম ॥২॥

ক্রমে আমাদের পক্ষের রথীরা তাঁহাকে বারণ করিতে থাকিলে এবং আমাকেও সুরক্ষিত করিলে, তিনি নিশিত শরসমূহদ্বারা পীড়ন করিতে করিতে সত্বর আমাদের দিকে আসিতে লাগিলেন ॥৩॥

(২) ব্যূঢ়ানীকং স্বয়ং দ্রোণম্...বা, ব্যূঢ়ানীকং তথা দ্রোণং যতমানং মহামৃধে। প্রতিব্যূহ্য সহানীকাঃ প্রত্যরুধ্ম বয়ং বলাৎ—নি। (৩)...ময়ি বাপি...পি,...অভিজগ্মানাশু...পি বঙ্গ বর্দ্ধ।

বয়ং ত্বপ্রতিমং বীর্য্যে সর্ব্বে সৌভদ্রমাত্মজম্।
উক্তবন্তঃ স্ম তং তাত! ভিন্ধ্যনীকমিতি প্রভো! ॥৫॥
স তথা চোদিতোঽস্মাভিঃ সদশ্ব ইব বীর্য্যবান্।
অসহ্যমপি তং ভারং বোঢ়ুমেকঃ প্রচক্রমে ॥৬॥
স তবাস্ত্রোপদেশেন বীর্য্যেণ চ সমন্বিতঃ।
প্রাবিশত্তদ্বলং বালঃ সুপর্ণ ইব সাগরম্ ॥৭॥
তেঽনুযাতা বয়ং বীরং সাত্বতীপুত্রমাহবে।
প্রবেষ্টুকামাস্তেনৈব যেন স প্রাবিশচ্চমূম্ ॥৮॥
ততঃ সৈন্ধবকো রাজা ক্ষুদ্রস্তাত! জয়দ্রথঃ।
বরদানেন রুদ্রস্য সর্বান্ নঃ সমবারয়ৎ ॥৯॥

ভারতকৌমুদী

বয়মিতি। সৌভদ্রমভিমন্যুম্। ভিন্ধি বিদারয়, অনীকং দ্রোণসৈন্যম্ ॥৫॥
স ইতি। স সৌভদ্রঃ, চোদিতঃ প্রেরিতঃ, সদশ্বঃ সুশিক্ষিতো ঘোটকঃ ॥৬॥
স ইতি। তদ্বলং কৌরবসৈন্যম্, সুপর্ণো গরুড়ঃ ॥৭॥
ত ইতি। সাত্বত্যাঃ সাত্বতবংশীয়ায়াঃ সুভদ্রায়াঃ পুত্রম্। তেনৈব পথা, যেন পথা ॥৮॥
তত ইতি। সৈন্ধবকঃ কুৎসিতঃ সিন্ধুরাজঃ কুৎসায়াং কপ্রত্যয়ঃ ॥৯॥

দ্রোণ আমাদিগকে পীড়ন করিতে লাগিলে, আমরা রণস্থলে দ্রোণসৈন্যের দিকে দৃষ্টিপাতও করিতে পারিলাম না, তাহা ভেদ করিতে আর সমর্থ হইব কিরূপে ॥৪॥

তখন আমরা সকলে বলে অতুলনীয় সেই পুত্র অভিমন্যুকে বলিলাম—'প্রভাবশালী বৎস! তুমি দ্রোণসৈন্য বিদারণ কর' ॥৫॥

আমরা সেইভাবে আদেশ করিলে, সুশিক্ষিত অশ্বের ন্যায় বলবান্ অভিমন্যু একাকী সেই অসহ্য ভারও বহন করিবার উপক্রম করিল ॥৬॥

তৎপরে গরুড় যেমন সমুদ্রে প্রবেশ করেন, সেইরূপ তোমার দত্ত অস্ত্র-শিক্ষায় শিক্ষিত এবং বলবান্ সেই বালক যাইয়া কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিল ॥৭॥

তখন সে—যে পথে যাইয়া প্রবেশ করিয়াছিল, আমরাও সেই পথেই প্রবেশ করিবার ইচ্ছা করিয়া তাহার পিছনে পিছনে চলিলাম ॥৮॥

বৎস! তাহার পর ক্ষুদ্র সিন্ধুরাজ জয়দ্রথ মহাদেবের বরপ্রভাবে আমাদের সকলকেই বারণ করিল ॥৯॥

ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণিঃ কৌশল্য এব চ।
কৃতবর্ম্মা চ সৌভদ্রং ষড়্রথাঃ পর্য্যবারয়ন্ ॥১০॥
পরিবার্য্য তু তৈঃ সর্ব্বৈর্যুধি বালো মহারথৈঃ।
যতমানঃ পরং শক্ত্যা বহুভির্বিরথীকৃতঃ ॥১১॥
ততো দৌঃশাসনিঃ ক্ষিপ্রং তথা তৈর্বিরথীকৃতম্।
সংশয়ং পরমং প্রাপ্য দিষ্টান্তেনাভ্যযোজয়ৎ ॥১২॥
স তু হত্বা সহস্রাণি নরাশ্বরথদন্তিনাম্।
অষ্টৌ রথসহস্রাণি নব দন্তিশতানি চ।
রাজপুত্রসহস্রে দ্বে বীরাংশ্চালক্ষিতান্ বহূন্ ॥১৩॥
বৃহদ্বলঞ্চ রাজানং স্বর্গেণাজৌ প্রযোজ্য হ।
ততঃ পরমধর্ম্মাত্মা দিষ্টান্তমুপজগ্মিবান্ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা, কৌশল্যঃ কোশলরাজো বৃহদ্বলঃ ॥১০॥

পরীতি। যতমান আত্মনঃ সর্বোপকরণরক্ষায়াং যত্নং কুর্বন্, পরমত্যন্তম্ ॥১১॥

তত ইতি। সংশয়মভিমন্যোঃ প্রহারেণাত্মজীবনে। দিষ্টঃ কাল আয়ুস্তদন্তেন ॥১২॥

স ইতি। অলক্ষিতান্ অস্মাভিরদৃষ্টান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। দিষ্টান্তমায়ুঃশেষম্ ॥১৩—১৪॥

তৎপরে দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও কৃতবর্ম্মা এই ছয় জন রথী আসিয়া অভিমন্যুকে পরিবেষ্টন করিলেন ॥১০॥

ক্রমে সেই মহারথেরা সকলে যুদ্ধে পরিবেষ্টন করিলে এবং বালক অভিমন্যু শক্তি অনুসারে আত্মরক্ষায় বিশেষ চেষ্টা করিতে লাগিলে, বহুতর বীর তাহাকে রথবিহীন করিয়া ফেলিলেন ॥১১॥

তদনন্তর দুঃশাসনের পুত্র সত্বর আসিয়া নিজের জীবনে অত্যন্ত সন্দিগ্ধ হইয়া রথবিহীন অভিমন্যুকে সংহার করিল ॥১২॥

হায়! পরমধর্ম্মাত্মা কুমার অভিমন্যু প্রথমে বহুসহস্র হস্তী, অশ্ব, রথী ও পদাতিকে, পরে আবার অষ্ট সহস্র রথী নব শত হস্তী, দুই সহস্র রাজপুত্র এবং অলক্ষিত বহু বীরকে বধ করিয়া, আর রাজা বৃহদ্বলকে স্বর্গে পাঠাইয়া দিয়া, তৎপরে নিজে স্বর্গে গমন করিয়াছে ॥১৩—১৪॥

(১২) তদা দৌঃশাসনিঃ···পি।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

পঞ্চমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম

কলিকাতা ৪১ সংখ্যকস্থুরিবর্ম্ম স্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৪ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

এতাবদেব নির্ব্বৃত্তমস্মাকং শোকবর্দ্ধনম্।
স চৈবং পুরুষব্যাঘ্রঃ স্বর্গলোকমবাপ্তবান্ ॥১৫॥
ততোঽর্জ্জুনো বচঃ শ্রুত্বা ধর্ম্মরাজেন ভাষিতম্।
হা পুত্র ইতি নিশ্বস্য ব্যথিতো ন্যপতদ্ভুবি ॥১৬॥
বিষণ্ণবদনাঃ সর্বে পরিগৃহ্য ধনঞ্জয়ম্।
নৈত্রৈরনিমিষৈর্দীনাঃ প্রত্যবৈক্ষন্ পরস্পরম্ ॥১৭॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং বাসবিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কম্পমানো জ্বরেণেব নিশ্বসংশ্চ মুহুর্মুহুঃ ॥১৮॥
পাণিং পাণৌ বিনিষ্পিষ্য শ্বসমানোঽশ্রুনেত্রবান্।
উন্মত্ত ইব বিপ্রেক্ষন্নিদং বচনমব্রবীৎ ॥১৯॥ (যুগ্মকম্)
সত্যং বঃ প্রতিজানামি শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্।
ন চেদ্বধভয়াদ্ভীতো ধার্ত্তরাষ্ট্রান্ প্রহাস্যতি ॥২০॥

ভারতকৌমুদী

এতাবদিতি। নির্ব্বৃত্তং নিষ্পন্নম্। এবং দৌঃশাসনিপ্রহারেণ ॥১৫॥
তত ইতি। ব্যথিতঃ শোকার্ত্তঃ সন্ ॥১৬॥
বিষণ্ণেতি। দীনাঃ শোককাতরাঃ সন্তঃ, প্রত্যবৈক্ষন্ অবালোকয়ন্ত ॥১৭॥
প্রতীতি। বাসবস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। বিপ্রেক্ষন্ বিকৃতং পশ্যন্ ॥১৮—১৯॥

অর্জ্জুন! এই পর্য্যন্তই আমাদের শোকবৃদ্ধিজনক ব্যাপার নিষ্পন্ন হইয়াছে এবং এইভাবেই সেই পুরুষশ্রেষ্ঠ কুমার স্বর্গলাভ করিয়াছে' ॥১৫॥

তাহার পর অর্জ্জুন যুধিষ্ঠিরোক্ত বাক্য সকল শুনিয়া 'হা পুত্র' বলিয়া নিশ্বাস ত্যাগ করিয়া শোকবেদনায় ভূতলে নিপতিত হইলেন ॥১৬॥

তখন সকলেই শোকে কাতর ও বিষণ্ণবদন হইয়া অর্জ্জুনকে ধরিয়া অনিমিষ নয়নে পরস্পর অবলোকন করিতে লাগিলেন ॥১৭॥

তদনন্তর অর্জ্জুন চৈতন্য লাভ করিয়া, ক্রোধে মূর্চ্ছিত হইয়া, জ্বররোগেই যেন কাঁপিতে থাকিয়া, মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করতঃ, হস্তে হস্ত নিষ্পেষণপূর্ব্বক, উন্মত্তের ন্যায় বিকৃত দৃষ্টিপাত সহকারে ও সাশ্রুনেত্রে এই সকল কথা বলিলেন—॥১৮—১৯॥

(১৭)···পরিবার্য্য ধনঞ্জয়ম্···পি। (১৯)···সংপ্রেক্ষন্···বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ 'অর্জ্জুন উবাচ' বা বঙ্গ বর্দ্ধ নি।

ন চাস্মান্ শরণং গচ্ছেৎ কৃষ্ণং বা পুরুষোত্তমম্ ।
ভবন্তং বা মহারাজ ! শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্ ॥২১॥
ধার্ত্তরাষ্ট্রপ্রিয়করং ময়ি বিস্মৃতসৌহৃদম্ ।
পাপং বালবধে হেতুং শ্বোঽস্মি হন্তা জয়দ্রথম্ ॥২২॥
রক্ষমাণাশ্চ তং সংখ্যে যে মাং যোৎস্যন্তি কেচন ।
অপি দ্রোণকৃপৌ রাজন্ ! ছাদয়িষ্যামি তান্ শরৈঃ ॥২৩॥
যদ্যেতদেবং সংগ্রামে ন কুর্য্যাং পুরুষর্ষভাঃ ! ।
মাস্ম পুণ্যকৃতাল্লোঁকান্ প্রাপ্নুয়াং শূরসম্মতান্ ॥২৪॥
যে লোকা মাতৃহন্তৄণাং যে চাপি পিতৃঘাতিনাম্ ।
গুরুদাররতানাং যে পিশুনানাঞ্চ যে তথা ॥২৫॥

ভারতকৌমুদী

সত্যমিতি। বো যুষ্মাকমন্তিকে, শ্বঃ পরদিনে। প্রহাস্যতি প্রহায় যাস্যতি। অগ্নিঃ প্রথমোপস্থিতং কাষ্ঠমিব ধনঞ্জয়প্রতিজ্ঞা প্রথমাপরাধিনং জয়দ্রথমেব বিষয়ীচকার ॥২০

নেতি। "বাস্মদশ্চ" ইতি বৈকল্পিকবহুবচনাৎ অস্মান্ মামিত্যর্থঃ ॥২১॥

ধার্ত্তেতি। বালবধে হেতুম্, তেন পাণ্ডববলানিবারণে তৎপ্রবেশেন তদ্বধাসম্ভবাৎ ॥২২॥

রক্ষেতি। তং জয়দ্রথম্, সংখ্যে যুদ্ধে। দ্রোণকৃপৌ গুরূ অপীতি ভাবঃ ॥২৩॥

যদীতি। এতৎ জয়দ্রথহননম্, এবং পরদিবসীয়যুদ্ধ এব ॥২৪॥

'বীরগণ ! আমি আপনাদের নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি, জয়দ্রথ যদি বধের ভয়ে ভীত হইয়া ধার্ত্তরাষ্ট্রগণকে পরিত্যাগ করিয়া না যায়, তবে আমি আগামী কল্যই তাহাকে বধ করিব ॥২০॥

মহারাজ ! জয়দ্রথ যদি আমার, কিংবা পুরুষোত্তম কৃষ্ণের, অথবা আপনার শরণাপন্ন না হয়, তবে আগামী কল্যই তাহাকে বধ করিব ॥২১॥

যে, দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিতেছে ; আমার সৌহার্দ্দ বিস্মৃত হইয়াছে এবং বালকবধের কারণ হইয়া দাঁড়াইয়াছে ; সেই পাপাত্মা জয়দ্রথকে আগামী কল্যই বধ করিব ॥২২॥

রাজা ! সমরাঙ্গনে যে কেহ জয়দ্রথকে রক্ষা করিতে থাকিয়া আমার সহিত যুদ্ধ করিবেন, তাঁহারা যদি দ্রোণ-কৃপও হন, তথাপি আমি বাণদ্বারা তাঁহাদিগকে আবৃত করিব ॥২৩॥

পুরুষশ্রেষ্ঠগণ ! আমি যদি যুদ্ধে ইহা এইরূপই করিতে না পারি, তবে আমি যেন বীরগণের অভিমত পুণ্যসম্পাদিত লোক লাভ না করি ॥২৪॥

(২৩)...অপি দ্রোণকৃপৌ বীরৌ...বঙ্গ বর্দ্ধ।

সাধূনসূয়তাং যে চ যে চাপি পরিবাদিনাম্।
যে চ নিক্ষেপহর্ত্তৄণাং যে চ বিশ্বাসঘাতিনাম্ ॥২৬॥
ভুক্তপূর্ব্বাং স্ত্রিয়ং যে চ নিন্দতামযশস্বিনাম্।
ব্রহ্মঘ্নানাঞ্চ যে লোকা যে চ গোঘাতিনামপি ॥২৭॥
পায়সং বা যবান্নং বা শাকং কৃশরমেব বা।
সংযাবাপূপমাংসানি যে চ লোকা বৃথাশ্নতাম্।
তানহ্নৈবাধিগচ্ছেয়ং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥২৮॥ (কলাপকম্)
বেদাধ্যায়িনমত্যর্থং শংসিতং বা দ্বিজোত্তমম্।
অবমন্যমানো যান্ যাতি বৃদ্ধান্ সাধূংস্তথা গুরূন্ ॥২৯॥
স্পৃশতো ব্রাহ্মণান্ গাশ্চ পাদেনাগ্নিঞ্চ যা ভবেৎ।
অপ্সু শ্লেষ্মপুরীষং বা মূত্রং বা মুঞ্চতাং গতিঃ।
তাং গচ্ছেয়ং গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩০॥

ভারতকৌমুদী

য ইতি। লোকা নরকাঃ। পিশুনানাং খলানাম্। সাধূন্ অসূয়তাং সাধূনাং দোযানাবিষ্কুর্বতাম্। পরিবাদিনাং পরাপবাদকারিণাম্। ভুক্তপূর্বায়াঃ স্ত্রিয়া নিন্দায়াং কৃতঘ্নতাস্যাদিত্যাশয়ঃ। শাকমুত্তমম্, কৃশরং তিলমিশ্রিতান্নম্। সংযাবো ঘৃতক্ষীরাদিপক্বগোধূমঃ। অস্য স্বরূপং ভাবপ্রকাশে দ্রষ্টব্যম্। বৃথা পরিজনান্ অতিথীন্ বা বঞ্চয়িত্বা। যট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫—২৮॥

বেদেতি। অত্যর্থং শংসিতম্ অতীবদৃঢ়ব্রতম্, দ্বিজোত্তমং ব্রাহ্মণশ্রেষ্ঠম্। "তানহ্নৈবাধিগচ্ছেয়ং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্" ইত্যনুবৃত্তিঃ। যচ্ছব্দস্যোত্তরবাক্যগতত্বান্ন পূর্বাপেক্ষা। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥২৯॥

আমি যদি আগামী কল্য জয়দ্রথকে বধ করিতে না পারি, তবে—মাতৃহত্যাকারী, পিতৃঘাতী, গুরুপত্নীগামী, খল, সাধুলোকের দোযাবিষ্কারকারী, পরের অপবাদবাদী, গচ্ছিতদ্রব্যহারী, বিশ্বাসঘাতী, ভুক্তপূর্বা স্ত্রীর নিন্দাকরণনিবন্ধন অযশস্বী, ব্রহ্মহত্যাকারী এবং গোঘাতী, আর পরিজন বা অতিথিকে বঞ্চনা করিয়া পায়স, যবান্ন, উত্তম শাক, তিলান্ন, সংযাব, পিষ্টক ও মাংসভোজিগণের যে যে নরক হয়, আমি যেন অদ্যই সেই সকল নরকে গমন করি ॥২৫—২৮॥

আমি যদি জয়দ্রথকে (কল্যই) বধ করিতে না পারি, তাহা হইলে বেদপাঠী বা অত্যন্তব্রতপরায়ণ ব্রাহ্মণের, কিংবা বৃদ্ধ, সাধু ও গুরুজনের অবজ্ঞাকারী লোক যে নরকে গমন করে, আমি যেন অদ্যই সেই নরকে যাই ॥২৯॥

নগ্নস্য স্নায়মানস্য যা চ বন্ধ্যাতিথের্গতিঃ।
উৎকোচিনাং মৃষোক্তীনাং বঞ্চকানাঞ্চ যা গতিঃ।
আত্মাপহারিণাঞ্চৈব যা চ মিথ্যাভিশংসিনাম্ ॥৩১॥
ভৃত্যৈঃ সংবদমানানাং পুত্রদারাশ্রিতৈস্তথা।
অসংবিভজ্য ক্ষুদ্রাণাং যা গতির্মিষ্টমশ্নতাম্।
তাং গচ্ছেয়ং গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩২॥ (যুগ্মকম্)
শীতভীতাশ্চ যে বিপ্রা রণভীতাশ্চ ক্ষত্রিয়াঃ।
গচ্ছেয়ং তদ্‌গতিং ঘোরাং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

স্পৃশত ইতি। অপ্সু স্নানাদৌ ব্যবহার্য্যে জলে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

নগ্নস্যেতি। স্নায়মানস্য স্নাতঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ। বন্ধ্যো নিষ্ফলঃ অভুক্ত্বা গত ইত্যর্থঃ অতিথির্যস্য তস্য গৃহস্থস্য। উৎকোচিনামুৎকোচগ্রাহিণাম্, মৃষোক্তীনাং মিথ্যাবাদিনাম্। আত্মাপহারিণাং কার্পণ্যেনাত্মসুখনাশকানাম্, মিথ্যাভিশংসিনাং মিথ্যাসাক্ষ্যদাতৃণাম্। ষট্‌পাদঃ শ্লোকঃ। সংবদমানানাং সহচরভাবেন স্বৈরালাপং কুর্বতাম্। পুত্রাদিভিরপি তথা। দারপদমত্র পরদারাভিপ্রায়ম্, স্বদারৈঃ সহ স্বৈরালাপে দোষস্যাযুক্তত্বাৎ। অসংবিভজ্য সম্যগ্‌বিভজ্য পরিজনেভ্যঃ অদদতাম্। মিষ্টমুত্তমং খাদ্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১—৩২॥

শীতেতি। শীতভীতা মাঘমাসীয়প্রাতঃস্নানাদৌ। তেষাং গতিং স্থানম্ ॥৩৩॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে চরণদ্বারা ব্রাহ্মণ, গরু কিংবা অগ্নির স্পর্শকারী লোকের যে নরক হয়, কিংবা জলে শ্লেষ্মা, বিষ্ঠা ও মূত্র ত্যাগকারীর যে নরক হইয়া থাকে, আমি যেন সেই ভয়ঙ্কর নরকে গমন করি ॥৩০॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে—যে নগ্ন হইয়া স্নান করে, যাহার গৃহ হইতে অতিথি না খাইয়া যায়, যে উৎকোচ গ্রহণ করে (ঘুষ লয়), যে সাধারণভাবে মিথ্যা কথা বলে, যে পরের প্রতারণা করে, যে কৃপণতানিবন্ধন নিজের সুখ নষ্ট করে, যে মিথ্যা সাক্ষ্য দেয়, যে—ভৃত্য, পুত্র, পরস্ত্রী ও আশ্রিত লোকের সহিত ইয়াকির ভাবে কথা বলে, কিংবা যে বণ্টনপূর্ব্বক পরিজনদিগকে না দিয়া উৎকৃষ্ট বস্তু ভক্ষণ করে, তাহাদের যে যে নরক হয়, আমি যেন সেই সকল ভয়ঙ্কর নরকে গমন করি ॥৩১—৩২॥

আমি যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তাহা হইলে—যে সকল ব্রাহ্মণ

(৩২) ভৃত্যৈঃ সংদৃশ্যমানানাম্…পি বঙ্গ বৰ্দ্ধ নি।

সংশ্রিতঞ্চাপি যস্ত্যক্ত্বা সাধুং তদ্বচনে রতম্।
ন বিভর্ত্তি নৃশংসাত্মা নিন্দতে চোপকারিণম্ ॥৩৪॥
অর্হতে প্রাতিবেশ্যায় শ্রাদ্ধং যো ন দদাতি চ।
অনর্হতে চ যো দদ্যাদ্‌বৃষলীপতয়ে তথা ॥৩৫॥
মদ্যপো ভিন্নমর্য্যাদঃ কৃতঘ্নো ভ্রাতৃনিন্দকঃ।
তেষাং গতিমিয়াং ক্ষিপ্রং ন চেদ্ধন্যাং জয়দ্রথম্ ॥৩৬॥ (বিশেষকম্)
ধর্ম্মাদপেতা যে চান্যে ময়া নাত্রানুকীর্ত্তিতাঃ।
যে চানুকীর্ত্তিতাঃ ক্ষিপ্রং গতিং তেষামবাপ্নুয়াম্ ॥৩৭॥
যদি ব্যুষ্টামিমাং রাত্রিং শ্বো ন হন্যাং জয়দ্রথম্।
ইমাঞ্চাপ্যপরাং ভূয়ঃ প্রতিজ্ঞাং মে নিবোধত ॥৩৮॥

ভারতকৌমুদী

সমিতি। তদ্বচনে রতং তদাদেশকারিণম্। অর্হতে বিদ্যাদিনা পূজনীয়ায়, প্রাতিবেশ্যায় একপল্লীবাসিনে ব্রাহ্মণায়। অনর্হতে মূর্খত্বাদিনা অযোগ্যায় ব্রাহ্মণায়, বৃষলীপতয়ে শূদ্রাভর্ত্রে ব্রাহ্মণায়। মদ্যপঃ সুরাপায়ী, ভিন্নমর্য্যাদঃ গুরূণাং গৌরবাতিক্রমী, কৃতঘ্ন উপকর্ত্তুরপকারী, ভ্রাতুর্নির্দ্দোষস্য নিন্দকঃ। গম্যত ইতি গতির্গন্তব্যস্থানং নরকমিত্যর্থঃ, ইয়াং গচ্ছেয়ম্ ॥৩৪-৩৬॥

ধর্ম্মাদিতি। অপেতা ভ্রষ্টাঃ। গতিং তেষামবাপ্নুয়াং ন চেদ্ধন্যাং জয়দ্রথমিত্যনুবৃত্তিঃ ॥৩৭॥

যদীতি। ব্যুষ্টাং প্রভাতামিমাং রাত্রিমতীত্য, শ্বঃ পরদিনে। নিবোধত শৃণুত ॥৩৮॥

শীতের ভয় করেন, কিংবা যে সকল ক্ষত্রিয় যুদ্ধে ভীত হইয়া থাকেন, তাঁহাদের গম্য ভয়ঙ্কর নরকে যেন আমি গমন করি ॥৩৩॥

যে নৃশংসপ্রকৃতি লোক আশ্রিত, সাধু ও আজ্ঞাবহ ব্যক্তিকে ত্যাগ করিয়া আর ভরণপোষণ করে না এবং উপকারীর নিন্দা করে; যে লোক প্রতিবেশী গুণবান্ ব্রাহ্মণকে শ্রাদ্ধীয় দ্রব্য দান করে না—অথ চ নির্গুণ ব্রাহ্মণকে কিংবা শূদ্রাপতিকে দান করে; আর যে লোক সুরা পান করে, গুরুজনের গৌরব লঙ্ঘন করে, উপকারীর অপকার করে এবং নির্দ্দোষ ভ্রাতার নিন্দা করে; আমি যেন সত্বরই তাহাদের গতি লাভ করি, যদি জয়দ্রথকে বধ করিতে না পারি ॥৩৪—৩৬॥

আমি ধর্ম্মভ্রষ্ট অন্য যাহাদের নাম এখানে করিলাম না, কিংবা যাহাদের নাম করিলাম, সত্বরই যেন তাহাদের গতি লাভ করি, যদি জয়দ্রথকে বধ করিতে না পারি ॥৩৭॥

---

(৩৫)·· অনর্হেভ্যশ্চ যো দদ্যাৎ···পি বা নি।

যদ্যস্মিন্নহতে পাপে সূর্য্যোঽস্তমুপযাস্যতি।
ইহৈব সংপ্রবেষ্টাস্মি জ্বলিতং জাতবেদসম্ ॥৩৯॥
অসুরসুরমনুষ্যাঃ পক্ষিণো বোরগা বা পিতৃরজনিচরা বা ব্রহ্মদেবর্ষয়ো বা।
চরমচরমপীদং যৎ পরঞ্চাপি তস্মাত্তদপি মম রিপুং তং রক্ষিতুং নৈব শক্তাঃ ॥৪০॥
যদি বিশতি রসাতলং তদগ্র্যং বিয়দপি দেবপুরং দিতেঃ পুরং বা।
তদপি শরশতৈরহং প্রভাতে ভৃশমভিপত্য রিপোঃ শিরোঽভিহর্ত্তা ॥৪১॥
এবমুক্ত্বা বিচিক্ষেপ গাণ্ডীবং সব্যদক্ষিণম্।
তস্য শব্দমতিক্রম্য ধনুঃশব্দোঽস্পৃশদ্দিবম্ ॥৪২॥

ভারতকৌমুদী

যদীতি। অস্মিন্ পাপে জয়দ্রথে অহতে। ইহৈব শিবিরে। জাতবেদসমগ্নিম্ ॥৩৯॥

অসুরেতি। উরগাঃ সর্পাঃ, পিতরঃ পিতৃলোকাঃ, রজনিচরা রাক্ষসাঃ। চরং জঙ্গমম্, অচরং স্থাবরম্। তস্মাৎ পরং চরাদচরাচ্চ ভিন্নং স্থিরাসনমুন্যাদি। তচ্চ চরং ন স্থিরত্বাৎ, অচরঞ্চ ন গমনযোগ্যত্বাৎ। নৈব শক্তা উক্তাঃ সর্ব্বেঽপি ॥৪০॥

যদীতি। তং প্রসিদ্ধম্, অগ্র্যং শ্রেষ্ঠম্, মণিরত্নাদিময়ত্বাৎ, বিয়দাকাশম্, দিতের্দৈত্যস্য। প্রভাতে প্রভাতাবধিপরদিবসে, অভিপত্য বলেনোপেত্য, রিপোর্জয়দ্রথস্য, অভিহর্ত্তা ছেৎস্যামি ॥৪১॥

এই রাত্রি প্রভাত হওয়ার পরে আগামী কল্য যদি জয়দ্রথকে বধ করিতে না পারি, তবে আমার আর একটা প্রতিজ্ঞার কথা আপনারা পুনরায় শ্রবণ করুন—॥৩৮॥

এই পাপাত্মা জয়দ্রথ নিহত না হওয়া অবস্থায় যদি কল্য সূর্য্য অস্ত যান, তাহা হইলে আমি এই শিবিরেই প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিব ॥৩৯॥

দেবতা, অসুর, মানুষ, পক্ষী, বা সর্প, অথবা পিতৃলোক, রাক্ষস, ব্রহ্মর্ষি ও দেবর্ষিরা, কিংবা স্থাবর ও জঙ্গমাত্মক এই জগৎ, অথবা তাহা ভিন্নও যাহা কিছু আছে, সে সমস্ত একত্র হইয়াও আমার হাত হইতে সেই শত্রুকে রক্ষা করিতে পারিবে না ॥৪০॥

জয়দ্রথ যদি সেই উত্তম পাতালে, আকাশে, দেবপুরে, কিংবা দৈত্যপুরে যাইয়া প্রবেশ করে, তথাপি আমি কল্য বলপূর্ব্বক উপস্থিত হইয়া বাণসমূহদ্বারা তাহার মস্তকচ্ছেদন করিব ॥৪১॥

(৩৯)…ইহৈব সম্প্রবেষ্টাহম্…পি বা নি। (৪১)…ভৃশমভিপদ্য রিপোঃ…বঙ্গ বৰ্দ্ধ,… ভৃশমভিমন্যুরিপোঃ…বা নি।

অর্জ্জুনেন প্রতিজ্ঞাতে পাঞ্চজন্যং জনার্দ্দনঃ।
প্রদধ্মৌ তত্র সংক্রুদ্ধো দেবদত্তঞ্চ ফাল্গুনঃ ॥৪৩॥
স পাঞ্চজন্যোঽচ্যুতবক্ত্রবায়ুনা ভৃশং সুপূর্ণোদরনিঃসৃতধ্বনিঃ।
জগৎ সপাতালবিয়দ্দিগীশ্বরং প্রকম্পয়ামাস যুগাত্যয়ে যথা ॥৪৪॥
ততো বাদিত্রঘোষাশ্চ প্রাদুরাসন্ সমন্ততঃ।
সিংহনাদাশ্চ পাণ্ডূনাং প্রতিজ্ঞাতে মহাত্মনা ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনপ্রতিজ্ঞায়াং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ভারতকৌমুদী

এবমিতি। বিচিক্ষেপ আচকর্ষ, সব্যদক্ষিণং বামদক্ষিণৌ পার্শ্বৌ নীত্বেতি শেষঃ ॥৪২॥
অর্জ্জুনেনেতি। প্রদধ্মৌ বাদয়ামাস। পাঞ্চজন্যদেবদত্তৌ শঙ্খৌ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৪৩॥
স ইতি। সুপূর্ণং যদুদরমভ্যন্তরং তস্মান্নিঃসৃতো ধ্বনির্যস্য সঃ। পাতালেন বিয়তা গগনেন দিগ্‌ভিঃ তাসামীশ্বরৈর্দিক্‌পালৈশ্চ সহেতি তৎ। যুগাত্যয়ে প্রলয়কালে ॥৪৪॥
তত ইতি। বাদিত্রঘোষা নানাবাদ্যধ্বনয়ঃ। পাণ্ডূনাং পাণ্ডবযোধানাম্ ॥৪৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

————(::)————

অর্জ্জুন এইরূপ বলিয়া বাম ও দক্ষিণ পার্শ্বে নিয়া গাণ্ডীবধনুর টঙ্কার করিলেন ; তখন সেই ধনুর শব্দ অর্জ্জুনের কণ্ঠশব্দকে অতিক্রম করিয়া যাইয়া আকাশস্পর্শ করিল ॥৪২॥

অর্জ্জুন ঐরূপ প্রতিজ্ঞা করিলে, অত্যন্তক্রুদ্ধ কৃষ্ণ পাঞ্চজন্যধ্বনি করিলেন এবং অর্জ্জুনও দেবদত্তশঙ্খ বাজাইলেন ॥৪৩॥

তখন কৃষ্ণের মুখবায়ুপূর্ণ পাঞ্চজন্যশঙ্খের ভিতর হইতে ধ্বনি নির্গত হইয়া পাতাল, আকাশ, দিক্ ও দিক্‌পালগণের সহিত জগৎটাকে প্রলয়কালের ন্যায় কাঁপাইতে লাগিল ॥৪৪॥

এবং মহাত্মা অর্জ্জুন সেইরূপ প্রতিজ্ঞা করিলে, সকল দিকে পাণ্ডবপক্ষ হইতে নানাবিধবাদ্যধ্বনি ও সিংহনাদ উঠিল' ॥৪৫॥

————:০:————

(৪৫)…প্রাদুরাসন্ সহস্রশঃ…পি বা নি। * '…একসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা তু তং মহাশব্দং পাণ্ডূনাং জয়গৃদ্ধিনাম্।
চারৈঃ প্রবোধিতে তত্র সমুত্থায় জয়দ্রথঃ ॥১॥
শোকসংমূঢ়হৃদয়ো দুঃখেনাভিপরিপ্লুতঃ।
মজ্জমান ইবাগাধে বিপুলে শোকসাগরে।
জগাম সমিতিং রাজ্ঞাং সৈন্ধবো বিমৃষন্ বহু ॥২॥ (যুগ্মকম্)
স তেষাং নরদেবানাং সকাশে পরিদেবয়ন্।
অভিমন্যোঃ পিতুর্ভীতঃ সব্রীড়ো বাক্যমব্রবীৎ ॥৩॥
যোঽসৌ পাণ্ডোঃ কিল ক্ষেত্রে জাতঃ শক্রেণ কামিনা।
স নিনীষতি দুর্বুদ্ধির্মাং কিলৈকং যমক্ষয়ম্।
তৎ স্বস্তি বোঽস্তু যাস্যামি স্বগৃহং জীবিতেপ্সয়া ॥৪॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। জয়গৃদ্ধিনাং জয়াভিলাষিণাম্। প্রবোধিতে বিজ্ঞাপিতে, তত্রার্জ্জুনপ্রতিজ্ঞানে। দুঃখেন কেবলে স্বস্মিন্নর্জ্জুনক্রোধাপাতাদিতি ভাবঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১—২॥

স ইতি। নরদেবানাং রাজ্ঞাম্। সব্রীড়ঃ পলায়নস্য বক্তব্যত্বাৎ সলজ্জঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'জয়াভিলাষী পাণ্ডবগণের সেই মহাশব্দ শুনিয়া এবং গুপ্তচর আসিয়া সেই প্রতিজ্ঞার বিষয় জানাইলে, সিন্ধুরাজ জয়দ্রথ গাত্রোত্থান করিয়া, আত্মশোকে অধীর ও দুঃখিত হইয়া এবং বিশাল ও অগাধ শোকসাগরে যেন মগ্ন হইতে থাকিয়া নানাপ্রকার বিবেচনা করতঃ রাজসভায় যাইয়া উপস্থিত হইলেন ॥১—২॥

তিনি অভিমন্যুর পিতার ভয়ে ভীত হইয়া রাজাদের নিকটে বিলাপ করিতে থাকিয়া লজ্জার সহিত এই কথা বলিলেন—॥৩॥

(১)···পুত্রগৃদ্ধিনাম্···বা বঙ্গ বৰ্দ্ধ নি,···চারৈঃ প্রবেদিতে তত্র···বঙ্গ বৰ্দ্ধ বা, চারৈঃ প্রবেদিতস্তস্তঃ···নি। (২)···দুঃগেনাভিহতো ভৃশম্···বঙ্গ বৰ্দ্ধ,···দুঃখেনাভ্যাহতো ভৃশম্···নি।

অথবাস্ত্রপ্রতিবলাস্ত্রাত মাং ক্ষত্রিয়র্ষভাঃ ! ।
পার্থেন প্রার্থিতং বীরাস্তে সংদত্ত মমাভয়ম্ ॥৫॥
দ্রোণদুর্য্যোধনকৃপাঃ কর্ণমদ্রেশবাহ্লিকাঃ।
দুঃশাসনাদয়ঃ শক্তাস্ত্রাতুমপ্যন্তকার্দ্দিতম্ ॥৬॥
কিমঙ্গ ! পুনরেকেন ফাল্গুনেন জিঘাংসতা।
ন ত্রায়েয়ুর্ভবন্তো মাং সমস্তাঃ পতয়ঃ ক্ষিতেঃ ॥৭॥
প্রহর্ষং পাণ্ডবেয়ানাং শ্রুত্বা মম মহদ্ভয়ম্।
সীদন্তি মম গাত্রাণি মুমূর্ষোরিব পার্থিবাঃ ! ॥৮॥

ভারতকৌমুদী

য ইতি। ক্ষেত্রে পত্ন্যাম্। এতেনার্জ্জুনস্য জারজত্বং সূচিতম্। নিনীষতি নেতুমিচ্ছতি। যমক্ষয়ং যমালয়ম্। বহূনামপরাধে একং প্রত্যেব চ দণ্ডোদ্যমে দণ্ডযিতা দুর্ব্বুদ্ধিরেবেত্যাশয়ঃ। স্বস্তি মঙ্গলম্, বো যুষ্মভ্যম্। জীবিতেপ্সয়া জীবনরক্ষণেচ্ছয়া, অর্জ্জুনপ্রতিজ্ঞায়া ধ্রুবত্বাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

অথবেতি। অস্ত্রেষু প্রতিবলাঃ সমানবলা যূয়ম্। প্রার্থিতং হন্তুমিষ্টং মাম্ ॥৫॥

অভয়দানে সামর্থ্যমাহ দ্রোণেতি। মদ্রেশঃ শল্যঃ। অন্তকার্দ্দিতং যমগৃহীতমপি ॥৬॥

কিমিতি। অঙ্গ সম্বোধনে। ফাল্গুনেনার্জ্জুনেন, জিঘাংসতা হন্তুমিচ্ছতাক্রান্তম্ ॥৭॥

প্রহর্ষমিতি। মহদ্ভয়ং জাতমিতি শেষঃ ॥৮॥

'ঐ যে—পাণ্ডুর পত্নীর গর্ভে কামুক ইন্দ্রকর্ত্তৃক জন্মিয়াছিল, সেই দুর্ব্বুদ্ধিটা একক আমাকেই যমালয়ে পাঠাইবার ইচ্ছা করে। অতএব আপনাদের মঙ্গল হউক, আমি জীবনরক্ষার জন্য আপন ভবনেই চলিয়া যাই ॥৪॥

অথবা ক্ষত্রিয়শ্রেষ্ঠ বীরগণ ! আপনারা অস্ত্রে তাহার সমকক্ষ ; ওদিকে সে আমাকে বধ করিবার ইচ্ছা করে ; এ অবস্থায় আপনারা আমাকে রক্ষা করুন এবং অভয় দান করুন ॥৫॥

দ্রোণ, দুর্য্যোধন, কৃপ, কর্ণ, শল্য, বাহ্লিক ও দুঃশাসনপ্রভৃতি বীরেরা যমগৃহীত লোককেও রক্ষা করিতে পারেন ॥৬॥

তাহাতে জিঘাংসু একমাত্র অর্জ্জুন আমাকে আক্রমণ করিলে আপনারা সমস্ত রাজারা কি রক্ষা করিতে পারিবেন না ? ॥৭॥

তথাপি রাজগণ ! পাণ্ডবগণের আনন্দকোলাহল শুনিয়া আমার গুরুতর ভয় জন্মিয়াছে এবং মুমূর্ষুর ন্যায় আমার সমস্ত অঙ্গ অবসন্ন হইয়া পড়িয়াছে ॥৮॥

(৭)·· ন ত্রাস্যন্তি ভবন্তো মাম্···নি।

বধো নূনং প্রতিজ্ঞাতো মম গাণ্ডীবধন্বনা।
তথাহি হৃষ্টাঃ ক্রোশন্তি শোককালে হি পাণ্ডবাঃ ॥৯॥
তন্ন দেবা ন গন্ধর্বা নাসুরোরগরাক্ষসাঃ।
উৎসহন্তেঽন্যথা কর্ত্তুং কুত এব নরাধিপাঃ ॥১০॥
তস্মান্মামনুজানীত ভদ্রং বোঽস্তু নরর্ষভাঃ !।
অদর্শনং গমিষ্যামি ন মাং দ্রক্ষ্যন্তি পাণ্ডবাঃ ॥১১॥
এবং বিলপমানং তং ভয়াদ্ব্যাকুলচেতসম্।
আত্মকার্য্যগরীয়স্ত্বাদ্রাজা দুর্য্যোধনোঽব্রবীৎ ॥১২॥
ন ভেতব্যং নরব্যাঘ্র ! কো হি ত্বাং পুরুষর্ষভ !।
মধ্যে ক্ষত্রিয়বীরাণাং তিষ্ঠন্তং প্রার্থয়েদ্যুধি ॥১৩॥
অহং বৈকর্ত্তনঃ কর্ণশ্চিত্রসেনো বিবিংশতিঃ।
ভূরিশ্রবাঃ শলঃ শল্যো বৃষসেনো দুরাসদঃ ॥১৪॥

ভারতকৌমুদী

বধ ইতি। তথাহি তমেবার্থং জানীহি, ক্রোশন্তি হর্ষকোলাহলং কুর্বন্তি ॥৯॥
বিমৃশ্য পুনরপরপক্ষমাহ তদিতি। উৎসহন্তে শক্নুবন্তি ॥১০॥
তস্মাদিতি। অনুজানীত ইতো গমনায়, ভদ্রং মঙ্গলম্ ॥১১॥
এবমিতি। আত্মকার্য্যগরীয়স্ত্বাৎ যুদ্ধে স্বপক্ষপূরণস্যাবশ্যকত্বাদিত্যর্থঃ ॥১২॥
নেতি। প্রার্থয়েৎ হন্তুমিচ্ছেদিতি তাৎপর্য্যম্ ॥১৩॥

নিশ্চয়ই অর্জ্জুন আমার বধের প্রতিজ্ঞা করিয়াছে। তাহার প্রমাণ দেখুন—শোকের সময়ে পাণ্ডবেরা আনন্দিত হইয়া কোলাহল করিতেছে ॥৯॥

অতএব দেব, দানব, গন্ধর্ব্ব, নাগ এবং রাক্ষসেরাও তাহার প্রতিজ্ঞার অন্যথা করিতে পারেন না; রাজারা আর করিবেন কি করিয়া ॥১০॥

সুতরাং নরশ্রেষ্ঠগণ! আপনাদের মঙ্গল হউক, আপনারা আমাকে অনুমতি করুন, আমি অদৃশ্য হইয়া যাই, পাণ্ডবেরা আর আমাকে দেখিতে পাইবে না' ॥১১॥

জয়দ্রথ ভয়ে আকুলচিত্ত হইয়া এইরূপ বলিতে লাগিলে, আপন কার্য্যের গুরুত্বনিবন্ধন রাজা দুর্য্যোধন তাঁহাকে বলিলেন—॥১২॥

'নরশ্রেষ্ঠ! আপনি ভয় করিবেন না; পুরুষপ্রধান! আপনি সমরাঙ্গনে ক্ষত্রিয়বীরগণের মধ্যে থাকিলে, কোন্ ব্যক্তি আপনাকে বধ করিবার ইচ্ছা করিতে পারে? ॥১৩॥

(৯)···যথা হি হৃষ্টাঃ···বর্দ্ধ।

পুরুমিত্রো জয়ো ভোজঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
সত্যব্রতো মহাবাহুর্বিকর্ণো দুর্ম্মুখশ্চ হ ॥১৫॥
দুঃশাসনঃ সুবাহুশ্চ কলিঙ্গশ্চাপ্যুদায়ুধঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ দ্রোণো দ্রৌণিশ্চ সৌবলঃ ॥১৬॥
এতে চান্যে চ বহবো নানাজনপদেশ্বরাঃ।
সসৈন্যাস্ত্বাভিযাস্যন্তি ব্যেতু তে মানসো জ্বরঃ ॥১৭॥ (কলাপকম্)
ত্বঞ্চাপি রথিনাং শ্রেষ্ঠঃ স্বয়ং শূরোঽমিতদ্যুতে!।
স কথং পাণ্ডবেয়েভ্যো ভয়ং পশ্যসি সৈন্ধব! ॥১৮॥
অক্ষৌহিণ্যো দশৈকা চ মদীয়াস্তব রক্ষণে।
যত্তা যোৎস্যন্তি মা ভৈস্ত্বং সৈন্ধব! ব্যেতু তে ভয়ম্ ॥১৯॥

সঞ্জয় উবাচ।

এবমাশ্বাসিতো রাজন্! পুত্রেণ তব সৈন্ধবঃ।
দুর্য্যোধনেন সহিতো দ্রোণং রাত্রাবুপাগমৎ ॥২০॥

ভারতকৌমুদী

অহমিতি। বৈকর্ত্তনঃ বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রঃ। বৃষসেনঃ কর্ণাত্মজঃ। কাম্বোজঃ কম্বোজদেশরাজঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। ত্বা ত্বাম্, অভি সর্বতো বেষ্টয়িত্বা যাস্যন্তি। অতএব তে মানসো জ্বরো ভয়জনিতঃ সন্তাপঃ, ব্যেতু অপগচ্ছতু ॥১৪—১৭॥

ত্বমিতি। পশ্যসি সম্ভাবয়সি, হে সৈন্ধব! সিন্ধুরাজ! ॥১৮॥

অক্ষৌহিণ্য ইতি। দশৈকা চ একাদশ। তব রক্ষণে যত্তা যত্নবন্তঃ সন্তঃ ॥১৯॥

আমি, বৈকর্ত্তন কর্ণ, চিত্রসেন, বিবিংশতি, ভূরিশ্রবা, শল, শল্য, দুর্দ্ধর্ষ বৃষসেন, পুরুমিত্র, জয়, ভোজরাজ, কম্বোজরাজ সুদক্ষিণ, সত্যব্রত, মহাবাহু বিকর্ণ, দুর্ম্মুখ, দুঃশাসন, সুবাহু, উদ্যতাস্ত্র কলিঙ্গরাজ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, দ্রোণ, অশ্বত্থামা এবং শকুনি ইহারা, আর অন্যও বহুতর নানাদেশীয় রাজা সৈন্যগণের সহিত মিলিত হইয়া সকল দিকে আপনাকে বেষ্টন করিয়া যুদ্ধে গমন করিবেন। অতএব আপনার মনের সন্তাপ দূরীভূত হউক ॥১৪—১৭॥

তা'র পর অমিততেজা! আপনি নিজেও রথিশ্রেষ্ঠ ও বীর। সুতরাং সিন্ধুরাজ! আপনি পাণ্ডবগণ হইতে ভয় করিতেছেন কেন? ॥১৮॥

বিশেষতঃ আমার এগার অক্ষৌহিণী সৈন্য আপনাকে রক্ষা করিবার জন্য যত্নবান্ হইয়া যুদ্ধ করিবে। অতএব সিন্ধুরাজ! আপনি ভয় করিবেন না, আপনার ভয় দূরীভূত হউক' ॥১৯॥

(১৬)…স সৌবলঃ—পি। (১৯) অক্ষৌহিণ্যো মহাবীর্য্য! মদীয়াঃ…নি।

উপসংগ্রহণং কৃত্বা দ্রোণায় স বিশাংপতে ।।
উপোপবিশ্য প্রণতঃ পর্য্যপৃচ্ছদিদং তদা ॥২১॥
নিমিত্তে দূরপাতিত্বে লঘুত্বে দৃঢ়বেধনে।
মম ব্রবীতু ভগবন্ ! বিশেষং ফাল্গুনস্য চ ॥২২॥
বিদ্যাবিশেষমিচ্ছামি জ্ঞাতুমাচার্য্য ! তত্ত্বতঃ ।
মমার্জ্জুনস্য চ বিভো ! যথাতত্ত্বং প্রচক্ষ্ব মে ॥২৩॥

দ্রোণ উবাচ।

সমমাচার্য্যকং তাত ! তব চৈবার্জ্জুনস্য চ ।
যোগাদ্দুঃখোষিতত্বাচ্চ তস্মাত্ত্বত্তোঽধিকোঽর্জ্জুনঃ ॥২৪॥

ভারতকৌমুদী

এবমিতি। সৈন্ধবো জয়দ্রথঃ। উপাগমৎ কর্ত্তব্যনির্দ্ধারণার্থম্ ॥২০॥

উপেতি। উপসংগ্রহণমভিবাদনম্। উপোপবিশ্য নিকটে উপবিশ্য ॥২১॥

নিমিত্ত ইতি। হে ভগবন্! ব্রাহ্মণ্যাদ্বীরত্বাচ্চ মাহাত্ম্যবন্! নিমিত্তে সন্ধানে প্রহারস্থাননির্ণয় ইতি যাবৎ, দূরপাতিত্বে বাণানাম্, লঘুত্বে দ্রুতাস্ত্রক্ষেপে, দৃঢ়বেধনে গাঢ়প্রহারে চ, মম ফাল্গুনস্য অর্জ্জুনস্য চ, বিশেষং ভেদং তারতম্যমিতি যাবৎ, ভবান্ ব্রবীতু ॥২২॥

বিদ্যেতি। বিদ্যায়া অস্ত্রজ্ঞানস্যাপি বিশেষং ভেদম্। তত্ত্বতো যাথার্থ্যেন ॥২৩॥

সমমিতি। আচার্য্যকমাচার্য্যস্য কর্ম্ম শিক্ষাদানম্, সমং সমানম্। যোগাৎ সমস্তদৈবাস্ত্রসম্বন্ধাৎ, দুঃখেন তপঃক্লেশেন উষিতত্বাৎ স্থিতত্বাৎ অধিককষ্টসহিষ্ণুত্বাদিত্যর্থঃ, তস্মাৎ প্রসিদ্ধাৎ ॥২৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা ! আপনার পুত্র দুর্য্যোধন এইরূপ আশ্বস্ত করিলে, জয়দ্রথ তাঁহার সহিত মিলিত হইয়া সেই রাত্রিতে দ্রোণের নিকট গমন করিলেন ॥২০॥

নরনাথ ! তিনি যাইয়া দ্রোণকে অভিবাদন করিয়া অবনতভাবে তাঁহার নিকটে বসিয়া তখন এইরূপ জিজ্ঞাসা করিলেন—॥২১॥

'ভগবন্ ! অস্ত্রসন্ধানে, দূরে অস্ত্রনিক্ষেপে, দ্রুত অস্ত্রক্ষেপে এবং তীব্রপ্রহারে আমার ও অর্জ্জুনের প্রভেদ কি, তাহা আপনি বলুন ॥২২॥

এবং আচার্য্য ! আমার ও অর্জ্জুনের বিদ্যার প্রভেদও আমি যথার্থরূপে জানিতে ইচ্ছা করি। অতএব বীর ! আপনি যথাযথভাবে তাহা আমার নিকট বলুন' ॥২৩॥

দ্রোণ বলিলেন—'বৎস ! আমি তোমাকে ও অর্জ্জুনকে সমানভাবেই শিক্ষা

(২৪)···যোগাদ্দুঃখোচিতত্বাচ্চ· ·পি।

ন তু তে যুধি সন্ত্রাসঃ কার্য্যঃ পার্থাৎ কথঞ্চন।
অহং হি রক্ষিতা তাত! ভয়াত্ত্বাং নাত্র সংশয়ঃ ॥২৫॥
ন হি মদ্বাহুগুপ্তস্য প্রভবন্ত্যমরা অপি।
ব্যূহিষ্যামি চ তং ব্যূহং যং পার্থো ন তরিষ্যতি ॥২৬॥
তস্মাদ্‌যুধ্যস্ব মা ভৈস্ত্বং স্বধর্ম্মমনুপালয়।
পিতৃপৈতামহং মার্গমনুযাহি নরাধিপ! ॥২৭॥
অধীত্য বিধিবদ্বেদানগ্নয়শ্চ হুতাস্ত্বয়া।
ইষ্টঞ্চ বহুভির্যজ্ঞৈর্ন তে মৃত্যুকৃতং ভয়ম্ ॥২৮॥
অবাপ্য মানুষৈর্দেহৈর্মহাভাগ্যং সুদুর্লভম্।
ভুজবীর্য্যার্জিতান্ লোকান্ দিব্যান্ প্রাপ্স্যস্যনুত্তমান্ ॥২৯॥

ভারতকৌমুদী

তর্হি পলায়নমেব মে শ্রেয় ইত্যাহ নেতি। সন্ত্রাসো ভয়ম্, কার্য্যঃ কর্ত্তব্যঃ ॥২৫॥

নেতি। হি যস্মাৎ, মদ্বাহুভ্যাং গুপ্তস্য রক্ষিতস্য, প্রভবন্তি প্রভাবং প্রকটয়িতুমর্হন্তি ॥২৬॥

তস্মাদিতি। স্বধর্ম্মং ক্ষত্রিয়াচারম্। অনুযাহি যুধ্যস্বেত্যর্থঃ ॥২৭॥

মরণেঽপি তে ন ক্ষতিরিত্যাহ অধীত্যেতি। ইষ্টং যজনং কৃতম্ ॥২৮॥

দিয়াছিলাম; কিন্তু সমস্ত দেবাস্ত্রলাভ ও অধিককষ্টসহিষ্ণুতানিবন্ধন অর্জ্জন তোমা অপেক্ষা প্রধান হইয়া গিয়াছে ॥২৪॥

বৎস! তথাপি তুমি যুদ্ধে কোন প্রকারেই অর্জ্জুন হইতে ভয় করিও না। কারণ, আমি তোমাকে ভয় হইতে রক্ষা করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৫॥

আমার বাহুরক্ষিত লোকের নিকটে দেবতারাও প্রভাব প্রকাশ করিতে পারেন না। তা'র পর আমি সেইরূপ ব্যূহ রচনা করিব, যাহা অর্জ্জুন উত্তীর্ণ হইতে পারিবে না ॥২৬॥

অতএব রাজা! তুমি ভয় করিও না, আপন ধর্ম্ম রক্ষা করিতে থাকিয়া যুদ্ধ কর এবং পিতৃ-পিতামহপথের অনুসরণ কর ॥২৭॥

তা'র পর তুমি যথাবিধানে বেদ অধ্যয়ন করিয়াছ, অগ্নিতে হোম করিয়াছ এবং নানাবিধ যজ্ঞ করিয়াছ। সুতরাং তোমার মৃত্যুর ভয় নাই ॥২৮॥

কেন না, তুমি মনুষ্যদেহে অতিদুর্লভ রাজত্বপ্রভৃতি লাভ করিয়া আপন বাহুবলে অর্জিত স্বর্গীয় সর্বোত্তম স্থান সকল লাভ করিবে ॥২৯॥

(২৭)···অনুযাহি মহারথ!—পি বা নি। (২৮)···অগ্নয়ঃ সুহুতাস্ত্বয়া · পি বা বা নি।
(২৯) দুর্লভং মানুষৈর্ম্মর্ত্যৈর্মহাভাগ্যমবাপ্য ভু·· পি বা নি।

কুরবঃ পাণ্ডবাশ্চৈব বৃষ্ণয়োঽন্যে চ মানবাঃ।
অহঞ্চ সহ পুত্রেণ অধ্রুবা ইতি চিন্ত্যতাম্ ॥৩০॥
পর্য্যায়েণ বয়ং সর্ব্বে কালেন বলিনা হতাঃ।
পরলোকং গমিষ্যামঃ স্বৈঃ স্বৈঃ কর্ম্মভিরন্বিতাঃ ॥৩১॥
তপস্তপ্ত্বা তু যান্ লোকান্ প্রাপ্নুবন্তি তপস্বিনঃ।
ক্ষত্রধর্ম্মাশ্রিতাঃ শূরাঃ ক্ষত্রিয়াঃ প্রাপ্নুবন্তি তান্ ॥৩২॥
এবমাশ্বাসিতো রাজন্! ভারদ্বাজেন সৈন্ধবঃ।
অপানুদদ্ভয়ং পার্থাদ্‌যুদ্ধায় চ মনো দধে ॥৩৩॥
ততঃ প্রহর্ষঃ সৈন্যানাং তবাপ্যাসীদ্বিশাংপতে!।
বাদিত্রাণাং ধ্বনিশ্চোগ্রঃ সিংহনাদরবৈঃ সহ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াং জয়দ্রথাশ্বাসনে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ননু কথং মে মৃত্যুকৃতং ভয়ং নাস্তীত্যাহ অবাপ্যেতি। মহাভাগ্যং তন্নিবন্ধনং রাজ্যাদি ॥২৯॥
কুরব ইতি। পুত্রেণ অশ্বত্থাম্না, অধ্রুবা অচিরস্থায়িনঃ ॥৩০॥
পর্য্যায়েণেতি। পর্য্যায়েণ কালক্রমেণ। হতাঃ সন্তঃ ॥৩১॥
তপ ইতি। ক্ষত্রধর্ম্মাশ্রিতা এব ন তু বাণিজ্যাদ্যাশ্রিতাঃ ক্ষত্রিয়াঃ ॥৩২॥
এবমিতি। ভারদ্বাজেন দ্রোণেন, সৈন্ধবো জয়দ্রথঃ। অপানুদৎ অপসারিতবান্ ॥৩৩॥
তত ইতি। ততো বীরস্য জয়দ্রথস্যাপি যুদ্ধসঙ্কল্পাৎ। উগ্রো যুদ্ধসম্বন্ধিত্বাৎ ॥৩৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

তা'র পর কৌরব, পাণ্ডব, বৃষ্ণি, অন্যান্য মানুষ এবং পুত্রের সহিত আমি, আমরা সকলেই অচিরস্থায়ী ইহা চিন্তা কর ॥৩০॥

কালক্রমে আমরা সকলেই প্রবল-কাল-কর্ত্তৃক নিহত হইয়া আপন আপন কর্ম্ম লইয়া পরলোকে গমন করিব ॥৩১॥

বিশেষতঃ তপস্বীরা তপস্যা করিয়া যে সকল লোকে গমন করেন, ক্ষত্রধর্ম্মাশ্রিত বীর ক্ষত্রিয়েরা সেই সকল লোকেই যাইয়া থাকেন' ॥৩২॥

রাজা! দ্রোণ এইভাবে আশ্বস্ত করিলে, জয়দ্রথ অর্জ্জুনের ভয় পরিত্যাগ করিয়া যুদ্ধে মনোনিবেশ করিলেন ॥৩৩॥

(৩৪)···তস্য চাসীদ্বিশাংপতে!—নি। * '···দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '··চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

প্রতিজ্ঞাতে তু পার্থেন সিন্ধুরাজবধে তদা।
বাসুদেবো মহাবাহুর্ধনঞ্জয়মভাষত ॥১॥
ভ্রাতৄণাং মতমাজ্ঞায় ত্বয়া বাচা প্রতিশ্রুতম্।
সৈন্ধবং শ্বোঽস্মি হন্তেতি তৎ সাহসমিদং কৃতম্ ॥২॥
অসংমন্ত্র্য ময়া সার্দ্ধমতিভারোঽয়মুদ্যতঃ।
কথং নু সর্বলোকস্য নাবহাস্যা ভবেম হি ॥৩॥
ধার্ত্তরাষ্ট্রস্য শিবিরে ময়া প্রণিহিতাশ্চরাঃ।
ত ইমে শীঘ্রমাগম্য প্রবৃত্তিং বেদয়ন্তি নঃ ॥৪॥

ভারতকৌমুদী

প্রতীতি। মহাবাহুপদস্য ভাষণং প্রত্যনুপকারিত্বাদপুষ্টার্থতাদোষঃ। স চ সোঢ়ব্য আর্ষত্বাৎ ॥১॥

ভ্রাতৄণামিতি। সৈন্ধবং জয়দ্রথম্, শ্বঃ পরদিনে ॥২॥

অসমিতি। উদ্যতো বোঢ়ুমিতি শেষঃ। অপি ত্বশক্তৌ ভবেমৈবেতি ভাবঃ ॥৩॥

নরনাথ! তাহাতে আপনার সৈন্যগণেরও আনন্দ জন্মিল এবং তৎকালে আপনার পক্ষেও সিংহনাদের সহিত ভয়ঙ্কর বাদ্যধ্বনি হইতে লাগিল' ॥৩৪॥

———ঃ*ঃ———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন অর্জ্জুন জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিলে, মহাবাহু কৃষ্ণ অর্জ্জুনকে কহিলেন—॥১॥

'অর্জ্জুন! তুমি ভ্রাতাদের মত জানিয়া 'আগামী কল্য জয়দ্রথকে বধ করিব' এইরূপ বলিয়া যে প্রতিজ্ঞা করিয়াছ, তাহা সাহসের কার্য্য করিয়াছ ॥২॥

তুমি আমার সহিত পরামর্শ না করিয়াই এই গুরুতর ভার বহন করিতে উদ্যত হইয়াছ। ইহাতে আমরা সমস্ত লোকের নিকট উপহাস্য হইব না কেন? ॥৩॥

(২)···ত্বয়া চাপি প্রতিশ্রুতম্···পি।

ত্বয়া বৈ সংপ্রতিজ্ঞাতে সিন্ধুরাজবধে তদা।
সিংহনাদঃ সবাদিত্রৈঃ সুমহানিহ তৈঃ শ্রুতঃ ॥৫॥
তেন শব্দেন বিত্রস্তা ধার্ত্তরাষ্ট্রাঃ সসৈন্ধবাঃ।
নাকস্মাৎ সিংহনাদোঽয়মিতি মত্বা ব্যবস্থিতাঃ ॥৬॥
সুমহান্ শব্দসংপাতঃ কৌরবাণাং মহাভুজ!।
আসীন্নাগাশ্বপত্তীনাং রথঘোষঃ সুভৈরবঃ ॥৭॥
অভিমন্যোর্বধং শ্রুত্বা ধ্রুবমার্ত্তো ধনঞ্জয়ঃ।
রাত্রৌ নির্যাস্যতি ক্রোধাদিতি মত্বা ব্যবস্থিতাঃ ॥৮॥
তৈর্যতদ্ভিরিয়ং সত্যা শ্রুতা সত্যব্রতস্য তে।
প্রতিজ্ঞা সিন্ধুরাজস্য বধে রাজীবলোচন! ॥৯॥

ভারতকৌমুদী

ধার্ত্তেতি। প্রণিহিতাঃ পূর্ব্বমেব স্থাপিতাঃ। প্রবৃত্তিং তত্রত্যং বৃত্তান্তম্ ॥৪॥
ত্বয়েতি। সবাদিত্রৈঃ বাদ্যধ্বনিসহিতঃ। ইহ শিবিরে কৃত ইতি শেষঃ ॥৫॥
তেনেতি। অকস্মাৎ বিনা কারণম্। ব্যবস্থিতা উৎকণ্ঠিতাঃ স্থিতাঃ ॥৬॥
সুমহানিতি। শব্দস্য সম্পাত আবির্ভাবঃ। নাগাশ্বপত্তীনাং হস্ত্যশ্বপদাতীনাম্ ॥৭॥
অভীতি। আর্ত্তঃ শোকেন পীড়িতঃ। নির্যাস্যতি যুদ্ধায় শিবিরাদিতি শেষঃ ॥৮॥

আমি দুর্য্যোধনের শিবিরে কতকগুলি গুপ্তচর রাখিয়াছিলাম; তাহারা সত্বর আসিয়া আমাকে জানাইয়াছে—॥৪॥

তুমি তখন জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিলে, কৌরবেরা এই শিবিরে বাদ্য-ধ্বনির সহিত বিশাল সিংহনাদ শুনিয়াছে ॥৫॥

সেই শব্দে উদ্বিগ্ন হইয়া জয়দ্রথের সহিত ধার্ত্তরাষ্ট্রেরা 'বিনা কারণে এ সিংহনাদ হয় নাই' ইহা ভাবিয়া উৎকণ্ঠিত হইয়া রহিয়াছে ॥৬॥

মহাবাহু! তা'র পর কৌরবপক্ষেও অতিবিশাল কোলাহল এবং হস্তী, অশ্ব, রথ ও পদাতির অতিভয়ঙ্কর শব্দ হইয়াছিল ॥৭॥

কারণ, অর্জ্জুন অভিমন্যুর বধবৃত্তান্ত শুনিয়া শোকার্ত্ত হইয়া নিশ্চয়ই ক্রোধবশতঃ এই রাত্রিতেই যুদ্ধ করিবার জন্য শিবির হইতে নির্গত হইবে ইহা মনে করিয়া কৌরবেরা প্রস্তুত হইয়া রহিয়াছে ॥৮॥

কৌরবেরা যুদ্ধে যত্নবান্ রহিয়াছে; আবার তুমিও সত্যপরায়ণ। সুতরাং পদ্মনয়ন! তোমার এই জয়দ্রথবধের প্রতিজ্ঞা তাহারা সত্য বলিয়াই শুনিয়াছে ॥৯॥

(৫)···সিন্ধুরাজবধে প্রভো···পি বা নি।

ততো বিমনসঃ সর্ব্বে ত্রস্তাঃ ক্ষুদ্রমৃগা ইব।
আসন্ সুযোধনামাত্যাঃ স চ রাজা জয়দ্রথঃ ॥১০॥
অথোত্থায় সহামাত্যৈর্দীনঃ স্বশিবিরাৎ কিল।
আয়াৎ সৌবীরসিন্ধূনামীশ্বরো রাজসংসদম্ ॥১১॥
স মন্ত্রকালে সংমন্ত্র্য সর্ব্বা নৈঃশ্রেয়সীঃ ক্রিয়াঃ।
সুযোধনমিদং বাক্যমব্রবীদ্রাজসংসদি ॥১২॥
মামসৌ পুত্রহন্তেতি শ্বোঽভিযাতা ধনঞ্জয়ঃ।
প্রতিজ্ঞাতো হি সেনায়া মধ্যে তেন বধো মম ॥১৩॥
তাং ন দেবা ন গন্ধর্বা নাসুরোরগরাক্ষসাঃ।
উৎসহন্তেঽন্যথা কর্ত্তুং প্রতিজ্ঞাং সব্যসাচিনঃ ॥১৪॥
তে মাং রক্ষত সংগ্রামে মা বো মূর্দ্ধ্নি ধনঞ্জয়ঃ।
পদং কৃত্বাপ্নুয়াল্লক্ষ্যং তস্মাদত্র বিধীয়তাম্ ॥১৫॥

ভারতকৌমুদী

তৈরিতি। যতদ্ভির্যুদ্ধায় যতমানৈঃ। হে রাজীবলোচন! পদ্মনয়ন! ॥৯॥
তত ইতি। বিমনসো বিষণ্ণচিত্তাঃ, ত্রস্তাঃ সিংহাদিবার্জ্জুনাদ্ভীতাঃ ॥১০॥
অথেতি। দীনো ভয়কাতরঃ। ঈশ্বরঃ পতির্জয়দ্রথঃ ॥১১॥
স ইতি। নৈঃশ্রেয়সীর্মঙ্গলকারিণীঃ, ক্রিয়া আত্মরক্ষাসম্বন্ধিনো ব্যাপারান্ ॥১২॥
মামিতি। শ্বঃ পরদিনে, অভিযাতা অভ্যাগমিষ্যতি ॥১৩॥
তামিতি। উৎসহন্তে শক্নুবন্তি, অন্যথা নিষ্ফলাম্। সব্যসাচিনোঽর্জ্জুনস্য ॥১৪॥

তাহার পর দুর্য্যোধনের অমাত্যেরা এবং সেই জয়দ্রথরাজা ইহারা সকলেই ক্ষুদ্রমৃগের ন্যায় ভীত ও বিষণ্ণচিত্ত হইয়াছিল ॥১০॥

তৎপরে জয়দ্রথ কাতর হইয়া গাত্রোত্থান করিয়া আপন শিবির হইতে রাজসভায় আসিয়াছিল ॥১১॥

ক্রমে জয়দ্রথ মন্ত্রণার সময়ে সমস্ত মঙ্গলজনক কার্য্যের আলোচনা করিয়া রাজসভায় দুর্য্যোধনকে এই কথা বলিয়াছিল—॥১২॥

'আমি পুত্রহন্তা বলিয়া অর্জ্জুন আগামী কল্য আমাকে আক্রমণ করিতে আসিবে। কারণ, সে—সৈন্যগণের মধ্যে আমার বধের প্রতিজ্ঞা করিয়াছে ॥১৩॥

দেবতা, গন্ধর্ব, অসুর, নাগ, কিংবা রাক্ষসেরাও অর্জ্জুনের সেই প্রতিজ্ঞার অন্যথা করিতে সমর্থ হন না ॥১৪॥

(১১)…দীনঃ শিবিরমাত্মনঃ…ঈশ্বরো ভৃশদুঃখিতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

অথ রক্ষা ন মে সংখ্যে ক্রিয়তে কুরুনন্দন ! ।
অনুজানীহি মাং রাজন্ ! গমিষ্যামি গৃহান্ প্রতি ॥১৬॥
এবমুক্তস্ত্ববাক্‌শীর্ষো বিমনাঃ স সুযোধনঃ ।
শ্রুত্বাভিশপ্তবন্তং ত্বাং ধ্যানমেবান্বপদ্যত ॥১৭॥
তমার্ত্তমভিসংপ্রেক্ষ্য রাজা কিল স সৈন্ধবঃ ।
মৃদু চাত্মহিতঞ্চৈব সাক্ষেপমিদমুক্তবান্ ॥১৮॥
নেহ পশ্যামি ভবতাং তথাবীর্য্যং ধনুর্দ্ধরম্ ।
যোঽর্জ্জুনস্যাস্ত্রমস্ত্রেণ প্রতিহন্যান্মহাহবে ॥১৯॥
বাসুদেবসহায়স্য গাণ্ডীবং ধুন্বতো ধনুঃ ।
কোঽর্জ্জুনস্যাগ্রতস্তিষ্ঠেৎ সাক্ষাদপি শতক্রতুঃ ॥২০॥

ভারতকৌমুদী

ত ইতি। পদং স্থানম্। লক্ষ্যং মাম্। বিধীয়তাং যোগ্য উপায় ইতি শেষঃ ॥১৫॥

অথেতি। সংখ্যে যুদ্ধে, ক্রিয়তে যুষ্মাভিঃ। গৃহান্ স্বভবনানি ॥১৬॥

এবমিতি। অবাক্‌শীর্ষঃ অবনতমস্তকঃ। অভিশপ্তবন্তং, প্রতিজ্ঞাতবন্তম্, ধ্যানং চিন্তাম্, অন্বপদ্যত প্রাপ্নোৎ। ইদন্তু পার্থস্য প্রাধান্যসূচনায়। চরৈস্তন্যথোক্তমিতি ন পূর্ব্বেণ সহ বিরোধঃ ॥১৭॥

তমিতি। আর্ত্তং ভয়পীড়িতম্। সৈন্ধবো জয়দ্রথঃ। সাক্ষেপং সানুতাপম্ ॥১৮॥

নেতি। ভবতাং মধ্যে, তথা তাদৃগ্‌বীর্য্যং যস্য তম্। মহাহবে মহাযুদ্ধে ॥১৯॥

বাস্বিতি। বাসুদেবঃ কৃষ্ণঃ সহায়ো যস্য তস্য, ধুন্বতঃ সঞ্চালয়তঃ ॥২০॥

অতএব আপনারা যুদ্ধে আমাকে রক্ষা করিবার উপায় করুন। অর্জ্জুন যেন আপনাদের মস্তকের উপরে থাকিয়া লক্ষ্যলাভ না করে। সুতরাং আপনারা এ বিষয়ে উপযুক্ত উপায় স্থির করুন ॥১৫॥

কৌরবনন্দন রাজা ! পক্ষান্তরে আপনারা যদি আমাকে যুদ্ধে রক্ষা করিতে না পারেন, তবে আমাকে অনুমতি করুন, আমি আপন ভবনে চলিয়া যাই' ॥১৬॥

অর্জ্জুন ! জয়দ্রথ এইরূপ বলিলে, তুমি জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিয়াছ শুনিয়া দুর্য্যোধন অধোবদন ও বিষণ্ণচিত্ত হইয়া চিন্তা করিতে লাগিলেন ॥১৭॥

তখন দুর্য্যোধনকে উদ্বেগপীড়িত দেখিয়া সিন্ধুরাজ জয়দ্রথ অনুতাপের সহিত কোমলভাবে এই আপন হিতের কথা বলিল—॥১৮॥

'রাজা ! আপনাদের মধ্যে সেরূপ বলবান্ ধনুর্দ্ধর আমি দেখিতে পাই না, যিনি মহাযুদ্ধে অস্ত্রদ্বারা অর্জ্জুনের অস্ত্র প্রতিহত করিতে পারেন ॥১৯॥

(১৬)···সম্যক্ ক্রিয়তে···পি। (১৮)···সাপেক্ষমিদমুক্তবান্···বা বঙ্গ বর্দ্ধ নি।

মহেশ্বরোঽপি পার্থেন শ্রূয়তে যোধিতঃ পুরা।
পদাতিনা মহাতেজা গিরৌ হিমবতি প্রভুঃ ॥২১॥
দানবানাং সহস্রাণি হিরণ্যপুরবাসিনাম্।
জঘানৈকরথেনৈব দেবরাজপ্রচোদিতঃ ॥২২॥
সমাযুক্তো হি কৌন্তেয়ো বাসুদেবেন ধীমতা।
সামরানপি লোকাংস্ত্রীন্ নিহন্যাদিতি মে মতিঃ ॥২৩॥
সোঽহমিচ্ছাম্যনুজ্ঞাতং রক্ষিতং বা মহাত্মনা।
দ্রোণেন সহপুত্রেণ বীরেণ যদি মন্যসে ॥২৪॥
স রাজ্ঞা স্বয়মাচার্য্যো ভৃশমাক্রন্দিতোঽর্জ্জুন!।
সংবিধানঞ্চ বিহিতং রথাশ্চ কিল সজ্জিতাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

মহেশ্বর ইতি। মহেশ্বরঃ কিরাতরূপী। পদাতিনা পাদচারিণা ॥২১॥

কিন্তু তাঁহাদের তাদৃশ কার্য্য আপনাকে পাইয়া একেবারে নিষ্ফল হইয়া গিয়াছে। যে হেতু আপনি পিতা হইয়াও রাজ্যলোভে তাঁহাদিগকে রাজ্য হইতে নির্বাসিত করিয়া দিয়াছেন ॥১৬॥

রাজা ! আপনি আবার যে যুদ্ধের সময়ে বহুপ্রকার দোষের উল্লেখ করিয়া পুত্রদিগকে নিন্দা করিতেছেন, ইহা এখন আপনার সঙ্গত হইতেছে না ॥১৭॥

ক্ষত্রিয়েরা রণস্থলে যুদ্ধ করতঃ জীবন রক্ষা করিতেছেন না; তাঁহারা পাণ্ডবগণের সৈন্যমধ্যে প্রবেশ করিয়াই যুদ্ধ করিতেছেন ॥১৮॥

মহারাজ ! ভীম, অর্জ্জুন, কৃষ্ণ ও সাত্যকি যে সৈন্য রক্ষা করেন, কৌরব-ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সে সৈন্যের সহিত যুদ্ধ করিতে পারে ? ॥১৯॥

(১৬) তেষাং তত্তাদৃশং কর্ম্ম · যৎ পিত্রাদ্ভ্রংশিতা রাজ্যাৎ ··বা নি। (১৭)···ন তদদ্যোপপদ্যতে—বা নি। (১৯)···রক্ষেরন্ কোঽন্ তাং যুধ্যেৎ···বা নি,···অন্যত্র কৌরবৈঃ—পি বা বঙ্গ বর্দ্ধ। (২০)·· সাত্যকির্যোদ্ধা যেষাং যোদ্ধা বৃকোদরঃ—বা নি।

কো হি তান্ বিষহেদ্‌যোদ্ধুং মর্ত্ত্যধর্ম্মা ধনুর্দ্ধরঃ।
অন্যত্র কৌরবেয়েভ্যো যে বা তেষাং পদানুগাঃ ॥২১॥ (যুগ্মকম্)
যাবত্তু শক্যতে কর্ত্তুমন্তরঙ্গৈর্জনাধিপৈঃ।
ক্ষত্রধর্ম্মপরৈঃ শূরৈস্তাবৎ কুর্ব্বন্তি কৌরবাঃ ॥২২॥
যথা তু পুরুষব্যাঘ্রৈর্যুদ্ধং পরমসঙ্কটম্।
কুরূণাং পাণ্ডবৈঃ সার্দ্ধং তৎ সর্ব্বং শৃণু তত্ত্বতঃ ॥২৩॥
তস্যাং নিশায়াং ব্যুষ্টায়াং দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ।
স্বান্যনীকানি সর্বাণি প্রাক্রামদ্‌ব্যূহিতুং ততঃ ॥২৪॥
শূরাণাং গর্জ্জতাং রাজন্! সংক্রুদ্ধানামমর্ষিণাম্।
শ্রূয়ন্তে হি গিরশ্চিত্রাঃ পরস্পরবধৈষিণাম্ ॥২৫॥

ভারতকৌমুদী

যেষামিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা জিতনিদ্রোঽর্জ্জুনঃ। গোপ্তা রক্ষিতা। বিষহেৎ শক্নুয়াৎ, মর্ত্ত্যধর্ম্মা মানুষঃ। অন্যত্রান্যঃ। পদানুগা অনুচরাঃ ॥২০—২১॥

যাবদিতি। অন্তরঙ্গৈরাত্মীয়ৈর্জনাধিপৈরিতি করণে তৃতীয়া ॥২২॥

যথেতি। যুদ্ধমভবদিতি শেষঃ, পরমসঙ্কটম্ অতীববিষমম্ ॥২৩॥

তস্যামিতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম্। স্বানি স্বকীয়ানি অনীকানি সৈন্যানি ॥২৪॥

শূরাণামিতি। অমর্ষিণাং বিলম্বাসহিষ্ণূনাম্। গিরো গর্ববাক্যানি ॥২৫॥

যাঁহাদের যোদ্ধা—অর্জ্জুন, যাঁহাদের মন্ত্রী—কৃষ্ণ এবং যাঁহাদের রক্ষক—সাত্যকি ও ভীমসেন, কৌরবগণ বা যাহারা তাঁহাদের অনুচর, তদ্ভিন্ন অন্য কোন্ ধনুর্দ্ধর মানুষ সেই পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয়? ॥২০—২১॥

কৌরবেরা ক্ষত্রিয়ধর্ম্মপরায়ণ ও বীর অন্তরঙ্গ ক্ষত্রিয়গণদ্বারা যত দূর কার্য্য করিতে পারেন, তাহা করিয়াছেন ॥২২॥

সে যাহা হউক, পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণের সহিত কৌরবগণের যেরূপ পরম-সঙ্কট যুদ্ধ হইয়াছিল, সে সমস্ত আপনি যথাযথভাবে শ্রবণ করুন ॥২৩॥

সেই রাত্রি প্রভাত হইলে, অস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ স্বকীয় সমস্ত সৈন্যকে ব্যূহরূপে সন্নিবেশিত করিতে আরম্ভ করিলেন ॥২৪॥

রাজা! তৎকালে ক্রুদ্ধ, বিলম্বাসহিষ্ণু, গর্জ্জনকারী ও পরস্পরবধৈষী বীরগণের বিচিত্র বাক্য সকল শুনা যাইতে লাগিল ॥২৫॥

(২২) যাবন্ন শক্যতে কর্ত্তুম্···পি। (২৩) ইতঃ পরম্ 'চতুরশীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ বর্দ্ধ, '···ষড়শীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি।

বিস্ফার্য্য চ ধনূংষ্যন্যে জ্যাঃ করৈঃ পরিমৃজ্য চ।
বিনিশ্বসন্তঃ প্রাক্রোশন্ ক্বেদানীং স ধনঞ্জয়ঃ ॥২৬॥
বিকোষান্ সুৎসরূনন্যে কৃতধারান্ সমাহিতান্।
পীতানাকাশসঙ্কাশানসীন্ কেচিচ্চ চিক্ষিপুঃ ॥২৭॥
চরন্তস্ত্বসিমার্গাংশ্চ ধনুর্মার্গাংশ্চ শিক্ষয়া।
সংগ্রামমনসঃ শূরা দৃশ্যন্তে স্ম সহস্রশঃ ॥২৮॥
সঘণ্টাশ্চন্দনাদিগ্ধাঃ স্বর্ণবজ্রবিভূষিতাঃ।
সমুৎক্ষিপ্য গদাশ্চান্যে পর্য্যপৃচ্ছন্ত পাণ্ডবম্ ॥২৯॥
অন্যে বলমদোন্মত্তাঃ পরিঘৈর্বাহুশালিনঃ।
চক্রুঃ সংবাধমাকাশমুচ্ছ্রিতেন্দ্রধ্বজোপমৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

বিস্ফার্য্যেতি। জ্যাঃ ধনুগুর্ণম্। প্রাক্রোশন্ উচ্চৈরবদন্ ॥২৬॥

বিকোষানিতি। শোভনাঃ ত্সরবো মুষ্টিদেশা যেষাং তান্। পীতান্ প্রাকপীতরক্তান ॥২৭॥

চরন্ত ইতি। অসিমার্গান্ অসিযুদ্ধপথান্, ধনুর্মার্গান্ ধনুর্যুদ্ধপথাংশ্চ ॥২৮॥

সেতি। চন্দনৈরাদিগ্ধাঃ সম্যগ্লিপ্তাঃ। স্বর্ণৈর্বজ্রৈর্হীরকৈশ্চ বিভূষিতাঃ। পাণ্ডবং ভীমম্ ॥২৯॥

অন্য ইতি। পরিঘৈর্লগুড়াকারশস্ত্রৈঃ। সংবাধং পূর্ণম্ ॥৩০॥

অনেক বীর ধনু বিস্ফারণপূর্ব্বক হস্তদ্বারা তাহার গুণ মার্জনা করিয়া নিশ্বাসত্যাগ করতঃ উচ্চস্বরে বলিতে লাগিলেন যে, 'এখন সে অর্জ্জুন কোথায় ?' ॥২৬॥

কতকগুলি যোদ্ধা কোষমুক্ত, সুন্দরমুষ্টিযুক্ত, সুধার, সুষ্ঠুনির্ম্মিত, পূর্ব্বে পীতরক্ত ও আকাশের ন্যায় নির্ম্মল তরবারি সকল সঞ্চালন করিতে থাকিল ॥২৭॥

যুদ্ধার্থী সহস্র সহস্র বীরকে আপন আপন শিক্ষা অনুসারে অসিযুদ্ধের পথে ও ধনুর্যুদ্ধের পথে বিচরণ করিতে দেখা গেল ॥২৮॥

অন্য বীরেরা কিঙ্কিণীযুক্ত, চন্দনলিপ্ত এবং স্বর্ণ ও হীরকভূষিত গদা সকল উত্তোলন করিয়া 'ভীম কোথায়' বলিয়া জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥২৯॥

বলমদে উন্মত্ত ও প্রশস্তবাহু অপর বীরেরা উত্তোলিত ইন্দ্রধ্বজের তুল্য পরিঘদ্বারা আকাশকে পরিপূর্ণ করিয়া ফেলিলেন ॥৩০॥

(২৬)...জ্যাঃ পরে পরিমৃজ্য চ...বা নি। (২৮)...ধনুর্মার্গাংশ্চ শিক্ষিতাঃ... নি।

নানাপ্রহরণৈশ্চান্যে বিচিত্রস্রগলঙ্কৃতাঃ।
সংগ্রামমনসঃ শূরাস্তত্র তত্র ব্যবস্থিতাঃ ॥৩১॥
ক্বার্জ্জুনঃ ক্ব স গোবিন্দঃ ক্ব চ মানী বৃকোদরঃ।
ক্ব চ তে সুহৃদস্তেষামাহ্বয়ন্তো রণে তদা ॥৩২॥ (যুগ্মকম্)
ততঃ শঙ্খমুপাধ্মায় ত্বরয়ন্ বাজিনঃ স্বয়ম্।
ইতস্ততস্তান্ রচয়ন্ দ্রোণশ্চরতি বেগিতঃ ॥৩৩॥
তেষ্বনীকেষু সর্ব্বেষু স্থিতেষ্বাহবনন্দিষু।
ভারদ্বাজো মহারাজ! জয়দ্রথমথাব্রবীৎ ॥৩৪॥
ত্বঞ্চৈব সৌমদত্তিশ্চ কর্ণশ্চৈব মহারথঃ।
অশ্বত্থামা চ শল্যশ্চ বৃষসেনঃ কৃপস্তথা ॥৩৫॥

ভারতকৌমুদী

নানেতি। নানাপ্রহরণৈরনেকৈরস্ত্রৈর্যুক্তাঃ, বিচিত্রাভিঃ স্রগ্‌ভির্মালাভিরলঙ্কৃতাঃ। মানী গর্ব্বী। সুহৃদো ধৃষ্টদ্যুম্নাদয়ঃ। আহ্বয়ন্তঃ, তানর্জ্জুনাদীনেবেতি শেষঃ ॥৩১—৩২॥

তত ইতি। ত্বরয়ন্ ত্বরয়া চালয়ন্। রচয়ন্ ব্যূহে স্থাপয়ন্ ॥৩৩॥

তেষ্বিতি। অনীকেষু সৈন্যেষু। আহবনন্দিষু যুদ্ধামোদিষু। ভারদ্বাজো দ্রোণঃ ॥৩৪॥

ত্বমিতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। প্রভিন্নানাং মদস্রাবিণাম্। দংশিতানি সন্নদ্ধানি।

ভারতভাবদীপঃ

হস্তেতি ॥১—৬॥ তে তব বুদ্ধের্ব্যভিচারং বৈষম্যম্ উপলপ্স্যান্তাস্তভবিষ্যন্তি ॥৭—১১॥ মন্যতে বহু মন্যতে ॥১২—১৩॥ অপবৃত্তং সাংশয়িকং যত্ত্বেবং ন করিষ্যতি, তর্হি অস্ত্রজ্ঞৈরবসরবেদিভিঃ ॥১৪—২৬॥ পীতান্ পারিতোদকান্ ॥২৭—৩১॥ ক্ব চেতি চকার ইত্যর্থে ইত্যাহ্বয়ন্ত

নানাবিধপ্রহরণধারী ও বিচিত্রমাল্যে বিভূষিত যুদ্ধার্থী অন্য বীরেরা 'অর্জ্জুন কোথায়, সে কৃষ্ণ কোথায়, অভিমানী ভীম কোথায় এবং তাহাদের সেই বন্ধুবর্গই বা কোথায়?' এইরূপ জিজ্ঞাসা করিতে থাকিয়া যুদ্ধে তাঁহাদিগকে আহ্বান করতঃ সেই সেই স্থানে অবস্থান করিতে লাগিলেন ॥৩১—৩২॥

তদনন্তর দ্রোণ শঙ্খধ্বনি করিয়া করিয়া নিজেই অশ্বগুলিকে সত্বর চালাইতে থাকিয়া ইতস্ততঃ সৈন্যগণকে সংস্থাপন করতঃ বেগে বিচরণ করিতে থাকিলেন ॥৩৩॥

মহারাজ! যুদ্ধামোদী সেই সমস্ত সৈন্য যথাস্থানে অবস্থিত হইলে, দ্রোণ জয়দ্রথকে বলিলেন—॥৩৪॥

(৩২)···আহ্বয়ন্তে রণে তদা—নি।

শতঞ্চাশ্বসহস্রাণাং রথানামযুতানি ষট্।
দ্বিরদানাং প্রভিন্নানাং সহস্রাণি চতুর্দ্দশ ॥৩৬॥
পদাতীনাং সহস্রাণি দংশিতান্যেকবিংশতিঃ।
গব্যূতিষু ত্রিমাত্রাসু মামনাসাদ্য তিষ্ঠত ॥৩৭॥ (বিশেষকম্)
তত্রস্থং ত্বাং ন সংসোঢ়ুং শক্তা দেবাঃ সবাসবাঃ।
কিং পুনঃ পাণ্ডবাঃ সর্বে সমাশ্বসিহি সৈন্ধব! ॥৩৮॥
এবমুক্তঃ সমাশ্বস্তঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ।
সংপ্রায়াৎ সহ গান্ধারৈর্বৃতস্তৈশ্চ মহারথৈঃ।
বর্ম্মিভিঃ সাদিভির্যত্তৈঃ প্রাসপাণিভিরাস্থিতৈঃ ॥৩৯॥
চামরাপীড়িনঃ সর্ব্বে জাম্বূনদবিভূষিতাঃ।
জয়দ্রথস্য রাজেন্দ্র! হয়াঃ সাধুপ্রবাহিণঃ।
তে চৈব সপ্তসাহস্রা দ্বিসাহস্রাশ্চ সৈন্ধবাঃ ॥৪০॥

ভারতকৌমুদী

গব্যূতিষু ক্রোশযুগেষু "গব্যূতিঃ স্ত্রী ক্রোশযুগম্" ইত্যমরঃ, তিস্রো মাত্রাঃ সংখ্যা যাসাং তাসু ব্যূহমধ্য এব ষট্ক্রোশপরিমিতদেব ইত্যর্থঃ, মামনাসাদ্য অপ্রাপ্য যূয়ং তিষ্ঠত ॥৩৫—৩৭॥

তত্রস্থমিতি। সংসোঢ়ুং ন শক্তা মহাবীরগণপরিবৃতত্বাৎ। সবাসবাঃ সেন্দ্রাঃ ॥৩৮॥

এবমিতি। গান্ধারৈর্গান্ধারদেশীয়সৈন্যৈঃ, তৈঃ সৌমদত্তিপ্রভৃতিভিঃ। সাদিভিরশ্বারোহিভিঃ, যত্তৈর্জয়দ্রথরক্ষায়াং যত্নবদ্ভিঃ। আস্থিতৈর্বাহনান্যারূঢ়ৈঃ। ষট্পঞ্চাশৎ শ্লোকঃ ॥৩৯॥

চামরেতি। চামরাপীড়িনঃ চামররূপশেখরধারিণঃ, জাম্বূনদবিভূষিতাঃ স্বর্ণালঙ্কারালঙ্কৃতাঃ।

'জয়দ্রথ! তুমি, ভূরিশ্রবা, মহারথ কর্ণ, অশ্বত্থামা, শল্য, বৃষসেন, কৃপ, একলক্ষ অশ্বারোহী, ষাট্হাজার রথী, চৌদ্দহাজার মদস্রাবী হস্তী এবং যুদ্ধসজ্জায় সজ্জিত একুশ হাজার পদাতি—তোমরা আমা হইতে ছয় ক্রোশ দূরে যাইয়া অবস্থান কর ॥৩৫—৩৭॥

তুমি সেইখানে থাকিলে, ইন্দ্রের সহিত দেবতারাও তোমার সহিত যুদ্ধ করিতে সমর্থ হইবেন না; তাহাতে পাণ্ডবেরা আর সমর্থ হইবে কিরূপে? অতএব জয়দ্রথ! তুমি আশ্বস্ত থাক' ॥৩৮॥

দ্রোণ এইরূপ বলিলে, সিন্ধুরাজ জয়দ্রথ বিশেষ আশ্বস্ত হইয়া গান্ধারদেশীয়সৈন্য, সেই সমস্ত মহারথ এবং বর্ম্মধারী, প্রাসহস্ত, অশ্ববাহনারূঢ় ও যত্নবান্ সাদিসৈন্যগণে পরিবেষ্টিত হইয়া সেইস্থানে চলিয়া গেলেন ॥৩৯॥

(৩৯)·· প্রাসপাণিহয়স্থিতৈঃ—নি।

মত্তানাং স্বধিরূঢ়ানাং হস্ত্যারোহৈর্বিশারদৈঃ।
নাগানাং ভীমরূপাণাং বর্ম্মিণাং রৌদ্রকর্ম্মিণাম্ ॥৪১॥
অধ্যর্দ্ধেন সহস্রেণ পুত্রো দুর্ম্মর্ষণস্তব।
অগ্রতঃ সর্ব্বসৈন্যানাং যুধ্যমানো ব্যতিষ্ঠত ॥৪২॥ (যুগ্মকম্)
ততো দুঃশাসনশ্চৈব বিকর্ণশ্চ তবাত্মজৌ।
সিন্ধুরাজার্থসিদ্ধ্যর্থমগ্রানীকে ব্যবস্থিতৌ ॥৪৩॥
দীর্ঘো দ্বাদশগব্যূতিঃ পশ্চার্দ্ধে পঞ্চবিস্তৃতঃ।
ব্যূহঃ স চক্রশকটো ভারদ্বাজেন নির্ম্মিতঃ ॥৪৪॥
নানানৃপতিভির্বীরৈস্তত্র তত্র ব্যবস্থিতৈঃ।
রথাশ্বগজপত্ত্যোঘৈর্দ্রোণেন বিহিতঃ স্বয়ম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

হয়া রথাশ্বাঃ, সাধুপ্রবাহিণঃ সুষ্ঠুরথচালকাঃ। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ পদাতয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

মত্তানামিতি। নাগানাং হস্তিনাম্। অধি অধিকমর্দ্ধং যস্য তেন ॥৪১—৪২॥

তত ইতি। সিন্ধুরাজস্য অর্থসিদ্ধ্যর্থং জীবনরক্ষার্থম্, অগ্রানীকে সৈন্যাগ্রে ॥৪৩॥

দীর্ঘ ইতি। দ্বাদশগব্যূতিঃ চতুর্বিংশতিক্রোশঃ, পশ্চার্দ্ধে পশ্চাদ্ভাগে, পঞ্চবিস্তৃতঃ পঞ্চগব্যূতিপরিমাণেন বিস্তৃতঃ। অতএব চক্রশকটো নাম পশ্চার্দ্ধে চক্ররূপত্বাৎ সম্মুখে চ শকটাকারত্বাৎ ॥৪৪॥

নানেতি। বিহিতঃ স চক্রশকটো নাম ব্যূহঃ ॥৪৫॥

রাজশ্রেষ্ঠ! তৎকালে চামরশেখর ও স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত জয়দ্রথের অশ্ব সকল সুন্দরভাবে তাঁহার রথ বহন করিতে লাগিল এবং সপ্তসহস্র ও দ্বিসহস্র সিন্ধুদেশীয় পদাতিও তাঁহার সঙ্গে গমন করিল ॥৪০॥

ভয়ঙ্করমূর্ত্তি, বর্ম্মাবৃতদেহ ও ভীষণকার্য্যকারী মত্ত হস্তিসমূহে আরূঢ় যুদ্ধবিশারদ সার্দ্ধসহস্র যোদ্ধার সহিত মিলিত হইয়া আপনার পুত্র দুর্ম্মর্ষণ সমস্ত কৌরবসৈন্যের সম্মুখে যুদ্ধার্থী হইয়া রহিলেন ॥৪১—৪২॥

তাহার পর আপনার পুত্র দুঃশাসন ও বিকর্ণ জয়দ্রথকে রক্ষা করিবার জন্য সৈন্যের অগ্রভাগে রহিলেন ॥৪৩॥

চতুর্বিংশতিক্রোশ দীর্ঘ এবং পশ্চাদ্ভাগে দশক্রোশ বিস্তৃত সেই 'চক্রশকট'-নামক ব্যূহ দ্রোণই নির্ম্মাণ করিলেন ॥৪৪॥

---

(৪১) মত্তানাং সুবিরূঢ়ানাম্…বা নি।

পশ্চার্দ্ধে তস্য পদ্মস্তু গর্ভব্যূহঃ সুদুর্ভিদঃ।
সূচী পদ্মস্য গর্ভস্থো গূঢ়ো ব্যূহঃ কৃতঃ পুনঃ ॥৪৬॥
এবমেতং মহাব্যূহং ব্যূহ্য দ্রোণো ব্যবস্থিতঃ।
সূচীমুখে মহেষ্বাসঃ কৃতবর্ম্মা ব্যবস্থিতঃ ॥৪৭॥
অনন্তরঞ্চ কাম্বোজো জলসন্ধশ্চ মারিষ!।
দুর্য্যোধনঃ সহামাত্যস্তদনন্তরমেব চ ॥৪৮॥
ততঃ শতসহস্রাণি যোধানামনিবর্ত্তিনাম্।
ব্যবস্থিতানি সর্ব্বাণি শকটে মুখরক্ষিণাম্ ॥৪৯॥
তেষাঞ্চ পৃষ্ঠতো রাজা বলেন মহতাবৃতঃ।
জয়দ্রথস্ততো রাজন্! সূচীপার্শ্বে ব্যবস্থিতঃ ॥৫০॥

ভারতকৌমুদী

পশ্চার্দ্ধ ইতি। পদ্মো নাম গোলাকারত্বাৎ। সূচী নাম, সূক্ষ্মমুখত্বাৎ ॥৪৬॥
এবমিতি। ব্যূহ্য বিধায়। সূচীমুখে সূচীব্যূহাগ্রে ॥৪৭॥
অনন্তরমিতি। ব্যবস্থিত ইত্যনুবর্ত্ততে ॥৪৮॥
তত ইতি। শতসহস্রাণি বহুলক্ষাণি, অনিবর্ত্তিনামপলায়িনাম্ ॥৪৯॥

উপযুক্ত স্থানে অবস্থিত নানাদেশীয় বীর রাজগণ এবং হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহদ্বারা স্বয়ং দ্রোণাচার্য্য সেই ব্যূহ রচনা করিয়াছিলেন ॥৪৫॥

সেই চক্রশকটব্যূহের পশ্চাদ্ভাগে 'পদ্ম'-নামে একটা অতিদুর্ভেদ্য গর্ভব্যূহ, আবার সেই পদ্মব্যূহের মধ্যে 'সূচী'-নামে আর একটা গুপ্ত ব্যূহ করিয়াছিলেন ॥৪৬॥

দ্রোণাচার্য্য এইরূপ মহাব্যূহ রচনা করিয়া অবস্থান করিতে লাগিলেন এবং মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মা সেই সূচীব্যূহের সম্মুখে রহিলেন ॥৪৭॥

মাননীয় রাজা! তৎপরে কাম্বোজদেশীয় জলসন্ধ থাকিলেন, তাহার পর আবার অমাত্যগণের সহিত মিলিত হইয়া দুর্য্যোধন রহিলেন ॥৪৮॥

তদনন্তর ব্যূহমুখরক্ষক অনিবর্ত্তী বহুলক্ষ যোদ্ধা শকটব্যূহের সম্মুখে থাকিলেন ॥৪৯॥

রাজা! তাঁহাদের পিছনে সেই সূচীব্যূহের একপার্শে বিশাল সৈন্য পরিবেষ্টিত হইয়া রাজা জয়দ্রথ রহিলেন ॥৫০॥

(৪৬)·· গর্ভব্যূহঃ পুনঃ কৃতঃ···নি। (৪৮)···দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ·· বা নি।

শকটস্য তু রাজেন্দ্র! ভারদ্বাজো মুখে স্থিতঃ।
অনু তস্যাভবদ্ভোজো জুগোপৈনং ততঃ স্বয়ম্ ॥৫১॥
শ্বেতবর্ম্মাম্বরোষ্ণীষো ব্যূঢ়োরস্কো মহাভুজঃ।
ধনুর্বিস্ফারয়ন্ দ্রোণস্তস্থৌ ক্রুদ্ধ ইবান্তকঃ ॥৫২॥
পতাকিনং শোণহয়ং বেদীকৃষ্ণাজিনধ্বজম্।
দ্রোণস্য রথমালোক্য প্রহৃষ্টাঃ কুরবোঽভবন্ ॥৫৩॥
সিদ্ধচারণসংঘানা. বিস্ময়ঃ সুমহানভূৎ।
দ্রোণেন বিহিতং দৃষ্ট্বা ব্যূহং ক্ষুব্ধার্ণবোপমম্ ॥৫৪॥
সশৈলসাগরবনাং নানাজনপদাকুলাম্।
গ্রসেদ্‌ব্যূহঃ ক্ষিতিং সর্ব্বামিতি ভূতানি মেনিরে ॥৫৫॥

ভারতকৌমুদী

তেষামিতি। সূচ্যাঃ সূচীব্যূহস্য পার্শ্বে ব্যবস্থিতঃ, অর্জ্জুনস্য সরলদৃষ্টিপরিহারার্থম্ ॥৫০॥
শকটস্যেতি। অনু পশ্চাৎ, ভোজো ভোজরাজঃ, জুগোপ ররক্ষ, এনং দ্রোণম্ ॥৫১॥
শ্বেতেতি। ব্যূঢ়োরস্কো বিশালবক্ষাঃ ॥৫২॥
পতাকিনমিতি। শোণা রক্তবর্ণা হয়া অশ্বা যস্য তম্, বেদী কৃষ্ণাজিনঞ্চ ধ্বজে যস্য তম্ ॥৫৩॥
সিদ্ধেতি। সিদ্ধচারণসংঘানাম্ আকাশবর্ত্তিনাম্। ক্ষুব্ধার্ণবোপমমুদ্বেলিতসমুদ্রতুল্যম্ ॥৫৪॥
সেতি। নানাজনপদৈরাকুলাং ব্যাপ্তাম্। ভূতানি দেবাদয়ঃ প্রাণিনঃ ॥৫৫॥

আর রাজশ্রেষ্ঠ! স্বয়ং দ্রোণাচার্য্য সেই চক্রশকটব্যূহের মুখে থাকিলেন এবং তাঁহার পশ্চাদ্ভাগে ভোজরাজ থাকিয়া তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন ॥৫১॥

শ্বেতবর্ম্ম, শ্বেতবস্ত্র ও শ্বেতোষ্ণীষধারী, বিশালবক্ষা ও মহাবাহু দ্রোণ ধনু বিস্ফারিত করিয়া ক্রুদ্ধ যমের ন্যায় অবস্থান করিতে থাকিলেন ॥৫২॥

পতাকাযুক্ত, রক্তাশ্বচালিত এবং বেদী ও কৃষ্ণাজিনশোভিতধ্বজশালী দ্রোণের রথ দেখিয়া কৌরবেরা আনন্দিত হইলেন ॥৫৩॥

দ্রোণনির্ম্মিত ক্ষুব্ধসমুদ্রতুল্য ব্যূহ দেখিয়া আকাশবর্ত্তী সিদ্ধ-চারণসমূহের গুরুতর বিস্ময় জন্মিল ॥৫৪॥

তখন সমস্ত প্রাণীই মনে করিল যে, এই ব্যূহটা পর্ব্বত, সমুদ্র, বন ও নানাদেশযুক্ত সমগ্র পৃথিবীটাকেই গ্রাস করিবে ॥৫৫॥

বহুরথমনুজাশ্বপত্তিনাগং প্রতিভয়নিস্বনমদ্ভুতানুরূপম্ ।
অহিতহৃদয়ভেদনং মহদ্বৈ শকটমবেক্ষ্য ননন্দ রাজা ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে কৌরবব্যূহনির্ম্মাণে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ।

——:০:——

সঞ্জয় উবাচ ।

ততো ব্যূঢ়েম্বনীকেষু সমুৎক্রুষ্টেষু মারিষ ! ।
তাড্যমানাসু ভেরীষু মৃদঙ্গেষু নদৎসু চ ॥১॥
অনীকানাঞ্চ নির্হ্রাদে বাদিত্রাণাঞ্চ নিস্বনে ।
প্রধ্মাপিতেষু শঙ্খেষু সন্নাদে লোমহর্ষণে ॥২॥

ভারতকৌমুদী

বহ্বিতি । রাজা দুর্য্যোধনঃ, বহবো রথাঃ মনুজাঃ অশ্বাঃ পত্তয়ঃ পদাতয়ঃ নাগা হস্তিনশ্চ যত্র তৎ, প্রতিভয়া ভয়ঙ্করা নিস্বনা যত্র তৎ, অদ্ভুতানুরূপম্ আশ্চর্য্যরূপম্, অহিতহৃদয়ানাং শত্রুবক্ষসাং ভেদনং বিদারকম্, মহৎ, শকটং চক্রশকটব্যূহম্, অবেক্ষ্য দৃষ্ট্বা ননন্দ ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তত ইতি । ব্যূঢ়েষু ব্যূহরূপেণ সন্নিবেশিতেষু, সমুৎক্রুষ্টেষু যুদ্ধার্থমাহ্বয়ৎসু । নির্হ্রাদে

ভারতভাবদীপঃ

ইত্যন্বয়ঃ ॥৩২—৩৬॥ ত্রিষু মাত্রাসু ত্রিসংখ্যাসু তিস্রষিত্যর্থঃ ॥৩৭—৪৫॥ পশ্চার্দ্ধে পশ্চাদ্ভাগে, পক্ষগব্যূতিঃ চক্রশকটঃ চক্রগর্ভঃ শকটঃ ॥৪৬—৫৫॥ অদ্ভুতানুরূপমাশ্চর্য্যবচনম্ ॥৫৬॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৫॥

বহুতর রথ, মানুষ, অশ্ব, পদাতি ও গজযুক্ত, ভয়ঙ্করগর্জনকারী, আশ্চর্য্যরূপ ও শত্রুগণের হৃদয়বিদারক সেই বিশাল শকটব্যূহ দেখিয়া দুর্য্যোধনও আনন্দিত হইলেন ॥৫৬॥

'...পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি ।

অভিহারয়ৎসু শনকৈর্ভরতেষু যুযুৎসুষু।
রৌদ্রে মুহূর্ত্তে সংপ্রাপ্তে সব্যসাচী ব্যদৃশ্যত ॥৩॥ (বিশেষকম্)
বলানাং বায়সানাঞ্চ পুরস্তাৎ সব্যসাচিনঃ।
বহুলানি সহস্রাণি প্রাক্রীড়ংস্তত্র ভারত ! ॥৪॥
মৃগাশ্চ ঘোরসন্নাদাঃ শিবাশ্চাশিবদর্শনাঃ।
দক্ষিণেন প্রয়াতানামস্মাকং প্রাণদংস্তথা ॥৫॥
সনির্ঘাতা জ্বলন্ত্যশ্চ পেতুরুল্কাঃ সহস্রশঃ।
চচাল চ মহী কৃৎস্না ভয়ে ঘোরে সমুত্থিতে ॥৬॥
বিষ্বগ্‌বাতাঃ সনির্ঘাতা রূক্ষাঃ শর্করবর্ষিণঃ।
ববুরায়াতি কৌন্তেয়ে সংগ্রামে সমুপস্থিতে ॥৭॥

ভারতকৌমুদী

সিংহনাদে জায়মানে। প্রধ্মাপিতেষু বাদিতেষু, সন্নাদে কোলাহলে সতি। অভিহারয়ৎসু অস্ত্রান্যাবিষ্কুর্বৎসু। যুযুৎসুষু যোদ্ধুমিচ্ছুষু। সব্যসাচী অর্জ্জুনঃ, ব্যদৃশ্যত অস্মাভিঃ ॥১—৩॥

বলানামিতি। বলানাং সাধারণকাকানাম্, বায়সানাং দ্রোণকাকানাম্ ॥৪॥

মৃগা ইতি। মৃগাঃ কুক্কুরাদয়ঃ পশবঃ, শিবাঃ শৃগালাঃ, অশিবদর্শনা অস্মাকং দক্ষিণদিগ্‌বর্ত্তিত্বা-দেবাস্মাকমমঙ্গলদর্শনাঃ, "বামে শবশিবাকুম্ভা দক্ষিণে গোমৃগদ্বিজাঃ" ইত্যুক্তেঃ ॥৫॥

সেতি। নির্ঘাতো বাতাহতবাতপাত ইত্যুক্তং সপ্রমাণং প্রাক্। ঘোরে মহতি ॥৬॥

বিষ্বগিতি। বিষ্বগ্‌বাতাঃ সমন্তাদ্বায়বঃ। শর্করবর্ষিণঃ ক্ষুদ্রক্ষুদ্রপ্রস্তরখণ্ডবর্ষিণঃ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় রাজা! তাহার পর ব্যূহরূপে সন্নিবেশিত কৌরবপক্ষীয় সৈন্যেরা যুদ্ধার্থে আহ্বান করিতে লাগিল; ভেরী ও মৃদঙ্গের বাদ্য হইতে থাকিল; সৈন্যগণের সিংহনাদ, অন্যান্য বাদ্যধ্বনি, শঙ্খের শব্দ ও লোমহর্ষণ কোলাহল চলিতে লাগিল এবং ভরতবংশীয় যুদ্ধার্থীরা ধীরে ধীরে অস্ত্র নিষ্কাশিত করিতে লাগিলেন; এইরূপ রৌদ্র মুহূর্ত্ত উপস্থিত হইলে অর্জ্জুন আমাদের দৃষ্টিগোচর হইলেন ॥১—৩॥

ভরতনন্দন! তখন অর্জ্জুনের সম্মুখে আকাশে বহুসহস্র সাধারণ কাক ও দ্রোণকাক খেলা করিয়া করিয়া উড়িতে লাগিল ॥৪॥

আমরা অগ্রসর হইতে লাগিলে, আমাদের দক্ষিণদিকে ভয়ঙ্করস্বর ও অমঙ্গলদর্শন পশুগণ ও শৃগালগণ রব করিতে থাকিল ॥৫॥

মহাভয় উপস্থিত হইলে, নির্ঘাতের সহিত সহস্র সহস্র জ্বলিত উল্কা পড়িতে লাগিল এবং সমগ্র পৃথিবী কাঁপিতে থাকিল ॥৬॥

(২) অনীকানাঞ্চ সংহ্রাদৈর্বাদিত্রাণাঞ্চ নিস্বনৈঃ···পি, অনীকানাঞ্চ সংহ্রাদে···বা।

নাকুলিস্তু শতানীকো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
পাণ্ডবানামনীকানি প্রাজ্ঞৌ তৌ ব্যূহতুস্তদা ॥৮॥
ততো রথসহস্রেণ দ্বিরদানাং শতেন চ।
ত্রিভিরশ্বসহস্রৈশ্চ পদাতীনাং শতৈঃ শতৈঃ ॥৯॥
অধ্যর্দ্ধমাত্রে ধনুষাং সহস্রে তনয়স্তব।
অগ্রতঃ সর্বসৈন্যানাং স্থিত্বা দুর্ম্মর্ষণোঽব্রবীৎ ॥১০॥ (যুগ্মকম্)
অদ্য গাণ্ডীবধন্বানং তপন্তং যুদ্ধদুর্মদম্।
অহমাবারয়িষ্যামি বেলেব মকরালয়ম্ ॥১১॥
অদ্য পশ্যন্তু সংগ্রামে ধনঞ্জয়মমর্ষণম্।
বিষক্তং ময়ি দুর্দ্ধর্ষমশ্মকূটমিবাশ্মনি ॥১২॥

ভারতকৌমুদী

নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ ॥৮॥

তত ইতি। শতৈঃ শতৈর্দশভিঃ সহস্রৈর্যুক্তঃ। অধি অধিকমর্দ্ধং মাত্রা পরিমাণং যস্য তস্মিন্, ধনুষাং হস্তচতুষ্টয়ানাং সহস্রে অর্জ্জুনাৎ সার্দ্ধচতুঃসহস্রহস্তদূরে স্থিত ইত্যর্থঃ। "চতুর্বিংশাঙ্গুলো হস্তস্তচ্চতুষ্কং ধনুঃ স্মৃতম্" ইতি জলাশয়তত্ত্বধৃতং বচনম্ ॥৯—১০॥

অদ্যেতি। তপন্তং বিপক্ষান্। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥১১॥

অদ্যেতি। বিষক্তং সংলগ্নম্। অশ্মকূটং প্রস্তরসমূহং, অশ্মনি প্রস্তরে ॥১২॥

এবং অর্জ্জুন আসিতে লাগিলে ও যুদ্ধ উপস্থিত হইলে, রূক্ষ ও কাঁকরবর্ষী নির্ঘাতযুক্ত ঘূর্ণী বায়ু বহিতে লাগিল ॥৭॥

তখন নকুলের পুত্র শতানীক এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন এই প্রাজ্ঞ দুই বীর পাণ্ডবসৈন্যগণকে ব্যূহরূপে সন্নিবেশিত করিলেন ॥৮॥

তদনন্তর সহস্র রথী, একশত গজারোহী, ত্রিসহস্র অশ্বারোহী এবং দশসহস্র পদাতিসৈন্যের সহিত মিলিত হইয়া, অর্জ্জুন হইতে সার্দ্ধচতুঃসহস্রহস্ত দূরে থাকিয়া সমগ্রকৌরবসৈন্যের অগ্রবর্ত্তী হইয়া আপনার পুত্র দুর্ম্মর্ষণ বলিলেন ॥৯—১০॥

'তীর যেমন সমুদ্রকে বারণ করে, সেইরূপ আজ আমি যুদ্ধদুর্দ্ধর্ষ ও শত্রুসন্তাপক অর্জ্জুনকে বারণ করিব ॥১১॥

আজ সকলে দর্শন করুন—পাষাণসমূহ যেমন অপর পাষাণের সহিত

(৮) নাকুলিশ্চ…বা নি। (১১)…যতন্তং যুদ্ধদুর্মদম্…পি। (১২)…ভিন্নং কুম্ভমিবাশ্মনি—নি।

তিষ্ঠধ্বং রথিনো যূয়ং সংগ্রামমভিকাঙ্ক্ষিণঃ।
যুধ্যামি সংহতানেতান্ যশো মানঞ্চ বর্দ্ধয়ন্ ॥১৩॥
এবং ব্রুবন্ মহারাজ! মহাত্মা স মহাদ্যুতিঃ।
মহেষ্বাসৈর্বৃতো রাজন্! মহেষ্বাসো ব্যবস্থিতঃ ॥১৪॥
ততোঽন্তক ইব ক্রুদ্ধঃ সবজ্র ইব বাসবঃ।
দণ্ডপাণিরিবাসহ্যো মৃত্যুঃ কালেন চোদিতঃ ॥১৫॥
শূলপাণিরিবাক্ষোভ্যো বরুণঃ পাশবানিব।
যুগান্তাগ্নিরিবার্চ্চিষ্মান্ প্রধক্ষ্যন্ বৈ পুনঃ প্রজাঃ ॥১৬॥
ক্রোধামর্ষবলোদ্ধূতো নিবাতকবচান্তকঃ।
জয়ো জেতা স্থিতঃ সত্যে পারয়িষ্যন্ মহাব্রতম্ ॥১৭॥
আমুক্তকবচঃ খড়্গী জাম্বূনদকিরীটভৃৎ।
শুভ্রমাল্যাম্বরধরঃ স্বঙ্গদশ্চারুকুণ্ডলঃ ॥১৮॥
রথপ্রবরমাস্থায় নরো নারায়ণানুগঃ।
বিধুন্বন্ গাণ্ডিবং সংখ্যে বভৌ সূর্য্য ইবোদিতঃ ॥১৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তিষ্ঠধ্বমিতি। সংগ্রামমিতি "ইনি ভবিষ্যদধমর্ণয়োঃ" ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধঃ ॥১৩॥

এবমিতি। মহাদ্যুতির্মহাতেজা দুর্ম্মর্ষণঃ। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ ॥১৪॥

তত ইতি। চোদিতঃ প্রেরিতঃ। অর্চ্চিষ্মান্ মহাশিখঃ। প্রজা লোকান্। ক্রোধেন অমর্ষেণ অসহিষ্ণুতয়া বলেন শক্ত্যা চ উদ্ধৃতঃ সঞ্চালিতঃ। জয়ো নাম। পারয়িষ্যন্ পূরয়িষ্যন্, মহাব্রতং জয়দ্রথবধপ্রতিজ্ঞাম্। আমুক্তকবচঃ পরিহিতবর্ম্মা, জাম্বূনদকিরীটভৃৎ

মিলিত হয়, সেইরূপ অমর্ষপরায়ণ দুর্দ্ধর্ষ অর্জ্জুন আজ যুদ্ধে আমার সহিত মিলিত হইয়াছে ॥১২॥

হে যুদ্ধার্থী রথিগণ! আপনারা অবস্থান করুন; আমি কৌরবগণের যশ ও মান বৃদ্ধি করতঃ এই মিলিত বিপক্ষগণের সহিত যুদ্ধ করিব' ॥১৩॥

মহারাজ! মহাত্মা, মহাতেজা ও মহাধনুর্দ্ধর দুর্ম্মর্ষণ এইরূপ বলিয়া মহাধনুর্দ্ধরগণে পরিবেষ্টিত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৪॥

তদনন্তর নিবাতকবচহন্তা, চিরবিজয়ী, সত্যপরায়ণ, নরঋষির অবতার ও নারায়ণের অনুগামী অর্জ্জুন ক্রোধ, অসহিষ্ণুতা ও শক্তির প্রভাবে সঞ্চালিত

(১৪)…স মহামতিঃ··বা ··স মহীপতিঃ…নি। (১৫) কক্ষাগ্নিরিব দুঃস্পর্শঃ সবজ্রঃ…নি। (১৬)…অর্চ্চিষ্মান্ দিধক্ষুঃ স্থাস্নু জঙ্গমম্—নি। (১৭)…যুদ্ধে জেতা…নি। (১৮)… সাঙ্গদঃ…পি।

সোঽগ্রানীকস্য মহত ইষুপাতে ধনঞ্জয়ঃ।
ব্যবস্থাপ্য রথং সজ্জং শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥২০॥
অথ কৃষ্ণোঽপ্যসংভ্রান্তঃ পার্থেন সহ মারিষ !।
প্রাধ্মাপয়ৎ পাঞ্চজন্যং শঙ্খপ্রবরমোজসা ॥২১॥
তয়োঃ শঙ্খপ্রণাদেন তব সৈন্যে বিশাংপতে !।
আসন্ সংহৃষ্টরোমাণঃ কম্পিতা গতচেতসঃ ॥২২॥
যথা ত্রস্যন্তি ভূতানি সর্বাণ্যশনিনিস্বনাৎ।
তথা শঙ্খপ্রণাদেন বিত্রেসুস্তব সৈনিকাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

স্বর্ণমুকুটধারী। স্বঙ্গদঃ সুন্দরকেয়ূরঃ। নরো নরাবতারঃ, নারায়ণং নারায়ণস্যাবতারং কৃষ্ণমনুগচ্ছতীতি সঃ। বিধুন্বন্ সঞ্চালয়ন্। "কপিধ্বজস্য গাণ্ডীবং গাণ্ডিবং পুংনপুংসকম্" ইত্যমরোক্তেহ্র্দ্বেকারমধ্যেঽপি গাণ্ডীবশব্দস্য। সংখ্যে সমরাঙ্গনে ॥১৫—১৯॥

স ইতি। মহতো বিশালস্য, অগ্রানীকস্য সম্মুখস্থকৌরবসৈন্যস্য, ইষুপাতে বাণপাতযোগ্যদেশে ॥২০॥

অথেতি। অসংভ্রান্তঃ মহাসমরাবস্থেঽপি অবিচলিতঃ। ওজসা বলেন ॥২১॥

তয়োরিতি। সৈন্যে সেনায়াম্, সৈনিকা ইতি শেষঃ। গতচেতসঃ অচেতনা ইব ॥২২॥

যথেতি। অশনিনিস্বনাৎ বজ্রশব্দাৎ। বিত্রেসুর্বিশেষেণ ত্রস্তা বভূবুঃ ॥২৩॥

হইয়া কবচ, তরবারি, স্বর্ণময় কিরীট, শুভ্রবর্ণ মাল্য ও বস্ত্র, সুন্দর কেয়ূর এবং মনোহর কুণ্ডল ধারণ করিয়া উত্তম রথে আরোহণপূর্ব্বক গাণ্ডীবধনু সঞ্চালন করতঃ জয়দ্রথবধের মহাপ্রতিজ্ঞা পূর্ণ করিবার ইচ্ছায় ক্রুদ্ধ যমের ন্যায়, বজ্রধারী ইন্দ্রের তুল্য, কালপ্রেরিত ও দণ্ডপাণি অসহ্য মৃত্যুর সমান, অক্ষোভ্য শূলপাণির সদৃশ, পাশহস্ত বরুণের ন্যায় এবং মহাজ্বালাসঙ্কুল লোকদহনকারী প্রলয়াগ্নির তুল্য সমরাঙ্গনে উদিত হইয়া সূর্য্যের ন্যায় প্রকাশ পাইলেন ॥১৫—১৯॥

এবং প্রতাপশালী অর্জ্জুন সম্মুখবর্ত্তী বিশাল বিপক্ষসৈন্যের বাণপাতযোগ্যস্থানে সজ্জিত রথখানাকে রাখিয়া শঙ্খধ্বনি করিলেন ॥২০॥

মাননীয় রাজা ! তাহার পর কৃষ্ণও অবিচলিত থাকিয়া বলপূর্ব্বক অর্জ্জুনের সহিত উত্তম পাঞ্চজন্যশঙ্খধ্বনি করিলেন ॥২১॥

নরনাথ ! কৃষ্ণ ও অর্জ্জুনের শঙ্খধ্বনিতে আপনার সেনার সৈনিকেরা রোমাঞ্চিতদেহ, কম্পিতকলেবর এবং যেন অচেতনের ন্যায় হইয়া পড়িল ॥২২॥

(২০)·· সোঽধ্যর্দ্ধ ইষুপাতে·· নি,·· রথং রাজন্ ! ··বা নি।

প্রসুস্রুবুঃ শকৃন্মূত্রং বাহনানি চ সর্বশঃ।
এবং সবাহনং সর্ব্বমাবিগ্নমভবদ্বলম্ ॥২৪॥
সীদন্তি স্ম নরা রাজন্! শঙ্খশব্দেন মারিষ!।
বিসংজ্ঞাশ্চাভবন্ কেচিৎ কেচিদ্রাজন্! বিতত্রসুঃ ॥২৫॥
ততঃ কপির্মহানাদং সহ ভূতৈর্ধ্বজালয়ৈঃ।
অকরোদ্ব্যাদিতাস্যশ্চ ভীষয়ংস্তব সৈনিকান্ ॥২৬॥
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ মৃদঙ্গাশ্চানকৈঃ সহ।
পুনরেবাভ্যহন্যন্ত তব সৈন্যপ্রহর্ষণাঃ ॥২৭॥
নানাবাদিত্রসংহ্রাদৈঃ ক্ষ্বেড়িতাস্ফোটিতাকুলৈঃ।
সিংহনাদৈঃ সমুৎক্রুষ্টৈঃ সমাধূতৈর্মহারথৈঃ ॥২৮॥

ভারতকৌমুদী

প্রেতি। শকৃৎ গূথম্, বাহনানি হস্ত্যশ্বাদীনি। আবিগ্নং ভীতম্ ॥২৪॥
সীদন্তীতি। সীদন্তি স্ম ভয়েন নিরুদ্যমা বভূবুঃ ॥২৫॥
তত ইতি। কপিরর্জ্জুনধ্বজস্থো বানরো হনূমান্। ব্যাদিতাস্যঃ প্রকটিতবদনঃ ॥২৬॥
তত ইতি। অভ্যহন্যন্ত কৌরবপক্ষেঽপ্যবাদ্যন্ত ॥২৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ অভিহারয়ৎসু সন্নহ্যমানেষু অভিপূজ্যমানেষু বা, প্রহরৎস্বিতি কেচিৎ ॥৩—৮॥ শতং শতৈর্দশসাহস্রৈঃ নৈরুক্তো বা ॥৯—১৬॥ জয়ো নাম্না ॥১৭—২৭॥ সমাহতৈঃ

বজ্রের শব্দে যেমন সমস্ত প্রাণী ভীত হয়, সেইরূপ তাঁহাদের শঙ্খধ্বনিতে আপনার সৈন্যেরা ভীত হইল ॥২৩॥

হস্তী ও অশ্বপ্রভৃতি সমস্ত বাহন বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে লাগিল। এই-ভাবে বাহনগণের সহিত সমগ্র কৌরবসৈন্য ভীত হইয়া পড়িল ॥২৪॥

মাননীয় রাজা! তাঁহাদের শঙ্খের শব্দে কতকগুলি লোক অবসন্ন হইল, অনেকে অচৈতন্য হইয়া পড়িল এবং বহুলোক গুরুতর ভয় পাইল ॥২৫॥

মহারাজ! তাহার পর অর্জ্জুনের ধ্বজস্থিত হনূমান্ মুখব্যাদান করিয়া তত্রত্য অন্যান্য প্রাণীর সহিত মিলিত হইয়া আপনার সৈন্যগণকে ভীত করিতে থাকিয়া বিশাল গর্জন করিতে লাগিল ॥২৬॥

রাজা! তদনন্তর আপনার সৈন্যগণকে আনন্দিত করিতে থাকিয়া কৌরব-পক্ষেও পুনরায় শঙ্খ, ভেরী, মৃদঙ্গ ও আনক বাদিত হইতে থাকিল ॥২৭॥

(২৮)···সমুৎকৃষ্টৈঃ সমাহূতৈর্মহারথৈঃ—বা।

তস্মিন্ স্তুমুলে শব্দে ভীরূণাং ভয়বর্দ্ধনে।
অতীবহৃষ্টো দাশার্হমব্রবীৎ পাকশাসনিঃ ॥২৯॥ (যুগ্মকম্)

অর্জ্জুন উবাচ।

চোদয়াশ্বান্ হৃষীকেশ! যত্র দুর্ম্মর্ষণঃ স্থিতঃ।
এতদ্ভিত্ত্বা গজানীকং প্রবেক্ষ্যাম্যরিবাহিনীম্ ॥৩০॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তো মহাবাহুঃ কেশবঃ সব্যসাচিনা।
অচোদয়দ্ধয়াংস্তত্র যত্র দুর্ম্মর্ষণঃ স্থিতঃ ॥৩১॥
স সম্প্রহারস্তুমুলঃ সংপ্রবৃত্তঃ সুদারুণঃ।
একস্য চ বহূনাঞ্চ রথনাগনরক্ষয়ঃ ॥৩২॥
ততঃ সায়কবর্ষেণ পর্জ্জন্য ইব বৃষ্টিমান্।
পরানবাকিরৎ পার্থঃ পর্ব্বতানিব নীরদঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

নানেতি। ক্ষ্বেড়িতং জয়ধ্বনিঃ আস্ফোটিতং বাহুতাড়নশব্দশ্চ তাভ্যামাকুলৈর্যোধৈঃ। সমুৎক্রুষ্টৈঃ আহ্বানশব্দৈঃ, মহারথৈঃ কর্ত্তৃভিঃ, সমাবৃতৈঃ সঞ্চালিতৈঃ রথৈর্বিতোয়ৈঃ, ভীরূণাং ভয়বর্দ্ধনে শব্দে স্তুমুলে সতি, অতীবহৃষ্টঃ পাকশাসনিরর্জ্জুনঃ, দাশার্হং কৃষ্ণমব্রবীৎ ॥২৮—২৯॥

চোদয়েতি। চোদয় প্রেরয়। এতৎ দুর্ম্মর্ষণাশ্রিতম্ ॥৩০॥

এবমিতি। সব্যসাচিনা অর্জ্জুনেন। অচোদয়দচালয়ৎ, হয়ানর্জ্জুনরথাশ্বান্ ॥৩১॥

স ইতি। সম্প্রহারঃ সমরঃ। রথানাং নাগানাং হস্তিনাং নরাণাঞ্চ মধ্যে যস্মিন্ সঃ ॥৩২॥

ভীরুজনের ভয়বর্দ্ধক সেই শব্দ—নানাবাদ্যের শব্দে, জয়ধ্বনিতে, বাহ্বাস্ফোটনে, সিংহনাদে এবং মহারথগণকৃত আহ্বানশব্দে অতিতুমুল হইয়া উঠিলে, অর্জ্জুন অত্যন্ত আনন্দিত হইয়া কৃষ্ণকে বলিলেন ॥২৮—২৯॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! দুর্ম্মর্ষণ যেখানে রহিয়াছে, সেই দিকে ঘোড়াগুলিকে চালাইয়া দাও; আমি এই হস্তিসৈন্য ভেদ করিয়া শত্রুবাহিনীর মধ্যে প্রবেশ করিব' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন এইরূপ বলিলে, মহাবাহু কৃষ্ণ যেখানে দুর্ম্মর্ষণ ছিলেন, সেই দিকে ঘোড়াগুলিকে চালাইয়া দিলেন ॥৩১॥

তাহার পর একের ও বহুর অতিদারুণ ও তুমুল যুদ্ধ লাগিয়া গেল; তাহাতে কৌরবপক্ষের অনেক রথী, গজারোহী ও পদাতি বিনষ্ট হইল ॥৩২॥

(২৯) ইতঃ পরম্ '.. ষড়শীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '.. অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ' বা বা নি।

তে চাপি রথিনঃ সর্ব্বে ত্বরিতাঃ কৃতহস্তবৎ।
অবাকিরন্ বাণজালৈস্ততঃ কৃষ্ণধনঞ্জয়ৌ ॥৩৪॥
ততঃ ক্রুদ্ধো মহাবাহুর্বার্য্যমাণঃ পরৈর্যুধি।
শিরাংসি রথিনাং পার্থঃ কায়েভ্যোঽপাহরচ্ছরৈঃ ॥৩৫॥
উদ্‌ভ্রান্তনয়নৈর্বক্ত্রৈঃ সন্দষ্টৌষ্ঠপুটৈঃ শুভৈঃ।
সকুণ্ডলশিরস্ত্রাণৈর্ব্বসুধা সমকীর্য্যত ॥৩৬॥
পুণ্ডরীকবনানীব বিধ্বস্তানি সমন্ততঃ।
বিনিকীর্ণানি যোধানাং বদনানি চকাশিরে ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পার্থঃ সায়কবর্ষেণ, বৃষ্টিমান্ পর্জন্যো মেঘ ইবাভবৎ। পরঞ্চ নীরদো জলবর্ষেণ পর্বতানিব, পার্থঃ সায়কবর্ষেণ পরান্ বিপক্ষান্, অবাকিরৎ আবৃণোৎ ॥৩৩॥

ত ইতি। কৃতহস্তবৎ শিক্ষিতহস্তা ঐন্দ্রজালিকা ইব ॥৩৪॥

তত ইতি। বার্য্যমাণত্বাদেব ক্রুদ্ধ ইত্যাশয়ঃ। অপাহরৎ অচ্ছিনৎ ॥৩৫॥

উদিতি। উদ্‌ভ্রান্তানি ঘূর্ণিতানি নয়নানি যেষাং তৈঃ, সন্দষ্টানি দন্তৈঃ পীড়িতানি ওষ্ঠপুটানি যেষাং তৈঃ, শুভৈঃ সুন্দরৈঃ, কুণ্ডলাভ্যাং শিরস্ত্রাণৈরুষ্ণীষৈশ্চ সহেতি তৈস্তাদৃশৈশ্চ, বক্ত্রৈর্বীরাণাং ছিন্নৈঃ শিরোভিঃ, বসুধা সমরভূমিঃ, সমকীর্য্যত ব্যাপ্যত ॥৩৬॥

পুণ্ডেতি। পুণ্ডরীকাণাং পদ্মানাং বনানীব, বিধ্বস্তানি ছিন্নানি ॥৩৭॥

তদনন্তর অর্জ্জুন বাণবর্ষণ করিতে থাকিয়া জলবর্ষণকারী মেঘের ন্যায় হইয়া উঠিলেন এবং মেঘ যেমন জলবর্ষণ করিয়া পর্বতগণকে আবৃত করে, সেইরূপ অর্জ্জুন বাণবর্ষণ করিয়া বিপক্ষগণকে আবৃত করিলেন ॥৩৩॥

তৎপরে সেই রথীরা সকলেও ত্বরান্বিত হইয়া শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকগণের ন্যায় বাণজালদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৪॥

তখন বিপক্ষেরা যুদ্ধে বারণ করিতে লাগিল বলিয়া মহাবাহু অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা সেই বিপক্ষ রথিগণের দেহ হইতে মস্তক অপহরণ করিতে লাগিলেন ॥৩৫॥

কুণ্ডল ও উষ্ণীষযুক্ত সুন্দর সুন্দর মুখ পতিত হইয়া সমরভূমি ব্যাপ্ত করিয়া ফেলিল; তখন সে মুখগুলির নয়ন সকল ঘুরিতেছিল এবং তাহা দন্তদ্বারা ওষ্ঠপুট দংশন করিতেছিল ॥৩৬॥

ছিন্ন পদ্মসমূহের ন্যায় যোদ্ধাদের বদন সকল সমস্ত দিকে বিক্ষিপ্ত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

(৩৪)···তত্র কৃষ্ণধনঞ্জয়ৌ—বা নি।

তপনীয়তনুত্রাণাঃ সংসিক্তা রুধিরেণ চ।
সংসক্তা ইব দৃশ্যন্তে মেঘসংঘাঃ সবিদ্যুতঃ ॥৩৮॥
শিরসাং পততাং রাজন্! শব্দোঽভূদ্বসুধাতলে।
কালেন পরিপক্কানাং তালানাং পততামিব ॥৩৯॥
ততঃ কবন্ধং কিঞ্চিত্তু ধনুরালম্ব্য তিষ্ঠতি।
কিঞ্চিৎ খড়্গং বিনিষ্কৃষ্য ভুজেনোদ্যম্য তিষ্ঠতি ॥৪০॥
পতিতানি ন জানন্তি শিরাংসি পুরুষর্ষভাঃ।
অমৃষ্যমাণাঃ সংগ্রামে কৌন্তেয়ং জয়গৃদ্ধিনঃ ॥৪১॥
হয়ানামুত্তমাঙ্গৈশ্চ হস্তিহস্তৈশ্চ মেদিনী।
বাহুভিশ্চ শিরোভিশ্চ বীরাণাং সমকীর্য্যত ॥৪২॥

ভারতকৌমুদী

তপেতি। তপনীযানাং স্বর্ণানাং তনুত্রাণানি বর্ম্মাণি যেষাং তে। সংসক্তা লগ্নাঃ ॥৩৮॥
শিরসামিতি। তালানাং তদাখ্যফলানাম্ ॥৩৯॥
তত ইতি। কবন্ধং মস্তকহীনং শরীরং কর্ত্তৃ। কিঞ্চিদপবম্। উদ্যম্য উত্তোল্য ॥৪০॥
পতিতানীতি। ন জানন্তি দ্রুতচ্ছেদাৎ। পুরুষর্ষভাঃ কৌরবপক্ষীয়াঃ। অমৃষ্যমাণা অসহমানাঃ, কৌন্তেয়মর্জ্জুনম্। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৪১॥
হয়ানামিতি। উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ, হস্তিনাং হস্তৈঃ শুণ্ডাভিঃ ॥৪২॥

স্বর্ণবর্ম্মযুক্ত, রুধিরসিক্ত ও পরস্পরসংসক্ত দেহ সকল, বিদ্যুদ্‌যুক্ত মেঘসমূহের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৩৮॥

রাজা! ভূতলে কালপক্ক তাল পতিত হইবার সময়ে যেমন শব্দ হয়, বীরগণের মস্তক পতিত হইবার সময়েও সেইরূপ শব্দ হইতে থাকিল ॥৩৯॥

তখন কোন কোন কবন্ধ (মস্তকবিহীন শরীর) ধনু লইয়া দাঁড়াইতে লাগিল; আবার কোন কোন কবন্ধ হস্তদ্বারা নিষ্কাশনপূর্ব্বক তরবারি তুলিয়া দাঁড়াইতে থাকিল ॥৪০॥

জয়াভিলাষী এবং অর্জ্জুনের গৌরবাসহিষ্ণু পুরুষশ্রেষ্ঠেরা নিজেদের মস্তক যে পতিত হইয়া গেল, তাহা জানিতে পারিলেন না ॥৪১॥

ক্রমে অশ্বগণের মস্তক, হস্তিগণের শুণ্ড এবং বীরগণের বাহু ও মস্তক পতিত হইয়া হইয়া সমরভূমি ব্যাপ্ত করিয়া ফেলিল ॥৪২॥

(৩৮) সুবর্ণচিত্রাভরণাঃ সংসক্তাঃ…নি। (৪০) কবন্ধ উত্থিতঃ কশ্চিদ্বিশায্য সশরং ধনুঃ · নি।

অয়ং পার্থঃ কুতঃ পার্থ এষ পার্থ ইতি প্রভো ! ।
তব সৈন্যেষু যোধানাং পার্থভূতমিবাভবৎ ॥৪৩॥
অন্যোন্যমপি চাজঘ্নুরাত্মানমপি চাপরে ।
পার্থভূতমমন্যন্ত জগৎ কালেন মোহিতাঃ ॥৪৪॥
নিষ্টনন্তঃ সরুধিরা বিসংজ্ঞা গাঢ়বেদনাঃ ।
শয়ানা বহবো বীরাঃ কীর্ত্তয়ন্তঃ স্ববান্ধবান্ ॥৪৫॥
সভিন্দিপালাঃ সপ্রাসাঃ সশক্ত্যৃষ্টিপরশ্বধাঃ ।
সনির্ব্যূহাঃ সনিস্ত্রিংশাঃ সশরাসনতোমরাঃ ॥৪৬॥
সবাণবর্ম্মাভরণাঃ সাঙ্গদাঃ সগদা রণে ।
মহাভুজগসঙ্কাশা বাহবঃ পরিঘোপমাঃ ॥৪৭॥
উদ্বেষ্টন্তি বিচেষ্টন্তি সংবেষ্টন্তি চ সর্ব্বশঃ ।
বেগং কুর্ব্বন্তি সংরব্ধা নিকৃত্তাঃ পরমেষুভিঃ ॥৪৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অয়মিতি। কুতঃ কুত্র। হে প্রভো! রাজন্!। পার্থভূতমিবাভবৎ রণাঙ্গনম্ ॥৪৩॥
অন্যোন্যমিতি। তাদৃশাবাতে হেতুমাহ পার্থেতি। অনন্যস্ত তব যোদ্ধারঃ ॥৪৪॥
নিষ্টনন্ত ইতি। নিষ্টনন্ত আর্ত্তনাদং কুর্বাণাঃ কীর্ত্তয়ন্তশ্চাপন্নিতি শেষঃ ॥৪৫॥
সেতি। ভিন্দিপালাদীনি তদানীন্তনান্যস্ত্রাণি। সাঙ্গদাঃ সকেয়ূরাঃ। উদ্বেষ্টন্তি ঊর্দ্ধং বেষ্টন্তে স্ম, বিচেষ্টন্তি স্পন্দন্তে স্ম, সংবেষ্টন্তি পার্শ্বে বেষ্টন্তে স্ম। সংরব্ধাঃ সোত্তমাঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ, পরমেষুভিঃ পার্থস্যোত্তমবাণৈঃ। সর্বত্রাতীতসামীপ্যে বর্ত্তমানা ॥৪৬—৪৮॥

রাজা! 'এই অর্জ্জুন' 'কোথায় অর্জ্জুন' 'এই অর্জ্জুন' এইরূপ বলিতে থাকায় আপনার সৈন্যের মধ্যে যোদ্ধাদের নিকটে যেন সমগ্র সমরভূমিটাই অর্জ্জুনময় হইয়া গেল ॥৪৩॥

আপনার সৈন্যেরা কালকর্তৃক মোহিত হইয়া জগৎটাকেই যেন অর্জ্জুনময় বলিয়া মনে করিতে লাগিল। তাহাতে তাহারা পরস্পর আঘাত করিতে লাগিল এবং অন্য কতকগুলি সৈন্য আপনাদের শরীরেই আঘাত করিয়া ফেলিল ॥৪৪॥

অনেকে রক্তাক্তদেহ, বহু বীর চৈতন্যবিহীন এবং অন্যান্য যোদ্ধা দারুণ বেদনায় পীড়িত ও ভূতলপতিত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিল এবং আপন আপন বন্ধুদিগকে ডাকিতে থাকিল ॥৪৫॥

ভিন্দিপাল, প্রাস, শক্তি, ঋষ্টি, পরশু, হস্তিদন্ত, তরবারি, ধনু, তোমর,

(৪৪)···জনাঃ কালেন মোহিতাঃ—নি।

যো যঃ স্ম সমরে পার্থং প্রতি সংরভতে নরঃ।
তস্য তস্যান্তকো বাণঃ শরীরমুপসর্পতি ॥৪৯॥
নৃত্যতো রথমার্গেষু ধনুর্ব্যায়চ্ছতস্তথা।
ন কশ্চিত্তত্র পার্থস্য দদৃশেঽন্তরমণ্বপি ॥৫০॥
যত্তস্য যতমানস্য ক্ষিপ্রং বিক্ষিপতঃ শরান্।
লাঘবাৎ পাণ্ডুপুত্রস্য ব্যস্ময়ন্নপরে জনাঃ ॥৫১॥
হস্তিনং হস্তিযন্তারমশ্বমাশ্বিকমেব চ।
অভিনৎ ফাল্গুনো বাণৈ রথিনঞ্চ সসারথিম্ ॥৫২॥
আবর্ত্তমানমাবৃত্তং যুধ্যমানঞ্চ পাণ্ডবঃ।
প্রমুখে তিষ্ঠমানঞ্চ ন কঞ্চিন্ন নিহন্তি সঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

য ইতি। সংরভতে যোদ্ধুমারভতে স্ম। বাণঃ পার্থস্য ॥৪৯॥
নৃত্যত ইতি। ব্যায়চ্ছতঃ অবিরতমাকর্ষতঃ। অন্তরং প্রহারাবকাশম্, অণু অল্পম্ ॥৫০॥
যত্তস্যেতি। যত্তস্য জয়ায় প্রাক্ কৃতযত্নস্য, তদানীং জয়ায় যতমানস্য ॥৫১॥
হস্তিনমিতি। হস্তিনো যন্তারং চালকম্, আশ্বিকমশ্বারোহিণম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৫২॥

বাণ ও গদাযুক্ত এবং বর্ম্ম, কেয়ূর ও অন্যান্য অলঙ্কারসমন্বিত মহাসর্পতুল্য বৃহৎ ও পরিঘতুল্য স্থূল বাহু সকল অর্জ্জুনের উত্তম বাণসমূহে ছিন্ন হইয়াও উদ্যমের সহিত ঊর্দ্ধে ও পার্শ্বে বেষ্টন, স্পন্দন এবং বেগপ্রকাশ করিতে লাগিল ॥৪৬—৪৮॥

যে যে মানুষ সমরাঙ্গনে অর্জ্জুনের দিকে যাইয়া যুদ্ধ আরম্ভ করিতে লাগিল, সেই সেই মানুষের শরীরেই অর্জ্জুনের বাণ যাইয়া যমের ন্যায় প্রবেশ করিতে থাকিল ॥৪৯॥

অর্জ্জুন যখন রথপথে অনবরত নৃত্য ও ধনু আকর্ষণ করিতেছিলেন, তখন কোন ব্যক্তিই তাঁহাকে প্রহার করিবার অল্প অবকাশও দেখিতে পায় নাই ॥৫০॥

অর্জ্জুন পূর্ব্বে যখন জয়ের জন্য যত্ন করিয়াছিলেন, তখন যে যত্ন করিতে-ছিলেন এবং দ্রুত যে বাণক্ষেপ করিতেছিলেন, তত্তৎকালে তাঁহার ক্ষিপ্রকারিতা দেখিয়া অন্যান্য লোকেরা বিস্ময়াপন্ন হইতে লাগিল ॥৫১॥

অর্জ্জুন বাণদ্বারা হস্তী, হস্তিচালক, অশ্ব, অশ্বারোহী, সারথি ও রথীকে বিদীর্ণ করিতে থাকিলেন ॥৫২॥

(৪৯)…প্রতি সঙ্করতে নরঃ…নি। (৫১) যত্তস্য ঘটমানস্য…ব্যস্ময়ন্ত পরে জনাঃ—বা নি। (৫২)…রথেন চ স সারথিম্—পি। (৫৩)…ন কিঞ্চিন্ন হিনস্তি সঃ—পি বঙ্গ বর্দ্ধ।

যথোদয়ন্ বৈ গগনে সূর্য্যো হন্তি মহত্তমঃ।
তথার্জ্জুনো গজানীকমবধীৎ কঙ্কপত্রিভিঃ ॥৫৪॥
হস্তিভিঃ পতিতৈর্ভিন্নৈস্তব সৈন্যমদৃশ্যত।
অন্তকালে যথা ভূমির্বিনিকীর্ণা মহীধরৈঃ ॥৫৫॥
যথা মধ্যন্দিনে সূর্য্যো দুষ্প্রেক্ষ্যঃ প্রাণিভিঃ সদা।
তথা ধনঞ্জয়ঃ ক্রুদ্ধো দুষ্প্রেক্ষ্যো যুধি শত্রুভিঃ ॥৫৬॥
তত্তথা তব পুত্রস্য সৈন্যং যুধি পরন্তপ !।
প্রভগ্নং দ্রুতমাবিগ্নমতীব শরপীড়িতম্ ॥৫৭॥
মারুতেনেব মহতা মেঘানীকং ব্যদীর্য্যত।
প্রকাল্যমানং তৎ সৈন্যং নাশকৎ প্রতিবীক্ষিতুম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

আবর্ত্তেতি। আবর্ত্তমানমাগচ্ছন্তম্, আবৃত্তং পূর্বমাগতম্। প্রমুখে সম্মুখে ॥৫৩॥
যথেতি। মহদ্গাঢ়ম্, তমোঽন্ধকারম্। কঙ্কপত্রিভির্বাণৈঃ ॥৫৪॥
হস্তিভিরিতি। ভিন্নৈরর্জ্জুনবাণবিদারিতৈঃ। অন্তকালে প্রলয়কালে ॥৫৫॥
যথেতি। দিনস্য মধ্যমিতি মধ্যন্দিনং তস্মিন্ "সেন্ননডুহাদযশ্চ" ইতি নিপাতঃ ॥৫৬॥
তদিতি। পুত্রস্য দুর্মর্ষণস্য। প্রভগ্নং বিশ্লিষ্টম্, দ্রুতমপগতম্, আবিগ্নং ভীতত্রাভবং ॥৫৭॥
মারুতেনেতি। মেঘানামনীকং সমূহঃ। প্রকাল্যমানমর্জ্জুনেন মদ্যমানম্ ॥৫৮॥

পূর্ব্বে যে সম্মুখে আসিয়াছিল, তখন যে সম্মুখে আসিতেছিল, যে যুদ্ধ করিতেছিল এবং যে সম্মুখে রহিয়াছিল, তাহাদের কাহাকেও যে অর্জ্জুন বধ করেন নাই এমন নহে ॥৫৩॥

সূর্য্য আকাশে উদিত হইয়া যেমন গাঢ় অন্ধকার বিনষ্ট করেন, তেমন অর্জ্জুন বাণদ্বারা বিপক্ষের হস্তিসৈন্য বিনষ্ট করিতে লাগিলেন ॥৫৪॥

প্রলয়কালে মহাবায়ুর তাড়নে নিপতিত পর্ব্বতসমূহ যেমন পৃথিবীকে ব্যাপ্ত করে, সেইরূপ অর্জ্জুনের বাণে বিদীর্ণ ও নিপতিত হস্তিসমূহ আপনার সৈন্য ব্যাপ্ত করিতে লাগিল—দেখা গেল ॥৫৫॥

মধ্যাহ্নকালের সূর্য্য যেমন সর্ব্বদাই প্রাণিগণের দুষ্প্রেক্ষ্য, তেমন তৎকালে ক্রুদ্ধ অর্জ্জুন যুদ্ধে শত্রুগণের দুষ্প্রেক্ষ্য হইয়া পড়িলেন ॥৫৬॥

পরন্তপ রাজা ! ক্রমে আপনার পুত্র দুর্ম্মর্ষণের সেই সৈন্য যুদ্ধে অর্জ্জুনের বাণে অত্যন্তপীড়িত হইয়া ভীত, বিশ্লিষ্ট ও অপসৃত হইতে লাগিল ॥৫৭॥

(৫৫)…ব্যবকীর্ণা…বা নি। (৫৮)…মেঘানীকং বিদীর্য্যতে ‥পি,…মেঘানীকং বিদার্য্যতে ‥ বঙ্গ বৰ্দ্ধ।

প্রতোদৈশ্চাপকোটীভির্হুঙ্কারৈঃ সাধুবাহিতৈঃ।
কশাপার্ষ্ণ্যভিঘাতৈশ্চ বাগ্‌ভিরুগ্রাভিরেব চ।
চোদয়ন্তো হয়াংস্তূর্ণং পলায়ন্তে স্ম তাবকাঃ ॥৫৯॥
সাদিনো রথিনশ্চৈব পত্তয়শ্চার্জ্জুনার্দ্দিতাঃ।
পার্ষ্ণ্যঙ্গুষ্ঠাঙ্কুশৈর্নাগাংশ্চোদয়ন্তস্তথাপরে ॥৬০॥
শরৈঃ সম্মোহিতাশ্চান্যে তমেবাভিমুখা যযুঃ।
তব যোধা হতোৎসাহা বিভ্রান্তমনসস্তদা ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দুর্ম্মর্ষণপরাজয়ে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

প্রেতি। প্রতোদৈঃ স্থূলাগ্রতাড়নদণ্ডৈঃ, চাপকোটীভিঃ ধনুরগ্রৈঃ, সাধুবাহিতৈঃ সম্যক্‌ সঞ্চালনৈঃ। কশা সূক্ষ্মাগ্রতাড়নদণ্ডঃ পার্ষ্ণিঃ পাদপশ্চাদ্ভাগশ্চ তয়োরভিঘাতৈশ্চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

সাদিন ইতি। সাদিনো গজারোহিণঃ। পলায়ন্তে স্মেত্যনুবৃত্তিঃ ॥৬০॥

শরৈরিতি। তমর্জ্জুনমেব সম্মোহিতত্বাৎ। বিভ্রান্তমনসো বিচলিতচিত্তাঃ ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সঞ্চালিতৈঃ ॥২৮—৪৫॥ নির্ব্যূঢ়ো যূপিকা ॥৪৬—৪৮॥ প্রতিসংরভতে প্রত্যাদগচ্ছতি ॥৪৯—৫০॥ সত্তস্য অবহিতস্য ॥৫১—৫৬॥ দ্রুতং বিদ্রুতম্, আবিগ্নং ভীতম্ ॥৫৭-৫৮॥ সাধুবাহিতৈঃ প্রষ্ঠব্যাপারিতৈঃ ॥৫৯—৬১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৬॥

তখন মেঘসমূহ যেমন মহাবায়ুর বেগে বিদীর্ণ হইয়া যায়, তেমন সেই সৈন্য অর্জ্জুনের বাণে বিদীর্ণ হইয়া গেল। সুতরাং অর্জ্জুনপীড়িত সেই সৈন্য অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৫৮॥

পরে তাড়নদণ্ড, ধনুর অগ্রদেশ, হুঙ্কার, সম্যক্‌ চালন এবং কশা ও চরণ-তাড়ন, আর উগ্র বাক্যদ্বারা সত্বর অশ্বগুলিকে চালাইতে থাকিয়া আপনার অশ্বারোহী সৈন্যেরা পলায়ন করিতে থাকিল ॥৫৯॥

গজারোহী সৈন্যেরা চরণাঙ্গুষ্ঠ ও অঙ্কুশদ্বারা হস্তিগণকে চালাইতে থাকিয়া পলায়ন করিতে লাগিল এবং রথী ও পদাতিরাও পলাইতে থাকিল ॥৬০॥

---

* '...সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...একোননবতিতমোঽধ্যায়ঃ' বা বা নি।

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

ধৃতরাষ্ট্র উবাচ।

তস্মিন্ প্রভগ্নে সৈন্যাগ্রে বধ্যমানে কিরীটিনা।
কে নু তত্র রণে বীরাঃ প্রত্যুদীয়ুর্ধনঞ্জয়ম্ ॥১॥
আহোস্বিচ্ছকটব্যূহং প্রবিষ্টা মোঘনিশ্চয়াঃ।
দ্রোণমাশ্রিত্য তিষ্ঠন্তি প্রাকারমকুতোভয়াঃ ॥২॥

সঞ্জয় উবাচ।

তথার্জ্জুনেন সংভগ্নে তস্মিংস্তব বলেঽনঘ!।
হতবীরে হতোৎসাহে পলায়নকৃতক্ষণে ॥৩॥
শাকশাসনিনাভীক্ষ্ণং বধ্যমানে শরোত্তমৈঃ।
ন তত্র কশ্চিৎ সংগ্রামে শশাকার্জ্জুনমীক্ষিতুম্ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। বীরাঃ কুরুপক্ষীয়াঃ, প্রত্যুদীয়ুঃ প্রতিজগ্মুঃ ॥১॥
আহোস্বিদিতি। মোঘনিশ্চয়া ব্যর্থকামাঃ। প্রাকারং তত্তুল্যম্ ॥২॥
তথেতি। পলায়নে কৃতঃ ক্ষণোঽবসরো যেন তস্মিন্ পাকশাসনিনা ইন্দ্রপুত্রেণার্জ্জুনেন, অভীক্ষ্ণমবিরতম্ ॥৩—৪॥

আর অর্জ্জুনের বাণাঘাতে হতোৎসাহ, বিচলিতচিত্ত ও সম্মোহিত আপনার অন্য সৈন্যেরা অর্জ্জুনের দিকেই চলিল' ॥৬১॥

———:০:———

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন সেই সৈন্যের সম্মুখভাগ বধ করিতে থাকায় তাহা ভগ্ন হইলে, সেই যুদ্ধে কোন বীরেরা অর্জুনের অভিমুখে গেলেন? ॥১॥

না—তাঁহারা ব্যর্থকাম হইয়া শকটব্যূহে প্রবেশ করিয়া প্রাচীরতুল্য দ্রোণকে অবলম্বনপূর্ব্বক অকুতোভয়ে রহিলেন?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নিষ্পাপ রাজা! অর্জুন সেইভাবে আপনার সৈন্যের বীরগণকে নিহত, হতোৎসাহ ও ভগ্ন করিয়া দিলে, তাঁহারা পলায়ন করিতে

(১)···সৈন্যে তু···বর্দ্ধ। (২)···তিষ্ঠন্তঃ প্রাকারমকুতোভয়ম্—পি বা বর্দ্ধ।

ততস্তব সুতো রাজন্! দৃষ্ট্বা সৈন্যং তথাগতম্।
দুঃশাসনো ভৃশং ক্রুদ্ধো যুদ্ধায়ার্জ্জুনমভ্যয়াৎ ॥৫॥
স কাঞ্চনবিচিত্রেণ কবচেন সমাবৃতঃ।
জাম্বূনদশিরস্ত্রাণঃ শূরস্তীব্রপরাক্রমঃ ॥৬॥
নাগানীকেন মহতা গ্রসন্নিব মহীমিমাম্।
দুঃশাসনো মহারাজ! সব্যসাচিনমাবৃণোৎ ॥৭॥ (যুগ্মকম্)
হ্রাদেন গজঘণ্টানাং শঙ্খানাং নিনদেন চ।
জ্যাক্ষেপনিনদৈশ্চৈব বিরাবেণ চ দন্তিনাম্ ॥৮॥
ভূর্দিশশ্চান্তরীক্ষঞ্চ শব্দেনাসীৎ সমাবৃতম্।
স মুহূর্ত্তঃ প্রতিভয়ো দারুণঃ সমপদ্যত ॥৯॥ (যুগ্মকম্)
তান্ দৃষ্ট্বাপততস্তূর্ণমঙ্কুশৈরভিচোদিতান্।
ব্যালম্বহস্তান্ সংরব্ধান্ সপক্ষানিব পর্ব্বতান্ ॥১০॥
সিংহনাদেন মহতা নরসিংহো ধনঞ্জয়ঃ।
গজানীকমমিত্রাণামভিতো ব্যধমচ্ছরৈঃ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তথাগতং তাদৃগবস্থং প্রভগ্নমিত্যর্থঃ ॥৫॥

স ইতি। কাঞ্চনস্যেদমিতি কাঞ্চনঞ্চ তদ্বিচিত্রঞ্চেতি তেন। জাম্বূনদস্য স্বর্ণস্যেদং জাম্বূনদং শিরস্ত্রাণং যস্য সঃ। নাগানীকেন হস্তিসৈন্যেন। আবৃণোদবেষ্টত ॥৬—৭॥

হ্রাদেনেতি। জ্যাক্ষেপনিনদৈঃ গুণাকর্ষণশব্দৈঃ। শব্দেন কোলাহলেন ॥৮—৯॥

লাগিলেন; তথাপি অর্জুন উত্তম বাণসমূহদ্বারা অনবরত তাঁহাদিগকে বধ করিতে থাকিলেন। সুতরাং সে যুদ্ধে কোন ব্যক্তিই অর্জুনের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৩—৪॥

রাজা! তাহার পর আপনার পুত্র দুঃশাসন সম্মুখসৈন্যের সেইরূপ অবস্থা দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিবার জন্য অর্জুনের দিকে ধাবিত হইলেন ॥৫॥

মহারাজ! স্বর্ণময় বিচিত্র বর্ম্মদ্বারা আবৃতদেহ, মস্তকে স্বর্ণকিরীটধারী, বীর ও অত্যন্তপরাক্রমশালী দুঃশাসন এই পৃথিবীটাকে গ্রাস করতই যেন বিশাল হস্তিসৈন্যদ্বারা অর্জুনকে বেষ্টন করিয়া ফেলিলেন ॥৬—৭॥

হস্তিঘণ্টার শব্দে, শঙ্খের নিনাদে, ধনুষ্টঙ্কারে, হস্তীর বৃংহিতধ্বনিতে এবং মানুষের কোলাহলে ভূমণ্ডল, দিঙ্মণ্ডল ও আকাশমণ্ডল ব্যাপ্ত হইয়া গেল। সুতরাং সেই সময়টা অতিদারুণ হইয়া পড়িল ॥৮—৯॥

মহোর্ম্ময় ইবোদ্ধূতাঃ শ্বসনেন সমীরিতাঃ।
ধনঞ্জয়শরোদ্বিগ্নাঃ পলায়ন্তো বভূর্গজাঃ ॥১২॥
মহোর্ম্মিণমিবোদ্ধূতং শ্বসনেন মহার্ণবম্।
কিরীটী তদ্‌গজানীকং প্রাবিশন্মকরো যথা ॥১৩॥
কাষ্ঠাতীত ইবাদিত্যঃ প্রতপন্ যুগসংক্ষয়ে।
দদৃশে দিক্ষু সর্ব্বাসু পার্থঃ পরপুরঞ্জয়ঃ ॥১৪॥
খুরশব্দেন চাশ্বানাং নেমিঘোষেণ তেন চ।
তেন চোৎক্রুষ্টশব্দেন জ্যানিনাদেন তেন চ ॥১৫॥
নানাবাদিত্রশব্দেন পাঞ্চজন্যস্বনেন চ।
দেবদত্তস্য ঘোষেণ গাণ্ডীবনিনদেন চ ॥১৬॥

ভারতকৌমুদী

তানিতি। আপতত আগচ্ছতঃ। অভিচোদিতান্ প্রেরিতান্। ব্যালম্বহস্তান্ বিশেষ-লম্বিতশুণ্ডান্, সংরব্ধান্ ক্রুদ্ধান্। অভিতঃ সর্বতঃ, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥১০—১১॥

মহোর্ম্ময় ইতি। উদ্ধূতা উত্তোলিতাঃ, শ্বসনেন বায়ুনা ॥১২॥

মহোর্ম্মিণমিতি। মহত্য ঊর্ম্ময়ঃ অস্য সন্তীতি তম্। ব্রীহ্যাদিত্বাদিন্ ॥১৩॥

কাষ্ঠেতি। কাষ্ঠাং গন্তব্যাং দিশমতীত ইতি কাষ্ঠাতীতো বিনয়মং গচ্ছন্নিত্যর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—২॥ পলায়নে কৃতঃ ক্ষণোঽবসরো যেন ॥৩—৮॥ প্রতিভয়ো বিমর্দ্দঃ ॥৯-১৩॥

লম্বিতশুণ্ড ও ক্রুদ্ধ সেই হস্তিগণ অঙ্কুশপ্রেরিত হইয়া পক্ষযুক্ত পর্বতসমূহের ন্যায় বেগে আসিতেছে দেখিয়া নরশ্রেষ্ঠ অর্জ্জুন বিশাল সিংহনাদ করিয়া বাণসমূহদ্বারা সকল দিকে বিপক্ষের সেই হস্তিসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥১০—১১॥

তখন বায়ুসঞ্চালিত অত্যুচ্চ মহাতরঙ্গসমূহের ন্যায় সেই হস্তিগণ অর্জুনের শরাঘাতের ভয়ে পলায়নপ্রবৃত্ত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥১২॥

ক্রমে মকর যেমন বায়ুসঞ্চালিত মহাতরঙ্গযুক্ত মহাসমুদ্রমধ্যে প্রবেশ করে, সেইরূপ অর্জুন যাইয়া সেই হস্তিসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥১৩॥

তৎকালে অত্যন্তসন্তাপকারী দিগ্‌বিলঙ্ঘী প্রলয়কালীন সূর্য্যের ন্যায় বিপক্ষনগরবিজয়ী অর্জুন সকল দিকে দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১৪॥

(১২) অয়ং শ্লোকঃ পি বা নি নাস্তি। (১৪) খমাশ্রিত ইবাদিত্যঃ⋯নি।

মন্দবেগতরা নাগা বভূবুস্তে বিচেতসঃ।
শরৈরাশীবিষস্পর্শৈর্নির্ভিন্নাঃ সব্যসাচিনা ॥১৭॥ (বিশেষকম্)
তে গজা বিশিখৈস্তীক্ষ্ণৈর্যুধি গাণ্ডীবচোদিতৈঃ।
অনেকশতসাহস্রৈঃ সর্বাঙ্গেষু সমর্পিতৈঃ ॥১৮॥
আরাবং পরমং কৃত্বা বধ্যমানাঃ কিরীটিনা।
নিপেতুরনিশং ভূমৌ ছিন্নপক্ষা ইবাদ্রয়ঃ ॥১৯॥ (যুগ্মকম্)
অপরে দন্তবেষ্টেষু কুম্ভেষু চ কটেষু চ।
শরৈঃ সমর্পিতা নাগাঃ ক্রৌঞ্চবদ্ব্যনদন্ মুহুঃ ॥২০॥
গজস্কন্ধগতানাঞ্চ পুরুষাণাং কিরীটিনা।
ছিদ্যন্তে স্মোত্তমাঙ্গানি ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২১॥

ভারতকৌমুদী

খুরেতি। নেমিঘোষেণ রথচক্রপ্রান্তশব্দেন, তেন অর্জ্জুনসম্বন্ধিনা। উৎকৃষ্টশব্দেন আহ্বানধ্বনিনা। দেবদত্তস্য তদাখ্যস্যার্জ্জুনশঙ্খস্য। মন্দবেগতরা অতীবাল্পবেগাঃ ॥১৫—১৭॥

ত ইতি। গাণ্ডীবেন চোদিতৈর্নিক্ষিপ্তৈঃ। সমর্পিতৈঃ প্রবেশিতৈঃ। অদ্রয়ঃ পর্ব্বতাঃ ॥১৮—১৯।

অপর ইতি। দন্তবেষ্টেষু দন্তাবরণেষু। কটেষু গণ্ডেষু। ক্রৌঞ্চঃ পক্ষী ॥২০॥

গজেতি। পুরুষাণাং চালকানাং যোধানাঞ্চ। উত্তমাঙ্গানি শিরাংসি ॥২১॥

অর্জ্জুনের অশ্বগণের খুরের শব্দে, রথচক্রের নির্ঘোষে, আহ্বানের উচ্চরবে, জ্যানিনাদে, দেবদত্তশঙ্খের ধ্বনিতে ও গাণ্ডীবধনুর টঙ্কারে এবং নানাবাদ্যের শব্দে ও কৃষ্ণের পাঞ্চজন্যধ্বনিতে বিপক্ষ হস্তিগণের বেগ অত্যন্ত অল্প হইয়া গেল এবং অর্জ্জুনের আশীবিষস্পর্শ বাণসমূহদ্বারা বিদীর্ণ হইয়া সেই হস্তিগুলি অচেতনপ্রায় হইয়া পড়িতে লাগিল ॥১৫—১৭॥

অর্জ্জুনের গাণ্ডীবনিক্ষিপ্ত সর্ব্বাঙ্গে প্রবেশিত বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা আহত হইতে থাকিয়া সেই হস্তী সকল গুরুতর চীৎকার করিয়া করিয়া ছিন্নপক্ষ পর্বতসমূহের ন্যায় অনবরত ভূতলে পতিত হইতে থাকিল ॥১৮—১৯॥

অপর হস্তিগণ দন্তাবরণে, কুম্ভদেশে ও গণ্ডস্থানে অর্জ্জুনের বাণে তাড়িত হইয়া ক্রৌঞ্চপক্ষীর ন্যায় অনবরত রব করিতে লাগিল ॥২০॥

অর্জ্জুন নতপর্ব্ব ভল্লদ্বারা হস্তিস্কন্ধস্থিত পুরুষগণেরও মস্তকচ্ছেদন করিতে লাগিলেন ॥২১॥

(২১)…ছিদ্যন্তে চোত্তমাঙ্গানি…বা নি।

সকুণ্ডলানাং পততাং শিরসাং ধরণীতলে।
পদ্মানামিব সংঘাতৈঃ পার্থশ্চক্রে নিবেদনম্ ॥২২॥
যন্ত্রবদ্ধা বিকবচা ব্রণার্ত্তা রুধিরোক্ষিতাঃ।
ভ্রমৎসু যুধি নাগেষু মনুষ্যা বিললম্বিরে ॥২৩॥
কেচিদেকেন বাণেন সুমুক্তেন পতত্রিণা।
দ্বৌ ত্রয়শ্চ বিনিভিন্না নিপেতুর্ধরণীতলে ॥২৪॥
অতিবিদ্ধাশ্চ নারাচৈর্বমন্তো রুধিরং মুখৈঃ।
সারোহা ন্যপতন্ ভূমৌ দ্রুমবন্ত ইবাচলাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

সেতি। সংঘাতৈঃ সমূহৈঃ। নিবেদনং ধরণ্যাঃ পূজোপহারার্পণমিব ॥২২॥
যন্ত্রেতি। যন্ত্রবদ্ধা গজপৃষ্ঠস্থযন্ত্রবজ্জুসংযতপাদাঃ। নাগেষু হস্তিষু ॥২৩॥
কেচিদিতি। সমস্ত্রপাতেন স্থিতা ইতি ভাবঃ। পতত্রিণা কঙ্কপক্ষযুক্তেন ॥২৪॥
অতীতি। সারোহা আরোহিসহিতাঃ। সারোহত্বসাদৃশ্যার্থং দ্রুমবন্ত ইত্যুক্তম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

কাষ্ঠাতীতা অতিক্রান্তা ঐন্দ্রী যেন ॥১৪—১৯॥ দন্তবেষ্টেষু দন্তমূলেষু, কটেষু কটিষু ॥১০—২১॥ নিবেদনমুপহারম্ ॥২২॥ যন্ত্রবদ্ধা যন্ত্রৈরালিখিতাঃ ॥২৩—৩৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৭॥

কুণ্ডলযুক্ত মস্তক সকল পদ্মের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিল। সুতরাং অর্জুন যেন সেগুলিদ্বারা ভূমিদেবীর পূজার উপহার নিবেদন করিতে লাগিলেন ॥২২॥

হস্তিগণ রণস্থলে ভ্রমণ করিতে লাগিলে, সেগুলির পৃষ্ঠবর্ত্তি-যন্ত্র-স্থিত, কবচশূন্য, ক্ষতপীড়িত ও রুধিরসিক্ত মনুষ্যগণ ঝুলিতে থাকিল ॥২৩॥

সম্যক্ নিক্ষিপ্ত ও কঙ্কপক্ষযুক্ত অর্জুনের এক একটা বাণে বিদীর্ণ হইয়া দুই জন ও তিন জন করিয়া কতকগুলি লোক ভূতলে পতিত হইল ॥২৪॥

কতকগুলি হস্তী অর্জুনের নারাচে অত্যন্ত বিদ্ধ হইয়া মুখ দিয়া রক্ত বমন করিতে থাকিয়া বৃক্ষসমন্বিত পর্ব্বতসমূহের ন্যায় আরোহীদের সহিত ভূতলে পতিত হইল ॥২৫॥

---

(২৪)···সুযুক্তেন পতত্রিণা···বা নি। (২৫) অপরে মদসংরব্ধা মাতঙ্গাঃ পর্ব্বতোপমাঃ···নি।